

সাম্রাজ্য
সম্রাজ্য
উৎস

আবদুল হামিদ সিদ্দিকী

পাশ্চাত্য সভ্যতার উৎস

SUGGESTED READINGS

A-The Greek Heritage

1. Will Durant, the Story of Civilization, the Life of Greece. Simon & Schuster Newyork, 1939.
2. Emile Mireaux, Daily Life in the Time of Homer.
3. R. W. Livingstone, the Legacy of Greece, Oxford University Press.
4. C. C. M. Bowra, the Greek Experience, London.
5. H. LLoyd Jones, the Greeks, London 1962.
6. C. Delisle Burns, Greek Ideals, London 1919.
7. G. C. Field, the Philosophy of Plato, Oxford University Press.
8. Edith Hamilton, the Greek Way to Western Civilization, A Mentor Book.
9. The Platonic Dialogues, Edited by William Whewell.
10. J. P. Mahaffy, Greek Life and Thought, London.
11. Irwin Edman, the Works of Plato.
12. Jane Ellen Harrison, Prolegomena to the Study of Greek Civilization, Cambridge 1903.
13. George Santayana, Platonism and Spiritual Life, London 1927.
14. Frederick Albert Lange, History of Materialism, London 1892.
15. H. C. Baldry, Greek Literature for the Modern Reader, Cambridge 1951.
16. Gilbert Murray, Four Stages of Greek Religion, Newyork.
17. Andre Bonard, Greek Civilization, London.
18. E. Barker, the Political Thought of Plato and Aristotle.
19. George Henry Lewis, the Ethics of Aristotle, Newyork.
20. G. M. A. Gsrube, Plato, Thought, London.
21. V. Gordon Childe, the Dawn of European Civilization, Newyork 1925.
22. G. Lowes Dickinson, the Greek View of Life. London 1932.
23. Edward Eyre, European Civilization, Its Origin and Development, Oxford 1934.
24. R. C, Chalmers, the Heritage of Western Culture.

25. R. H. S. Crossman, Plato Today, London.
26. W. G. De Burgh, the Legacy of the Ancient World, London 1947.
27. John S. Hoyland, A Brief History of Civilization, Oxford 1925.
28. Alan F. Hattersley, A Short History of Western Civilization, Cambridge.
29. C.C. Grove Haines and Warren B. Walsh, the Development of Western Civilization, Newyork.
30. John U. Nef, Cultural Foundations of Industrial Civilization, Cambridge University Press 1958.

B-Roman Civilization

1. Lynn Thorndike, A Short History of Civilization
2. Edward Mc Nall Burns and Philip Lee Ralph, World Civilizations Newyork.
3. C. Groves Haines and Warren B. Walsh, the Development of Western Civilization, Newyork.
4. W.G. Deburgh, the Legacy of the Ancient World.
5. Will Durrant, the Story of Civilization, part III, Caesar and Christ, Newyork 1944.
6. Edward Eyre, European Civilization: Its Origin and Development, vol. II Oxford University Press, 1935.
7. H. H. Schullard, Roman Politics, Oxford, 1951.
8. T.V. Smith, Philosophers speak for Themselves, Illinois.
9. J. C. Stobart, the Grandeur that was Rome, London, 1951.
10. Lynd Thorndike, Medieval Europe: Its Development and Civilization, London 1920.
11. R. H. Barrow, the Romans, Penguin books.
12. G. Hartwell Jones, Dawn of European Civilization, London; 1903.
13. Samuel Dill, Roman Society from Nero to Marcus Aurelius.
14. Edward Gibbon, the Decline and Fall of the Roman Empire.
15. Frank Frost Abbot, A History and Description of the Roman Political Institutions, London, 1901.
16. Gilbert Murray, Stoic Christian and Humanist, London, 1940.
17. M. P. Charlesworth; the Roman Empire, Oxford University Press, 1945.
18. John William Draper, History of the Intellectual Development of Europe, London, 1975.
19. Humphrey-Grose-Hodge, Roman, Panorama, Cambridge, 1944.

C-Christianity and Its Impact on Europe

1. The Holy Bible.
2. James Denny: Jesus and the Gospel (Hodder and Stoughton, London).
3. Frederic W. Farrar: The Life of Christ, Two volumes (Cassd, Petter and Galpins, London, Newyork).
4. H. R. Mackintosh; The Doctrine of Person of Jesus Christ, (Edinburgh).
5. R. T. Glover; The Influence of Christ in the Ancient World, (Cambridge,1928).
6. Lindsay Dewar and Cyrill E Hudson: Christian Morals, (London 1945).
7. Bernard Bosanquet, The Civilization of Christendom (New York, Macmillan, 1899).
8. Charles Gore: Jesus of Nazareth, (Oxford University press, 1945).
9. I. M. Haldeman: Christ, Christianity and the Bible, (London, Newyork).
10. Hall Caine: Life of Christ (London,1938).
11. Rev. W.R Mathews; Christ, (London & Glasgow, 1939).
12. Peter Taylor Forsyth; The Work of Christ, (Hodder and Stoughton, London).
13. A. D. Lindsay; The Moral Teachings of Christ, (Hodder and Stoughton Ltd., London).
14. C. W. Hab Amos; The Church or the World, London.
15. A. W. F. Blunt: Grace and Morals, London and Oxrood, 1935.
16. F. R. Bary. The Relevance of Christianity, Nisbet and Co. Ltd, London 1933.
17. J. Estlin Carpenter: The Relation of Jesus to his Age and our Own, London, 1895.
18. P. Gardner Smith, F. C. Burkitt and C. E. Raven, Cambridge, 1930.
19. Franz Curmont: The Mysteries of Mithra, Dover Publications, New York.
20. Franz Curmont: The Oriental Religions in Roman Paganism.
21. S. C. Carpenter: The Bible View of Life, Eyre and Spottes. London, 1937.
22. W. Warde Fowler: The Religious Experience of the Roman People, Macmillan, London, 1933.
23. H. G. Woods: Christianity and Civilization.
24. Edward Caird: The Evolution of Theology in the Greck Philosophers, 3 Volumes, Macchose, Jackson & Co, Glasgow, 1923.
25. T. R. Glower: The Conflict of Religions in the Early Roman Empire.

26. Edward Caird: An Introduction to the Philosophy of Religion, James Machlehose & Sons, Glasgow, 1894.
27. Kenneth Scott Latourette: A History of Christianity, Harper and Brothers, Newyork, 1953.
28. Christianity and the Crisis: Edited by Dr Percy Dearmer, London, 1933.
29. Charles Norris Cochrane; Christianity and Classical Culture, A Galaxy Book, Newyork, Oxford University Press, 1957.
30. Will Durant; The Story of Civilization, Vol. III Caesar & Christ, Limon & Schuster, Newyork, 1944.
31. Edward Eyre; European Civilization; Its Origin and Developent, Vol. II & III.
32. Religion and Culture. Edited by Walter Leibrecht, Harper and Brothers, Newyork.
33. Edward Gibbon. The Decline and Fall of the Roman Empire, The Modern Library, Newyork, 3 Volumes,
34. W. G. De Burgh. The Legacy of the Ancient World, Macdonald, London, 1947.
35. William Edward Hartpole Leckey. History of European Marals, 2 Volumes Longman Green & CO. 1910.
36. John William Draper. A History of the Intellectual Development of Europe, 2 Volumes, London, 1819.
37. Lynd Thorndike. A Short History of Civilization, Newyork, 1948.
38. C. Grove Haines & Warren B. Walsh. The Development of Western Civilization, Newyork, 1949.
39. Cyrill Scott. The Christian Paradox, London, Newyork.

D- The Rise of Islam and Its Contribution to Western Civilization.

1. Stanley Lane poole, The Prophet and Islam, Lahore.
2. Arnold J. Toynbee, A Study of History, Oxford University Press, 1951.
3. T. W. Arnold. the Prcachings of Islam, London, 1913.
4. Syed Ameer Ali, The Spirit of Islam, London, 1961.
5. Muhammad Asad, "Arafat" Lahore.
6. Muhammad Iqbal, the Reconstruction of Religious Thought in Islam, Lahore, 1962.
7. John William Draper, the Intellectual Development of Europe, 2 volumes, London 1875.

8. Rom Landau, *Islam and the Arabs*, London, 1958.
9. Robert Briffault, *the Making of Humanity*, London, 1938.
10. George Sarton, *Introduction to the History of Science*, Baltimore, 1950.
11. Sir Thomas Arnold, *the Legacy of Islam*, Oxford University Press, 1950.
12. M. Abdur Rahman Khan, *A brief Survey of Muslim Contribution to Science and Culture*, Lahore, 1946.
13. Phillips K. Hitti, *History of the Arabs*.

E-Renaissance

1. John Addington Symond, *Renaissance in Italy*, London, 1875.
2. R. Lodge, M. A. *the Close of the Middle Ages*, London, 1906.
3. Paul Oskar Kristeller, *Renaissance Thought, the Classic, Scholastic and Humanist Strains*, Harper Torchbooks, 1961.
4. Edith Sichel, *the Renaissance*, John Williams and Norgate, 1911.
5. Will Durant, *the Story of Civilization*, part V. *The Renaissance*, Simon and Schuster, Newyork, 1953.
6. *The Cambridge Medieval History*, Vol. VIII. *The Close of the Middle Ages*; Cambridge University Press.
7. Crame Brinton, *Ideas and Men* London 1951.

F-Reformation

1. Edward Eyre Ed. *European Civilization, Its Origin and Development* vol. (Iv Reformation) Oxford University Press London 1936.
2. Will Durant *the Story of Civilization* part VI *The Reformation* Simon & Schuster Newyork 1957.
3. C. Grove Haines and Warren B. Walsh, *The Development of Western Civilization* Newyork 1949.
4. John Dillenberger and Claude Welch *Protestant Christianity Interpreted through its Development*.
5. Dr J. A. Droner, *History of Protestant Theology* (2 volumes) Translated by Rev. George Robson and Sophia Taylor Edinburg 1871.
6. John William Draper, *History of the Conflict Between Religion and Science* 11th edition London 1883.
7. *The Cambridge Modern History* vol. I (*The Renaissance*) A. W. Ward G. W. Prothero and Stanley Eds. Cambridge 1904.
8. *Ibid* vol. 11 (*The Reformation*) Cambridge 1904.
9. G. G. Coulton, *Five Centuries of Religion* Cambridge 1923 vols. I & II.

10. Henry C. Lea; An Historical Sketch of Sacredotal Celibacy in the Church 2nd edition Boston 1984.
11. W. E. H. Leckey, History of the Rise and Influence of the Spirit of Rationalism in Europe published by Longmans Green, London 1865 2 vols.
12. Kenneth Scott Latourette, A History of Christianity, Harper & Brothers Publishers, Newyork.
13. Leopold Ranke, The History of the Popes, Translated by E. Foster, London, 1853 (3 vols).
14. Friedrich Heiler, Prayer, Translated by Samuel Macomb, Oxford University Press, 1937.
15. Charles Beard, Martin Luther and the Reformation in Germany, Edited by I. Frederick Smith, Chief Edition, London, 1898.
16. Arnold Lunn, The Revolt against Reason, London, 1950.
17. James Mackinon, Luther and the Reformation, Longmans Green & Co, 1925.
18. Arnold Toynbee, An Historian's, Approach to Religion, Oxford University Press, 1958.
19. Dr Ludwig Pastor, the History of the Popes; Edited by Fredrick Ignatius Antrolus, 5th Edition, London, 1923.
20. Charles Beard, the Reformation of the Sixteenth Century in its Relation to Modern Thought and Knowledge, Herbert Lectures, London, 1927.
21. John William Draper, History of the Intellectual Development of Europe, London, 1875.
22. J. H. Merle D'anbigne, History of the Reformation of the Sixteenth Century, translated by H. White London, 1846.
23. Herbert B. Workman, Christian Thought of the Reformation, London, 1911.
24. John Scott, Luther and the Lutheran Reformation, London, 1832.
25. Emanuel Swedemborg, the Christian Religion containing the Universal Theology of the Church, Philadelphia, 1892.
26. Thomas M. Lindsay, A History of the Reformation, International Theological Library, Edinburgh, 1915.
27. R. H. Tawncy, Religion and Rise of Capitalism, Penguin Book, 1948.
28. G. R. Elton, Reformation Europe 1517-59 London, 1963.
29. Preserved Smith, the Social Background of Reformation, Collier Book, Newyork, 1962.
30. Hilaire Belloc, How the Reformation Happened, London, 1928.

31. Max Weber, the Protestant Ethic and the Spirit of Capitalism, George Allen, 1962.
32. Roland H. Bainton, the Reformation of the Sixteenth Century, Boston, 1952.
33. Hearnshaw, the Social and Political Ideas of some Great Thinkers of the Renaissance and the Reformation, George G. Harper & Co. London, 1925.
34. J. S. Whale, the Protestant Tradition, Camb. 1955.

পাশ্চাত্য সভ্যতার উৎস

মূল
আবদুল হামিদ সিদ্দিকী

অনুবাদ
এ, কে, এম, নাজির আহমদ

বাংলাদেশ ইসলামিক সেন্টার

প্রকাশক :

এ কে এম নাজির আহমদ

পরিচালক

বাংলাদেশ ইসলামিক সেন্টার

কাঁটাবন মসজিদ ক্যাম্পাস

ঢাকা-১০০০।

প্রথম প্রকাশ :

মার্চ ১৯৮২

দ্বিতীয় প্রকাশ

সেপ্টেম্বর ১৯৯০

কম্পোজ

এ, জেড, কম্পিউটার এন্ড প্রিন্টার্স

৪৭ গ্রীনওয়ে বড় মগবাজার

ঢাকা-১২১৭

মুদ্রণ

আলফালাহ প্রিন্টিং প্রেস

বড় মগবাজার ঢাকা-১২১৭

বিনিময় : ষাট টাকা মাত্র

Paschatta Shabhatar Utsa translation of Abdul Hameed Siddiquee's Main Springs of Western Civilization Published by A K M Nazir Ahmad Director Bangladesh Islamic Centre Kataban Masjid Campus Dhaka-1000 Second Edition September 1990. Price Tk. 60.00 (Sixty) only.

সূচীপত্র

ভূমিকা ॥ ৫
গ্রীক উত্তরাধিকার ॥ ১৫
গ্রীক সভ্যতা ॥ ১৬
গ্রীক ধর্ম ॥ ১৭
রাজনৈতিকসচেতনতার উষাকাল ॥ ২৬
রোমান সভ্যতা ॥ ৩৪
খৃষ্টবাদের প্রভাব ॥ ৪৩
খৃষ্টবাদের অভ্যুদয় ॥ ৪৭
ইসলামের আবির্ভাব ॥ ৬৮
রেনেসাঁ ॥ ৯২
রিফর্মেশন ॥ ১০৬
রিফর্মেশনের নীতিমালা ॥ ১১৪

ভূমিকা

আজকের সভ্যতায় মানুষ এমন এক জীবন ধারা বেছে নিয়েছে যাতে আল্লাহকে দেয়া হয়নি এতোটুকু স্থান। মানুষের সামাজিক ও রাজনৈতিক জীবন আজ পুরোপুরি ধর্মনিরপেক্ষতাবাদের প্রভাবাধীন। এই ধর্মনিরপেক্ষতাবাদকে ভিত্তি করেই গড়ে ওঠেছে একালের জমকালো সাংস্কৃতিক ইয়ারত। এই উদ্যোগ- যা নৈতিকতার পরিবর্তে সুবিধাবাদের প্রাধান্য মেনে নিয়েছে— সর্বোত্তমভাবে নতুন। আমাদের এই যুগ ছাড়া আর কোন যুগে সংস্কৃতির কোন ধারা এতো বড়ো সাফল্য লাভ করতে পারেনি।

যে আন্দোলন বর্তমান সভ্যতার জন্ম দিয়েছে তাকে আমরা- রেনেসাঁ আন্দোলন বলে জানি। ঐতিহাসিকগণ বলেন যে ১৪৫৩ সালে তুর্কীদের দ্বারা গ্রীক-রোমান সাম্রাজ্যের রাজধানী কনষ্টান্টিনোপল দখলের ফলেই এই রেনেসাঁ আন্দোলন সূচিত হয়। গ্রীক পণ্ডিতগণ ইসলামের সজীবতাদানকারী শক্তির প্রভাব নিয়ে পৃথিবীর বিভিন্ন অংশে ছড়িয়ে পড়েন এবং তাঁরা সবখানে জ্ঞানের আলো বহন করে নিয়ে যান। তাঁদের উর্বর কল্পনাশক্তি এবং সমৃদ্ধ ভাষা ইউরোপের বিদ্বান ব্যক্তিদেরকে — যারা পূর্ণত্বের সন্ধানে রত ছিলেন অভিভূত করে। তাঁদের মাঝে মুক্ত চিন্তার জোয়ার আসে। রেনেসাঁর মূল ভাবধারা সংশয়, আলোচনা এবং সমালোচনার মনোবৃত্তি- জীবনের সব বিভাগেই বিদ্রোহের জন্ম দেয়। ইউরোপের সমাজ তখন অজ্ঞতা ও দুর্দশার সাগরে হাবুডুবু খাচ্ছিলো। রাজতন্ত্র, সামন্তবাদ এবং গীর্জার শাসন একত্রিত হয়ে সাধারণ মানুষের ওপর ত্রি- মুখী শোষণ চালাতে থাকে। সাধারণ মানুষের জীবন দুর্বিসহ হয়ে ওঠে। রাজনৈতিক, সামাজিক এবং ধর্মীয় অসন্তোষ সমাজ কাঠামো ভেংগে দিতে উৎসাহী ব্যক্তিদের হাতই শক্তিশালী করে। খৃষ্টবাদ এক নিঃশেষিত শক্তি বলে প্রমাণিত হয়। এটা তখন পরিণত হয়েছিলো কতগুলো অতীন্দ্রিয় বিষয়ের প্রতি বিশ্বাস এবং গৌড়ামীর এক জগাখিচুড়ীতে। বাস্তব জীবনের সংগে এর কোন মিল ছিলো না। গীর্জার অভিভাবকগণ ধর্মের মহান মিশনের মশালধারীর ভূমিকা ত্যাগ করে রাজা ও অভিজাত শ্রেণীর কায়েমী স্বার্থবাদের উৎসাহী রক্ষকে পরিণত হয়। Dean Colet গীর্জার প্রতি আনুগত্যশীল হওয়া সত্ত্বেও এই অবস্থার এমন সমালোচনা করেন যার সত্যতা গীর্জার অনুসারীগণ কখনো অস্বীকার করতে পারেনি। ১৫১২ খৃষ্টাব্দে সেন্ট-পল ক্যাথেড্রালে অনুষ্ঠিত কনভোকেশনে তিনি বলেন, “সব দুর্নীতি, গীর্জার অবক্ষয় এবং অপরাধের জন্যে দায়ী পুরোহিতদের লোভ- লালসা।”^১ এই অবস্থা নীরবে মেনে নেয়া সম্ভব ছিলো না। কায়েমী স্বার্থবাদের সাথে জড়িত মুষ্টিমেয় লোক ছাড়া অন্য সবাই এতে বিরক্ত হয়ে ওঠে।

অপর দিকে যে সব সংশয়পূর্ণ নীতিমালার সাথে তাদের স্বার্থ জড়িত ছিলো সেগুলোর মাঝে কোন প্রকার পরিবর্তন ঘটতে যাজক সম্প্রদায় প্রস্তুত ছিলো না। বরং নতুন আন্দোলন বানচাল করার জন্যে তারা কঠোর পদক্ষেপ গ্রহণ করতে থাকে। এর ফলে সমাজের দু' ভাব ধারার অনুসারীদের মধ্যকার ব্যবধান বেড়ে যায়। শেষ পর্যায়ে গীর্জার বিরুদ্ধে এক বিদ্রোহ আত্মপ্রকাশ করে। পুরোহিতদের প্রতি বীতস্পৃহ মানুষ ধর্মকেই আক্রমণের লক্ষ্যবস্তুতে পরিণত করে। তারা ধরে নেয় যে অজ্ঞতা এবং প্রতারণা ধর্মের আবরণের নীচেই লুকিয়ে থাকে। ধর্মের শ্রেষ্ঠত্বের সাথে জড়িত সব কিছুকেই তারা অস্বীকার করে বসে।

একটা বুদ্ধিবৃত্তিক আন্দোলনরূপে বিচার করলে রেনেসাঁকে অবশ্যই একটা চমৎকার সাফল্য বলে স্বীকার করতে হয়। কিন্তু এর পরিণতি শুভ প্রমাণিত হয়নি। আধুনিক সভ্যতার নির্মাণ অযৌক্তিক ভাবেই চিরসচেতন এবং মহাপরিচালক আল্লাহর অস্তিত্বকে অস্বীকার করে। তারা তাদের শিল্প ও বিজ্ঞান, ধর্ম ও দর্শন, আইন ও নৈতিক বিধান, আচার-আচরণ, তাদের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক সংগঠন, তাদের বিবাহ ও পরিবার সংগঠন তথা সব কিছু ধর্মনিরপেক্ষতাবাদ নামক নতুন চিন্তার আলোকে পুনর্গঠিত করে নেয়। মনে রাখতে হবে যে এই সভ্যতা পাশাপাশি প্রবহমান এবং পারস্পরিক সম্পর্কহীন অনেকগুলো সাংস্কৃতিক ধারার বহুত্ব নয়। বরং এটি হচ্ছে এমন এক একত্ব যার প্রতিটি অংশ একই মৌলনীতি দ্বারা নিয়ন্ত্রিত। এই সভ্যতা এক বিশেষ মূল্যবোধের বহিঃপ্রকাশ। এই মূল্যবোধই হচ্ছে এর প্রধান বুনিয়াদ। আধুনিক সভ্যতাকে সূক্ষ্মভাবে বিশ্লেষণ করলে দেখা যায় যে এর বিচিত্র বুনট ইহলৌকিকতা, ধর্মনিরপেক্ষতাবাদ এবং উপযোগবাদের সূতো দিয়ে তৈরী। গীর্জার দর্শনের বিরুদ্ধে প্রতিক্রিয়া স্বরূপ তিন্ন এক মতবাদের আর্বিভাব ঘটে যার বক্তব্য এই যেঃ আমরা যা দেখি, শুনি, স্পর্শ করতে পারি, স্পর্শ করতে পারি অথবা আমাদের ইন্দ্রিয় দ্বারা উপলব্ধি করতে পারি তা-ই বাস্তব এবং মূল্যবান। ইন্দ্রিয়গ্রাহ্য বাস্তবতার বাইরে কিছু নেই অথবা থাকলে আমরা তা উপলব্ধি করতে পারিনা। সেহেতু তাকে অবাস্তব বা অস্তিত্বহীন বলে মনে করা যেতে পারে। আর সেই কারণে একে পুরোপুরি উপেক্ষাও করা যায়। সংক্ষেপে এই হচ্ছে সেই ভিত্তি যার ওপর গড়ে ওঠেছে আজকের পাশ্চাত্য সভ্যতা।

এর সঙ্গে যুক্ত রয়েছে উদারতাবাদের ধারণা যার গোড়ার দিককার লক্ষ্য ছিলো ধর্মীয় আচার-অনুষ্ঠানের শিকল থেকে মানুষকে মুক্ত করা। কিন্তু সময়ের পরিবর্তনের সংগে তা পরিবর্তিত হয়। এর ক্রমবিকাশ কোন সোজা ব্যাপার ছিলো না। অনেক মতবাদ এতে ঢুকে পড়ে, এর ক্রমোন্নতির বিভিন্ন স্তরে। "ভৌগোলিক আবিষ্কার, নতুন বিশ্ব-তত্ত্ব, কারিগরী আবিষ্কার, নবতর ধর্মনিরপেক্ষতাবাদী অধিবিদ্যা এবং সর্বোপরি অর্থনৈতিক জীবনের নতুন রূপ এর অনুপ্রেরণাদানকারী চিন্তাধারা গঠনের ক্ষেত্রে রাখে অনেক অবদান।"^২

এটা ছিলো গণ-জাগৃতির একটা শুভ লক্ষণ। এটা ছিলো পঁচশ বছরের পুরোনো কায়েমী স্বার্থবাদের বিরুদ্ধে এক বলিষ্ঠ প্রতিবাদ। এর লক্ষ্য ছিলো ব্যক্তির অধিকার ও পাশ্চাত্য সভ্যতার উৎস

গুলোর প্রতি সমর্থন জ্ঞাপন করা যাতে সে সব কর্তৃত্ব অস্বীকার করে নিজের ভাগ্য গড়ে তুলতে সক্ষম হয়। এই নতুন চিন্তাধারার ফলশ্রুতি রূপে গীর্জার চুলচেরা বিশ্লেষণ এবং ধর্ম তত্ত্ব ও সামাজিক ন্যায়াশাস্ত্রের সমালোচনা শুরু হয়। এই সময় থেকে আভিজাত্যের দাবী, বিচার ব্যবস্থা, প্রশাসন-পদ্ধতি, সমাজের অর্থনৈতিক ভিত্তি ইত্যাদি যুক্তির কষ্টিপাথরে পরীক্ষিত হতে থাকে। পণ্ডিতগণ যুক্তি দেখান যে স্বাধীনতা ভালো, কিন্তু নিয়ন্ত্রণ খারাপ। ব্যক্তিত্ব-বিকাশের পথে যা কিছু প্রতিবন্ধকতা সৃষ্টি করে তাঁরা সে সবকে পরিহার করতে উদ্যোগী হন। এই মতবাদ জীবনের সব দিকের ওপর গভীর রেখাপাত করে। এর প্রভাবের বাইরে থাকতে পারেনি কোন নিয়ম পদ্ধতি।

এই উদারতাবাদের সংগে সংগে বিপুল বস্তুগত উন্নতির চাকচিক্যপূর্ণ আধুনিক সভ্যতার আক্রমণ মানুষকে এই বিশ্বাসের দিকে ঠেলে দেয় যে বস্তুর বাইরে অন্য আর কিছুই অস্তিত্ব নেই। এমন কি মানুষকেও ইলেকটন ও প্রোটনের এক জটিল সমাবেশ বলে মনে করা হয়। তাকে দেখা হয় একটা জৈবিক যান্ত্রিক গঠন, প্রতিক্রিয়াসাধক যন্ত্র, উদ্দীপক-প্রতিবেদন সম্পর্ক অথবা মনস্তাত্ত্বিক কামুকতায় পরিপূর্ণ মনস্তাত্ত্বিক বিশ্লেষণের উপাদানে পূর্ণ একটা থলে রূপে। ৩ ইউরোপীয় মন গীর্জার দাসত্ব মুক্ত হয় বটে, কিন্তু ঊনবিংশ ও বিংশ শতাব্দীতে তা নিজের সীমারেখা অতিক্রম করে ক্রমশঃ আধ্যাত্মিকতার বিরুদ্ধবাদী দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে থাকে। ধর্মকে ঠেলে দেয়া হয় এক অন্ধকার গুহায়। এর স্থান দখল করে পার্থিব সম্পদ লাভের এক সীমাহীন আকাংখা। এটা সত্য যে পাশ্চাত্য জগতে এখনো এমন অনেক ব্যক্তি রয়েছে যারা নৈতিক মূল্যবোধ নিয়ে চিন্তা-ভাবনা করেন এবং বর্তমান সভ্যতার সাথে তাঁদের বিশ্বাসের সমন্বয় সাধনের চেষ্টা করেন। কিন্তু এরা ব্যতিক্রমধর্মী কয়েকজন মানুষ মাত্র। “সাধারণভাবে একজন ইউরোপীয়ান-চাই সে হোক একজন গণতন্ত্রী অথবা ফ্যাসিবাদী, পূজিবাদী অথবা বলশেভিক, খেটে খাওয়া মানুষ অথবা বুদ্ধিজীবী- একটিমাত্র ধর্মকে জানে আর তা হচ্ছে পার্থিব উন্নতির পূজা। এই মনোবৃত্তি এমন এক শেনীর মানুষের জন্ম দিয়েছে যাদের নৈতিকতা বাস্তব উপযোগিতার সীমার মধ্যে আবদ্ধ এবং তাদের ভালো-মন্দে মানদণ্ড হচ্ছে বস্তুগত সাফল্য।” কাজেই মানুষের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক কর্মক্ষেত্রে ধর্মের কোন প্রবেশাধিকার নেই। ভুলতেয়ার গীর্জা ও ধর্মের নিন্দে করেছেন এবং মানুষকে দেখিয়েছেন গীর্জার সন্ন্যাস ব্যবস্থা, ভোজ আপ্যায়ন ইত্যাদি কতো ব্যয়বহুল! তিনি মত ব্যক্ত করেন যে স্বর্গোদ্যান সম্বন্ধে চিন্তা ভাবনা নয় বরং নিজের উদ্যান নির্বিবাদে চাষাবাদ করার সুযোগ দানকারী সমাজই মানুষের জন্যে উত্তম। স্বর্গকে তো তিনি কল্পনা করেছেন এক মজবুত, অগ্নি থেকে নিরাপদ, সিলিং পর্যন্ত টিনভর্তি দ্রব্যাদি সজ্জিত এক গুদাম বলে। লিনিইউটং (Linyutong) বলেন, “পৃথিবী একটা ব্যবসা, বাস্তব- অর্থনৈতিক ব্যবসা, জাতি হচ্ছে ব্যবসা প্রতিষ্ঠান, সরকার হচ্ছে দোকানদার, কূটনীতিবিদরা হচ্ছে এর ডায়ামান্ড প্রতিনিধি যারা তাদের প্রতিদ্বন্দীদেরকে বাজার থেকে বের করে অন্য বাজারের দিকে ঠেলে দেয় এবং এর প্রচারক ও গবেষকগণ হচ্ছে দক্ষ হিসাব রক্ষক।”^৪

বর্তমান সভ্যতার আরেক অবদান হচ্ছে গণতন্ত্রের ধারণা। এর লক্ষ্য হচ্ছে সার্বভৌমত্ব জনগণ তথা জনগণের প্রতিনিধিদের হাতে অর্পণ। জনগণকে মনে করা হয় রাজনৈতিক ক্ষমতার প্রকৃত উৎস এবং সার্বভৌম ক্ষমতার যথার্থ প্রয়োগকারী। সার্বভৌম শাসক এবং প্রজাদের মধ্যকার দূরত্ব দূর করেছে এই মতবাদ। জনগণই যুগপৎভাবে শাসক এবং শাসিত। এটা ধরে নেয়া হয় যে শাসকের সাথে শাসিতের এই নৈকট্যের ফলে সার্বভৌমত্ব ও স্বাধীনতার মধ্যে সমন্বয় ঘটবে। এই চিন্তাটা কিন্তু পুরোপুরি নতুন নয়। জনগণ রাষ্ট্র-সংগঠনের অপরিহার্য অংশ—এই ধারণা রোমানদের যুগেও খুঁজে পাওয়া যায়। মধ্যযুগের রাজনৈতিক চিন্তায়ও জনগণকে রাষ্ট্রের অংশীদার রূপে বিবেচনা করা হয়। সোশ্যাল কনট্রাক্ট মতবাদের মূলেও রয়েছে একই ধারণা। এর সংগে এই ধারণা যুক্ত হয়েছে যে জনগণের স্বার্থই হচ্ছে সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ। ৫ সার্বভৌমত্বের সাথে জনগণকে একাত্ম বলে গণ্য করাতে যে নতুন মতবাদের সৃষ্টি হয় তা রাজার পরিবর্তে জনগণের ওপরই স্বর্গীয় অধিকার (Divine Rights) অর্পণ করে। মধ্য যুগে রাজার ইচ্ছাকে নির্ভুল মনে করা হতো। আর আজকে জেনারেল উইল বা জনগণের ইচ্ছাকে নির্ভুল মনে করা হয়। বর্তমানে এই জেনারেল উইলকে কেন্দ্র করেই পবিত্রতার আলোকমণ্ডল সৃষ্টি করা হয়। মনে করা হয় যে এই জেনারেল উইলই জনগণকে সত্যিকার কল্যাণের দিকে ধাবিত করতে পারে। অন্য কারো এই জেনারেল উইলের ওপর নিয়ন্ত্রন আরোপ করার অধিকার নেই। স্বর্গীয় মঞ্জুরীর ধারণা এভাবে কবরস্থ হয় এবং এর কবরের ওপর উপযোগিতাবাদের মঞ্জুরীর নতুন ধারণা জন্ম লাভ করে।

অর্থনীতির ক্ষেত্রে এই সভ্যতার লক্ষ্য হচ্ছে ব্যক্তি অথবা সরকারকে ওসব আইন থেকে মুক্ত করা যে গুলো পূর্ণ শোষণের কাছে তাদেরকে বাধা দেয়। এই নীতির ফলাফল যা দাঁড়িয়েছে তা সুস্পষ্ট। শিল্প বিপ্লবের সংগে সংগে উৎপাদন উপায়ের ক্ষমতা অনেকগুণ বেড়ে যায়। উৎপাদন ব্যয়ও বেড়ে যায় বহু গুণ। অল্প-সংখ্যক লোকের পক্ষেই উৎপাদন উপায়ের মালিক হওয়া সম্ভব হয়। তাদের ব্যবসার সম্প্রসারণের সংগে সংগে মালিকগণের আচরণ অব্যক্তিক হয়ে ওঠে। আধুনিক মানুষ তার ব্যবসা চালাচ্ছে কোন নৈতিক দায়িত্বের কথা বিবেচনা না করে শুধু মাত্র লাভের জন্যে। যন্ত্রপাতির বিধিগুলোকে সে প্রয়োগ করে মানুষের ক্ষেত্রেও। উৎপাদন-ব্যবস্থার দুর্বলতম অংশ হচ্ছে মানুষ। তাই সে আজ এক অগ্নি-পরীক্ষার সম্মুখীন। জনসংখ্যার সুবিধা প্রাপ্ত খুব কম সংখ্যক লোকই জাতীয় সম্পদ উপভোগ করে। সংখ্যা গরিষ্ঠ মানুষ দারিদ্র্যক্রিষ্ট। কঠোর পরিশ্রম করেও তারা জীবন ধারণের জন্যে প্রয়োজনীয় পরিমাণ সম্পদ সংগ্রহ করতে পারে না।

এমনি দশা আজ পরিবার- সংগঠনের যা নতুন চিন্তার ভিত্তির ওপর গড়ে তোলা হয়েছে। স্বামী-স্ত্রীর সম্পর্ক এখন আর ভালোবাসার সম্পর্ক নয়। এখন এটা শুধু যৌন আনন্দের ব্যাপার। শিল্প বিপ্লবের পর নারীগণ বাধ্য হয়ে কল কারখানায় কাজ নেয়। নারী-পুরুষের সমানাধিকার এবং জীবনের সর্বক্ষেত্রে নারীর সম-অংশীদারিত্বের শ্রোগানে নারী তখন বিভ্রান্ত। এই বিভ্রান্তিই ক্রমাগতভাবে পরিবার ব্যবস্থার অবক্ষয় ডেকে আনে।

এর পরিনতি দৃষ্ট হয় সবখানে। যে বন্ধন স্বামী ও স্ত্রীকে আজীবন একত্রিত করে রাখতো তা দুর্বল হয়ে পড়ে। বিচ্ছেদ ও তালাকের হার বেড়ে যায়। বিবাহ-পূর্ব প্রেম দ্রুত বাড়তে থাকে। এর ফলে জনগণের নৈতিক মান মারাত্মকভাবে হ্রাস পায়। “প্রকৃতির দিকে ফিরে চল”—প্রোগান যৌন-নৈতিকতার শৈথিল্যকে আরো বাড়িয়ে দেয়। কিন্তু দেখা যায় সুবুদ্ধিসম্পন্ন যে কোন ব্যক্তি যে নারীর সংগে সাময়িক যৌন-সুখের সম্পর্ক স্থাপন করেছে তাকে জীবন-সংগিনীরূপে গ্রহণ করতে প্রস্তুত নয়। একজন প্রখ্যাত লেখক বলেন, “পারিবারিক পরিবেশ এখন শুধু একত্রে রাত্রি যাপনের ব্যাপারে পরিণত হয়েছে, তাও আবার প্রত্যেক রাত্রির জন্যে নয়; এমনকি সব সময়ে এক রাত্রির সবটুকু অংশের জন্যেও নয়।”^৬

পাশ্চাত্য সভ্যতার সবচে’ বেশী বিষাক্ত উপাদান হচ্ছে জাতীয়তাবাদ। অষ্টাদশ শতকের শেষভাগ পর্যন্ত একটা জাতি অথবা রাষ্ট্র বলতে বুঝাতো একটা সরকারের অধীনস্থ ব্যক্তি-সমষ্টিকে। জাতি বলতে বুঝাতো এমন এক সমাজকে যা শুধুমাত্র উপযোগিতাবাদী বা রাজনৈতিক যোগসূত্রের ওপরই গড়ে উঠতো না, বরং তা ঐতিহাসিক এবং আবেগময় শক্তিসমূহের ওপরও আবর্তিত হতো। রাষ্ট্র-সম্পর্কিত পূর্বকার এই ধারণা পাশ্চাত্যে গেলো তখন, যখন ফরাসী বিপ্লবের নায়কেরা জাতির ধারণার সংগে জনগণের সম্পৃক্তিকেও যোগ করেন। ফরাসী বিপ্লবের সে অস্বাভাবিক দিনগুলোতে সার্বভৌমত্ব বলতে জাতীয় সার্বভৌমত্বকেই বুঝাতো। আর সরকার গঠিত হবে জনগণের ইচ্ছার ওপর নির্ভর করে— এই গণতান্ত্রিক মূল্যবোধ থেকে জন্ম নেয় জাতীয়তাবাদ যার অর্থ দাঁড়ায় এই যে প্রত্যেকটা জাতিরই তার নিজস্ব স্বাধীন সরকার গঠনের অধিকার রয়েছে।^৭ ব্যবসায়ী সমাজ এই নতুন মতবাদকে খোশ আমদেদ জানায়। কারণ তারা এর মাঝে দেখতে পায় অভ্যন্তরীণ স্থিতিশীলতার গ্যারান্টি এবং তাদের নিজস্ব অঞ্চলে বাইরের গিন্দগলোর নিয়ন্ত্রণ এড়িয়ে চলার সুযোগ। জাতীয়তাবাদের অর্থ যদি হয় প্রতিটি জাতির রাজনৈতিক স্বাধীনতার অধিকার তাহলে শংকিত হবার কিছু নেই। কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার যে তা এই পর্যন্ত সীমিত থাকছে না। এই মতবাদ অপরাপর জাতির ওপর জাতির অধিকারের সম্প্রসারণ ঘটিয়ে বাড়াবাড়ি করেছে। আধুনিক জাতীয়তাবাদ শুধু একটা জাতির উন্নতি সাধনেই তৎপর নয়, এটা অন্যান্য জাতির অস্তিত্ব মুছে ফেলতেও চেষ্টিত। তাই আজকে জাতীয় মর্যাদা বা শ্রেষ্ঠত্বের অর্থ দাঁড়িয়েছে প্রয়োজনবোধে অপরের ওপর নিজের ইচ্ছা চাপিয়ে দেবার মতো শক্তিসামর্থ্য। কোন দেশ যদি আন্তর্জাতিক ক্ষেত্রে সত্য ও ন্যায়ের প্রতিভূ রূপে তার ওয়াদাগুলো মেনে চলে এবং দুর্বলের প্রতি সদয় ব্যবহার করে তাকে মর্যাদাশালী দেশ রূপে গণ্য করা হয় না। বস্তুতঃ মিঃ বল্ডুইন—এর মতে মর্যাদা নির্ভর করে অপরের শ্রদ্ধা ও মনোযোগ আকর্ষণ করার মতো শক্তির ওপর। অন্য কথায় বলা যায় যে এটা নির্ভর করছে বিচ্ছোরক এবং আণবিক বোমা, মৃত্যু-রশ্মি এবং জনগণের অন্ধ দেশপ্রেমের ওপর।

এতো গেলো একটা জাতির বহিনীতি সম্পর্কিত কথা। ভেতরের দিক বিশ্লেষণ করলে দেখা যায় যে জাতীয় সার্বভৌমত্বের ধারণা ব্যক্তি-স্বার্থ এবং মানবতার দাবীগুলোকে বিদায় জানিয়েছে। জাতি পরিণত হয়েছে উচ্চতর ও সর্বগ্রাসী শক্তিতে। একজন ব্যক্তি আজ গোটা সমাজ দেহের ছোঁটা একটা কোষ ছাড়া আর কিছুই নয়। বড়ো মেশিনের সে অতি ক্ষুদ্র একটা অংশ মাত্র। ব্যক্তি বেঁচে থাকছে জাতির স্বার্থে। এখন মানব জীবনের গুরুত্বপূর্ণ বিষয় ব্যক্তি মানুষের আত্মিক উন্নতি নয়-জাতির সামাজিক উন্নতি। জাতির নির্ধারিত নীতির ওপর হস্তক্ষেপ করার অধিকার কারো নেই। জাতির সুবিধা সংরক্ষিত হয় যা দিয়ে তা-ই ন্যায়। এর স্বার্থের যা অনুল তা-ই নৈতিকতা। জার্মানীর এককালের স্বরাষ্ট্রমন্ত্রী হের ফ্রিক সংক্ষেপে জাতীয়তাবাদের সার কথাকে এভাবে তুলে ধরেছেন, "হিটলারের পক্ষে কাজ করা মানে জার্মানীর পক্ষে কাজ করা; জার্মানীর পক্ষে কাজ করা মানে গড্-এর পক্ষে কাজ করা।"^৭

সুতরাং সার্বভৌম কর্তৃত্বলাভ ও সংরক্ষণের জন্যে যে সব উপায় ও পদ্ধতি অবলম্বন করা হয় তা নৈতিকতার দৃষ্টিতে অন্যায্য হলেও জাতীয়তাবাদের দৃষ্টিতে ন্যায়। "হিটলার যে সিদ্ধান্ত নিচ্ছেন তা নির্ভুল এবং চিরদিন নির্ভুল থাকবে"-এই কথা শুধুমাত্র জার্মানদের জন্যে নয় পৃথিবীর সব জাতির জন্যেই প্রযোজ্য। এই অবস্থায় শান্তি ও সৌহার্দ্যের নীতি, আইনের শাসন এবং ব্যক্তি অধিকারের কথা ফাঁকাবুলি ছাড়া আর কিছুই নয়। দেশপ্রেম অগ্রাসী সাম্রাজ্যবাদে পরিণত হয়। বিভিন্ন সাম্রাজ্যের লড়াইয়ের ফলে অনেক জাতি প্রবল বাতাসের মুখে তুষের মত উড়ে যায়।

এই হচ্ছে এক দুঃখজনক অবস্থা যার মাঝে পাশ্চাত্য সভ্যতা মানব জাতিকে ঠেলে দিয়েছে। এই অবস্থায় পড়ে মানুষকে ম্যাথু আর্নল্ড-এর কবিতার কয়েকটা লাইন স্মরণ করতে হয়ঃ

"Ah! love, let us be true
To one another for the world, which seems
To lie before us like a land of dreams,
So various, so beautiful, so new
Halth really neither joy, nor love, nor light,
Nor certitude, nor peace, nor help for pain"

এই কালের মানুষ এতো সব জ্ঞানের অধিকারী হওয়া সত্ত্বেও দারুণ জটিলতার সম্মুখীন। এই অবস্থার পরিণতি ভয়ানক! আজ লাখো মানুষের মনে হতাশা ও নিরাশা বাসা বেঁধেছে। প্রাকৃতিক শক্তির ওপর নিয়ন্ত্রন এবং বিজ্ঞানের ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জন করা সত্ত্বেও মানুষ অত্যন্ত ভীতিগ্রস্ত। তার আত্মবিশ্বাস এবং মানসিক ভারসাম্য ফিরিয়ে আনার সব প্রচেষ্টাই ব্যর্থ হয়েছে। দু'টো মহাযুদ্ধের ধকল সামলিয়ে সে আজ পুরোপুরি বিপর্যস্ত। ডঃ সিরিল গারবে (Dr Cyril Garbett) তাঁর এক বক্তব্যে আমাদের

মনের কথাই প্রকাশ ঘটিয়েছেন। তিনি বলেন, “বর্তমানে মানুষ ইতিহাসের জটিলতম সৎকটে নিপতিত। সভ্য মানুষ আজ বিপদের মুখোমুখি দাঁড়িয়ে। সে এমন এক খাড়াস্থানে এসে দাঁড়িয়েছে যেখান থেকে এক ধ্বংসগহবরে পড়ার আশংকা রয়েছে এবং সেখানে পড়ার পর হয়তো উদ্ধার পাবার কোন উপায় খুঁজে পাবে না কোনদিন।”

এই সর্বগ্রাসী বিশৃংখলা কিন্তু হঠাৎ করে আসেনি। এ হচ্ছে আধুনিক সভ্যতার স্বাভাবিক পরিণতি। হতাশা ও নিরাশার কালো ছায়া কোন একটি বিশেষ দেশে নয়, পৃথিবীর সব দেশেই বিস্তৃতি লাভ করেছে। সব খানেই আলোচিত হচ্ছে মানবতার দুর্ভোগের কাহিনী। ফাঁসী মঞ্চে দাঁড় করাবার আগে মৃত্যুদণ্ড প্রাপ্ত ব্যক্তির চেহারার ওপর যে ছড় ব্যবহার করা হয় তেমনি একটি কালো ছড় আমাদেরকে আচ্ছন্ন করে ফেলেছে। এটার নাম অনিশ্চয়তা। পার্থক্য শুধু এই যে মৃত্যুদণ্ড প্রাপ্ত ব্যক্তির মতো আমরা ফাঁসীতে ঝুলছি না। সেই ছড় চেহারায় নিয়ে লক্ষ্যহীন ভাবে আমরা পথ চলি। ভোগবাদী সংস্কৃতির কালো রাত্রি দুঃস্বপ্ন, ভীতিজনক ছায়া এবং হৃদয়-বিদারক ভয়াবহতা নিয়ে আমাদেরকে বিব্রত করছে।

স্বভাবতঃই প্রশ্ন জাগেঃ এসব কিছু কি বিনামেঘে বজ্রপাত? না, নিশ্চয়ই না। এ হচ্ছে আমাদের ভোগবাদী সংস্কৃতি এবং সভ্যতার স্বাভাবিক পরিণতি। এই পরিণতি না আসাটাই হতো বিশ্বের ব্যাপার। পাশ্চাত্য সভ্যতা জীবনের সব ক্ষেত্রেই তার পরিচয় চিহ্ন ঐকে দিয়েছে। আজকের মানুষ তো তা-ই যা এই সভ্যতা তাকে বানিয়েছে। আমরা যদি বাতাসের চাষ করি তাহলে আমাদের উচিত ঘূর্ণিবায়ুর ফসল কাটা। এই স্বাভাবিক ফসলের প্রতি ভুকুটি করার কোন অধিকার আমাদের নেই। পাশ্চাত্য সভ্যতার অনেক মারাত্মক ত্রুটি রয়েছে, কিন্তু তা এগুলো থেকে নিষ্কৃতি পেতে হচ্ছে ব্যর্থ।

প্রাকৃতিক ও জৈব বিজ্ঞানে মানুষ চমৎকার সাফল্য অর্জন করেছে। এই সাফল্য দেখে পাশ্চাত্যের চিন্তাবিদেদেরা ভাবতে শুরু করেন যে মানুষের মন মানুষের জীবনের কর্মধারা সম্বন্ধে পথ-নির্দেশ করতেও সক্ষম। এটি এমন এক বুনয়াদী ভ্রান্তি যা পৃথিবীতে বিপর্যয়ের প্রাবল ডেকে এনেছে। মন সম্বন্ধে ধারণা করা হয় যে এ হচ্ছে বহুমুখী অভিজ্ঞতার এক অতল সমুদ্র। এর ক্রিয়া খুব জটিল। লাখো আন্দোলন ও প্রতি আন্দোলন সদা সক্রিয় রয়েছে মস্তিস্কের সচেতন ও অবচেতন অঞ্চলে। কিন্তু এগুলো আবার পরস্পর এমনভাবে সম্পর্কিত যে বহু গবেষণার পরও এগুলোর গতিধারা বুঝে ওঠা কঠিন। তদুপরি, সচেতন ও অবচেতন মনে অসংখ্য চেউয়ের উচ্ছ্বাস একে অপরের সংগে জড়িয়ে যাচ্ছে এবং মানব মনের গভীরে অনুদৃষ্টিতে প্রচ্ছন্ন শক্তির এক সীমাহীন সমুদ্র সদা সক্রিয় থেকে ব্যক্তির জীবনকে প্রভাবিত করে চলছে। বিজ্ঞানী, দার্শনিক, কবি এবং সেরা মরমী সাধকদের পর্যবেক্ষণের বিরাট সম্পদ আমাদের সামনে রয়েছে। কিন্তু তবুও স্বীকার করতে হয় যে আমরা এতোদিনে নিজেদের কিছু অংশ মাত্র জানতে পেরেছি। “আমরা মানুষকে সামগ্রিকভাবে বিবেচনা করিনা। আমরা জানি তার জীবনে অনেকগুলো স্বতন্ত্র অংশ রয়েছে এবং অংশগুলোও আমরা আমাদের নিজস্ব পদ্ধতিতে নির্ধারিত করেছি। কাজেই আমাদের

সম্বন্ধে আমাদের অজ্ঞতা অনেক বড়ো। আমাদের সম্বন্ধে আমাদের জ্ঞান প্রাথমিক পর্যায়ের।”^৮

যখন আমাদের মনের সামান্য একটু অংশমাত্র আবিষ্কৃত হয়েছে এবং বিস্তৃত অংশই রয়ে গেছে অন্ধকারে তখন জটিল জীবনের পথ নির্দেশ পাওয়ার আশায় এর ওপর নির্ভর করা কেবল বিপজ্জনকই নয়, আত্মঘাতীও। জীবন অতি মূল্যবান। কিছু সংখ্যক আন্দাজ-অনুমানকারীর খেয়ালের ওপর একে ছেড়ে দেয়া যায় না।

আধুনিক সভ্যতা চিন্তা শক্তির ওপর এমন এক কঠিন দায়িত্ব অর্পণ করেছে যা পালনের জন্যে তা উপযুক্ত নয়। এটা স্বীকৃত সত্য যে চিন্তাশক্তি গবেষণা কাজ করার বড়ো রকমের ক্ষমতা রাখে, মানুষের জ্ঞানের গভীরতাও অনেক; কিন্তু তবুও তা মানব জীবনের দুরূহতা বৃহতে সক্ষম নয়। প্রকৃতিবাদ নিঃসন্দেহে মানুষকে প্রাকৃতিক শক্তির ওপর নিয়ন্ত্রণ লাভ করতে সাহায্য করেছে। কিন্তু তা মানুষের কাছ থেকে বিশ্বাস কেড়ে নিয়ে তাকে ফতুর করেছে। জোয়াদ (Joad) এর মতে বিজ্ঞান মানুষকে এমন ক্ষমতা দিয়েছে যা দেবতার জন্যে শোভনীয়। কিন্তু এর ব্যবহার করতে গিয়ে আমরা স্কুলের ছাত্রদের মানসিকতা দেখিয়ে চলছি।” এর কারণ সুস্পষ্ট। বৈজ্ঞানিক জ্ঞানের যথার্থ ব্যবহার কোনটি তা শেখাবার দায়িত্ব সেই বিজ্ঞানের নয়। ডঃ ইকবাল এই সম্বন্ধে চমৎকার উক্তি করেছেন। তিনি বলেন যে, আমরা বাস্তব জীবনের বাহ্যিক দিকটির পরিমন্ডলে বিজ্ঞানের ব্যাখ্যা-বিশ্লেষণ খুঁজে বেড়াই, ধর্ম বিজ্ঞানকে বাস্তব জগতের প্রতিনিধিত্বশীল শক্তি মনে করে; কিন্তু এর ব্যাখ্যা-বিশ্লেষণের জন্যে দৃষ্টি দিই বাস্তবতার আভ্যন্তরীণ প্রকৃতির প্রতি।^৯ কাজেই বিজ্ঞান এবং ধর্ম হচ্ছে মানব জীবনের দু’টো সুস্পষ্ট ও স্বতন্ত্র প্রক্রিয়া। যদি আমরা বাস্তবতার বাহ্যিক দিকের ওপর গুরুত্ব আরোপ করি এবং তার আভ্যন্তরীণ প্রকৃতিকে বাহ্যিক দিকটির অধীন মনে করি তাহলে মানব জীবনের দুর্ভোগ কি করে বিদায় হবে? আমরা যদি অপূর্ণাঙ্গ ও একদেশদশী দৃষ্টিভঙ্গি নিয়ে বাস্তবতার দিকে তাকাই এবং হৃদয়ের উপলব্ধি-ক্ষমতাকে অবহেলা করি তাহলে মানব জীবন কি করে সুন্দরভাবে সামনে এগুবে? স্বর্গীয় প্রত্যাদেশের নিয়ন্ত্রণ মুক্ত চিন্তা শক্তি এবং বিশ্বাসের নিয়ন্ত্রণ-মুক্ত বিজ্ঞানই আধুনিক মানুষকে দিয়েছে নির্মম অর্থনৈতিক ব্যবস্থা, অন্যায় সমাজ-ব্যবস্থা, নির্দয় রাজনৈতিক ব্যবস্থা, শ্রেণীতে-শ্রেণীতে লড়াই এবং ক্ষমতা দখলের উন্মাদনা। “এই কালের মানুষ তার বুদ্ধি বৃত্তিক্রিয়াকান্ডের ফলশ্রুতিতে আর হৃদয়বান রূপে জীবন যাপন করতে পারছে না। চিন্তার জগতে সে নিজেই নিজের বিরুদ্ধে লড়াই করেছে। রাজনৈতিক এবং অর্থনৈতিক ক্ষেত্রে সে অপরের সংগে সংঘাতরত। বাস্তব ঘটনার বেড়াঙ্গলে আটকা পড়ে সে তার আপন সত্তার গভীরতা থেকেই বিচ্ছিন্ন হয়ে পড়েছে।”^{১০} আধুনিক সভ্যতা মানুষকে ক্ষমতা দিতে পারে; কিন্তু দিতে পারে না দূরদৃষ্টি।

এর আরেকটা দ্রষ্ট দৃষ্ট হয় নৈতিকতার ক্ষেত্রে। পাশ্চাত্যের মানুষ নৈতিক মূল্যবোধ এবং সেই মূল্যবোধ থেকে উৎসারিত নৈতিক বিধান গুলোকে বিশ্বের কোন বাস্তব

বিষয়ের উপলব্ধি বলে মেনে নেয় না। উপযোগিতাই হচ্ছে তার নৈতিক বিধান নির্ধারণের ভিত্তি। পাশ্চাত্য সভ্যতা আল্লাহকে এক সদা-সচেতন, সৃজনশীল এবং সর্বব্যাপ্ত শক্তি বলে স্বীকার করে না। তাই এর দৃষ্টিতে কোন চিরন্তন নৈতিক মূল্যবোধও থাকতে পারে না। কেন না, সৃষ্টির মূলে এক চিরন্তন পরিকল্পনাকারী মহাশক্তি রয়েছেন এই কথা মেনে না নিলে আমাদের কোন কাজকে ন্যায় বা অন্যায়, নৈতিক বা অনৈতিক বলে ধারণা করার কোন অর্থ হয় না। তাই এখন ন্যায় এবং অন্যায় আপেক্ষিক শব্দে পরিণত হয়েছে। ব্যক্তি অথবা সম্প্রদায় পরিবর্তনশীল জীবনে একে নিজের সুবিধামতো ব্যাখ্যা করছে। এর ফলে উপযোগবাদী ও ভোগবাদী নৈতিক বিধান গড়ে ওঠেছে। এসব বিধানও আবার মানুষকে পরিচালনা করার উদ্দেশ্যে রচিত হয়নি, এগুলো তৈরী হয়েছে সুখের-স্বার্থে। এসব বিধান যদি মানুষকে ইন্দ্রিয়জ্ঞ আনন্দ দিতে পারে তবেই গ্রহণ করা হয়। তা না হলে এগুলো পরিত্যক্ত হয়। নৈতিকতার প্রতি এই দৃষ্টিভঙ্গির পরিণতি আমাদের নিকট অতি সুস্পষ্ট। নৈতিক মূল্যমানকে এখন বস্তুগত স্বার্থ চরিতার্থ করার জন্যে ব্যবহার করা হয়। উপযোগিতার নামে কায়েমী স্বার্থের সব সুবিধাই মানুষ ভোগ করছে। রাষ্ট্রনায়করা নৈতিকতার মেরুদণ্ড ভেঙে দিয়ে সুবিধাবাদী ভূমিকা পালন করছেন এই যুগের অনুসৃত নৈতিক দর্শনের ভিত্তিতেই। আধুনিক মানুষ প্রাকৃতিক জগতের ওপর গবেষণা চালাচ্ছে। কিন্তু তার এই গবেষণা অতি-প্রাকৃতিক প্রশ্নাবলীর সমাধান দিতে পারে না। এই গবেষণা আমাদেরকে আমাদের চার দিককার জগতকে ভালো ভাবে বুঝবার সুযোগ দেয়। কিন্তু তা মানব জীবনের উন্নততর কোন লক্ষ্য সম্বন্ধে সিদ্ধান্ত দিতে পারে না। মানুষের মাঝে নৈতিক জাগৃতি সৃষ্টি করতেও ব্যর্থ হচ্ছে। আমরা যদি জীবনকে মহৎ লক্ষ্যের দিকে পরিচালিত না করি, তাহলে নৈতিক মূল্যবোধের আলোকে আমাদের জীবন গড়ে তোলার কথা বলে কোন লাভ নেই।

উদারতাবাদের আরো একটি দ্রুটি রয়েছে। আধুনিক মানুষকে এই ধারণা দেয়া হয়েছে যে সে যেভাবে খুশী জীবন যাপন করতে পারবে, এটা কিন্তু বাস্তবে সম্ভব নয়। তাই নতুন নীতি নির্ধারিত হয় যে একজন মানুষ তার স্বাধীনতা এমনভাবে ভোগ করবে যাতে অপরের স্বাধীনতা বিঘ্নিত না হয়। অর্থাৎ অপরের স্বার্থের দিকে নজর রেখে ব্যক্তিকে এমন কাজও করতে হবে যা সে পছন্দ করে না। তাই দেখা যায় যে উদারতাবাদের আসল লক্ষ্যই অর্জিত হয়নি। এ এমন এক জটিলতা যা কাটিয়ে ওঠা আধুনিক মানুষের পক্ষে এখনো সম্ভব হয়নি।

বর্তমান যুগের সূচনাতে ব্যক্তিগত স্বাধীনতার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছিলো। এর ফলে পূজিবাদী অর্থ-ব্যবস্থা গড়ে ওঠে-যার মারাত্মক পরিণতি কারো অজানা নয়। এর প্রতিক্রিয়া রূপে আসে আরেক মতবাদ যা যৌথ সামাজিকতাকেই বাস্তব সম্মত পদ্ধতি বলে ঘোষণা করে এবং ব্যক্তির স্বতন্ত্র অস্তিত্বকে একটা আত্তি বলে ধরে নেয়া হয়। শেষ পর্যন্ত মানুষ পরিণত হয় ইচ্ছা-বিবর্জিত স্বয়ংক্রিয় মেশিনে।

এই হচ্ছে পাশ্চাত্য সভ্যতা এবং এর ত্রুটি গুলোর সংক্ষিপ্ত আলোচনা। এটা সত্য যে এই সভ্যতা মানুষকে অনেক বৈষয়িক সুবিধা দান করেছে। তবে তা কেড়ে নিয়েছে মানুষের মনের প্রশান্তি। ম্যাথু আর্গন্ড ঠিকই বলেছেনঃ

“And we are here as on a darkling plain,
Swept with confused alarms of struggle and flight,
Where ignorant armies clash by night,”

-
১. Laski: The Rise of European Liberalism, p. 36
 ২. Ibid: p. 13
 ৩. P. A. Sorokin: The crisis of our Age, pp. 93, 94
 ৪. Between Tears and Laughter, p. 62
 ৫. A. Cobban: The Crisis of Civilization, p. 74
 ৬. P. A. Sorokin: The Crisis of Our Age, p. 191
 ৭. A. Cobban: The Crisis of Civilization, p.69
 ৮. Alexis Carrel: Man, the Unknown, p. 17
 ৯. Iqbal: Reconstruction of Religious Thought in Islam, p. 196
 ১০. Iqbal; Reconstruction of Religious Thought in Islam, pp. 187, 188

প্রথম অধ্যায়

গ্রীক উত্তরাধিকার

বর্তমান যুগ বিপ্লবের আবর্তে পতিত প্রথম যুগ নয়; নিঃসন্দেহে এটা শেষ যুগও হবে না। কিন্তু সুদীর্ঘ ইতিহাসের অন্য কোন পর্যায়ে পাশ্চাত্য জগত আজকের মতো বিপ্লবের এতো শক্তি প্রত্যক্ষ করেনি এবং সর্বব্যাপ্ত বিপ্লবের অর্থ উপলব্ধি করেনি। এ এমন এক বিপ্লব যা জীবনের সব ক্ষেত্রে প্রভাব বিস্তার করেছে। কোন জাতি, কোন সম্প্রদায়, কোন শ্রেণী এবং মানব জীবনের কোন ক্রিয়াকাণ্ডও এর আওতার বাইরে নেই। যে সব দেশ ও জাতি এর সংস্পর্শে এসেছে সে সবের জীবন যাপন পদ্ধতি ওলোট-পালট হয়ে গেছে। প্রতিটি ব্যক্তির আচরণ, দৃষ্টিভঙ্গি, অনুভূতি এবং বিশ্বাসে ঘটেছে পরিবর্তন। বস্তুতঃ গোটা পৃথিবীর সব সমাজ-ব্যবস্থাই গভীরভাবে প্রভাবিত হয়েছে। কিন্তু এই আমূল পরিবর্তন আকস্মিকভাবে ঘটেনি।

শত শত বছরের পথ-পরিক্রমার পর মানবজাতি বর্তমান স্তরে এসে পৌঁচেছে। লাখো মনের চৈতন্যিক সংগ্রামের ফলশ্রুতি হচ্ছে আজকের আদর্শিক কাঠামো এবং সমাজ-দর্শন। সমুদ্র সৈকতে খেলতে গিয়ে ছেলেমেয়েরা ফেঁদাবে বালি ও নুড়ি দিয়ে ঘর তৈরী করে সেভাবে বংশ পরম্পরায় মানব জাতি হাতের কাছে পাওয়া উপাদান নিয়ে গড়ে তোলে আদর্শ। এই গড়ার কাজে এটা-ওটার সংযোজন করে। আবার কোনটা পরিত্যাগও করে। ঐতিহ্যের উত্তরাধিকার এই সময়ে তারা ব্যবহার করে সার্থকভাবে। তারা যা গড়ে তোলে তা পুরোপুরি নতুনও নয়, আবার পুরোপুরি পুরাতনও নয়। বরং বলা যায় যে এটা তাদের পূর্ব-পুরুষদের কর্ম-কান্ডের পরিবর্তন ও পরিবর্ধন। ঐতিহাসিকগণ এই মৌলিক সত্যকেই “সামাজিক উন্নতির ধারাবাহিকতা” অথবা “ইতিহাসের প্রবাহ” নামে আখ্যায়িত করেছেন। সাধারণ মানুষ একেই “ইতিহাসের পুনরাবৃত্তি” বলে থাকে। ইতিহাস পুরোপুরি পুনরাবৃত্ত হয়না যদিও অতীত এবং বর্তমানের মাঝে অনেকগুলো উল্লেখযোগ্য মিল খুঁজে পাওয়া যায়। কিন্তু প্রত্যেক জাতিই পূর্ব-পুরুষদের সংস্কৃতির ওপর গড়ে তোলে তার নিজস্ব আদর্শিক প্রাসাদ। কাজেই প্রত্যেক যুগের বস্তুগত ভিত্তি এবং আত্মিক পরিপ্রেক্ষিত অতীতের সব আবিষ্কার এবং কৃতিত্বপূর্ণ কাজের ক্রমবর্ধিষ্ণু ফলমাত্র। অতীত থেকে বর্তমানে উত্তরণের প্রক্রিয়া সুস্পষ্টভাবে দেখিয়ে দেয়া যায়না বটে, তবে তা ঘটে চলছে অব্যাহত ভাবে। সভ্যতার নেতৃত্ব একদল মানুষের হাত থেকে আরেকদল মানুষের হাতে হস্তান্তরিত হয়ে আসছে। আজকের অনেক সাফল্য-যাকে নিয়ে বর্তমান জগত নিজের কৃতিত্ব বলে গর্ব করে-আসলে অতীত আবিষ্কারেরই উন্নয়ন।

এই কথাটি বৈজ্ঞানিক আবিষ্কারের ক্ষেত্রে যেমন সত্য-তেমনিভাবে সত্য আদর্শিক ব্যবস্থার ক্ষেত্রেও। যেসব আদর্শ এই মানুষকে অনুপ্রাণিত করেছে মূলতঃ তাতে কোন নতুনত্ব নেই। মানুষের মানসিকতা বিশ্লেষণ করলে দেখা যায় আজকের মানসিকতা আর কয়েক শতাব্দী পূর্বের মানসিকতার মধ্যে মৌলিক কোন তফাৎ নেই। ক্ষমতার লোভ, সাম্রাজ্যবাদী অভিলাষ, আনন্দ উপভোগের বাসনা, মানুষের দুর্ভোগ, এবং জাতি-বিশেষের নিজস্ব সমস্যা আজকের মানুষের যেমনি রয়েছে, তেমনি ছিলো অতীতে। তাই আমরা এই সিদ্ধান্তে আসতে বাধ্য হই যে একালের চেতনা অতীতের বহু জাতির চেতনারই প্রতিবিম্ব। এই চেতনা আধুনিক কালের দর্শন, রাজনৈতিক চিন্তা ও কাঠামো, সাহিত্য ও ধর্ম এবং আচার- আচরণের মধ্যে প্রতিফলিত রয়েছে। বর্তমানে সংস্কৃতি ও সভ্যতার যে রূপ আমরা দেখতে পাই, আসলে তা অতীত সাংস্কৃতিক সম্পদের উদবর্তন, পুনরুদ্ধার এবং নতুন বিকাশ। আজকের আদর্শিক কাঠামো এক বিশাল গাছের মতো বর্ধিত হয়েছে। তার শাখায় শাখায় শিল্প, বিজ্ঞান এবং সাহিত্যের অসংখ্য ফল ধরেছে। কিন্তু অতীত আদর্শের বীজ অবশিষ্ট না থাকলে তা বর্ধিত হয়ে বর্তমান রূপধারণ করতে পারতো না। আধুনিক সংস্কৃতির যথার্থ মূল্যায়নের জন্যেই আমাদেরকে এর উৎস খুঁজে বের করতে হবে।

পাশ্চাত্য সভ্যতার ভেতরের দিক এবং বৈশিষ্ট্য গুলোকে ভালোভাবে বিশ্লেষণ করলে দেখা যায় যে এর প্রধান উৎস রয়েছে ভূমধ্যসাগরীয় অঞ্চলে-প্রাচীন গ্রীক, রোমান এবং হিব্রু সংস্কৃতিতে। এই অধ্যায়ে আমরা প্রথম দু'টো উৎস নিয়ে আলোচনা করবো। এই দু'টো উৎসের সাথে বর্তমান পাশ্চাত্য সভ্যতার সম্পর্ক বর্ণনা করতে গিয়ে প্রফেসর টয়েনবী বলেন যে এ এমন "এক ধারাবাহিকতা যা ক্রমাগতভাবে আবির্ভূত বহু জেনারেশনের জীবন দ্বারা গড়া।" ^১ অথবা এ হচ্ছে এমন এক "পঞ্জরাস্থি যাকে সমাজের এক পার্শ্ব থেকে নিয়ে একই জাতের নতুন এক সৃষ্টির মেরুদণ্ডে পরিণত করা হয়েছে।" ^২

গ্রীক-সভ্যতা

ইতিহাসের ধারাবাহিকতা থেকে পৃথক করে কোন যুগকে বিচার করতে গেলে বিকৃতির শিকারে পরিণত হবার আশংকা রয়েছে। খৃষ্টপূর্ব নবম শতাব্দী থেকে গ্রীক-সমাজ বিকাশের পথে এগুতে থাকে। এই সময় থেকে শুরু করে খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দী পর্যন্ত একটা মোটামুটি সুন্দর ধারাবাহিকতা খুঁজে পাওয়া যায়। খৃষ্টীয় পঞ্চম শতাব্দীতে মধ্য যুগে উত্তরণের প্রক্রিয়া শুরু হয়। এই সময় পশ্চিম রোমান সাম্রাজ্য ভেঙে পড়ে।

ভৌগোলিক দিক থেকে বিচার করলে এ ছিলো একটা ছোট্ট পরিসর। ইজি্যান সাগরের ছোট্ট অঞ্চল থেকে শুরু করে ভূ-মধ্য সাগরের নিকটবর্তী অঞ্চলেই শুধু এই সভ্যতার ক্রিয়া-প্রতিক্রিয়া সংঘটিত হয়। যদিও পাশ্চাত্য সংস্কৃতি ইউরোপ এবং আটল্যান্টিকের ওপারের নতুন পৃথিবীর ওপর প্রভাব বিস্তার করেছে এবং প্রাচীন সমাজ থেকে স্বতন্ত্র যান্ত্রিকতা, বৃহদায়তন উৎপাদন, দ্রুত যোগাযোগ ব্যবস্থা, অর্থনৈতিক

পারস্পরিক নির্ভরতা এবং ক্রমবর্ধমান রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ বিশিষ্ট এক জটিল বস্তুবাদী সভ্যতার জন্ম দিয়েছে, তবুও এটা স্বীকার করতেই হবে যে এর চিন্তার ছাঁচ গ্রীকদের কাছ থেকে ধার করা। গিলবার্ট মারে বলেন, “ঐতিহাসিক ভাবে আমরা অনেকাংশে চিন্তা, শিল্প-সাহিত্য, নীতিশাস্ত্র, রাজনীতি এবং ধর্মে গ্রীসের সন্তান।” ৩

আধুনিক সভ্যতা এমন এক গাছ যার শিকড় রয়েছে গ্রীক দেশে। আলেকজান্দ্রিয়ান উপমা ব্যবহার করে আমরা বলতে পারি যে এ এমন এক নদী যা সব দিক থেকেই পানি গ্রহণ করেছে, তবে তার প্রধান ধারা গ্রীসীয়। ধর্ম এবং দর্শনে গ্রীক চিন্তার বিস্তৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য।

এখেন্স অতি সহজে একজন আধুনিক মানুষের মন আকৃষ্ট করে। এটা এই জন্যে নয় যে আধুনিক মানুষ মানসিক উত্তরাধিকারের দিক থেকে আংশিক গ্রীক এবং ইচ্ছে করেও সে শত শত বছরের গভীর প্রভাব কাটিয়ে ওঠতে পারে না। বস্তুতঃ যুক্তির আলো ছড়িয়ে এবং সৌন্দর্যের বিকাশ ঘটিয়ে এখেন্স উত্তরাঞ্চলের অসভ্য মানুষ গুলোকে নতুন পথের দিশা দিয়েছে। এই জন্যে আধুনিক মানুষ তার প্রতি এতো সহজে আকৃষ্ট হয়। আকর্ষণের আরেকটা বড়ো কারণ এই যে গ্রীক সভ্যতা আধুনিক মানুষের জন্যে রেখে গেছে প্রত্যক্ষ অবদান।

গ্রীক ধর্ম

প্রাচীন কালের বিভিন্ন বিষয়ের মধ্যে আমরা প্রথমে বিবেচনা করবো এমন একটা বিষয় যা গ্রীক ও রোমান ইতিহাসের ধারায় দীর্ঘ ও তাৎপর্যপূর্ণ প্রভাব রেখে গেছে এবং পরবর্তীকালের চিন্তা ও কাজকেও গভীরভাবে প্রভাবিত করেছে। এই বিষয়টা হচ্ছে ধর্ম-সম্বন্ধীয় ধারণা।

গ্রীক ধর্ম এক বহু-ব্যাপক বিষয়। এখানে এর বিস্তারিত বিবরণ পেশ করা সম্ভব নয়। কেবল এর প্রধান বৈশিষ্ট্যগুলো তুলে ধরা যেতে পারে। হিরোডোটাস বলেন, “হোমার গ্রীক ধর্মকে এর চরিত্র দান করেছেন। গ্রীক দেব-দেবীদের বিবরণের জন্যে তাঁর মহাকাব্য দি ইলিয়াড এবং দি ওডিসি পড়তে হবে।”

হোমারের দেব-দেবীরা মানবদেহ ধারণক্ষম সত্তা। তারা আবেগ অনুভূতি এবং কামনা বাসনার ক্ষেত্রে মানুষের অতি নিকটে। “এরা স্বাতন্ত্র্যের অধিকারী। এদের প্রত্যেকের রয়েছে সুস্পষ্ট কর্তব্য। এরা বসবাস করে নিজেদেরই এক জগতে। খৃষ্টপূর্ব দশম ও নবম শতাব্দীতে তৈরী স্মৃতিস্তম্ভগুলো মন্দির নির্মাণ এবং দেবদেবীর প্রতিমা পূজার সূচনা নির্দেশ করে। এই সময়ে বড় আকৃতির মার্বেল অথবা ব্রোঞ্জের মূর্তি এবং পবিত্রাংগণ প্রাসাদের ক্ষুদ্র পরিসরের বাইরে এসে সম্প্রদায়ের অধিকারভুক্ত হয়।” ৪

গ্রীকদের উদ্ভাবনী শক্তি দেব-দেবীদেরকে নিয়ে গড়ে তুলেছে বিচিত্র এবং প্রাণবন্ত মাইথোলজী-যার তুলনা অন্য কোথাও খুঁজে পাওয়া যায় না। কাহিনীগুলো মানবীয়।

দেবতাগণ মানবদেহ ধারণক্ষম। কাহিনী গুলোতে দেব-দেবীর ওপর মানবীয় গুণ আরোপ করা হয়েছে। এরা আহার করে, ঘুমায়, ঝগড়াঝাটি করে এবং প্রেমাসক্ত হয়। ভালো বা মন্দ, হালকা মীতে পূর্ণ বা ভাব-গভীর উদ্দেশ্য দ্বারা নিয়ন্ত্রিত হয় তাদের কাজ।

“দেবতাদেরকে মানবধর্মী করার ব্যাপারটার আবার দু’টো দিক আছেঃ অধিক মানবীয়, কম স্বর্গীয় এবং এ কারণে কোন কোন ক্ষেত্রে কম সম্মানিত আবার, অধিক মানবীয় এবং অধিক বিচার-বুদ্ধি সম্পন্ন।”^৫

গ্রীকগণ মনে করতো যে দেবতারা মানুষের আকৃতি বিশিষ্ট এবং এদের প্রকৃতিও মানুষের প্রকৃতির মতো। অবশ্য তারা এটাও স্বীকার করতো যে দেবতা এবং মানুষের মাঝে পার্থক্যও রয়েছে। এই পার্থক্যের ভিত্তি কিন্তু আধ্যাত্মিক বা নৈতিক গুণাবলী নয়। এর ভিত্তি হচ্ছে “বাহ্যিক শ্রেষ্ঠত্ব, যেমন শক্তি, সৌন্দর্য এবং অমরত্ব। তাদের সংগে মানুষের সম্পর্কটা অভ্যন্তরীণ বা আধ্যাত্মিক নয় বরং বাহ্যিক এবং যান্ত্রিক।”^৬

পিন্ডার গ্রীকদের ধর্মীয় মেজাজটিকে ভালোভাবে বুঝতে পেরেছিলেন। তিনি লিখেন,
‘Single is the race, single of men and of gods;
From a single mother we both draw breath,
But a difference of power in everything keeps us apart;
For the one is nothing, but the brazen sky stays a fix’t habitation for ever
Yet we can in greatness of mind or of body be like the immortals,
By day or in their nights
Fate has written that we shall run.’”

দেবতা এবং মানুষ এই পৃথিবীর সন্তান। এরা একই ধরনে গড়া। পার্থক্য রয়েছে শুধু ক্ষমতার ক্ষেত্রে। দেবতাগণ বড়ো আকারে তা-ই করে যা মানুষ করতে পারে ছোট্ট আকারে। আবার কোন কোন কাজ সম্পাদনে মানুষ সম্পূর্ণ অক্ষম। প্রকৃতিগত ভাবে দেবতা এবং মানুষ পৃথক সত্তা নয়। মানুষ মূলতঃ দেবতা-সদৃশ। তবে মানুষের চলার পথে বাধা অনেক বেশী। তবুও মানুষ মাঝে মধ্যে দেহ ও মনের প্রভূত শক্তি প্রদর্শন করে।

দেবতাদের রয়েছে মানবীয় অনুভূতি। তারা মানুষের মতো হাসে, বিবাদ করে এবং প্রতিদ্বন্দ্বী দেবতা অথবা মানুষের বিরুদ্ধে নানা রকমের চালাকীরও আশয় গ্রহণ করে।

গ্রীকগণ প্রকৃতির উর্বরতা শক্তিকে অনেক দেবীর রূপে প্রকাশ করেছে। এদের মধ্যে বেশী জনপ্রিয় যারা তারা তো মানুষেরই মতো। এরা বিনয়ী এবং নব-যৌবনা নারীর মতোই কমনীয়। এদের নাম নিম্পস্ (nymphs) যার প্রকৃত অর্থ হচ্ছে যুবতী। “এরা মনোমুগ্ধকর সৃষ্টি। এরা দয়া প্রবণ, সদা উৎফুল্ল এবং নাচবার জন্যে সদা প্রস্তুত। কিন্তু এরা হঠাৎ রেগে গিয়ে বিপজ্জনক হয়ে পড়ে এবং অন্য কিছুতে পরিণত হয়। এটা অবশ্য সব দেব-দেবীরই বৈশিষ্ট।”^৭

এই হচ্ছে গ্রীক দেব-দেবীদের বৈশিষ্ট্য। কিন্তু সব দুর্বলতা সত্যেও এসব দেব দেবী ছিলো উপাস্য। তাদেরকে ওসব নৈতিক বিধি-বিধানের অভিভাবক মনে করা হতো যে সবেল ওপর ভিত্তি করে আবর্তিত হতো মানব সমাজ। দেবতারা অপরাধীর শাস্তিবিধান, অত্যাচারীর দমন এবং শিষ্টের পালন করতো।

দেব-দেবীরা যখন মানুষের সদৃশ, তখন এটা ভাবাই স্বাভাবিক যে মানব সমাজের সাথে তাদের থাকবে প্রত্যক্ষ ও অন্তরংগ সম্পর্ক। বস্তুতঃ এই ধারণাই দেবতার নামে উৎসর্গ, আরাধনা পদ্ধতি তথা গ্রীকদের সামগ্রিক জীবন ধারা প্রভাবিত করেছে। গ্রীকদের ধর্মীয় জীবন মূলতঃ এক ধরণের সামাজিক জীবন যা একদল মানুষের সংগে অতি মানবীয় বাস্তবতার সম্বন্ধকে কেন্দ্র করে আবর্তিত হচ্ছে। গ্রীকদের মনোভাব গ্রীক ধর্মের প্রকৃতি এবং তাদের জীবনাদর্শের বৈশিষ্ট্য নির্ধারণ করেছে। এই ধর্মীয় পরিমন্ডলেই ঘটেছে তাদের সামাজিক জীবনের সর্বোচ্চ রূপায়ণ।

Polis ছিলো মূলতঃ তাদের একটা সামাজিক মিলন। একটা আদর্শ Polis ছিলো প্রধানত একটা ধর্মীয় বাস্তবতা।

এখেলের লোকেরা বেশীর ভাগ সময় দেবতাদের উদ্দেশ্যে কৃত বিভিন্ন আচার-অনুষ্ঠানে ব্যয় করতো। এই সব অনুষ্ঠান আসলে আনন্দোৎসব ছাড়া আর কিছুই ছিলোনা। থাকিডাইসিস পেরিক্লিস-কে উৎসাহ দিতে গিয়ে বলেন, “ দেবতাদের উদ্দেশ্যে প্রতিযোগিতা এবং উৎসর্গের মাধ্যমেই আমরা এথেন্সবাসীরা কর্মবিরতি উপভোগ করি।”^৮

প্লেটো এখেলের বৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বলেন, “দেবতারা আমাদের জাতির পরিশ্রম দেখে সদয় হয়ে অনেক উৎসব অনুষ্ঠানের সুযোগ দিয়েছেন। লোকেরা পরিশ্রমের পর এই সবেল মাধ্যমে অবসর উপভোগ করে। দেবতারা তাদেরকে দিয়েছে কাব্য ও সংগীতের অধিষ্ঠাত্রী দেবী, জ্ঞানের দেবতা এপোলো এবং ডায়োনিসাসকে। তারা এই জাতির আনন্দোৎসবে অংশ গ্রহণ করে এই গুলোকে আরো প্রাণবন্ত করে তোলে।”^৯ পরবর্তীকালে পসেনিয়াস এবং পুটার্ক স্বীকার করেন যে ধর্মীয় প্রাধান্যই এথেন্সকে বিশেষ বৈশিষ্ট্য দান করেছে। এই ধর্মের প্রধান বৈশিষ্ট্য ছিলো সামাজিক জীবনের ওপর গুরুত্ব আরোপ। “এটা গোড়ামীপূর্ণ ছিলো না। কোন ধর্মমত প্রচার করা হতো না অথবা সুস্পষ্টভাবে কোন ধর্মমত পোষণও করা হতো না। ধর্ম বলতে বিশেষ ধরনের কাজকেই বুঝাতো যার একটা রূপ ছিলো যাদুবিদ্যা এবং সর্বোচ্চ রূপ ছিলো প্রতীকতা। ধর্মই ছিলো Polis এর সব সদস্যকে ঐক্যবদ্ধ করার সাধারণ বন্ধন।”^{১০} তাই পলিস চেতনাই গ্রীক ধর্মের প্রধান প্রভাব সৃষ্টিকারী শক্তি। এটা সেভাবেই কাজ করেছে “যেভাবে কাজ করেছে দেবতাদের মানব দেহ ধারণ সম্পর্কিত ধারণা। এটা গড় সম্পর্কিত ধারণাকে বিচিত্র স্বাভাবিক এবং ক্রমঃবিকাশমান সামাজিক মূল্য বোধের ছোঁয়াচ দিয়েছে। বন-বাদাড়ের দেবতারা শহরের প্রাসাদে প্রবেশ করেছে এবং তাদের বহু বুনো স্বভাব ত্যাগ করেছে।

নেকড়ে বাঘের দেবতা এপোলো লাইকিউস আরগোসে প্রবেশ করে রাষ্ট্রের রাজনৈতিক নেতায় পরিণত হয়। তার মন্দিরে রাখা হয় আগুনের অনির্বান শিখা। জাতির চিরন্তন জীবনের প্রতীক রূপেই তা করা হয়।” ১১

গ্রীকগণ তাদের পূর্বপুরুষ এবং গোত্রের অতীত বীর ব্যক্তিদের পূজাও করতো। সাহিত্যে এর প্রথম সুস্পষ্ট প্রমাণ মিলে মাইলেটাস-এর কবি আর্কটিনোস-এর কবিতায়। তাঁর কবিতায় উল্লেখিত কয়েকজন বীর অতীত সেখানে বসবাস করেছে। আবার কিছু সংখ্যক বীর ছিলো কাল্পনিক। আর্কাস ও লেক ডেইমন এই কাল্পনিক বীরদের অন্তর্ভুক্ত। কেউ কেউ ছিলো আধো ভোলা দেবদেবী, যথাঃ ইলিউসিস-এর ইউবুলিউস এবং লেবাডিয়া-র থোপোনিউস। পূজারীগণ এদেরকে অতীতে এই পৃথিবীতে বসবাসকারী পুরুষ অথবা নারী মনে করে পূজা করতো।” ১২

গ্রীক ধর্মের এইদিকটি পৃথিবীর ধর্মীয় চিন্তায় একটা গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়ায়। কারণ, এটা বিশ্বাসের জন্ম দেয় যে মানুষ ব্যতিক্রমধর্মী প্রতিভার ফলে মৃত্যুর পর উন্নততর পর্যায়ে উন্নীত হয়ে অমরত্বের অধিকারী হতে পারে। তাও আবার শুধু অশরীরী অস্তিত্ব রূপে নয়-মর্যাদাবান দেহ এবং আত্মাবিশিষ্ট অস্তিত্ব রূপে। “তদুপরি অতীতের কিছু সংখ্যক বীর-যারা প্রাচীন যুদ্ধ নায়ক রূপে বহুকাল ধরে শ্রদ্ধা কুড়িয়েছে-দেবতার মর্যাদা পেয়েছে। ইরেখটিউস তার নামে পূজা পাচ্ছে এবং পসিডন ও জিউস নামেও আখ্যায়িত হচ্ছে। আর্কেডিয়ার আইপিটোস হয় হার্মিস। লেকোনিয়ার আগামেমনন অবশেষে জিউসের সাথে একাকার হয়ে যায়।” ১৩

এমন সম্মান শুধু যে কোন দূর অতীতের গোত্রপতি, মহান রাজা অথবা শ্রেষ্ঠ যোদ্ধাদের জন্যে নিধারিত ছিলো তা নয়, নিকট অতীতে যারা পরামর্শদান অথবা বাহুবলে রাষ্ট্রের বিশেষ কল্যাণ সাধন করেছে তারাও এই ধরণের সম্মান পেতো।

গ্রীক উপনিবেশের বিস্তৃতির সাথে সাথে বীর পূজারও বিস্তৃতি ঘটে। উপনিবেশ স্থাপনকারীরা নতুন অঞ্চলে তাদের অতীত বীরদের সমাধি সৌধ গুলো নিয়ে যেতে পারতো না। তাই নাগরিকদেরকে ঐক্যবদ্ধ রাখার প্রয়োজনে তারা নতুন বীরের পূজার প্রচলন করতো। এই মর্যাদার আসনে স্বভাবতঃই বসানো হতো নতুন উপনিবেশের

মৃত ব্যক্তির পূজা সেকালে সারা গ্রীসেই প্রচলিত ছিলো। গ্রীকগণ বিশ্বাস করতো মৃত ব্যক্তির অশরীরী সত্তা সমাধি-সৌধে বসবাস করে এবং ঘটনা প্রবাহের ওপর প্রভাব বিস্তার করে থাকে। তাকে আবাহনী জানিয়ে হাজির করা যায়। মনে করা হতো যে জীবিত কালে যে ব্যক্তি যতো বেশী শক্তিশালী ছিলো, মৃত্যুর পর তার প্রভাব ততো বেশী থাকে।

একজন মৃত বীর এবং দেবতার মাঝে বড়ো রকমের পার্থক্য রয়েছে বলেই গ্রীকগণ বিশ্বাস করতো। বীর ব্যক্তিগণ ছিলো মরণশীল এবং তাদের প্রভাব ছিলো স্থানিক। তাদেরকে যেখানে কবরস্থ করা হয়েছে সেখানেই তাদের আবাহনী জানানো হতো। মনে করা হতো যে কেবলমাত্র সেখানেই তারা সাংখ্যের হাত বাড়াতে সক্ষম। “ওরিসটিস এর

হাড়গোড় এবং পঞ্চম শতাব্দীতে স্বাইরোস-এ প্রাপ্ত থিসিউস-এর হাড়গোড় যথাক্রমে স্পার্টা এবং এথেন্সে স্থানান্তরের ঘটনাকে নিয়ে নাট্য সৃষ্টি হয়েছে। স্থানান্তরিত হয়ে তারা স্পার্টা এবং এথেন্সের নিরাপত্তার স্বার্থে সাহায্যের হাত বাড়াতে সক্ষম হয়েছে বলে ধারণা করা হয়।^{১৪}

কিন্তু একজন দেবতা যে কোন স্থানেই ক্ষমতা প্রয়োগ করতে পারে। কোন কোন দেবতার বিশেষ স্থানের প্রতি ভালোবাসা ছিলো, যেমন; এথেন্সের প্রতি এথেনা এবং আর্গোস-এর প্রতি হিরার ভালোবাসা। কিন্তু এর অর্থ এই নয় যে এর বাইরে এদের কোন ক্ষমতা ছিলো না।

গ্রীক ধর্ম ছিলো প্রায় সর্বাংশেই একটা রাষ্ট্রীয় ধর্ম। স্জনগণের উৎসব এবং উৎসর্গ পর্বগুলো রাষ্ট্রীয় ব্যাপার। রাজনীতি এবং যুদ্ধের মতো এগুলো ছিলো গণ-জীবনের অংশ। প্রথম দিকে প্রভাবশালী অভিজাত শ্রেণী এগুলো নিয়ন্ত্রণ করতো। পরবর্তীকালে কিছু সংখ্যক লোক নিয়ে গঠিত হয় শাসকমণ্ডলী অথবা গণতান্ত্রিক সংসদ। এর হাতেই ওগুলোর নিয়ন্ত্রণ চলে যায়। পুরোহিতগণ-স্পার্টার বংশানুক্রমিক রাজা, অভিজাত পরিবারের সদস্য অথবা এই উদ্দেশ্যে নিবাচিত ব্যক্তি-ছিলো রাষ্ট্রীয় কর্মচারী। এই রাষ্ট্রীয় ধর্ম কোন তাত্ত্বিক বা নৈতিক মূল্যবোধের ওপর প্রতিষ্ঠিত ছিলো না। কিছু আনুষ্ঠানিকতা এবং দেবদেবীর প্রতি বিশ্বাসের অতিরিক্ত কিছু ছিলো না এতে। এই রাষ্ট্রীয় ধর্মের প্রচারধর্মী কাজও ছিলো না। পুরোহিতগণ ছিলো ক্ষমতাহীন। ধর্মীয় আনুষ্ঠানিকতা পরিচালনা করাই ছিলো তাদের কাজ।^{১৫}

গ্রীকদের কোন পবিত্র গ্রন্থ ছিলো না। বস্তুতঃ স্বর্গীয় হিদায়াত বলে কোন কিছুর ধারণাই ছিলো না তাদের। জগত নিয়ন্ত্রিত হচ্ছে মানুষের মতো প্রবৃত্তির অধিকারী বহু দেব দেবীর দ্বারা-গ্রীকদের এ ধারণা স্বর্গীয় বিধান বা নৈতিকতার সাথে কোন প্রকারেই সংগতিপূর্ণ ছিলো না।

কোন কোন লোক হোমার এবং হেরিও-এর সাহিত্য কর্মকেই স্বর্গীয় প্রভাবে অনুপ্রাণিত গ্রন্থ বলে মনে করতো। কিন্তু মহাকাব্যে দেবদেবীদেরকে যে ভাবে চিত্রিত করা হয়েছে তা ধর্মীয় অনুভূতি গ্রাহ্য রয়নি মোটেই। কয়েকজন দেবতাকে তো স্কটল্যান্ডের লোক-সাহিত্যের শয়তানের মতো কামিক চরিত্রে পরিণত করা হয়েছে।^{১৬} কাজেই এই সাহিত্য-কর্মকে পবিত্র গ্রন্থের মর্যাদা দেয়া মোটেই সমীচীন নয়। সেন্ট বা সাধু ব্যক্তিদের যে ধর্মীয় বিশ্বাস ছিলো তা হোমারের মাঝে ছিলো বলে মেনে নেয়া যায় না। তার চিন্তার ওপর নির্ভর করে কোন প্রামাণিক ধর্মমত গড়ে তোলা সম্ভব নয়।

গ্রীকগণ দৈববানীর মাধ্যমে দেব-দেবীর পরামর্শ পেতে চাইতো। ডডোনাতে দৈববানীর উদ্দেশ্যে জিজ্ঞাসিত কতগুলো প্রশ্ন আজো বই-পুস্তকে সংরক্ষিত আছে। এগুলো প্রমাণ করে যে দেবদেবীর সাথে গ্রীকদের কোন আধ্যাত্মিক সম্পর্ক ছিলো না। সব কিছুই ছিলো বাহ্যিক। এই বাহ্যিকতার ছাপ রয়েছে গ্রীক জীবনের সব কিছুর ওপর।

“এপোলো ছিলো হেলেনিক গঠনের অধিকারী, সুন্দর এবং চির যুবক। সে ছিলো শিল্প ও সংগীতের দেবতা।”^{১৭} “তবে মোহাবিষ্ট অবস্থায় দৈববাণী উচ্চারণের ক্ষমতা ছিলো তার। ডেলফি-র মহিলা পুরোহিতের ওপর ছিলো দেবতার প্রভাব। সে দৈববাণী উচ্চারণ করতো। পাথরের ফাঁক থেকে ছড়িয়ে পড়া গন্ধযুক্ত বাষ্পে পাগলিনীর মতো হয়ে এবং আশ্চর্যযুক্ত ব্যক্তির মতো হাত পা ছুঁড়ে সে অক্ষুট স্বরে স্বর্গীয় বাণী উচ্চারণ করতো।”^{১৮}

যে মন ভবিষ্যত কখন এবং শুভ-অশুভ লক্ষণ ঘোষণা ছাড়া আর কোন স্বর্গীয় নির্দেশের প্রতি বিশ্বাস স্থাপন করতে পারেনি, তাকে স্বাভাবিক ভাবেই জীবনের দুর্জয় মৌলিক প্রশ্নগুলোর সমাধান পাবার জন্যে যুক্তির ওপর নির্ভর করতে হয়। গ্রীক ধর্মে আমরা আসলে কোন ধর্মতত্ত্ব অথবা কমান্ডমেন্টস খুঁজে পাই না। অসীম ও চিরন্তন সত্তার বিশ্লেষণ পেশ করার জন্যে গ্রীকদের কোন ধর্মতত্ত্ববিদ ছিলো না। বস্তুতঃ তারা কোন দিন সে সত্তাকে বিশ্লেষণ করার উদ্যোগই করেনি।

একজন কবি বা শিল্পী যে পথ অবলম্বন করে সত্যকে খুঁজে বেড়ায় গ্রীকদের ধর্মের পথ তা থেকে ভিন্ন কিছু নয়। সে জন্যেই প্রাচীন গ্রীসে আমরা কোন প্রভাবশালী গীর্জা বা ধর্মমত খুঁজে পাই না। গ্রীক ধর্ম পুরোহিত, পয়গাম্বর বা সেন্টদের দ্বারা বর্ধিত হয়নি। বরং গ্রীসের কবি, শিল্পী এবং দার্শনিকেরাই এর প্রসার ঘটিয়েছে। আল্লাহর সাথে আত্মার সম্পর্ক সম্বন্ধে এই ধর্ম কিছু বলে না। বিবেক, পাপ এবং অনুশোচনা সম্বন্ধেও এর কোন বক্তব্য নেই। এটা প্রকৃতির বিভিন্ন বিষয়কে-যাকে শক্তির অভিব্যক্তি বলা যায়-সুন্দর রূপ দিয়েছে মাত্র। চমৎকার শিল্প কৌশলের মাধ্যমে দুরূহ উক্তির ভেতর দিয়ে সম্পর্কগুলোকে তুলে ধরা হয়েছে। কিন্তু ধর্মের সত্যিকার ভাবে যা করণীয় তা কি এভাবে করা যেতো? এটা কি মানুষের বিবেককে জাগিয়ে তুলতে পেরেছিলো?

তাৎক্ষণিক ভাবেই এই প্রশ্নের জবাবে ‘না’ বলা যায়। গ্রীক ধর্ম মানুষের বিবেক নিয়ে মোটেই মাথা ঘামায় নি। বস্তুতঃ এটা ছিলো মানবতাবাদ এবং যুক্তিবাদের মিশ্রণ। একে বরং যুক্তি দ্বারা নিয়ন্ত্রিত এক মানসিক দৃষ্টিভঙ্গি বলে আখ্যায়িত করা যায়। এই মানবতাবাদ চিন্তার মরমী এবং কল্পনাপ্রবণ দিকগুলোকে প্রদমিত করেনি। এই যুক্তিবাদ আবেগ এবং ইন্দ্রিয়ানুভূতিকে দমন করার চেষ্টা করেনি। গ্রীক মনের সাফল্য ধর্মে নয়, দর্শনে। গ্রীক মন বাস্তব সত্যের প্রকৃতি নির্ধারণের ক্ষেত্রে বুদ্ধিকে বিশেষভাবে নিয়োজিত করেছে। ধর্মের প্রতি গ্রীকদের এই মনোভাব তাদেরকে ইন্দ্রিয়াবেগ এবং যুক্তির আনন্দ নিঃসংকোচে গ্রহণ করার সুযোগ দিয়েছে। “তাই গ্রীক ধর্মে ক্রীড়া প্রতিযোগিতা, ভুরিভোজ এবং নাচ ধর্মীয় আচারের পাশাপাশি সমান তালে চলতে দেখা যায়। ডেলফি-তে একই সংগে এপোলো এবং ডায়োনিসাস-এর পূজা চলে। এপোলো যুক্তি, আলো এবং শিল্পকলার দেবতা। ডায়োনিসাস থ্রেসের উর্বরতা ও মদ্যপানের দেবতা। গ্রীক সাহিত্যের সর্বত্র দেখা যায় দৈহিক সৌন্দর্য, স্বাস্থ্য, বস্তুগত সমৃদ্ধি এবং ভোজের আনন্দের প্রশস্তি।”^{১৯}

পরকাল সম্বন্ধে মনে ছিলো অনিশ্চয়তা। তারা মনে করতো যে যদি পরকাল থেকেই থাকে তবে তা হবে নিরানন্দ, আরামহীন এবং পৃথিবীর জীবনের সব মজাদার জিনিষ বিবর্জিত। তাদের উজ্জ্বল এই বিষয় সম্বন্ধে তাদের মনোভাব সুস্পষ্টভাবে ব্যক্ত হয়েছে। অন্ধকার জগতে একিলিস-এর প্রেতাঙ্গা ওডিসিউসকে বলছে, “মৃত ব্যক্তিদের রাজা হবার পরিবর্তে আমি বরং একজন স্বল্প আয়ের ভূমিহীন মজুর হিসেবে বাস করতে প্রস্তুত।”^{২০}

মৃত্যুর পরের জীবন সম্বন্ধে এই হচ্ছে গ্রীকদের সাধারণ দৃষ্টিভঙ্গি। এদের সাত্তন্যর জন্যে তাদের ধর্ম কি বলছে? ধর্ম তাদেরকে এই শিক্ষা দেয় যে মৃত্যুর পর আত্মা বেঁচে থাকে। কিন্তু এই বেঁচে থাকা ছায়ার বেঁচে থাকার মতো। এ যেন পৃথিবীতে ইতিপূর্বে বেঁচে থাকা মানুষটির রক্তহীন এবং রংহীন প্রতিরূপ। হোমারের কবিতায় এসব প্রতিরূপের সাক্ষাৎ মেলে। আপন আমার প্রেতাঙ্গার সংগে ওডিসিউসের সাক্ষাতের বিবরণ শুনুন। “এই বল্লেন তিনি। আমি কিছুক্ষণ ভাবলাম এবং আমার আত্মাকে আলিঙ্গণ করার সিদ্ধান্ত নিলাম। তিন বার আমি তার দিকে এগিয়ে যাই। তিন বারই তিনি ছায়া বা স্বপ্নের মতো সরে পড়েন। আমি বেদনাহত হলাম। তাঁকে বললামঃ আত্মা আমার, আমি আপনাকে ধরতে চাই। এই হেডিস-এ আপনাকে আলিঙ্গণ করার একটু সুযোগ আমাকে দিচ্ছেন না কেন? এতে করে তো আমি কিছুটা পরিতৃপ্ত হতে পারি। দেবী পার্সিফোনি কি আমার মর্মবেদনা বাড়ানোর জন্যে একটা অপছায়া পাঠিয়ে দিয়েছেন? আত্মা জবাব দেন, আহ! দুর্ভাগ্য সন্তান। জিউস কন্যা পার্সিফোনি নয়, মানুষই তোমাকে প্রতারিত করছে। মরণশীল মানুষের পরিণতি এটাই। গোশত এবং হাড়গোড় আর একত্রিত হয় না। সাদা হাড়গুলো থেকে যখন জীবন চলে যায়, তখন আত্মা স্বপ্নের মতো নিকটেই উড়ে বেড়ায়।”

“পরকাল সম্বন্ধে এই ধরণের কোন ধারণা থেকে মানুষ কোন সন্তান খুঁজে পেতে পারে না। অবশ্য এর কাছ থেকে সন্তান চাওয়া হয়েছে বলেও মনে হয় না। মৃত্যুর ওপারে তাদের জন্যে ভালো-মন্দ কি অপেক্ষা করছে এই নিয়ে গ্রীকগণ বড় একটা ভাবতো না।”^{২১}

ভবিষ্যতের অনিশ্চয়তা সামনে নিয়ে এই পৃথিবীর জীবনে ব্যক্তিগত সুখ লাভের চেষ্টাই হয়ে দাঁড়ায় মানুষের লক্ষ্য। কবরের ওপারের নয় বরং এপারের জীবনেই মৃত্যুর জন্যে সাত্তন্য খুঁজে পাবার প্রবণতা গ্রীকদের স্বচ্ছ এবং বস্তুনিষ্ঠ মেজাজের সাথে সম্পূর্ণভাবে সংগতিপূর্ণ।

এর অর্থ এই নয় যে জান্নাত এবং দোজখ সম্বন্ধে কোন ধারণাই ছিলো না। পরকাল সম্বন্ধে তাদের নিজস্ব একটা ধারণা ছিলো। তবে এই ধারণা তাদের জীবনের নিয়ন্ত্রক হয়ে ফুটে ওঠেনি কখনো “তারা ভয়ে সংকুচিত হতো। কিন্তু এথেকে নিষ্কৃতি পাবার জন্যে তারা করতো প্রায়শ্চিত্ত উৎসব। আশার পুলকেও তারা আন্দোলিত হতো এবং জাঁকালো ধর্মাচারে আত্মনিয়োগ করতো। পরকালের চিন্তা-ভাবনা তাদের সাধারণ জীবনধারা

প্রভাবিত করতে পারতো না। জীবনকে উপভোগ করার ক্ষেত্রে তাদের উৎসাহের কমতি ছিলো না। বার্ষিক্য এবং মৃত্যু নিয়েও তাদের উদ্বেগের শেষ ছিল না। কিন্তু সান্তনা লাভের জন্যে তারা দৃষ্টি দিতো পার্থিব স্বার্থ এবং সাফল্যের দিকে। তারা বার্ষিক্য এবং ধ্বংস-প্রাপ্তির বেদনা ভুলে থাকার জন্যে গৌরবময় অতীতের স্মৃতি এবং ভবিষ্যত আশার পক্ষপুটে আশ্রয় গ্রহণ করতো।”২২

তাদের বিশ্বাস তাদেরকে মৃত্যুর ওপারের জীবনে নাজাতের আশা দেয়নি। জর্জ স্যানটিয়ানা-এর ভাষায় বলা যায় যে, “তাদের দৃঢ়মূল মূল্যবোধ গুলোই জীবনের সর্বক্ষেত্রে তাদেরকে সজীব করে রেখেছে।” গ্রীকগণ বিশ্বাস করতো যে সব নৈতিক কার্যকলাপেরই রয়েছে বস্তুগত সাধন-উপায় এবং বৈষয়িক পরিণতি। এই দৃষ্টিতে এগুলো হচ্ছে শক্তি বা শক্তির বাহন।

ভালো অনাপেক্ষিক নয়। এর প্রকৃতি ধর্মে বিধৃত নেই। কিন্তু জীবন সত্তার অচেতন অংশে তা দৃঢ়মূল হয়ে অবস্থান করছে। এ এমন এক প্রকৃতি যা মানুষকে খাদ্য ও বিষ এবং সুখ ও দুঃখের তারতম্য নির্ধারণ করে দেয় পূর্বাঙ্গই। যে ধর্ম গতানুগতিকভাবে বোধশক্তিকে একটা প্রকাশমান বিষয় বলে বিবেচনা করে তাকে নিয়ে সেই উদ্দেশ্য অর্জন করা সম্ভব নয় যা অর্জনের লক্ষ্য নিহিত রয়েছে বিশ্বাসে। আর সেই লক্ষ্য হচ্ছে স্বর্গীয় সত্তার সংগে সম্পর্ক স্থাপন করে মানব চেতনার উন্নয়ন। জগতকে যদি বস্তু, বস্তুগত পরিণতি ও আইন মুতাবিক ব্যাখ্যা করা যায় এবং বস্তু, জীবন ও বুদ্ধিমত্তাকে যদি যান্ত্রিক শক্তি ও তার রূপান্তর বলে বিশ্লেষণ করা যায় তা হলে তো আল্লাহ সর্বস্বীয় ধারণা এবং তার সাথে মানব চেতনার সম্পর্কের ব্যাখ্যার প্রয়োজন নেই। বরং সে ব্যাখ্যা দেবার উপায়ও নেই। এতে করে ধর্মের ভূমিকাই আর থাকে না। ধর্ম তো এই ধারণা পোষণ করে যে বুদ্ধিদীপ্ত সচেতন মানব-প্রকৃতিতে এমন এক মহৎ উপাদান রয়েছে যা তাকে সীমিত ও বস্তুগত সত্তার উল্লে ওঠতে বাধ্য করে। সে তখন এক অসীম ও সর্বব্যাপ্ত শক্তির কাছে স্বেচ্ছায় আত্মসমর্পণ না করে পারে না।

গভীর ভাবে চিন্তা করলে বুঝা যায় যে আমরা বিচার বুদ্ধিসম্পন্ন আত্মিকসত্তা। আমাদের প্রতিভা, সৌন্দর্যানুভূতি, দার্শনিক প্রজ্ঞা অথবা বৈজ্ঞানিক জ্ঞানের সফলতার কারণে নয় বরং ব্যক্তিসত্তাকে পেরিয়ে, ইন্দ্রিয়ানুভূতির উর্ধে ওঠে সার্বজনীন, বস্তুনিষ্ঠ এবং স্বর্গীয় বিষয়ের সংগে ভাব বিনিময়ের যোগ্যতা রয়েছে আমাদের। ধর্ম কোন দার্শনিক আন্দাজ-অনুমান নয়। এটা হচ্ছে আল্লাহর প্রতি হৃদয়ের অনুভূতি। একে যে যা-ই বলুক না কেন এ হচ্ছে এমন এক মনোভাব যা তুচ্ছ বুদ্ধিকে দান করে নৈতিক উন্নতি এবং সাদা সিধে বিষয়ের চারদিকে গড়ে তোলে এক আধ্যাত্মিক মহত্ত্ব।

আমরা ধর্ম পরায়ণ এই কারণে নয় যে আমরা নির্ভুল চিন্তা করতে পারি। বরং আল্লাহ সর্বস্বক্কে আমাদের মনে যে অনুভূতি এবং আন্তরিকতাপূর্ণ অবস্থা রয়েছে সে জন্যেই আমরা ধর্মপরায়ণ। স্রষ্টার প্রতি ইচ্ছাকৃত এবং পূর্ণাঙ্গ আত্ম-সমর্পনের এই ধারণা গ্রীকদের মনে

কখনো স্থান পায়নি। তাদের বিশ্বাসে অনেক দেব-দেবীর স্থান ছিলো, তাদের সভ্য-সমাজ প্রতিষ্ঠাতাদের অনেকেই দেবতার আসন লাভ করে এবং প্রাকৃতিক শক্তিগুলোর ওপর গুরত্ব আরোপ করেও অনেক দেব দেবীর জন্ম দেয়া হয়। জীবনের সব অভিজ্ঞতাকে এসব দেব-দেবীর ত্রিযাকান্ডের সংগে মিলিয়ে নেয়া হয়, তাও আবার জটিল বা দুর্বোধ্য করে নয় বরং সুস্পষ্ট ও সুনির্দিষ্ট ভাবে। দেবদেবীর কাজ-কর্মকে মানুষের কাজ কর্মের মতোই কল্পনা করা হয়। ধারণা করা হয় যে মানুষের কাজের পেছনে যে সব উদ্দেশ্য ত্রিযাশীল থাকে তাদের কাজের পেছনেও অনুরূপ উদ্দেশ্যই থাকে। দেবতার মানুুষের মতোই কোন একটা লক্ষ্য অর্জনের জন্যে কাজ করে এবং সে লক্ষ্যে পৌঁছার জন্যে মানুষের মতোই বিভিন্ন উপায় অবলম্বন করে। তবে তাদের উপায় গুলো অধিকতর উন্নত ধরনের।”২৩

এটা সত্য যে গ্রীকদের জীবনের ওপর তাদের ধর্মের ছাপ ছিলো। কিন্তু তা ছিলো বাহ্যিক। আল্লাহর সাথে আত্মিক সম্পর্ক স্থাপনই যে হতাশা ও নিরাশার অন্ধকারে আশার আলো এই সমন্ধে তারা সচেতন ছিলো না। বিবেকের দংশনে বিচলিত না হয়েই তারা জীবনযাত্রা করেছে। সৃষ্টির ইচ্ছা অভিপ্রায়ের কাছে আত্মসমর্পন কাজকে সতেজ করা তাদের ধর্মের প্রধান কাজ ছিলো না। আল্লাহর কাছে সাহায্য চাওয়ার প্রয়োজনীয়তার অনুভূতিকে চাংগা করাও এর প্রধান কাজ ছিলো না। বরং এই ধর্মের প্রধান কাজ ছিলো কাজের স্বাধীনতার পূর্ণ নিশ্চয়তা দান। বুদ্ধির হতবুদ্ধিতা অথবা বিবেকের দংশন তাদের স্বাধীন কাজ-কর্মের পথে কোন বাধা সৃষ্টি করতে পারেনি। তারা সব ইন্দ্রিয়জ আমোদ-প্রমোদে আত্মনিয়োগ করেছিলো। আত্মার গভীরে ডুব দেয়ার তাদের কোন ইচ্ছা ছিলো না। বিবেকের দংশনের শিকার না হয়েই তারা তাদের সব কাজ করে গেছে। তিরস্কারের মাধ্যমে তাদের বিবেককে জাগাবার চেষ্টা না করে বিভিন্ন আচার অনুষ্ঠানের মাধ্যমে তাকে প্রশান্ত করে দেয়ার চেষ্টাই করেছে তাদের ধর্ম। এই বস্তুরাজতে তারা একটা স্বস্তির পরিবেশ দেখতে পেয়েছে। তারা প্রবৃত্তির চাহিদা পূরণ করে গেছে তাদের জীবনে। কিন্তু এর ফলে তাদের আত্মার ওপর পড়েছে একটা অবসাদের প্রভাব। তাদের ভাবাবেগ ও কাজ বার্ষিক্য ও মৃত্যুর মতো বিষয়গুলোকে তাদের জন্যে তিক্ত এবং অবোধগম্য করে তুলেছে। সম্ভবতঃ সেজন্যেই তারা তাদের ধর্ম থেকে সামান্য আলো এবং সান্ত্বনাই পেয়েছে। তাদের জীবনের সুর বেসুরো ভাবেই বেজেছে।

উপরোক্ত আলোচনা থেকে আমরা গ্রীক ধর্মের একটা মোটামুটি নকশা পাই। তাদের বহুমুখী ধর্মীয় ব্যবস্থার বিভিন্ন দিক তুলে ধরার চেষ্টা হয়েছে এতে। অবশ্য দৈব বাণী, আচার-অনুষ্ঠান এবং উৎসবদির মতো বিশেষ ভাবে উল্লেখযোগ্য বিষয়গুলো বিশদভাবে আলোচনা করা সম্ভব হয়নি।

এটা সুস্পষ্ট যে যদিও এই ধর্ম সমাজের ক্রমবিকাশ এবং মানুষের বুদ্ধিবৃত্তিক জীবনের ক্ষেত্রে অবদান রেখে গেছে, তবুও স্বর্গীয় ধর্মের মহত্ব এবং ভাব প্রকাশের প্রগাঢ়তা এতে খুঁজে পাওয়া যায় না। দেবতার মানবদেহ ধারণ বিষয়টাই হচ্ছে গ্রীকদের

ধর্মীয় চিন্তার সবচে' বেশী শক্তিশালী দিক। এর সাথে সম্পর্কিত রয়েছে তাদের প্রতিমা-পূজা এবং বীর-পূজা। হেলেনিক খৃষ্টবাদের ছাত্রগণের পক্ষে পরবর্তীকালের গ্রীক গ্রীজার ওপর এসব প্রবনতার প্রভাব সহজেই লক্ষ্য করা সম্ভব।

রাজনৈতিকসচেতনতারউষাকাল

পাশ্চাত্য চিন্তার উত্তরাধিকার নিয়ে আলোচনা করতে গেলে আমাদেরকে অবশ্যই গ্রীক রাজনৈতিক কাঠামোর প্রধান নীতিগুলো বিশ্লেষণ করতে হবে। বিশেষভাবে বিচার করতে হবে ব্যক্তির অধিকার এবং নাগরিকদের নৈতিক দায়িত্বগুলো। কেননা, এগুলো আজকের রাজনৈতিক কাঠামোর বিকাশক্ষেত্রে বড় রকমের অবদান রেখে গেছে।

প্রাচীন গ্রীসে ছিলো অনেকগুলো সার্বভৌম রাষ্ট্র। প্রতিটি রাষ্ট্র ইংল্যান্ডের এক একটা কাউন্টির সমান পল্লী অঞ্চল নিয়ে গঠিত ছিলো। প্রত্যেকটা রাষ্ট্রের একটা কেন্দ্রীয় নগর ছিলো। হোমারের কবিতা থেকে আমরা যেসব প্যাট্রিয়ার্কাল রাজতন্ত্রের কথা জানতে পাই সেগুলোর স্থান দখল করে অভিজাততন্ত্র। অধিকতর উন্নত নগর রাষ্ট্র গুলোতে আইন এবং সংবিধান বিকাশ লাভ করে। প্রতিটি রাষ্ট্রই পূর্ণ রাজনৈতিক স্বাধীনতা ভোগ করতো। প্রতিটি রাষ্ট্রই গড়েতুলেছিলো তার নিজস্ব বিশিষ্ট প্রতিষ্ঠান এবং নিয়ম কানুন। এটা স্পষ্ট হওয়া দরকার যে মুক্ত গ্রীস কিন্তু কখনো একটা মাত্র রাষ্ট্রে পরিণত হয়নি। একই উপজাতির লোক হওয়া বা একই ভাষায় কথা বলা ছিলো জাতীয় সম্পর্কের প্রকৃত উপাদান। গ্রীক ইতিহাস বলতে শত শত স্বাধীন নগরের ইতিহাসকেই বুঝায়। এই নগরগুলো ভূমধ্যসাগরের তীর এবং অভ্যন্তর ভাগের দ্বীপ গুলোতে অবস্থিত ছিলো। প্রত্যেকটা রাষ্ট্রেরই ছিলো নির্দিষ্ট ভৌগোলিক এলাকা। মধ্যযুগের ইতালী রিপাবলিকের মতো স্বাধীনতার ব্যাপারে এগুলো অত্যন্ত সজাগ ছিলো। “এগুলোর মধ্যে কোন একটা, যেমন এথেন্স বা সিসিলিয়ান সাইরাকিউস, অন্য রাষ্ট্রগুলোর ওপর সার্বভৌমত্ব অর্জন করলেও তা অল্পকালের জন্যেই টিকে থাকতো। যদি তা থাকতো তদিন প্রজাদের মধ্যে গভীর অসন্তোষ বিরাজ করতো। গ্রীক দেশাত্ববোধ ছিলো পৌর, জাতীয় নয়। এর অর্থ এই নয় যে তারা হেলেনিক সৌভ্রাতৃত্ব সম্বন্ধে অচেতন ছিলো। বরং তাদের এবং তাদের নিকটবর্তী অঞ্চলে বসবাসকারী বর্বরদের নৈতিকতা ও সভ্যতার পার্থক্য তাদের কাছে সুস্পষ্ট ছিলো। কিন্তু তাদের মধ্যকার সম্পর্কটা ছিলো অনুভূতি এবং সংস্কৃতির ভিত্তির ওপর প্রতিষ্ঠিত।”^{২৪}

এই বিষয়ে দ্বিমত নেই যে, গ্রীকদের সবচে' বেশী উল্লেখযোগ্য রাজনৈতিক আদর্শ হচ্ছে স্বাধীনতা-প্রত্যেকটা গ্রুপের স্বায়ত্ত্বশাসন। ভালো-মন্দ উভয় দিক দিয়েই এটা রাষ্ট্রীয় সার্বভৌমত্বের আধুনিক ধারণার অনুরূপ।

গ্রীক রাষ্ট্র নিজেই ছিলো চরম ফল। অন্য কোন উদ্দেশ্য সাধনের মাধ্যম ছিলো না এটা। নাগরিকদের জীবন ধারায় বিভিন্ন রকমের কাজ, আইন-আদালত, প্রতিরক্ষা এবং

ধর্ম অন্তর্ভুক্ত ছিলো। নগর রাষ্ট্রের তত্ত্বাবধানেই দেবতার পূজা, বিভিন্ন উৎসব পালন এবং মন্দির নির্মাণের কাজ সম্পন্ন হতো। এই তিনটা বিষয়ের দিকে একই ভাবে নজর দিতো গ্রীসের মানুষেরা।

ব্যক্তিগত স্বাধীনতা ছিলো অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আবার, যেহেতু রাষ্ট্র ছিলো তাদের নৈতিক আদর্শ, সেহেতু দেশাত্ববোধ অথবা পলিস এর প্রতি শ্রদ্ধা কখনো ব্যক্তিগত স্বাধীনতার চেয়ে বড়ো হয়ে দেখা দিতো। এরিস্টোটল বলেন যে কোন ব্যক্তির এই ধারণা থাকা উচিত নয় যে সে কেবল তার নিজের জন্যেই। সে তো অন্যদের মতোই রাষ্ট্রের জন্যে। প্রেটো তাঁর আদর্শ রিপাবলিকের নীল-নকশা রচণাকালে ব্যক্তি নাগরিকের সুখ সম্বন্ধে বেশী না ভেবে গোটা রাষ্ট্রের মিল এবং সৌন্দর্যের কথাই বেশী ভেবেছেন। দার্শনিক প্রেটো রাষ্ট্রের সর্বব্যাপ্ত প্রাধান্যের পক্ষে মত দিয়েছেন।

সমষ্টির জন্যে কুরবানী এবং ব্যক্তিগত স্বাধীনতার ধারণা পরস্পর অসংগতিপূর্ণ বলেই মনে হয়। কিন্তু যেহেতু রাষ্ট্রই শেষ কথা, সেহেতু গ্রীকদের মতে উত্তম নাগরিকরা উত্তম ব্যক্তি। তাই এই দু'টো ধারণা পরস্পর বিরোধী নয় বরং এ দু'য়ের মাঝে পার্থক্য খুঁজে পাওয়াটাই কঠিন।

এরিস্টোটলের মতে রাষ্ট্র হচ্ছে “একই ধরনের লোকদের সম্ভাব্য সর্বোত্তম জীবন যাত্রার জন্যে গড়ে তোলা এসোসিয়েশন।” এ দ্বারা তিনি কেবল এটাই বুঝাতে চান নি যে সমাজই ব্যক্তির লক্ষ্য অর্জনের মাধ্যম। তিনি এটাও বুঝাতে চেয়েছেন যে জাতীয় জীবনের সব কাজ কর্মও সেই লক্ষ্যের অন্তর্ভুক্ত।

তাঁর দৃষ্টিতে রাষ্ট্র কেবল মানুষকে জৈবিক চাহিদার উর্ধে তোলার একটা সুবিধাজনক মাধ্যমই নয়, এটা তার শেষ লক্ষ্যও। অন্ততঃ তার চরম লক্ষ্যের অংশ তো নিশ্চয়ই। এথেকে এটা বুঝা যায় যে তারা রাষ্ট্রের নিয়ম-কানুন গুলোকে ব্যক্তি স্বাধীনতার ওপর বাধা বলে বিবেচনা করতো না। এ গুলোকে তারা নাগরিকের সর্বোচ্চ এবং সর্বোৎকৃষ্ট অভিব্যক্তি বলে মনে করতো। তাদের মতে এ গুলো এমন আচরণ-বিধি যা একজন ভালো লোক স্বাভাবিক ভাবেই নিজের জন্যে নির্ধারণ করে থাকে। তাই গ্রীকদের রাজনৈতিক দর্শন অনুযায়ী ব্যক্তি সমষ্টির স্বার্থে উৎসর্গকৃত সত্তা নয় বরং সমষ্টির মাঝে সে নিজকে উপলব্ধি করতে পারে।”^{২৫}

এরিস্টোটলের মতে নগর রাষ্ট্রের পশ্চন কেবলমাত্র জীবনের জন্যে নয় বরং উত্তম জীবনের জন্যে। গ্রীকগণ এই উত্তম জীবনকে খুব দাম দিতো এবং একে পাবার জন্যে সব কিছু কুরবানী করতে প্রস্তুত ছিলো। আমরা যদি জিজ্ঞেস করি এর চমৎকারিত্ব এবং শ্রেষ্ঠত্ব কিসে, তাহলে প্রথমেই জবাব আসবে যে সেই চমৎকারিত্ব এবং শ্রেষ্ঠত্ব নিহিত রয়েছে এর আইনের শাসনের মধ্যে। গ্রীকগণ বিশ্বাস করতো যে সভ্যতা বিবর্জিত জনমন্ডলী দায়িত্বহীন রাজার করুণার ওপর বেঁচে থাকে, কিন্তু গ্রীকদের জীবন ও সম্পত্তির নিরাপত্তার জন্যে রয়েছে তাদের আইন। এই আইন তাদেরকে নিজেদের

ইচ্ছামতো জীবন গড়ে তোলার সুযোগ দিয়েছে। আইনের প্রতি শঙ্কাবোধ গ্রীকচরিত্রে গভীরভাবে ক্রিয়ামূলক ছিলো। এই শঙ্কাবোধকে আরো শক্তিশালী করেছেন এক্সিলাস-এর মতো কবি এবং হিরাক্লিটাস-এর মতো দার্শনিকগণ। হিরাক্লিটাস গ্রীকদের সম্বন্ধে বলেন, “দুর্গ রক্ষার জন্যে যে ভাবে লড়াই করা হয় এসব লোক আইনের জন্যে সেভাবে লড়ে থাকে। তারা আইনের দ্বারা শাসিত হয়েছিলো। এশিয়ার দাস প্রকৃতির অসংখ্য অধিবাসীদের চেয়ে অধিক সুবিধাজনক অবস্থায় ছিলো তারা। এশিয়ার ওসব অধিবাসীরা স্বৈরাচারী শাসকের ভয়ে ছিলো ভীত-বিহ্বল এবং তাদের মাঝে ছিলো শৃংখলার অভাব। সেই জন্যেই হিরোডিটাস স্পার্টার নিবাসিত রাজা ডিমেরেটাস দ্বারা অ্যাংগেয়েসকে স্পার্টাবাসীদের সম্বন্ধে বললেন, “তারা স্বাধীন। কিন্তু সব কিছুতে তারা স্বাধীন নয়। কেননা আইন তাদের ওপর প্রভুত্বশীল। আপনার লোকেরা আপনাকে যতটুকু ভয় করে তার চেয়ে অনেক বেশী ভয় করে আইনকে।”^{২৬}

গ্রীকদের মতে আইন বিশেষভাবে স্বর্গীয় শক্তি দ্বারা অনুপ্রাণিত বিষয়। লাইকারগাস এপোলো দ্বারা এবং মাইনোস জিউস দ্বারা অনুপ্রাণিত ছিলেন। প্রথা দ্বারা বিধিবদ্ধ ট্যাডিশনই আইনে পরিণত হয়েছে। হোমারের লিখায় দেখা যায় রাজাগণ হচ্ছেন ট্যাডিশন বা দশাঙ্গার আধার এবং একে তাঁরা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত অধিকারের মতো রক্ষা করেন। তদুপরি তাঁরা নিজেরা এগুলোর ব্যাখ্যা তৈরী করেন অথবা তাঁদের বিচারকদের ব্যাখ্যা গ্রহন করেন। এথেন্সের বিচারকমণ্ডলীর উদ্দেশ্যে প্রদত্ত ডিমোসথিনিস-এর ভাষন থেকে গ্রীসের আইনের প্রকৃতি এবং ভূমিকা সম্বন্ধে সুস্পষ্ট ধারণা পাওয়া যায়। তিনি বলেন, “ওহে এথেন্সবাসীগণ, ছোট- বড়ো যে কোন নগরের অধিবাসীদের জীবনযাত্রা প্রকৃতি এবং আইন দ্বারা শাসিত হয়। তবে প্রকৃতি হচ্ছে অসম, অনিয়মিত এবং ব্যক্তির প্রতি বিশেষ বৈশিষ্ট্য পূর্ণ। আইন হচ্ছে সাধারণ, নিয়মিত এবং সবার প্রতি একই বৈশিষ্ট্যপূর্ণ। প্রকৃতি যখন অধঃপতিত হয় তখন তা কখনো কখনো অবাধ্য কামনার রূপ পরিগ্রহ করে। আপনারা এইধরনের লোকদেরকেই জাতির শিকারে পরিণত হতে দেখেন। যা ন্যায়, প্রয়োজনীয় এবং সম্মানজনক আইন তা-ই কামনা করে এবং তাকেই খুঁজে বেড়ায়। যখন তা খুঁজে পাওয়া যায় তখন তা সাধারণ অর্ডিন্যান্সরূপে সব লোকের জন্যে সমানভাবে নির্ধারিত হয়। এটাই আইন যা প্রত্যেক লোককেই নানা কারণে মানতে হয়। বিশেষ করে এই কারণে যে প্রত্যেকটা আইনই দেবতাদের আবিষ্কার ও দান, বিজ্ঞ ব্যক্তিদের মীমাংসা, ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত ভুলত্রুটির জন্যে সংশোধনকারী পদক্ষেপ এবং গোটা রাষ্ট্রের একটা চুক্তি যার আনুগত্য করে জীবন যাপন করতে হয় সবাইকে।”^{২৭}

গ্রীকগণ বিশ্বাস করতো যে সুবিচার হচ্ছে বস্তুনিষ্ঠ ন্যায্যতা। আইন হচ্ছে এক গুরুতর প্রচেষ্টা এবং সামগ্রিকভাবে সুবিচারকে বাস্তবে রূপদানের এক সফল উদ্যোগ। গ্রীসের সর্বোত্তম যুগে এই বিশ্বাস খুব প্রবল ছিলো এবং এই বিশ্বাসের ভিত্তিতেই গ্রীসের ইনস্টিটিউশনগুলো গঠিত ও বিকশিত হয়।

গ্রীকদের সুবিচার সশকীয় ধারণাকে ধর্মপ্রাণতা বলাই যথার্থ হবে। লোকদের পারস্পরিক সম্পর্ক নিয়ন্ত্রণ করার নীতিরূপে সুবিচার সশকীয় ধারণা খৃষ্টপূর্ব ৭০০ সালে হিমিউস এ পাওয়া যায়। “সুবিচার জিউসের কুমারী কন্যা। অলিম্পাসের দেবতারা একে সম্মান করে। মিথ্যা অপবাদ দিয়ে যদি কেউ তাকে আঘাত দেয়, সে তখন ক্রোনোসের পুত্র এবং তার আরা জিউসের পাশে গিয়ে বসে পড়ে। সে তার আরােকে মানুষের দুষ্ট প্রকৃতির বর্ণনা শুনাতে থাকে যে পর্যন্ত না জনগণ অবিচার ও অত্যাচারকারী শাসকের ভুলের মাশুল আদায় করে।”^{২৮}

এক শতাব্দী পর সোলোন-এর কবিতাতেও আমরা ধর্মপ্রাণতার রূপে সুবিচার সশকীয় ধারণাকে দেখতে পাই। এই ধারণাই প্রেটো এবং এরিস্টোটল এর রাজনৈতিক দর্শনে পথ প্রদর্শকের ভূমিকা পালন করেছে।

প্রেটোর বিশ্বাস, জন্মগত বিশেষ মানসিক গুণ এবং স্বাভাবিক যোগ্যতার অধিকারী হওয়ার কারণে আমাদের প্রত্যেকেরই সুনির্দিষ্ট কাজ বা বৃত্তি রয়েছে। একটা যৌক্তিক সমাজ জীবনে প্রত্যেক ব্যক্তিই একটা বিশেষ এবং কার্যকর অবদান রাখতে পারে। নৈতিকতা ও সুবিচার সে বৃত্তিকে উৎকৃষ্ট ও একনিষ্ঠভাবে সম্পন্ন করতে সহায়তা করে। এভাবে জীবন যাপন করার অপর নাম আত্মিক স্বাস্থ্যের অধিকারী হওয়া। এর বিপরীতভাবে জীবন যাপন করা আত্মিকভাবে ব্যাধিগ্রস্ত হওয়ার নামান্তর।^{২৯}

প্রেটোর রিপাবলিক গ্রহের পাঠক সুবিচারের প্রতি শ্রদ্ধাশীল হতে অনুপ্রাণিত হয়। সে দেখতে পায় সুবিচার, ধর্মপ্রাণতা, সামঞ্জস্য এবং আত্মার বিভিন্ন অংশের ক্রিয়াশীলতা ওতপ্রতভাবে জড়িত।

এরিস্টোটলের মতে আইনানুগ জীবন যাপন করাই সুবিচার। “যা ন্যায় তাই বৈধ। ন্যায়বান ব্যক্তি আইন-মান্যকারী। যা বৈধ তা নৈতিক। আইন মান্যকারী ব্যক্তি সৎ। কেননা আইন ও নৈতিক বিধান অভিন্ন। আবার সাম্য-বিধান মেনে চলাও সুবিচার। ন্যায়বান ব্যক্তি সমান মর্যাদা-প্রাপ্ত, যে ন্যায়বান সে তার সংগীদেরকে যা দেয় নিজে তার চেয়ে বেশী গ্রহণ করে না।”^{৩০}

সুবিচারের ওপর এরিস্টোটলের লিখার প্রায়োগিক ব্যাখ্যা বর্ণিত হওয়া দরকার। গ্রীক বাগধারা এবং প্রেটোনিক ও এরিস্টোটলিয়ান পরিভাষার সংগে পরিচিত না হয়ে এই কাজ ভালোভাবে করা সম্ভব নয়। কিন্তু বিষয়টির সারকথা সহজ। আইনের পূর্ণতা অর্থে সুবিচারকে উপস্থাপন করার পর এরিস্টোটল এর অধিকতর সুনির্দিষ্ট ধারণা পরিবেশন করেছেন। মৌলিক গণতন্ত্রের গানিতিক সাম্য এবং অধিকতর রক্ষণশীল চিন্তাবিদদের জ্যামিতিক সাম্যের মাঝে ভেদরেখা একে তিনি তাঁর সুবিচার সশকীয় ধারণার বিস্তৃতি ঘটিয়েছেন। বিভাজক সুবিচার সম্মান, সম্পদ এবং অন্যান্য সামাজিক ও রাজনৈতিক কল্যাণ কতগুলো অনুমিত দাবী ও মূল্যমানের অনুপাতে ন্যায্যভাবে ভাগ করে দেয়।

কনট্র্যাকচুয়াল সুবিচার-সম্পর্ক ও বাধ্যবাধকতার সুবিচার-ব্যক্তিদেবকে সমান ইউনিট রূপে বিবেচনা করে। একজন সূনাগরিক মন্দ নাগরিকের অথবা একজন মন্দ নাগরিক সূনাগরিকের প্রতি কোন অন্যায় করলে লংঘিত অধিকারের সমত্ব আনার জন্যে এই ধরনের সুবিচার জরিমানা অথবা শাস্তি বিধান করে থাকে। এরিস্টোটল এই জাতীয় সুবিচারকে “সংশোধনকারী” বিচার বলে আখ্যায়িত করেন।

গ্রীকদের ব্যাপক ও বিচিত্র রাজনৈতিক চিন্তা ও ক্রিয়াকাণ্ডের বিশদ আলোচনা এখানে সম্ভব নয়। তবে তাদের একটা সুস্পষ্ট বৈশিষ্ট্য উল্লেখ করতে হয়ঃ গ্রীসের সভ্যতা নগর-রাষ্ট্রের মাটির গভীরে শিকড় গাড়াতে সক্ষম হয়। “এটা ছিলো ওই পাথর যা কেটে ওদেরকে রূপ দেয়া হয়েছে। এটা ছিলো এমন এক গভীর গর্ত, যা থেকে তাদেরকে খুঁড়ে আনা হয়েছে।” স্থাপত্যবিদ্যা ও ভাস্কর্য, নাট্যোৎসব ও গীতি কবিতা, বিজ্ঞান ও দর্শন, ধর্ম ও নৈতিকতা, কারু-শিল্প, কলাবিদ্যা ও যুদ্ধ-কৌশল, সাংবিধানিক কাঠামো ও গণ-প্রশাসননীতি, সামাজিক সম্পর্ক, বাচন পদ্ধতি, আচার ব্যবহার- তথা সব কিছুই ছিল ‘পলিস’ নামক যন্ত্রের বিভিন্ন অংশ। ব্যক্তির পৃথক সত্তা ছিলো না। রাজনৈতিক সমাজ থেকে তাকে পৃথক করে ফেলা যেতো না। একজন ব্যক্তি তার মানব প্রকৃতির কাঠামোতে যেমন ভাবে গ্রথিত, তেমনিভাবে গ্রথিত ছিলো নগর রাষ্ট্রের পরিবেশের সংগে। এই পরিবেশে সে তার ধারণা শক্তির বিকাশ ঘটাতে পারতো। “তার কাছে সিজার এবং দেবতা অথবা এথেন্স এবং এথেনা কোন সাংঘর্ষিক সত্তার নাম নয়, বরং এগুলো একই সত্তার দু’টো নাম। একজন এথেন্সবাসী যখন নগর রাষ্ট্রের স্বার্থে তার দৈহিক শ্রম এবং মানসিক শক্তিকে খাটাতো তখন সে একাধারে তার প্রতিবেশী এবং দেবতা, নিজের সর্বোচ্চ মঙ্গল এবং পৃথিবীর মানুষের বৃহত্তর কল্যাণেই তা নিয়োজিত করতো। এ ছিলো এক সার্বজনীন গ্রীক বিশ্বাস। তার জীবন ছিলো সমন্বিত। কেননা সে তখনো নগরের আত্মিক সত্তা থেকে তার আত্মাকে পৃথক করে নিতে পারে নি এবং তার দেবতাদেরকেও ইসরাইল অথবা এথেন্সের দেবতাদের থেকে আলাদা করে নিতে পারেনি।”^{৩১}

চেতনার ভিত্তির ওপর রাষ্ট্র গড়ে তোলার এই মনোবৃত্তি অবশ্যি উত্তম। কিন্তু দার্শনিকগণ প্রতিটি আত্মার দাবী ও উপলব্ধির তীব্রতা উপলব্ধি করতে পারেননি। সর্বোচ্চ রাজনৈতিক সহযোগিতা পাবার আগে চাই প্রতিটি মানুষের পূর্ণাঙ্গ আত্মিক মুক্তি। গ্রীকদের রাজনৈতিক চিন্তার দুর্বলতার উৎস গ্রীক ধর্মের দুর্বলতা।

এই ছবির আরেকটা দিকও আছে। গ্রীকগণ রাজনৈতিক ব্যবস্থায় মূল্যবান অবদান রেখে গেছে। এই অবদান কত বড়ো তা বুঝতে হলে বর্তমান কালের মানুষের জীবনে ওদের রাজনৈতিক পরিভাষা এবং ধারণা কতটুকু স্থান দখল করে আছে তা বুঝতে হবে।

ন্যায় বিচার ও স্বাধীনতা, আইন ও গণতন্ত্র, আইনসভা ও জনমত ইত্যাদি কথাগুলো আমরা ধার নিয়েছি গ্রীসের ওই ছোট ছোট রিপাবলিকের চাষীকুল ও কারুশিল্পীদের কাছ থেকে।

গ্রীকদের রাজনৈতিক সংগঠন গুলোর বৈশিষ্ট্য, তাদের রাজনৈতিক মতবাদ এবং ক্রিয়াকাণ্ডের প্রভাবের স্থায়ী মূল্য রয়েছে। এগুলোর বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনার অবকাশ এখানে নেই। সংক্ষেপে কিছুটা আলোচনা করবো।

প্রথমতঃ গ্রীকগণ সুস্পষ্ট ধারণার অধিকারী ছিলো যে সর্বসাধারণের বিষয় বলে কিছু ব্যাপার আছে। তারা এগুলো ভালো ভাবে বুঝতে চেষ্টা করেছে। তারা ছিলো যুক্তিবাদী। ইনষ্টিটিউশন গুলো তৈরী করা হয় না বরং এগুলো নিজেই গড়ে ওঠে, পরবর্তী কালের ইথেরজদের মতো তারা এই ফ্যালাসীর শিকারে পরিণত হয়নি। যে সব জটিলতা দূর করা কাপুরুষদের পক্ষে সম্ভব নয় সে গুলোকে এক দিকে ঠেলে রেখে দেয়াটাও ছিলো তাদের প্রকৃতি-বিরুদ্ধ। তারা বুঝেছিলো যে রাজনৈতিক সমস্যা মানুষ নিজেই সৃষ্টি করে। মানুষের ইচ্ছা ও বাসনার পারস্পরিক ক্রিয়ার ফলে তার উদ্ভব ঘটে। সচেতন ভাবে মানব-বুদ্ধি প্রয়োগ করে এর সমাধান বের করাও সম্ভব। যদিও তারা কোন মানুষ এবং জাতির ভাগ্য নিয়ন্ত্রণকারী রহস্যময় শক্তির অস্তিত্বে বিশ্বাসী ছিলো, তবুও জনসাধারণের বিষয় গুলোর সমাধান বের করার উদ্যোগ না নিয়ে সেই শক্তির হাতে ছেড়ে দেয়াটাকে তারা অবিজ্ঞানোচিত মনে করতো। বুদ্ধিজীবীদের বিবেচনার বিষয় নয় বলে এগুলো থেকে দৃষ্টি সরিয়ে নেয়া অথবা অজ্ঞজন ও অসাবধানী ব্যক্তিদের দয়ার ওপর এগুলোকে ছেড়ে দেয়ার চেষ্টা তারা কখনো করেনি।

দ্বিতীয়তঃ গ্রীকগণ বাস্তব দৃষ্টিকোন নিয়েই সমস্যা গুলোকে দেখেছে। তারা ছিলো বাস্তববাদী। তারা বাস্তব পৃথিবী এবং মানব-প্রকৃতির ওপর ভিত্তি করে রাজনৈতিক চিন্তা-ভাবনা চালাতে চেষ্টা করেছে। পৃথিবী এবং মানুষ কেমন হওয়া উচিত-এই ধরনের আজগুবী ধ্যান-ধারণার বশবর্তী হয়ে তারা তাদের চিন্তা-গবেষণা চালায় নি। তারা বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে জীবনের দিকে তাকিয়েছে এবং দৃষ্টি দিয়েছে এর সবটুকুর দিকে।

গ্রীকরা ছিলো ক্যাথলিক দৃষ্টি সম্পন্ন বাস্তব ধর্মী মানুষ। “ক্যাথলিসিজম বলতে বুঝি তা যা মতবাদ সঙ্কীর্ণ নয়, ধর্ম-সংক্রান্ত নয় বরং তা মনের এমন এক অভ্যাস যা অংশের দিকে না তাকিয়ে সামগ্রিকতার দিকে দৃষ্টি দেয়, বিশেষ গোষ্ঠীর স্বার্থের দিকে না তাকিয়ে সাধারণ স্বার্থের দিকে নজর দেয় এবং প্রধান স্বার্থগুলো সর্বক্ষে সচেতন থেকেও জীবনের অবশ্যম্ভাবী বৈপরীত্য গুলোকে মধুর এবং সুসমঞ্জস করার দিকে মনোযোগ দেয়।”^{৩২}

দক্ষতার সাথে সরকারী কাজকর্ম এবং প্রশাসনে অংশ নেবার মতো ট্রেনিং ছিলো গ্রীকদের। নগর-রাষ্ট্রের ইনষ্টিটিউশন এবং চেতনা গ্রীকদেরকে নিজেদের গুণাবলীর সর্বোত্তম বিকাশের অনুপ্রেরণা যোগাতো যাতে তারা এথেন্সকে যথোপযুক্তভাবে সেবা করতে পারে। এথেন্সের সোনালী যুগে দায়িত্বশীলতা, অগ্রগমণ এবং আত্মবিকাশের এই ঐতিহ্য সুস্থিরতা, যৌক্তিকতা এবং সুবুদ্ধির সাথে মিশ্রিত ছিলো। ত্রিশ বছর ধরে এথেন্সের নেতৃত্বে বহাল থাকার গৌরবের অধিকারী পেরিক্লিস এই প্রসঙ্গে বলেন, “এটা

সত্য যে আমাদের এই ব্যবস্থাকে ডিমোক্রেসি বলা হয়। কারণ, এর প্রশাসন কয়েকজনের নয়, অনেকের হাতে অর্পিত। বিবাদ-বিসম্বাদে সবাইকে সমান বিচারের নিশ্চয়তা দিচ্ছে আইন। আবার শ্রেষ্ঠত্বের দাবীও এখানে স্বীকৃতি পাচ্ছে। একজন প্রতিভাবান ব্যক্তি পাবলিক সার্ভিসে অগ্রাধিকার পায়। অবশ্য কোন বিশেষ সুবিধা হিসেবে তাকে এই অগ্রাধিকার দেয়া হয় না। বরং তা দেয়া হয় তার প্রতিভার স্বীকৃতি রূপে। দারিদ্র্য এখানে কোন বাধা নয়। যতো অখ্যাত অবস্থা থেকেই আসুক না কেন একজন ব্যক্তি তার দেশের কল্যাণ সাধনের কাজে অংশ নিতে পারে। আমাদের সামগ্রিক জীবনে একচেটিয়া ধরনের কিছুই অস্তিত্ব নেই। আমাদের ব্যক্তিগত আলাপ-আলোচনা এবং কাজ কর্মেও আমরা অকপট। একটা শঙ্কাবোধ আমাদের সামগ্রিক কাজ-কর্মকে পরিব্যাপ্ত করে রেখেছে। প্রশাসন, আইন প্রয়োগ এবং আহতদের নিরাপত্তার কাজে যারা নিয়োজিত রয়েছে তাদের প্রতি শঙ্কা প্রদর্শন আমাদেরকে অন্যায় কাজ থেকে বিরত রাখছে। সীমা লংঘনকারীদের প্রতি নিন্দাজ্ঞাপক অলিখিত আইন গুলোর শঙ্কাবোধও আমাদেরকে ওপথ থেকে বিরত রাখে।”^{৩৩}

গ্রীকদের চিন্তা এবং কাজ সম্বন্ধে কিছু ধারণা পেশ করা হলো। বর্তমান সভ্যতার জন্যে এগুলো গুরুত্বপূর্ণ। খৃষ্টপূর্ব অষ্টম থেকে তৃতীয় শতাব্দী পর্যন্ত সময়টা গ্রীক সভ্যতার সৃষ্টি এবং পরিপূর্ণতা অর্জনের যুগ।

সভ্যতার ইতিহাসে বিশেষভাবে স্মরণীয় যুগের মধ্যে এটা অন্যতম। এই সময়ে যে কেবল হেলেনিজম জন্ম নিয়েছে তা-ই নয়, এই যুগে এমন এক সভ্যতাও জন্ম নেয় যা আজকের পাশ্চাত্য চিন্তাধারায় গভীর প্রভাব রাখতে সক্ষম হয়েছে। এমনও বলা হয় যে, “এই যুগের সব কিছুই মূলতঃ গ্রীক।” হয়তো বা এই উক্তিতে অতিরঞ্জণ রয়েছে, কিন্তু এটা অস্বীকার করার উপায় নেই যে পাশ্চাত্য সংস্কৃতির ইমারত গ্রীক ভিত্তির ওপরই গড়ে ওঠেছে। আধুনিক মানুষ গণতন্ত্র এবং সাংবিধানিক আইনের দীক্ষা পেয়েছে গ্রীকদের কাছ থেকে। এই যুগের মানুষ তাদের ওসব বৈশিষ্ট্যের দিকে না ঝুঁকে পারে না যা তাকে শিখিয়েছে কি ভাবে মানুষ বিজ্ঞানের দ্বারা জগতকে জয় করবে এবং কিভাবে এমন এক বিশ্বরাষ্ট্র গড়ে তুলবে যেখানে সব জাতি নিজস্ব স্বাধীনতা রক্ষা করেও একত্রিত হতে পারবে।

-
১. A. J. Toynbee: A Study of History, p 11
 ২. Ibid: p.10
 ৩. Greek Studies (Oxford 1946), p.1
 ৪. Edward Eyre: European Civilization, 1, 1037-38
 ৫. Ibid: 1, 1038
 ৬. G. Lowes Dickinson: The Greek view of Life, p.18
 ৭. Andre Bonnard; Greek Civilization, p 135
 ৮. Thucydides 11, 38
 ৯. Laws, p. 653

১০. C. Delsisle Burns: Greek Ideals, p. 4
১১. Encyclopaedia of Religion & Ethics VI, 404
১২. Ibid: VI, 405
১৩. Ibid:
১৪. Edward Eyre, op. cit, 1, 1042
১৫. Ibid, 1, 1043
১৬. R. W. Livingstone: The Legacy of Greece, p. 43
১৭. Percy Gardner: New Chapter in Greek History.
১৮. G. Lowes Dickinson: op. cit 29
১৯. R. C. Chalmers: The Heritage of Western culture, p. 19
২০. Odyssey: XI, 489
২১. G. Lowes Dickinson op. cit.p 34-36
২২. Ibid: p 41
২৩. Ibid: p 65
২৪. W. G. De Burgh: The Legacy of Ancient World, pp. 87,88
২৫. G. Lowes Dickinson: op. cit. pp. 73, 74
২৬. G.M. Bowara: The Greek Experience, p. 66
২৭. G.L. Dickinson:op.cit. P.75
২৮. Hesiod :The Works and Days, 11,257
২৯. Encyclopaedia Britannica Plato, xvii,55
৩০. E. Barker: The Political Thought of Plato and Aristotle,P338
৩১. R.W.Livingstone :The Legacy of Greece ,P330
৩২. Ibid ,P 343
৩৩. Thucydides: ii 37 PP. 121,12

দ্বিতীয় অধ্যায়

রোমান সভ্যতা

অনেক দিক দিয়েই রোমান সভ্যতা হেলেনিক ঐতিহ্যের অনুসারী। রোমান সভ্যতা পরিবর্তন পরিবর্ধনসহ গ্রীক সংস্কৃতিরই ক্রমপ্রবাহ। এর অন্যতম উদাহরণ হচ্ছে বিশাল সাম্রাজ্যের সংগঠন যা ম্যাসিডোনীয়দের অনুকরণে গড়ে তোলা হয়েছিলো।

মেজাজ এবং স্বাভাবিক যোগ্যতার দিক দিয়ে রোমানগণ গ্রীকদের থেকে ভিন্নতর ছিলো। তারা ছিলো কম মেধাবী এবং কম বুদ্ধিদীপ্ত। তাদের সংগঠন ছিলো শক্তিশালী এবং শৃংখলা ছিলো সুন্দর। উচ্চ স্তরের অনুপ্রেরণা নয়, নিরবচ্ছিন্ন অধ্যবসায় ছিলো তাদের সাফল্যের চাবিকাঠি। চিন্তাভাবনার ক্ষেত্রে গ্রীকগণ ছিলো সমৃদ্ধ। তাদের মাঝে ছিলো অজ্ঞানাকে জানবার প্রবল আগ্রহ। তারা নতুনত্বের অনুরাগী ছিলো। দেহ এবং মনের চমৎকারিত্বের প্রতি তারা ছিলো প্রশংসামুখর। কিন্তু রোমানগণ ছিলো আবেগহীন এবং রক্ষণশীল। তারা ছিলো আইন ও ঐতিহ্যের অনুরক্ত। গাভীর্য এবং কর্তব্যানুভূতি ছিলো তাদের জীবনের সর্বোচ্চ গুণ। গ্রীক এবং রোমানদের মাঝে আমরা পাই দু'ধরনের মানুষের নমুনা।

নগন্য উৎস থেকে বহু শতাব্দী ধরে বর্ধিত হয়ে রোম ভূমধ্য সাগরীয় অঞ্চলের নেতৃত্ব কেড়ে নেয়। এটা অবশ্যই ইতিহাসের এক অবিস্মরণীয় ঘটনা।

রোমানদের প্রথম দিকের ইতিহাস সাক্ষ্য দেয় যে মহান রোমান সাম্রাজ্য কোন একক প্রতিভার সৃষ্টি নয়। তা হচ্ছে বিভিন্ন উৎস থেকে উথিত এবং একই উদ্দেশ্যে ঐক্যবদ্ধ একটা জনসমষ্টির জাতীয় শক্তি-সামর্থ্যের ধীর অথচ সুপরিমিত প্রয়োগের ফলশ্রুতি। এই কারণে তা এতো দীর্ঘকাল পর্যন্ত টিকে ছিলো। রোমান জাতির চরিত্রের মাঝেই এর ভিত্তি প্রতিষ্ঠিত ছিলো।

এরা উপকথার রোমিউলাস বা রেমাস ছিলো না। এরা ছিলো এক দৃঢ়চেতা যোদ্ধা জাতি। ইতিহাস থেকে জানা যায় প্রাচীনতম রোমানগণ ছিলো লুণ্ঠনকারী। শক্তিই ছিলো তাদের পরিবার এবং রাষ্ট্র সংগঠনের উৎস। প্রথম রোমান রাজা তাঁর জাতিকে দিয়েছেন রাজনৈতিক ইউনিয়ন। দ্বিতীয় রাজা নুমা ধর্মীয় কার্যাবলীর প্রচলন করেন। এ সব ধর্মীয় কার্যাবলী রোমান শাসনের সব যুগে সরকারী নীতির অংশ হিসেবে থাকে।

রোমান সভ্যতা আধুনিক ইউরোপ গঠনে বিরাট অবদান রেখেছে। নগর রাষ্ট্রকে জাতীয় রাষ্ট্রে পরিণত করার সৌভাগ্য হয়েছিলো রোমানদের।

গ্রীসে ছিলো ছোট ছোট নগর-রাষ্ট্র। উন্নত প্রাচীর দিয়ে সেগুলোকে সুরক্ষিত করা হয়েছিলো। পৃথিবীর অন্যান্য অঞ্চল যখন অনগ্রসর, তখন গ্রীস এক উন্নত সংস্কৃতির বিকাশ ঘটাতে সক্ষম হয়। সেই সংস্কৃতি চিন্তা এবং কথার এক বিশেষ ধারা সৃষ্টি করে যা আজ ইউরোপীয় বা পাশ্চাত্য দেশীয় বলে পরিচিত। উন্নত মানের সামাজিক জীবন ও পরিবেশে এথেন্স গ্রীক শিল্প-কলা, বিজ্ঞান এবং দর্শনের ভিত্তি স্থাপন করেছে। সিভিক ডিমোক্রেসি সেই পরিবেশে স্বাভাবিকভাবে সম্প্রসারিত হওয়া সম্ভব ছিলো না। উন্নত কোন লক্ষ্যের অভাবে গ্রীকগণ তাদের সামুদ্রিক শক্তি দিয়েও কয়েক বছরের বেশী তাদের সাম্রাজ্য ধরে রাখতে পারতো না। জীবনের প্রতি নেতিবাচক দৃষ্টিভঙ্গি উন্নত আদর্শের বিকল্প হতে পারতো না কিছুতেই। এর জন্যে তো প্রয়োজন ছিলো নগর রাষ্ট্রের চেয়ে মহত্তর কিছু। আলেকজান্ডারের সামরিক দক্ষতাও তার সাম্রাজ্যকে দীর্ঘকাল ধরে রাখতে পারেনি।

আর এটাই ছিলো রোমানদের যথার্থ ভূমিকা পালনের ক্ষেত্র। কিন্তু রোমানগণও মানুষের সামাজিক জীবনের কোন মহৎ লক্ষ্য নির্ধারণ করতে পারেনি। গ্রীকরা যে ধরণের জীবন-যাত্রায় ব্যস্ত ছিলো এরা সেই ধরণের জীবন-যাত্রাই অনুসরণ করেছে। আসলে ব্যাপারটা নতুন বোতলে পুরোনো মদ রাখার মতোই ছিলো। কমনওয়েলথ-এর কল্যাণের জন্মে ত্যাগের মনোবৃত্তিই রোমান রিপাবলিকান ইতিহাসকে গৌরবময় করে রেখেছিলো। পার্থিব রাষ্ট্রের প্রতি অনুরাগ রোমান জাতীয়তাবাদের একটা প্রকৃষ্ট উদাহরণ। সাম্রাজ্যের শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠার জন্যে তারা দারিদ্র্য, বঞ্চনা, অংগহানি এবং প্রাণহানিকে অকাতরে স্বীকার করেছে। তাদের সাধু ব্যক্তি এবং কবিদের কল্পনা ছিলো পৃথিবী-কেন্দ্রিক। তাদের দৃষ্টি ভূমধ্য সাগরের পরিসীমা অতিক্রম করতে পারেনি। ভার্জিল বুঝেছিলেন যে রোমান সার্বভৌমত্ব পিতৃভূমির প্রতি রোমানদের ভালোবাসা এবং সুখ্যাতি অর্জনের সীমাহীন তৃষার মাঝেই নিহিত।

এই ধরণের লোকেরা আইন এবং প্রশাসন ক্ষেত্রে শ্রেষ্ঠত্ব লাভ করবে এটাই ছিলো স্বাভাবিক। রোমান সাম্রাজ্য একটা বড়ো পরিবারের মতো ছিলো। পারিবারিক জীবনের মূল্য ভালো ভাবে বুঝেছিলো রোমানগণ। এই উপলব্ধিকে তারা তাদের সাহিত্যে প্রকাশ করেছে। গৃহ-দেবতারা তাদেরকে দিয়েছে ধর্মীয় অনুমোদন। প্রেটো তাঁর গ্রন্থে ব্যক্তিগত গৃহস্থালীর বিলোপ সাধনের প্রস্তাব দেন। তিনি মনে করতেন যে গৃহস্থালীর উপস্থিতিতে রাষ্ট্রের প্রতি নাগরিকের আনুগত্য বিভক্ত হয়ে যায়। কিন্তু রোমান পরিবার ছিলো নাগরিকদের দেশাত্মবোধের আয়না এবং প্রশিক্ষণ ক্ষেত্র।

রোমানগণ তাদের নগর রাষ্ট্রকে পরিবার কাঠামোর মতো করে গড়ে তোলে। রাজা ছিলেন এই কাঠামোর সর্বোচ্চ ব্যক্তি। তাঁর হাতে ছিলো নিরংকুশ প্রশাসনিক ক্ষমতা। রাজা ছিলেন যুদ্ধক্ষেত্রের নায়ক, প্রধান বিচারক এবং রাষ্ট্র প্রধান। ধর্ম-কর্ম এবং ফৌজদারী আইন ব্যবস্থা একই সংগে তাঁর হাতে কেন্দ্রীভূত ছিলো। পরিবারে আবার যে পজিশন থাকে রোমান রাষ্ট্রে রাজার সেই পজিশনই ছিলো।

কিন্তু পরিবারের মতোই রাষ্ট্রীয় ব্যাপারে প্রচলিত প্রথা রাজার নিরংকুশ ক্ষমতা প্রয়োগের ওপর একটা সীমা রেখা টেনে দিতে। রোমানদের মধ্যে এই কথা প্রচলিত ছেলো যে, “ক্ষমতার অধিকারীকে অবশ্যই পরামর্শ দ্বারা সুরক্ষিত হতে হবে।”^১

রোমানদের ধর্ম ছিলো অনেক গুলো কুসংস্কারের জগাখিচুড়ি। কিন্তু আইন সম্বন্ধে সচেতনতা, নিয়মনীতির প্রতি শঙ্কাবোধ এবং প্রথা মেনে চলার উদাহরণ মেলে তাদের ধর্মে। এই ধর্ম রোমান রাষ্ট্রের সংহতি সংরক্ষণের ক্ষেত্রে বড়ো রকমের ভূমিকা পালন করে। একজন রোমান সাম্রাজ্য এবং ধর্মকে আলাদা করে ভাবতেই পারতো না। ব্যক্তির কাছে নিজস্ব ব্যক্তি সত্তার আবেদন বড়ো ছিলো না। তার মনে এই অনুভূতি সদা জাগ্রত ছিলো যে সে রাষ্ট্রের সাথে সম্পৃক্ত হয়ে গেছে। আর রাষ্ট্রের সাথে স্বর্গীয় সত্তার সম্পর্ক। সে ভাবতো যে দেবতার সন্তোষ বিধান করা উচিত এবং তার কাজ দেবতাদের উদ্দেশ্য ও কাজের সাথে সংগতিপূর্ণ হওয়া চাই। রোমান বীরদের নিয়ে লিখা পৌরাণিক কাহিনী গুলোতে এমন এমন নৈতিক গুণাবলীর উদাহরণ পাওয়া যায় যেগুলোর পেছনে অতি মানবীয় মঞ্জুরী রয়েছে। কেননা, সেগুলো ছিলো সেই রাষ্ট্রের গৌরব প্রতিষ্ঠার জন্যে, যার পেছনে ছিলো স্বর্গীয় আশীর্বাদ। “কিন্তু আবেগ, জীবন এবং জীবন সমস্যার ব্যাখ্যাকে আধ্যাত্মিক মূল্যবোধ দিয়ে দৃঢ় করার ক্ষেত্রে রোমান ধর্মের দেবার মতো কিছুই ছিলো না।”^২

ওয়ার্ড ফাউলার এর মতে রোমান ধর্মীয় ইতিহাস শুরু হয় প্রকৃতির বিভিন্ন রূপ, পাথর, বৃক্ষ এবং জন্তু জানোয়ার যথা, মাদার উল্ফ, কাঠঠোকরা ইত্যাদির পূজা থেকে। এই স্তরে প্রেতাচার বিরুদ্ধে যাদু মন্ত্রের ব্যবহার দেখতে পাওয়া যায়। প্রাথমিক যুগের রোমানদের প্রধান পেশা ছিলো কৃষিকাজ এবং যুদ্ধ। এ সবার সংগে তাদের ধর্মীয় পদ্ধতি ঘনিষ্ঠভাবে সম্পর্কিত। ধর্মীয় দিক থেকে এ দু’টো পেশা আবার ঘনিষ্ঠভাবে একটা অপরটার সংগে জড়িত। বছরের একই অংশে-মার্চ থেকে অক্টোবর-তাদের রাষ্ট্র প্রায়ই শত্রুদের দ্বারা আক্রান্ত হতো। এই আক্রমণ কেবল মানুষের পক্ষ থেকেই আসতো না, স্বর্গীয় শত্রুদের কাছ থেকেও আসতো। দ্বিতীয় প্রকারের শত্রুরা ফসলহানি ঘটাতো এবং রোগ ছড়িয়ে জন সংখ্যা বিনাশ করতো।^৩

বর্বর ধর্মীয় পূজা অর্চনা থেকে অধিকতর কেন্দ্রীভূত পূজা-পদ্ধতি আমরা দেখতে পাই পরবর্তী স্তরে। এটা সাধারণতঃ গৃহ-পরিমন্ডলের ব্যাপার ছিলো। পিতা হচ্ছে পুরোহিত। তার প্রধান দেবতা জেনাস যিনি গৃহ দ্বারের দেবতা। পরিবারে পুত্র সন্তানেরা জ্বলন্ত আগুন রক্ষণের কাজে নিয়োজিত। ফন্যা সন্তানেরা গৃহ-দেবী ভেস্তা-র প্রতি বিশেষভাবে মনোযোগী এবং পারিবারিক আগুন শিখা সংরক্ষণ কাজে বিশেষভাবে ব্যস্ত।^৪

“তৃতীয়ত পূজাঅর্চনার এমন এক ক্রম দেখতে পাওয়া যায় যা এমন এক সম্প্রদায়ের সূচনা নির্দেশ করে যেখানে রাজা হচ্ছেন প্রধান পুরোহিত এবং ষ্টেটগুলোতে ভেসতা দেবীর উদ্দেশ্যে উৎসর্গীকৃত কুমারী ও আশুনে ইন্ধন যোগানদারগণ তাঁর সহযোগী।”^৫

রোমানদের ধর্মীয় আচরণে দেব-দেবীদের উপাসনা এবং তাদের উদ্দেশ্যে বলিদান অংগাংগিভাবে জড়িত। বিশেষ কারণে বা গুরুত্বপূর্ণ সময়ে মিছিল এবং কোন স্থান, নগর, সেনাদল, অস্ত্র অথবা দামামার চারদিকে প্রদক্ষিণ ইত্যাদির মাধ্যমে এগুলো প্রতিপালিত হতো। এসব অনুষ্ঠানে বলিদান কাজে নিয়োজিত পুরোহিত এবং বলিদানের অধিকার প্রাপ্ত শাসকেরা এক অদ্ভুত ধরনের পোশাক পরতেন। এখানে উল্লেখ্য যে রোমানদের প্রাথমিক যুগে পুরোহিত এবং শাসকদের মধ্যে কোন পার্থক্য ছিলো না। উভয়ে নগরের দেবদেবীর সাথে মিল স্থাপনে ছিলেন উদগ্রীব। কবি নয়, পয়গম্বর নয়, রাজা অথবা পুরোহিত- রাজার প্রতিই রোমানগণ বেশী শ্রদ্ধা ও সম্মান দেখাতো। ধর্ম এবং রাষ্ট্রের এই অবিচ্ছেদ্য বন্ধন রোমান চরিত্রের ওপর গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করেছিলো। এক ব্যক্তির অস্তিত্ব রাষ্ট্র, শুধুমাত্র রাষ্ট্রের জন্যই গুরুত্বপূর্ণ ছিলো এবং তার সর্বশ্রেষ্ঠ কর্তব্য ছিলো রাষ্ট্রের স্বার্থে সবকিছু কুরবানী করা। কিন্তু ধর্ম হিসেবে ধর্মের যথেষ্ট পরিমাণের জীবনীশক্তি ছিলো না।

এই ধর্মীয় ব্যবস্থা ছিলো রোমানদের আদি যুগের, যে সময়ে রাষ্ট্রের সদস্য ব্যতীত অপর কোন ব্যক্তির স্বর্গীয় দেবতার সংগে কোন সম্বন্ধ স্বীকৃত ছিলো না। যে সব দেবতা এই রাষ্ট্রে বসবাস করতো তাদের সংগে অন্য রাষ্ট্রে বসবাস কারীদের সম্পর্ক ছিলো না এবং তাদের সাথে যাদের সম্পর্ক ছিলো তারাই কেবল কোন ব্যাপারে তাদের নিকটবর্তী হতে পারতো। সপ্তম শতাব্দীতে এসে দেখা গেলো নগরে জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়ে যাচ্ছে এবং এর ভূখণ্ড পুরোনো ভদ্রমন্ডলীর সঙ্গতর বাইরে প্রসারিত হচ্ছে। এই জনমন্ডলীর ধর্মীয় ব্যবস্থা এবং দেবতারা পুরোপুরি রাষ্ট্রীয় ধর্মের পরিসরের বাইরে ছিলো। এই জনসংখ্যার উৎস আমাদের আলোচ্য বিষয় নয়। আমাদের কাছে এখানে যা গুরুত্বপূর্ণ তা হচ্ছে এই যে রোমের সর্বশেষ তিনজন সম্রাট রোমান ছিলেন না, তারা ছিলেন ইট্রুসক্যান। ইতালীর শক্তিশ্বর ইট্রুসক্যানদের আক্রমণে একবার রোমানদের রাষ্ট্র ভেঙে পড়ে। এ সময়েই ইট্রুসক্যানগণ Compagna এর ল্যাটিন এবং Cumac-এর গ্রীকদের সংগেও সম্পর্ক স্থাপন করে। রোমানদের এই পরাজয় শুধুমাত্র রাজনীতি নয়, রাষ্ট্রের ধর্মীয় ব্যবস্থার ওপরও বড়ো রকমের এবং স্থায়ী প্রভাব সৃষ্টি করে।

রোমানদের সম্পদ এবং ক্ষমতাবৃদ্ধি তাদেরকে বস্তুবাদের দিকে ধাবিত করে। তারা দেখে যে দেবতাদের ছাড়া ও তারা বেশ চলতে পারছে। সাম্রাজ্যের বিস্তৃতি, বাণিজ্যিক যোগাযোগ এবং অন্যান্য কাজকর্মের মধ্য দিয়ে রোমে বিদেশীদের আগমন ঘটে। বিদেশীদের সংগে সংগে আসে বিদেশী ধর্ম। “এসব ধর্মীয় মতবাদ সেখানে সমাদৃত হয়। এগুলোতে আবেগগত এমন কিছু ছিলো যা রোমান ধর্মে ছিলো না। এই ধর্মীয় মতবাদ গুলো ব্যক্তির গুরুত্বকে বড়ো করে উপস্থাপন করে। ইতিমধ্যে রোমের শাসকগোষ্ঠী এবং

জনগণের মধ্যে পার্থক্য সুস্পষ্ট হয়ে ওঠে। বিদেশীরা যোগ হবার ফলে জনসংখ্যাও বেড়ে যেতে থাকে। এদের মেজাজও রোমানদের মেজাজ থেকে ভিন্ন রকমের ছিলো। এরা সেনেটরিয়াল পার্টির প্রতিও ছিলো বিরুদ্ধ মনোভাবাপন্ন। প্রকৃতিগতভাবে এবং রাজনৈতিক ও সামাজিক কারণে এরা রোমানদের ধর্ম এবং ট্যাডিশনের প্রতি উদাসীন অথবা বৈরী মনোভাবাপন্ন ছিলো। নব্য উপাসনা পদ্ধতির ব্যাপারেই এরা বেশী উৎসাহী ছিলো।^{১৬} এভাবেই রোমান রাষ্ট্রে বিপুল সংখ্যায় দেব-দেবীর আবির্ভাব ঘটে। এর সংগে যুক্ত হয় ইতালীয় ও গ্রীক উৎস থেকে উৎসারিত উপাসনা পদ্ধতি এবং জমকালো ও আবেগ সমৃদ্ধ ধর্মীয় আচার। ক্রমশঃ ভিন্ন দেশীয় অনেক পূজা উপাসনা পদ্ধতি সরকারী স্বীকৃতি লাভ করে।

রোমান নগরীর ব্যক্তিগত জীবন বিক্ষিপ্ত হয়ে পড়ার সংগে সংগে নাগরিকদের জীবন এবং বহু দেববাদী রোমান ধর্মের মধ্যে ভিন্নতা সৃষ্টি হয়। অবশ্য পুরোনো নগর পূজাচার বাহ্যিকভাবে বহুকাল পর্যন্ত টিকে থাকে। কিন্তু এগুলোর স্বকীয় তাৎপর্য ইতোমধ্যে হারিয়ে যায়। ধর্মের প্রভাব এতো কমে যায় যে যখন রিপাবলিকটা ভেঙে পড়ে তখন কর্তব্যের প্রতি শঙ্কশীল আচরণ এবং ঐক্য স্থাপনকারী সব শক্তি বিদায় নেয়। উদ্দেশ্য হাসিলের আন্তরিকতা এবং এর কার্যকারিতার প্রতি বিশ্বাস তাদের মন থেকে বিদায় নেয় যাদের কাজ ছিলো এর তত্ত্বাবধান করা। নগর রাষ্ট্র থেকে সাম্রাজ্যে রূপান্তর শেষ পর্যন্ত ধর্মের কবর রচনা করে। ধর্মের অবক্ষয় এতো দ্রুত গতিসম্পন্ন ছিলো যে কোন বিকল্প গড়ে ওঠতে পারলো না। ঐষ্টায়িক মতবাদের কারণে অথবা সিসেরোর মতো রাষ্ট্রের প্রতি স্বাভাবিক কর্তব্যানুভূতি এবং সিজারের মতো কঠোর পরিশ্রম প্রীতির ফলে কিছু কিছু লোক বেঁচে গেলেও সাধারণ ব্যক্তিবর্গ আধ্যাত্মিক বিশ্বাস হারিয়ে ফেলে এবং খারাপ কাজ থেকে বাঁচিয়ে রাখতে পারে এমন কোন আচরণ বিধিও তারা আর খুঁজে পায়নি।^{১৭}

বিশেষতঃ রোমের শিক্ষিত বাসিন্দারা পুরোনো পূজা-অর্চনা পদ্ধতির কার্যকারিতার প্রতি আস্থাহীন হয়ে পড়ে। শীঘ্রই এই ধারণা বিস্তার লাভ করে যে রোমান ধর্মে নতুন সঞ্জীবনী শক্তি প্রবেশ না করানো হলে রোমান সাম্রাজ্যই ধ্বংস হয়ে যাবে। ঠিক এই সময়ে এগিয়ে আসেন অগাষ্টাস এবং এই গুরু দায়িত্ব কাঁধে তুলে নেন।

অগাষ্টাস তাঁর পূর্ব-সূরীদের অভিজ্ঞতা থেকে শেখেন যে স্থিতিশীলতার উপকরণ ছাড়া রাজনৈতিক সংস্কার মোটেই যথেষ্ট নয়। কেবল রাজনৈতিক সংস্কার উদ্যোগ জনগণের অনুভূতির কাছে গভীর আবেদন রাখতে পারেনা। রোমানগণ রাজনৈতিক বিবাদ-বিসম্বাদ, শাসনতান্ত্রিক পরিবর্তন, অনবরত আইন প্রনয়ণ এবং গৃহ যুদ্ধের ফলে ক্লান্ত হয়ে পড়ে। অগাষ্টাস এটা উপলব্ধি করেন যে তিনি যে ব্যবস্থাপত্র দিতে পারেন তা ততোখানি রাজনৈতিক নয় যতো খানি ধর্মীয় এবং নৈতিক। তিনি অনুভব করেন যে অতীত থেকে আকস্মিকভাবে বিচ্ছিন্ন হয়ে পড়া শুভ নয়। একজন মানুষের যেমন স্মৃতিশক্তি থাকা চাই, তেমনি একটা জাতিরও থাকা চাই ট্যাডিশনের ধারাবাহিকতা। তিনি রোমের ইতিহাস বেত্তা এবং কবিদের লিখা ভালোভাবে পড়েন এবং অতীতের

ব্যক্তিবর্গের কর্তব্যানুভূতি এবং নৈতিক শৃংখলারও ভূয়সী প্রসংসা করেন। তিনি এই সিদ্ধান্তে পৌছেন যে দেবতা এবং মানুষের প্রতি যে কর্তব্য সেই সম্বন্ধে নতুনভাবে সচেতন না হলে রোমান রাষ্ট্র তার ভাগ্য গড়তে সক্ষম হবে না। প্রকৃত রাজনৈতিক বিশ্বাস বহুকাল পূর্ব থেকেই বিলীন হয়ে চলছিল; কিন্তু সমৃদ্ধি প্রদান করা বা না করার শক্তি দেবতাদের রয়েছে এই বিশ্বাস জনগণের মধ্যে তখনো ছিলো। এই বিশ্বাসটাকে রাজনৈতিক হাতল রূপে ব্যবহার করার সিদ্ধান্ত নেন অগাষ্টাস। তাঁর অনুরোধে হোরেস (Horace) খৃষ্টপূর্ব ১৭ সালে সেকুলার খেলাধুলা ও উৎসবের উপর যে স্তুতি গীতি লিখেছেন তাতে এই বিষয়টা স্পষ্ট হয়ে ওঠেছে। এতে ধর্ম, নৈতিকতা এবং নিয়তি সম্পর্কিত ধারণা একত্রে গ্রথিত করা হয়েছে। অগাষ্টাস কেবল গ্রীকদের পূজা ও মন্দির গুলোর পুনরঞ্জীবনই ঘটাননি, তিনি বিগত কালের বীর পুরুষদের ওপর দেবত্ব আরোপ নীতিকেও পুনরঞ্জীবিত করেন। তিনি বিশ্বাস করতেন যে এটা রোমানদের ঐক্যসূত্রকে শক্তিশালী করবে এবং তাদের দেশপ্রেম বাড়িয়ে তুলবে।

রোমানগণ রাজার ব্যক্তিত্বকে রাষ্ট্রের শক্তি সামর্থ্য এবং নাগরিকদের গুণাবলীর প্রতীক রূপে বিবেচনা করতো।

এতে প্রমাণিত হয় যে রোমান ধর্ম মূলতঃ আচার এবং অনুষ্ঠান প্রতিপালনের ধর্ম হলেও এটার একটা বাস্তব ধর্মী চরিত্র ছিলো। নগর বা সম্প্রদায়ের প্রতি ভক্তি জনগণের সেবামুখী ধর্মের জন্ম দিয়েছে। নগর তখন উচ্চ আদর্শ এবং সর্বোচ্চ ক্ষমতার প্রতীক ছিলো। রোমানদের চরিত্রে ছিলো আইন এবং নিয়মের প্রতি শঙ্কাবোধ। তারা চিন্তা এবং অনুভূতির জগতেও সেই মূল্যবোধের সম্প্রসারণ ঘটায়। তাদের ধর্ম ছিলো সামাজিক কাঠামোর সংগে অংগাংগভাবে জড়িত। তা তাদের বাস্তব এবং নৈতিক দিকের ওপরও গুরুত্ব দিতো। কিন্তু মানব প্রকৃতি যেখানে বিশ্ব লোকোত্তর বাস্তবতাকে বুঝবার চেষ্টা করে তথা যেখানে মানুষ অতিক্রম করে যায় বস্তুগত অভিজ্ঞতাকে এবং যেখানে সে ইন্দ্রিয়াতীত ও প্রকৃতি জগতোত্তর কোন কিছুর প্রত্যক্ষ প্রভাবের অধীনে রয়েছে বলে অনুভব করে, সেখানে এই ধর্ম তাকে পথের দিশা দিতে পারে না। এটা সত্য যে এখানে কিছুটা অতি প্রাকৃতিক সাহায্যের ওপর নির্ভরতার প্রমান মেলে এবং সর্ববিজ্ঞ, সর্বোচ্চ ও সর্ব শক্তিমান সত্তার প্রতি বিশ্বাস স্থাপনের প্রয়োজনীয়তার অনুভূতিও দৃষ্ট হয় কোন কোন ক্ষেত্রে। কিন্তু এমন উদ্দেশ্যবিহীন ভাব প্রবণতা-যা প্রাথমিক যুগের সাহিত্যে ছড়িয়ে আছে-কোন মতেই আমাদের এই সিদ্ধান্তে পৌছায় না যে রোমানদের বিশ্বাস পদ্ধতি চৈতন্য পথ নির্দেশ করতে এবং বিশ্বের আইন প্রণেতার প্রতি ভালোবাসা সৃষ্টি করতে পারতো।

মানুষ যখন ওয়ার্ল্ড স্পিরিট সম্বন্ধে সুস্পষ্ট ধারণা থেকে বঞ্চিত থাকে এবং এই বিশ্বাস পোষণ করে যে সে সব সময় বিরুদ্ধ শক্তি দ্বারা পরিবেষ্টিত- যারা বিবাদ, ব্যাধি অথবা মৃত্যুদান করার মাধ্যমে তাদের জঘন্য মনোভাব প্রকাশ করে- তখন সে সার্বক্ষণিক ভীতি ও উৎকর্ষার শিকারে পরিণত হয়। "রোমানদের ওয়ার্ল্ড স্পিরিট-এ

আছে কৃষির দেবতা স্যাটার্ন, গৃহের দেবী ভেসতা, পানিও ঝর্ণাতে বসবাসকারী পরীগণ, যাদু মন্ত্রের দেব দেবী, বজ্রপাতের মাধ্যমে ধ্বংস ও মৃত্যুর সংঘটক আগুনের দেবতা এবং মৃত ব্যক্তিদের প্রেতাত্মা যারা সর্বদা মানুষের সুখের বিরুদ্ধে ষড়যন্ত্র পাকিয়ে তোলে।”^৮

বিশ্ব নিয়ন্ত্রক শক্তি সম্বন্ধে পোষিত এই মনোভাব মানুষের মাঝে যে কেবল ভীতিরই সৃষ্টি করেছে তা-ই নয়, এটা তার মনে মুনাফিকীও সৃষ্টি করেছে। এমন শক্তির সাথে আন্তরিকতা গড়ে তোলা রোমানদের জন্যে খুবই কঠিন এক কাজ ছিলো। রোমানদের ধর্মাচার এই কথা প্রমাণ করে যে একজন ভক্ত ধর্মতঃ প্রতিজ্ঞা গ্রহণ, বলিদান এবং শ্রদ্ধার্থ করতে গিয়ে আসলে নিজের আত্মাকে উন্নততর স্তরে উন্নীত করার পরিবর্তে চুক্তিই কেবল পূরণ করে চলতো। গ্রীক এবং রোমানদের দৃষ্টিতে দেবতার সর্বশক্তিমান এবং সব ভুলের উর্ধ্বে ছিলো না। তারা মানুষের প্রতি কর্তব্য পালন করতে গিয়ে ব্যর্থও হয়েছে। আর সেই কারণে মানুষ এবং দেবতার মধ্যে যে চুক্তি পালিত হতো তা অবশেষে ভেঙ্গে গেছে। দেখা যায়, ভক্ত মাঝে মাঝে দেবতাকে তার প্রতি কর্তব্য কর্মে অবহেলার জন্যে অভিযুক্ত করেছে এবং পূজাও ছেড়ে দিচ্ছে। De Natura Deorum (ডি নেচারা ডিওরাম)এ সিসেরো প্রশ্ন তুলে ধরেছেন, “যে দেবতার কাছ থেকে তুমি কিছু পাওনি, তার প্রতি ভক্তি প্রদর্শনের কি বাধ্য বাধকতা আছে?” এর উদাহরণ পাওয়া যায় একজন যোদ্ধা তার তীরটিকে দ্রুতগামী করার অথবা তার উদ্যোগকে সফল করার জন্যে দেবতার উদ্দেশ্যে যে আবেদন জানায় তাতে। সেই ব্যক্তি প্রতিদানে উপহার সামগ্রী প্রদানেও অর্থীকার করেছে যদি সে স্বর্গীয় সহায়তা পায় এবং অবশ্যই তা পাওয়ার আগে নয়।^৯

এসব পারম্পরিক আলোচনায় ফুটে ওঠে যে মানুষ এবং দেবতা উভয়েই স্বার্থপর। একজন কৃপণ, অপরজন যথার্থভাবে তুষ্ট না হলে আশীস প্রদানে ধীর। মানুষ এবং দেবতার সম্পর্ক সম্বন্ধীয় এই ধারণা ধর্মের মূলেই আঘাত হেনেছে। কেননা ধর্ম তো আসলে সামগ্রিক সত্তার পরিপূর্ণ উৎসর্গই দাবী করে। অনুসন্ধান, ধর্ম-কর্ম এবং যে সর্বোচ্চ কারণ সম্বন্ধে মানুষ সচেতন তার উপাসনার মাধ্যমে পূর্ণ উৎসর্গই ধর্মের দাবী।

ধর্ম চায় মানুষের বিচারবুদ্ধি সত্যকে খোঁজার কাজে নিবেদিত হোক। সৃষ্টির সংগে দর কষাকষির নাম ধর্ম নয়। করুণাময় আল্লাহকে সাথে নিয়ে ইহকাল ও পরকালের সমস্যাবলীর সমাধান, আল্লাহর সিদ্ধান্তের আলোকে বিভিন্ন পরিস্থিতির দিকে দৃকপাত এবং আল্লাহর দয়া ও শক্তির প্রতি বিশ্বাস রেখে এসব কিছুর মুকাবিলা করা ধর্মের দাবী।

নিঃসন্দেহে রোমানদের জীবনে ধর্মের বিভিন্নমুখী প্রকাশ ঘটেছে। ভেসতা দেবীর প্রতি উৎসর্গীকৃত কুমারী এবং পুরোহিতগণ থিয়েটার, সার্কাস ইত্যাদি স্থানে সম্মানের আসন পেতো। অগাষ্টাস এবং তাঁর উত্তরসূরী পুরোনো ধর্মবিশ্বাসকে সতেজ করে তুলতে চূড়ান্ত প্রচেষ্টা চালান।

রোমানদের পুরোহিতগণ উৎসব দিনে রাজপথে নেচে বেড়াতো। The Arval Brethren বিড়বিড় করে প্রার্থনা বাণী উচ্চারণ করতো রণদেবতা মার্স-এর উদ্দেশ্যে।

তৃতীয় অধ্যায়

খৃষ্টবাদের প্রভাব

প্রথম তিন শতাব্দী ধরে রোমান সাম্রাজ্যে আধ্যাত্মিকার স্থান ছিলো না। এটা ছিলো রোমান সমাজের সবচে'বড়ো ত্রুটি। এর পরিনতিতে রোমানগণ কেবলমাত্র বৈষয়িক উপকরণের পিছু ছুটছিলো। "অশিষ্ট এবং নির্বোধ লোকেরা জীবনকে আমোদ প্রমোদের ব্যাপারে পরিণত করে। অমার্জিত ধনী লোকেরা একে পরিণত করে জাঁকজমকপূর্ণ বিলাসিতায়। সব শ্রেণীর মানুষই স্বাচ্ছন্দপূজারী হয়ে ওঠে। জীবন হয়ে পড়ে স্থবির।"১ Hellenism-এর স্বর্ণযুগে বুদ্ধিবৃত্তিক অনুসন্ধিৎসা এবং সৌন্দর্যপ্রীতি জীবনকে যে কর্মোদ্দীপনা দিয়ে ছিলো তা বিলীন হয়ে যায়। পেছনে রেখে যায় সরকার, সিভিল আইন, যুক্তি সংগত ব্যবস্থা, প্রকাশ পদ্ধতি এবং বৈষয়িক সংস্কৃতি। "এই বিশাল ব্যবস্থাপনা একটা যন্ত্ররূপে চমৎকারই ছিলো; কিন্তু এর সঞ্চালক শক্তি নিঃশেষ হয়ে গিয়েছিলো। এর টিকে থাকা কীর্তিস্তম্ভ গুলো-যা Piranesi-এর শোকাত্মক শ্রেষ্ঠ অবদানগুলোতে যথার্থভাবে বিমূর্ত রয়েছে-একটা বোঝা হয়ে মনকে পীড়া দিচ্ছে। মার্কাস অরেলিয়াস-এর সমাজের লোকেরা সুদীর্ঘ অতীতের মাধ্যমে বুদ্ধিবৃত্তির সব রাজপথ এবং সৌন্দর্যের বিভিন্নমুখী বিকাশ দেখতে পেয়েছে।"২

কোন সভ্যতা বাইরের আক্রমণে ধ্বংস পড়েনা যদি তা ভেতর থেকে নিজকে ধ্বংস না করে ফেলে থাকে। রোমের পতনের কারণ নিহিত ছিলো এর জনগণের নৈতিক জীবন, এর শ্রেণী সংঘাত, পড়ন্ত ব্যবসা বানিজ্য, আমলা তান্ত্রিক স্বৈরাচার, শাসনরুদ্ধকর করভার, ব্যয়বহুল যুদ্ধ এবং সর্বোপরি এর বস্তুবাদী দৃষ্টিভঙ্গির মাঝে। সভ্যতার বিশাল গাঁথুনী ধরে রাখার মতো শক্তি সে হারিয়ে ফেলে।

বিলাসিতার প্রতি অনুরাগ রোমানদেরকে পরিবার সীমিতকরণ নীতির দিকে ঠেলে দেয়। প্রথমে তা শিক্ষিত সমাজে সীমিত ছিলো। ক্রমশঃ তা সব শ্রেণীর মানুষের মধ্যেই ছড়িয়ে পড়ে। শিশু হত্যা শুরু হয়। যৌন বাড়াবাড়ি পরিবার কাঠামো বিনষ্ট করে এবং মানব উর্বরতা হ্রাস করে।

নৈতিক অবক্ষয়ের কারণে বিবাহ চুক্তি ব্যাপক হারে লংঘিত হতে থাকে। কর্তারভাবে মেনে চলা সারল্য এবং পৃষ্ঠপোষকতাকারী বিশ্বাসের ফলে যে পুরুষোচিত চরিত্র গঠিত হয়েছিলো তা সম্পদের প্রাচুর্য এবং অবিশ্বাসের প্রভাবে দুর্বল হয়ে পড়ে। কোটি কোটি মানুষের সুখ নির্ভর করতো ক্ষমতা লিপ্সু এবং বিলাসী স্বৈরাচারী দু'একজন শাসকের ব্যক্তিগত গুণের ওপর। মানুষের নিরাপত্তা আশা করা হতো ওসব গভর্নর এবং

সৈন্যের কাছ থেকে বেতনভোগই যাদের ছিলো বিবেচনার একমাত্র বিষয়। “নাগরিকেরা দেখতো যে রাজগারের সম্মানজনক ক্ষেত্রগুলো রয়েছে দাসদের দখলে। অথচ ব্যবসা বানিজ্যকে তীব্রভাবে ঘৃণা করতে শিখেছে তারা। ফলে অভিনেতা, মুক্‌অভিনেতা, ভাড়াটে মন্ত্রযোদ্ধা, রাজনৈতিক গোয়েন্দা, রিপূর সেবক, গণক, ধর্মীয় প্রতারক, নকল দার্শনিক ইত্যাদি দুর্নীতিযুক্ত পেশায় নিয়োজিত হয় অনেকেই। এতে করে মুক্ত ব্যক্তির অনিশ্চিত এবং সাময়িক ভরণ পোষনের উপায় খুঁজে পায় এবং তাদের মক্কেলও জোটে নানা ধরনের। প্রত্যেক ধনী লোকের অর্থে পালিত হতো আরো অনেক লোক। এরা ওই লোকটির তোষামোদকারী এবং রিপূর সেবক রূপে তাদের ভূমিকা পালন করতো।”৩

এই পরিস্থিতি রাষ্ট্রের উৎপাদনশীল উদ্যোগের ওপর মরণ আঘাত হানে। তখনো রাষ্ট্রের মুক্ত নাগরিকদের অধিকাংশের অর্থের যোগান দিতে হতো সরকারকে।

দাস শ্রেনী ছিলো পাপাচারের আখড়া। দাসেরা কিন্তু কৃষির ওপর কর্তৃত্বশীল ছিলো না। “তবে তাদের মধ্যে যারা পরিতুষ্ট এবং শান্ত কামুকের ইন্দ্রিয়কে চাণ্ডা করে তুলতে পারতো তারা প্রতিটি অভিজাত পরিবারের ভূষণ হয়ে থাকতো। বিয়ের প্রতি অনীহা ব্যাপকতা লাভ করে। অবিবাহিত ধনী লোকদের সম্পদের উত্তরাধিকার লিপ্সু এবং তোষামোদকারী দুষ্ট লোকদের সংখ্যা ছিলো অনেক।”৪ রোমানগণ ক্রীড়াসক্ত ছিলো। তারা পাবলিক গোসলখানারও অনুরক্ত ছিলো। এই গোসলখানা গুলোতে কর্মবিমুখ লোকদের ভীড় লেগে থাকতো। বস্তৃতঃ আলস্য, স্ফূর্তি এবং রাজগারের কোন একটা মামুলী উপায় ছিলো রোমানদের কাম্য। ধনীদের মাঝে স্রংগহত্যা এবং সব শ্রেনীর মানুষের মাঝে শিশু হত্যার প্রচলন তাদের ধ্বংসকে অবশ্যজ্ঞাবী করে তোলে।

সাম্রাজ্যে ক্রীড়া ও শস্যের সাথে সানন্দে আজাদী বিনিময় করা হতো। এভাবে নিকৃষ্টতম অত্যাচারী শাসকও তার কর্তৃত্ব নিশ্চিত করতে পারতো। ভাইটেলিয়াস (Vitellius)এবং ভেসপেসিয়ান (Vespasian)এর সৈন্যবাহিনী যখন শহরের দখল নিয়ে বিবাদে রত, অধঃপতিত রোমানগণ তখন এই দৃশ্য উপভোগ করার জন্যে ভীড় জমায়, পরিত্যক্ত ঘর নুঠন করে, হাত তালি দিয়ে এপক্ষ অথবা ওপক্ষকে উৎসাহ দেয়, পলাতকদেরকে হত্যার জন্যে খুঁজে বের করে আনে এবং দেশের এতো বড়ো দুর্ভোগকে তারা উৎসবে পরিণত করে।”৫

জাতীয় চরিত্র নষ্ট হয়ে যায়। সৈন্যদের যুদ্ধের মনোভাব টিকিয়ে রাখার জন্যে ব্যক্তিতে ব্যক্তিতে অথবা ব্যক্তি ও কোন জানোয়ারের মধ্যে লড়াইয়ের আয়োজন করা হতো। প্রতিদ্বন্দী যোদ্ধা ও দর্শকদের মাঝে জীবনের প্রতি বে-পরোয়া ভাব সৃষ্টি করা হয়। যুদ্ধ যাত্রার প্রাক্কালে এই ধরনের সাহসিকতাপূর্ণ মৃত্যুর দৃশ্য দেখানোটা একটা রেওয়াজ হয়ে দাঁড়ায়। গ্যাডিয়েটার বা মন্ত্রযোদ্ধা সরবরাহ করা একটা বড়ো রকমের পেশায় পরিণত হয়। “আম্যমান গ্যাডিয়েটারগণ ইতালীতে ঘুরে বেড়াতো। প্রাদেশিক অ্যাম্পিথিয়েটার গুলোতে তারা ভাড়ার ভিত্তিতে প্রতিদ্বন্দিতায় অংশ নিতো। এই ক্রীড়ার প্রভাব ক্রমশঃ

দেববাণী এবং ভাবী শুভাশুভের লক্ষণ জানার প্রচেষ্টা বহুলভাবে প্রচলিত ছিলো। যাদুবিদ্যা, তন্ত্রমন্ত্র, স্বপ্নের ব্যাখ্যা ইত্যাদি রোমান জীবন ধারার সংগে ওতপ্রোতভাবে জড়িত ছিলো। এগুলোর প্রচলন থাকা সত্ত্বেও রোমান জীবনে এমন কিছু পাওয়া যায় না যাতে বলা যায় যে তা ধর্মের দ্বারা প্রভাবিত ছিলো। সম্রাটদের ওপর দেবত্ব আরোপ উচ্চশ্রেণীর মানুষ তাদের শাসকদেরকে কি দৃষ্টিতে দেখতো তাতে প্রকাশ করে না, তবে দেবতাদের সম্বন্ধে তারা কত যে কম চিন্তা-ভাবনা করতো তা প্রকাশ করে। যে সব ধনী যুবক উচ্চশিক্ষা লাভের জন্যে এথেন্স, আলেকজান্দ্রিয়া এবং রোডস যেতো তারা রোমান ধর্ম বিশ্বাসে কোন সারবস্তা খুঁজে পেতো না। “গ্রীক কবিতা রোম নগরীর সর্বদেবতার মন্দির নিয়ে তামাসা করতো। রোমান কবিতাও তাদের পদাংক অনুসরণ করেছে। ওভিড এর কবিতা বলে যে দেবদেবীরা হচ্ছে আসলে কাল্পনিক কাহিনী। মার্শালের বুদ্ধিদীপ্ত ক্ষুদ্র কবিতা গুলো বলে যে এসব হচ্ছে রসিকতা। কেউ কিন্তু এই প্রকাশ্য অবমাননার বিরুদ্ধে কোন অভিযোগ তোলেনি। এমন কি গরীব মানুষের কবরের ওপর স্থাপিত পাথরের লিখাতেও এই ধরনের সংশয়বাদ এবং কামুকতার কিছু কিছু অকপট আভাস মিলে। যেমন, “আমি ছিলাম না, আমি ছিলাম, আমি নেই, আমি তোয়াক্বা করিনা; আমি ছিলাম না, আমি নেই, আমি জানিনা এবং আমি যা খেয়েছি ও পান করেছি তা-ই আমার। আমি আমার জীবন পেয়েছি। কবরের ওপারের কিছুতেই আমার-বিশ্বাস নেই।”^{১০}

রোমান চিন্তাবিদেরা আত্মার নশ্বরতা বুঝবার জন্যে আত্মাকে বস্তুসত্তা রূপে প্রমাণ করতে চেষ্টা করেছে। তারা এভাবে সাস্তুনা পেতে চেয়েছে “মৃত্যু আমাদেরকে বিচলিত করেনা, কেননা আত্মা নশ্বর। আমাদের কাছে মৃত্যু কিছু নয়, কেননা যা ক্ষয় হয়ে যায় তার কোন অনুভূতি থাকেনা। আর যার কোন অনুভূতি নেই আমাদের কাছে তা কিছুই নয়।” Lucrctius বড় রকমের যে সাস্তুনা দিতে পেরেছিলেন তা হচ্ছে এইযে মৃত্যুর মাধ্যমে মানুষ জীবনের পাপ এবং দূর্ভোগ থেকে মুক্তি পায়।

রোমানদের জন্য কবরের ওপারের জীবন ছিলো নিরাশায় ভরা। বিভিন্ন জিনিষের উৎপত্তি সম্বন্ধে তারা যে যান্ত্রিক ব্যাখ্যা দিয়েছে তা তাদের বিশ্বাস কেড়ে নিয়েছে। এই কারণেই এতো সব আনন্দোৎসবের মধ্যেও রোমান সমাজ সুখের ছোঁয়া পায়নি। এর শিষ্টাচার এর জন্যে বয়ে এনেছে ক্লান্তি। এর লাম্পট্য একে করেছে অবসন্ন। ধনী এবং গরীব সবাই ছিলো যন্ত্রনার শিকার এবং মৃত্যুশোকে কাঁতর। এর দর্শন সাধারণ মানুষকে দারিদ্রের প্রশস্তি গাওয়ার প্রেরণা দিতে পারেনি, তাকে শালীনতার উৎসাহ দিতে পারেনি, তাকে দুঃখের সময়ে সাস্তুনা দিতে পারেনি এবং তার মাঝে জাগাতে পারেনি আশা। একজন সাধারণ রোমান নাগরিক আধ্যাত্মিক শূণ্যতার মাঝে দিন কাটাতো। সে সাস্তুনা এবং স্বস্তি লাভের জগ্যেই চেয়েছিলো ধর্ম। কিন্তু তার ধর্ম তাকে দিয়েছে শুধু নীরস ও নিরানন্দ আচার। তার প্রয়োজন ছিলো আশার। তার ধর্ম তাকে দিয়েছে শুধু আমোদের প্রতিযোগিতা।

-
১. W.G.De Burgh :The Legacy of The Ancient World , p. 205
 ২. James Hastings : Encyclopaedia of Religion and Ethics, x, 825
 ৩. Ibid
 ৪. R. H. Barrow : The Romans , P. 144
 ৫. J. C. Stobart: The Grandeur That was Rome, P.44
 ৬. R. H. Barrow , op. cit . 145
 ৭. Hastings , x ,838, 839
 ৮. Hartwell Jones :The Dawn of European Civilization, P. 645
 ৯. Ibid :P. 645
 ১০. Will Durant : The History of Civilization , p. 389

তো প্রতিভাত হতে হবে সমানভাবে। কিন্তু ষ্টোয়িক মতবাদ অজ্ঞ এবং নীতিহীন মানুষের মাঝে তা দেখাতে সক্ষম হয়নি। “নিঃসন্দেহে এই ব্যবস্থা পুরোনো সংকীর্ণ এবং সীমিত নাগরিক শক্তির স্থানীয় পূজা অর্চনা এবং রীতিকে একপাশে হটিয়ে দিয়ে এক নতুন ধর্মের জন্মে ময়দান তৈরী করেছে। রোমান জগত যখন পবিত্র শব্দ গুলোর যথার্থ অর্থই ভুলে যায় তখন এই অবস্থা আইন এবং শৃংখলার মর্যাদা বৃদ্ধির কাজে আসে। কিন্তু এর মাঝে মানবতার উৎসাহ উদ্দীপনার অভাব ছিলো।”^{১১} ষ্টোয়িক মতবাদ সম্বন্ধে এক ধরণের হতাশার ভাব ছিলো যা কালের অগ্রগতির সাথে বৃদ্ধি পেতে থাকে। যে চিন্তাধারা হতাশা বৃদ্ধি ও নিরাশাবাদ সৃষ্টি করে এবং সাধারণ মানুষের মনে” আশা সৃষ্টি করতে ব্যর্থ হয় সেই চিন্তা ধারার বিরুদ্ধে রোমান আত্মা বিদ্রোহী হয়ে ওঠে। নিঃস্বাণ যুক্তিতর্কের প্রতি রোমানগণ অবিশ্বাসী হয়ে ওঠে এবং দৈব বা অলংঘনীয় নিয়তির প্রতি তারা বিশ্বাস স্থাপন করতে থাকে। এভাবে জীবন ক্রমশঃ একটা ধাঁধার রূপ নিতে থাকে এবং নিঃসংগ অন্তর গুলো আস্থা ও উদ্যম হারিয়ে ফেলে।

খৃষ্টবাদের অভ্যুদয়

“একের পর এক ভেংগে পড়া ঢেউগুলোর মাঝে এক আর্তনাদ—এক কান্না। মৃত্যুর গুহা থেকে ভেসে আসে বিলাপ। পবিত্র নদীর ফোয়ারা গুলো মনোবেদনা এবং দুঃখ কাতরতার অনুভূতি নিয়ে ফুঁপিয়ে কাঁদে।” সম্ভবতঃ এক্সিলাস এর এই বর্ণনা থেকে আর কোন বর্ণনা সেই যুগের আধ্যাত্মিক পরিবেশের জন্যে অধিকতর প্রযোজ্য হতে পারে না যে যুগে আবির্ভূত হয়েছিলেন ঈসা আলাইহিস্ সালাম। হতাশা, নিরাশাবাদ, পুরোনো পারিবারিক মূল্যমান গুলোর অবক্ষয় এবং আধ্যাত্মিক শক্তি ও ঐতিহ্যবাহী নৈতিক নীতিমালার প্রতি উদাসীনতা—এই গুলো সেই সময়কার অবস্থার বাস্তব চিত্র। এই প্রেক্ষাপটে দাঁড়িয়ে ঈসা আলাইহিস্ সালাম তাঁর মহৎ মিশন নিয়ে অগ্রসর হন। তিনি জনগণকে সম্বোধন করে বলেন, “আল্লাহর প্রভাব এখন আমার ওপর। কেননা তিনি আমাকে অভিষিক্ত করেছেন দুর্বলদের কাছে সুসংবাদ প্রচার করতে, ভগ্নোৎসাহ ব্যক্তিদেরকে একত্রিত করতে, বন্দীদেরকে মুক্তির পয়গাম শুনাতে এবং বন্দী মানুষকে জিন্দান খানা থেকে বের করার জন্যে পাঠানো হয়েছে আমাকে।”—ঈসাইয়া।

ঈসা আলাইহিস্ সালাম যে বাণী শুনালেন এবং যে ভংগিতে কথা বললেন তা সুস্পষ্টভাবেই পয়গাম্বর সুলভ। লোকেরা যথার্থভাবেই তাঁকে একজন নবী রূপে গ্রহন করে এবং তাঁর কণ্ঠে তারা নতুন করে নবীর কথাই শুনতে পায়।

রুগ্ন দুঃস্থ সব সাধারণ মানুষ যারা ইসরাইলীদের মতো মনে এই আশা পোষণ করতো যে বিধাতা একদিন তাঁর লোকজনদের মুক্তি দেবেন, ঈসা আলাইহিস্ সালামের উপস্থিতিতে নতুন ঈমানী বলে বলীয়ান হয়ে ওঠে। “আল্লাহ প্রতিপালক, তিনি প্রত্যেক ব্যক্তিকে মূল্যবান মনে করেন, ভালোবাসেন এবং প্রত্যেক অন্তঃপাपी তাঁর কাছে ক্ষমা

পাবে—এ সব কথা বলে ইসা আলাইহিস্‌সালাম লোকদের সামনে যে জগতের চিত্র তুলে ধরেন তা ছিলো রোগ-শোকহীন প্রেম-পীড়িত এক সুন্দর জগত।*১২

ইসা আলাইহিস্‌সালামের শিক্ষাদান পদ্ধতি অন্যান্য নবীদের শিক্ষাদান পদ্ধতির অনুরূপ ছিলো। এটা ছিলো ভবিষ্যদ্বাণী সম্বলিত সর্গক্ষিপ্ত এবং সারগর্ভ বাক্যে পরিপূর্ণ যা ব্যাখ্যা করা কঠিন হলেও অতি সহজেই মানুষের অন্তরে স্থান করে নেয়। তাঁর বাণীগুলো স্বর্গীয় জ্ঞানে পরিপূর্ণ হৃদয়ের স্বতঃস্ফূর্ত অভিব্যক্তি।

কিন্তু ইসা আলাইহিস্‌সালামের আহবানের ফল বৈচিত্র্যহীন ছিলো না। অন্যান্য সব সুসংবাদ দাতা এবং সতর্ককারীর মতোই তিনি যুমন্ত মানুষের যুম ভাংগাতে ও প্রভু শ্রেণীর উচ্চ আদর্শহীন শান্তির সরোবরে ডেউ জাগাতে এসে প্রথমে প্রত্যাখ্যাত এবং পরে নির্খাতিত হয়েছেন। রাজারা তাঁকে সুনজরে দেখতো না। পুরোহিতগণ তাঁকে দুষমন মনে করতো। ধনীরা করতো ঘৃণা। কেবল মাত্র গরীব এবং ময়লুম ব্যক্তিরাই তাঁকে সাদরে গ্রহণ করেছিলো। কিন্তু তাঁকে সাহায্য সহযোগিতা দানের সামর্থ ছিলো না গরীবদের। আর ময়লুমেরা তো কেবল নীরব ভাবেই তাঁর বাণী শুনতো।

নেজারেথ-এর এক উপাসনালয়ে সাবাথ দিনে তিনি দ্বিতীয় ইসাইয়ার ভবিষ্যদ্বাণী পড়ে শুনান এবং তাঁর মাঝেই যে সেই ভবিষ্যদ্বাণী পরিপূর্ণ হয়েছে তার দাবী পেশ করেন। কিছু লোক শ্রদ্ধাভরে তাঁর এই বক্তব্য সম্বন্ধে ভাবতে থাকে। কিন্তু পল্লীর বেশীর ভাগ মানুষ তাঁর এই দাবী উত্থাপন করার কারণে লজ্জা অনুভব করে। কিন্তু ইসা আলাইহিস্‌সালাম নিরুৎসাহিত বা বিহবল হবার পাত্র ছিলেন না। তিনি তাঁর পবিত্র দায়িত্ব পালন করতে থাকেন। তাঁর বক্তব্য ছিলো অকপট, নিশ্চয়তাপূর্ণ এবং পবিত্রতার প্রভাবযুক্ত। নির্ভীকভাবে তিনি প্রচার করেছিলেন আল্লাহকে ভালোবাসা, আল্লাহর প্রতি আনুগত্য এবং গোটা মানব গোষ্ঠীর প্রতি ভালোবাসার কথা। তিনি তীব্র বিরোধিতার সম্মুখীন হন এবং বেশী সংখ্যক লোককে তাঁর নতুন ধর্মের আওতাধীন করতে ব্যর্থ হন। যে পরিবেশে তিনি জন্ম নেন তা পুরোপুরি বস্তু পূজায় নিমগ্ন ছিলো এবং সেই পরিবেশ নতুন ধর্মের উপস্থাপিত আধ্যাত্মিক ও নৈতিক দায়িত্ব গুলোকে সুকঠিন বলে বিবেচনা করে। তাই এতে বিস্তিত হবার কিছু নেই যে একজন রোমান গভর্নর তাঁর মৃত্যুদণ্ড ঘোষণা করার ফলে তাঁর মিশন বাহ্যতঃ ব্যর্থ হয়ে যায়। কিছু সংখ্যক গ্রামীণ গরীব মানুষই শেষ পর্যন্ত তাঁর প্রতি অনুগত থাকে।

ইসা আলাইহিস্‌সালামের পবিত্র জীবনের মহান আদর্শ যে সব অনুসারীদেরকে অনুপ্রাণিত করেছিলো তারা এই নতুন বিশ্বাসের প্রতি উদাসীনতা দেখাতে পারেনি। তারা এই আলো নিয়ে পৃথিবীর মানুষের কাছে ছুটে যায়। তাদের চেষ্টার ফলে প্রতিকূল পরিবেশেও ইমানের মশাল প্রজ্জ্বলিত থাকে।

রোমান জীবনের সবটুকু আচ্ছন্ন করে ফেলে। এটা আলোচনার সাধারণ বিষয়বস্তুতে পরিণত হয়। ছোট ছেলেরা খেলাধুলায় এর অনুকরণ করতো। দার্শনিকরা এগুলো থেকে তাদের বর্ণনার উপমা সংগ্রহ করতো। শিল্পীরা এর চিত্রাংকন করতো বিভিন্নভাবে। কলোসিয়াম (Colosseum) যেখানে ৮০ হাজার দর্শকের সংকুলান হতো বলে কথিত আছে সাম্রাজ্যের অন্যান্য সব কীর্তিস্তম্ভ গুলোর গৌরব হান করে দেয়।^{১৬}

এই অবস্থার অন্যতম পরিণতি এই দাঁড়ায় যে তা জনগণকে সেই সব সুস্থির এবং মার্জিত আমোদ-প্রমোদের জন্যে পুরোপুরি অযোগ্য করে তোলে যা সভ্যতার সহগামী হয়ে মানুষের বোধশক্তিকে প্রশিক্ষিত করে তোলে। "ভয়াবহ লড়াইয়ের উত্থান পতনের দৃশ্য দেখে যারা অভ্যস্ত হয়ে পড়ে উত্তেজনাহীন দৃশ্য তাদের কাছে নীরস, বিশ্বাদ এবং প্রাণহীন বলে মনে হয়। অ্যাফিথিয়েটার এবং সার্কাসের দৃশ্যাবলী দেখার আমোদের প্রতিদ্বন্দী ছিলো ফ্লোরার খেলা, মূক অভিনয় এবং ব্যালে নাচ।"^{১৭}

অ্যাফিথিয়েটারের বদৌলতে সৃষ্ট উত্তেজনার প্রতি এই তীব্র অনুরাগ কামুকতা লাম্পট্যাকে উৎসাহিত করার ব্যাপারে কম প্রভাবশীল ছিলো না। রোমান সভ্যতার এসব দিকের উপর চিন্তা ভাবনা করা অবশ্যই প্রয়োজন। কোন দার্শনিক গবেষণা এ গুলোই তাদের চরম নীতি ভ্রংশের অতল গহবর বলে দেখিয়ে দেয়। এ ছিলো এমন এক সমাজ যেখানে নৈতিকতা উচ্ছ্বীভবনকারী প্রতিষ্ঠান, কাজ বা বিশ্বাসের অস্তিত্ব ছিলো না বললেই চলে। প্রথমতঃ এই সমাজ আল্লাহ এবং তাঁর সাথে মানুষের সম্পর্ক সঙ্কীর্ণ ধারণার ক্ষেত্রে ছিলো নিঃস্ব। বিভিন্ন সত্তাতে শক্তির অভিব্যক্তি ঘটছে, এই প্রাচীন ধারণার সাথে রোমান জীবনের কোন সম্পর্ক ছিলো না। কৃষি এবং আত্মরক্ষার যে পরিবেশে রোমান জীবনের যাত্রা শুরু হয়, বড়ো বড়ো নগর প্রতিষ্ঠার সংগে সংগে তা বিলীন হতে থাকে। ছোট ছোট খামার ব্যবস্থা ভেঙে পড়ে এবং সম্প্রসারিত হয় সাম্রাজ্য। কিন্তু নতুন কোন অনুপ্রেরণা দানকারী নীতি এর স্থান দখল করতে আসেনি এগিয়ে। দ্বিতীয়তঃ জনগণের কর্তব্যানুভূতির দিক থেকেও তা ছিলো নিঃস্ব। "রাষ্ট্রীয় জীবনে অবশ্য ধর্মীয় হ্রদ তখনো কার্যকর ছিলো যদিও কিছু লক্ষন থেকে বুঝা যায় যে এর প্রভাব জনজীবন অথবা সেনাবাহিনীর ওপর পুরাকালের মতো এতো গভীর ছিলো না।

খৃষ্টপূর্ব শেষ দু'শতকের জটিল রোমান সমাজে নাগরিক এবং ধর্মীয় আইনের বন্ধনের উর্ধে আরো কিছু প্রয়োজন ছিলো। পরিবার, দাস, দূরাঞ্চলের লোক এবং দুর্ভাগাদের প্রতি কর্তব্যবোধ জাগ্রত থাকার দরকার ছিলো। "কিন্তু নৈতিক কর্মকাণ্ডের ফোয়ারা, নৈতিকতার পূতকরণ এবং নৈতিক উদ্যোগের প্রতি কোন উৎসাহ সেখানে ছিলো না।। ব্যক্তি সত্তা সমৃদ্ধ হচ্ছিলো দ্রুত, রাষ্ট্রীয় এবং সামষ্টিক বন্ধন থেকে তা হচ্ছিলো মুক্ত। কিন্তু ভুল পথ ধরেই এগুচ্ছিলো তার এই উন্নয়ন। উর্চু-নীচু সবার মাঝেই যখন নিষ্ফের শুরুত্বের উপলব্ধি ঘটলো তখন তারা নিজ সত্তা ছাড়া বাকী সব কিছু প্রতি উদাসীন হয়ে পড়ে।"^{১৮}

ব্যক্তি স্বার্থ পূজা রোমানদের সমাজ জীবনের ভিত দুর্বল করে ফেলে। ষ্টোয়িক দর্শন অবশ্য পুণ্যের নীতিমালা যুগিয়েছে, সেকালের সাহিত্যকে রঞ্জিত করেছে, নৈতিক উদ্দীপনাকে পথ প্রদর্শন করেছে এবং কর্তব্য সম্বন্ধে এক সুউচ্চ ধারণা শিক্ষা দিয়েছে। কিন্তু এই দর্শন মানুষের কাজ কর্মের আধ্যাত্মিক ভিত্তি রচনা করতে পারেনি। এমন একটা নৈতিক ব্যবস্থা-যা যুক্তির অধীনে থেকে ইচ্ছা শক্তিকে বলিষ্ঠতা দান এবং কামনা বাসনাকে দমন করতে চায়-চিন্তা ভাবনায় প্রশিক্ষিত মনের কাছে গৃহীত হতে পারে যদিও তা সাধারণ মানুষের জীবনে সামান্যতম নিয়ন্ত্রণই রাখতে পারে। ষ্টোয়িকগণ যুক্তি এবং গড়রূপে বিশ্বকে বিবেচনা করতো। এর ফলে তারা অদৃষ্টবাদের দিকে ধাবিত হয়। তারা বিশ্বাস করতো যে জগতে পূর্ব নির্ধারিত ব্যবস্থাকে কার্যকরভাবে বিরোধিতা করার মতো কোন কিছু নেই।

রোমানগণ তাদের বিশ্বাস এবং আশা হারিয়ে ফেলে। কেউ এসে তাদের উচ্চাশা এবং আলো দান করুক- এটা ছিলো পরিস্থিতির দাবী। কিন্তু তাদের ধর্মকে উৎসাহিত করার কোন মিশন ষ্টোয়িক মতবাদের ছিলোনা। “ষ্টোয়িকগণ জনগণকে অজ্ঞ এবং নীতিহীন বলে মনে করতো। তারা কখনো একথা ভাবেনি যে জনগণকে শিক্ষা দেয়া এবং ওই অবস্থা থেকে তাদেরকে মুক্ত করার দায়িত্ব উত্তম লোকদেরই। প্রয়োজন হলে উত্তম ব্যক্তি এই আলো দানের কাজ করতে গিয়ে নিজের জীবন কুরবানী করে দেবে, এটাই ছিলো কর্তব্যের দাবী। মনে হয় ষ্টোয়িকগণ নারী এবং শিশুদেরকে বুদ্ধিবৃত্তির বিশেষ কোন অংশীদারই মনে করতো না। তাদের ধারণায় শ্রেষ্ঠ মানুষ ছিলো পুরুষোচিত গুণের অধিকারী ব্যক্তিত্ব। এটা তাদের মনে জাগেনি যে উত্তম ব্যক্তি তৈরীর প্রশিক্ষণ শুরু করতে হয় অল্প বয়সে এবং অফুরন্ত সোহাগ ও সহানুভূতি দিয়েই তাকে ক্রমশঃউন্নত করে নিতেহয়।”৯

এটা সত্য যে কিছু সংখ্যক বিজ্ঞ, সৎ, পবিত্র এবং নিঃস্বার্থ মানুষের আলোকোজ্জ্বল প্রভাবের মাধ্যমে ষ্টোয়িক মতবাদ গড়সম্পর্কিত পুরোনো ধারণার চেয়ে মহত্তর এক ধারণার সাথে সমাজের শিক্ষিত অংশকে পরিচিত করেছে। কিন্তু সত্যিকার ধর্মের মাঝে যে সক্রিয় উৎসাহ উদ্দীপনা তথা স্বর্গীয় শক্তির সাথে সংগতিশীল হবার কার্যকর আকাংখা থাকে তা ষ্টোয়িক মতবাদের কাছে অজানা ছিলো। “উচ্চতর অবরোহ সিদ্ধান্ত গ্রহণ শক্তি, গভীর বুদ্ধিমত্তা, মার্জিত বুদ্ধি, পর্যবেক্ষণ শক্তি এবং অন্তর্দর্শন ক্ষমতার অধিকারী হওয়া সম্ভব; কিন্তু এগুলোর সংগে মানুষের চাই সজীব ইমানের উপাদান এবং হৃদয়ের এমন এক অবস্থা যা সত্যিকারের সাধুতার সারবত্তা গঠন করে।”১০ বুদ্ধিবৃত্তিক উন্নয়নের পরিমাণ অত্যন্ত কম হলেও কোন ব্যক্তির মনে এই উপাদানের অস্তিত্ব নেই এমন কথা কেউ বলতে পারে না। পুণ্য, সাধুতা এবং আল্লাহর প্রতি ভালোবাসা যদি এমন কিছু হয় যা সবার পক্ষেই অর্জন করা সম্ভব এবং যা বিশেষ দানের গভীতে সীমাবদ্ধ নয়, তাহলে এটা তো সুস্পষ্টভাবে সেই বুদ্ধিবৃত্তিক শক্তি এবং সংস্কৃতি মুক্ত যা কোন ক্রমেই সার্বজনীন নয়। সরল ও অমার্জিত মন এবং তীক্ষ্ণ ও মার্জিত বুদ্ধিসম্পন্ন মনের কাছে একে

পৃথিবীর বিভিন্ন অঞ্চলে খৃষ্টবাদ কিভাবে বিস্তৃতি লাভ করে এই বইতে আমরা তা আলোচনা করতে যাচ্ছি। আমরা শুধু রোমান সাম্রাজ্য নিয়েই সন্তুষ্ট থাকবো। এই সাম্রাজ্যেই খৃষ্টবাদের ব্যাপক বিস্তৃতি ঘটে।

গোড়ার দিকে রোমান সরকার খৃষ্টানদেরকে সন্দেহের চোখে দেখতো। মনে করা হতো যে তারা সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র পাকাচ্ছে। “খৃষ্টানগণ সম্রাটের পাথর মূর্তির উদ্দেশ্যে কুর্ণিশ করতে অস্বীকৃতি জানালে এই সন্দেহ আরো ঘনীভূত হয়। তদুপরি বেশী সংখ্যক খৃষ্টান নীচু শ্রেণী থেকে উদ্ধৃত হওয়ার কারণে শাসক শ্রেণী তাদেরকে বাঁকা চোখে দেখতো”^{১৩}

দার্শনিক এবং চিন্তাশীল লোকেরা এই নতুন ধর্মের ব্যাপারে আগ্রহশীল হয়ে ওঠে। খৃষ্টান ভ্রাতৃসংঘের দ্রুত বিস্তৃতি ঘটছে দেখে সরকার বিচলিত হয়ে ওঠে এবং এর দমনের জন্যে কঠোর নির্দেশ জারী করতে থাকে। নির্যাতনের মুখেও নিজেদের ধর্মকে টিকিয়ে রাখার প্রয়োজনীয়তা অনুভব করে খৃষ্টানগণ। নিতীক ভাবে তারা সব অত্যাচার নিপীড়ন সহ্য করতে থাকে।

এটা কোন মামুলী বিবাদ ছিলো না। নতুন ধর্ম এবং রাষ্ট্রের এই সংঘর্ষ ছিলো গুরুত্বপূর্ণ ব্যাপার। প্যাগান সভ্যতা গড়ে ওঠেছিলো রাষ্ট্রকে ভর করে। পক্ষান্তরে খৃষ্টান সভ্যতা গড়ে ওঠে ধর্মের ভিত্তির ওপর।

“একজন রোমানের কাছে ধর্ম ছিলো সরকার কাঠামো এবং আনুষ্ঠানিকতার অংশ। দেশপ্রেম ছিলো তার নৈতিকতার সর্বোচ্চ স্তর। কিন্তু একজন খৃষ্টানের কাছে ধর্ম ছিল রাজনৈতিক সংস্থার উর্ধ্বের এক শ্রেষ্ঠতর বিষয়। তার সর্বোচ্চ আনুগত্য পাবার অধিকারী ছিলেন ঈসা আলাইহিসসালাম, সিজার নন। খৃষ্টানগণ তাদের বিশপ বা পুরোহিতকে রোমান ম্যাজিস্ট্রেটের চেয়ে বেশী শ্রদ্ধা করতো। তারা তাদের পারস্পরিক বিরোধের মীমাংসার জন্যে রাষ্ট্রের নিযুক্ত ব্যক্তিদের এড়িয়ে গীর্জার শরণাপন্ন হতো। জাগতিক বিষয়ের সাথে খৃষ্টানদের বিচ্ছিন্নতা প্যাগানদের দৃষ্টিতে নাগরিক কর্তব্য এড়ানো এবং জাতীয় শক্তিকে দুর্বল করার নামান্তর ছিলো। টারটুলিয়ান খৃষ্টানদেরকে সামরিক চাকুরীতে যোগদান না করার পরামর্শ দেন। অনেকেই এই পরামর্শ মেনে নেয়। সেই কারণেই সেলসুস এই প্রত্যাখ্যান প্রত্যাহার করার আবেদন জানান খৃষ্টানদের উদ্দেশ্যে। জবাবে ওরিগেন বলেন যে যুদ্ধে অংশ গ্রহণ না করলেও খৃষ্টানগণ সাম্রাজ্যের মংগল প্রার্থনা করবে। নেতৃস্থানীয় খৃষ্টানগণ অ-খৃষ্টানদের ক্রীড়া গুলোকে বর্বরোচিত মনে করে এড়িয়ে চলার পরামর্শ দিতো তাদের সম্প্রদায়ের লোকদেরকে। অ-খৃষ্টানদের সংগে বিয়ে নিষিদ্ধ ছিলো। মনিবেরা প্রায়ই খৃষ্টান দাসদের বিরুদ্ধে এই অভিযোগ আনতো যে এই দাসেরা তাদের স্ত্রী এবং সন্তানদেরকে ধর্মান্তরিত করে পরিবারের অনৈক্য সৃষ্টি করে। পরিবার বিনষ্ট করার অভিযোগ আনা হয় খৃষ্টবাদের বিরুদ্ধে।”^{১৪}

একদিকে সরকার অপরদিকে জনসাধারণ এই নতুন ধর্মের পথে বাধা হয়ে দাঁড়ায়। প্যাগান জনগণ বিভিন্ন কাজ থেকে খৃষ্টানদের দূরে সরে থাকার নীতি এবং নিজস্ব শ্রেষ্ঠত্ব বজায় রাখার প্রচেষ্টাকে পছন্দ করতে পারেনি। খৃষ্টানগণ প্যাগানদের দেবদেবীর উপাসনা করতো না। তাই তারা খৃষ্টানদেরকে নাস্তিক মনে করতো এবং তাদেরকে শাস্তি দেবার জন্যে কর্তৃপক্ষের কাছে আবেদন জানাতো।

“মনে হয় নীরোর সময় থেকে রোমান আইন খৃষ্টবাদ প্রচারকে প্রাণ দণ্ডে দণ্ডিত হবার মতো অপরাধ বলে গণ্য করে। তবে বহু সম্রাট এই আইন প্রয়োগের ক্ষেত্রে উদাসীন থাকেন। একজন অভিজ্ঞ খৃষ্টান সম্রাটের পাথরের মূর্তির উদ্দেশ্যে ধূপের ধোঁয়া দিয়ে নিজেই মুক্ত করে নিয়ে গোপনে তার ধর্ম প্রচার করতে পারতো।”^{১৫}

বেশ কিছু সংখ্যক রোমান সম্রাট পরমত সহিষ্ণু ছিলেন। অনেক সংস্কৃতিবান ম্যাজিস্ট্রেটও এমনি ছিলেন এবং বিজ্ঞজ্ঞানোচিত ভাবেই এই আইন প্রয়োগ করতেন। তবুও এটা সত্য যে আইনের চোখে খৃষ্টবাদ ছিলো এক অপরাধ। খৃষ্টানগণ বিভিন্ন সময়ে কয়েদ হয়েছে, বেত্রাঘাত ভোগ করেছে, নির্বাসিত হয়েছে এবং মৃত্যুদণ্ডে দণ্ডিত হয়েছে।

অরেলিয়াস-এর সময়ে এই উন্মত্ত নির্যাতন নতুন ভাবে শুরু হয়। যখন দুর্ভিক্ষ, প্লাবন, মহামারী এবং যুদ্ধ এক কালের সুখী ও সমৃদ্ধ রোমান সাম্রাজ্যকে বিপর্যস্ত করে তোলে। তখন এই ধারণার সৃষ্টি হয় যে রোমান দেবীদের প্রতি অবজ্ঞাই হচ্ছে এসবের কারণ। অরেলিয়াস জনগণের এই ভীতির অংশীদার হন। ১৭৭ সালে অরেলিয়াস নতুন মতবাদের হাওয়া ছড়িয়ে যে সব সম্প্রদায় মানুষের ভারসাম্যহীন মনকে উত্তেজিত করছে তাদের শাস্তির ব্যবস্থা করে বিধি ঘোষণা করেন। সেই বছরই ভিয়েনা এবং লিওনস-এ প্যাগান জনগণ খৃষ্টানদের বিরুদ্ধে মারমুখো হয়ে ওঠে। খৃষ্টানগণ ঘর থেকে বেরতে উদ্ধত হলে তাদের ওপর পাথর নিক্ষেপ করা হতো। সরকারী আইন বিভাগ লিওনস-এর নেতৃস্থানীয় খৃষ্টানদের নামে গ্রেপ্তারী পরোয়ানা জারী করে। নব্বই বছর বয়স্ক বিশপ পথিনাস দৈহিক নির্যাতনের ফলে জেলখানায় মৃত্যুবরণ করেন।”^{১৬}

অগাস্ট্যালিয়ানার বার্ষিক উৎসবকালে খৃষ্টানদেরকে ধরে অ্যাফিথিয়েটারে এনে তাদের ধর্মমত সশব্দে জিজ্ঞাসাবাদ করা হতো।

যারা তাদের ধর্ম মত প্রত্যাহার করতো তাদেরকে ছেড়ে দেয়া হতো। কিন্তু যারা সেই ধর্মে অটল থাকার কথা ঘোষণা করতো তাদেরকে মেরে ফেলা হতো। “খৃষ্টান সমাজে পথিনাস-এর পরেই ছিলো এটালাস-এর স্থান। তাকে উত্তম লোহার চেয়ারে জোর করে বসিয়ে দেয়া হয় এবং জ্বলেপুড়ে তিনি মৃত্যু বরণ করেন। ব্র্যাভিনা নামী এক দাসী মেয়েকে সারাদিন নিপীড়ন করা হয়; তারপর তাকে একটা বস্তার ভেতরে ঢুকিয়ে শিংয়ের গুতো খেয়ে মরবার জন্যে একটা ষাঁড়ের সামনে ফেলে দেয়া হয়।”^{১৭}

ডায়োক্লিটিয়ান-এর সময় পর্যন্ত এই অবস্থা চলতে থাকে। তিনি বাড়ন্ত খৃষ্টান শক্তির মূলোৎপাটন অথবা তাদের কাছে নত হয়ে তাদের সমর্থন লাভের কথা ভাবলেন। প্রথমে ৫০ পাস্চাত্য সভ্যতার উৎস

তিনি লড়াইয়ের পথ বেছে নেন। কিন্তু এতে তিনি ব্যর্থ হন। তিনশো পাঁচ বার উৎপীড়ন অভিযান চালিয়ে পশ্চিমাঞ্চলে তিনি তা বন্ধ করে দেন। পূর্বাঞ্চলে গ্যালেরিয়াস কয়েক বছর পর্যন্ত এই নির্যাতন চালাতে থাকেন। অবশেষে ৩১১ সালে তিনি পরমতসহিষ্ণুতার বিধি ঘোষণা করতে বাধ্য হন। ৩১২ সালের শেষের অথবা ৩১৩ সালের গোড়ার দিকে গ্যালেরিয়াসের মৃত্যুর পর তাঁর সম-শাসক কনষ্ট্যানটাইন এবং লিসিনাস মিলান রাজাজ্ঞা নামক এক নির্দেশ বলে সাম্রাজ্যের অন্যান্য ধর্মের মতো খৃষ্টবাদকেও একটা বৈধ ধর্ম রূপে মেনেন। ১৮

মিলান রাজাজ্ঞা খৃষ্টবাদের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ অগ্রগতি। এর ফলে খৃষ্টবাদ সনদ প্রাপ্ত ধর্ম রূপে স্বীকৃত হয়। খৃষ্টানদের পক্ষে অনেকগুলো সুযোগসুবিধা সৃষ্টি হয়। প্রথমতঃ এই আজ্ঞা খৃষ্টবাদ প্রচারের অধিকারের স্বীকৃতি দেয় এবং এই কাজে যে আইনগত বাধা ছিলো তা দূর করে দেয়। এর ফলে যাদেরকে ধর্মীয় কারণে রাজকীয় চাকুরী থেকে বহিস্কার করা হয়েছিলো তাদেরকে মর্যাদার সাথে পুনর্বহাল করা হয়। দ্বিতীয়তঃ এই নির্দেশের ফলে কোন ব্যক্তির আর ধর্মীয় কর্তব্য পালনে বাধা রইলো না। এভাবে তা বিশ্বাসীদেরকে খৃষ্টান বিধি মেনে চলার অধিকার প্রদান করে এবং তাদের সংঘবদ্ধ ভাবে ইবাদাত করার অধিকারও স্বীকৃত হয়। তৃতীয়তঃ এটা নির্যাতন যুগে বাজেয়াপ্তকৃত খৃষ্টান জমি এবং বিভিন্ন পুনরুদ্ধারের পথ খুলে দেয়। সর্বশেষে এটা গীর্জাকে সম্পত্তি রাখার অধিকার প্রদান করে একে একটা কর্পোরেশন রূপে স্বীকৃতি দেয়।”

কনষ্ট্যানটাইন এবং লিসিনাস এভাবে খৃষ্টবাদকে স্বীকৃতি দিয়ে যে নীতিমালা প্রবর্তন করেন তার প্রভাব ছিলো সুদূর প্রসারী। খৃষ্টানদেরকে যে স্বাধীনতা দেয়া হয় তা অন্যান্য ধর্মের অনুসারীদের স্বাধীনতার পথও উন্মুক্ত করে।

মিলান রাজাজ্ঞা পূর্বাঞ্চলীয় প্যাগান জাতিগুলোকে সমন্বিত করে রোমান ধারা প্রবর্তনের সাম্প্রতিক উদ্যোগ গুলোকে বাতিল করে দেয়। এটা রাজকীয় শক্তির এতোদিনের পোষিত মতবাদ এবং বাস্তব পদক্ষেপ গুলোকে প্রভাবিত করে।

“এটা ভুল ধারণা যে এই সময়ে বা পরবর্তী কয়েকটি বছরে তিনি (সম্রাট কনষ্ট্যানটাইন) খৃষ্টান ছিলেন। তাঁর কাজ কিন্তু একজন ভক্ত নও খৃষ্টানের কাজ ছিলো না। তিনি ধর্মান্তরিত ব্যক্তি ছিলেন না। তিনি ছিলেন একজন রক্ষক মাত্র। তিনি ধর্মীয় অনুশাসন মেনে চলতেন না। তবে তিনি তাঁর নতুন মিত্রদেরকে মূল্যবান সমর্থন দিয়ে চলছিলেন। একজন বিজ্ঞ রাজনৈতিক নায়কের মতো তিনি উভয় প্রকার ধর্মের প্রতিই তাঁর পক্ষপাতহীন মনোভাব প্রদর্শন করতেন। তিনি প্যাগান মন্দির সংস্কার করেন। নতুন শহরের প্রতিষ্ঠা বার্ষিকীতে তিনি ফরচুন দেবতার পাথর মূর্তিকে সম্মান দেখাতেন। পৌত্তলিকদের বলিদান এবং খোলা মন্দির ব্যবস্থার অব্যাহত প্রচলন থেকে বুঝা যায় যে তিনি খৃষ্টবাদকে পুরোনো ধর্মের সমপর্যায় উন্নীত করা ছাড়া আর বেশী কিছু করতে চাননি।” ১৯

“তিনশো চৌদ্দ সালে সর্বপ্রথম তাঁর মূর্তিতে ক্রস অঙ্কিত হয়। তবে তা অঙ্কিত হয় সলইনভিকটাস এবং মারস কনসারভেটর-এর প্রতিকৃতির সাথে। জীবনের শেষ ভাগ পর্যন্ত তিনি রাষ্ট্রীয় প্যাগান ধর্মমতের প্রধান পৃষ্ঠপোষকের উপাধি ধরে রেখেছিলেন। অনূগত রোমান সেনেট দীর্ঘকালের রেওয়াজ অনুসরণ করে তাঁকে দেবতাদের একজন গণ্য করতো।” ২০ এ সব কিছুই নতুন ধর্মমতের প্রতি তাঁর উদাসীন মনোভাবের পরিচয় বহন করে।

তাঁর স্থাপত্য কীর্তিও এর আরেক প্রমাণ। তিনি ১২০ ফুট উঁচু একটা পাথরের স্তম্ভ তৈরী করেন। কনষ্ট্যান্টিনোপলের প্রতিষ্ঠাতার সত্যিকার ধর্মীয় মনোভাব এতে প্রকাশ পেয়েছে। “এই স্তম্ভের শীর্ষভাগে যে পাথর মূর্তি স্থাপিত হয়েছে তাতে সূর্য, ত্রাণকর্তা এবং সম্রাটের প্রতিকৃতির সমন্বয় ঘটেছে। স্তম্ভটা আসলে এপোলোর বিশাল মূর্তি যার মুখাবয়ব কনষ্ট্যানটাইনের মুখাবয়বের মতো অঙ্কিত হয়েছে। এর মাথার চার দিকে জেরুসালেমে আবিষ্কৃত ঈসা আলাইহিস্‌সালামের জন্যে প্রস্তুত ক্রসের পেরেক গুলো লাগিয়ে দেয়া হয়েছে।” যে খৃষ্টানরা তাঁকে রাজনৈতিক ভাবে বাঁচিয়ে রেখে ছিলো তিনি যদি তাদের জন্যে অর্থ ব্যয় করে থাকেন, বড়ো বড়ো শহর ও পবিত্র ভূমিতে গীর্জা নির্মাণ করে থাকেন, ইহুদীদেরকে খৃষ্টান দাস না রাখার নির্দেশ দিয়ে থাকেন, গীর্জার অনুসারীদের উপদলীয় কোন্‌দল বন্ধ করেন, তাঁর এদিক-ওদিক যাওয়া থেকে বৃথা যায় যে তিনি ওসব আদর্শের কারণে নয় বরং পলিসির কারণেই করেছেন।” ২১

কনষ্ট্যানটাইনের তিন পুত্র তাঁদের আবার চেয়েও আরো বেশী করে খৃষ্টানদের স্বার্থ সংরক্ষণ করেন। “৩৪১ সালে দ্বিতীয় পুত্র নির্দেশ দেন যে ইতালীতে প্যাগান বলিদান প্রথা আর চলবে না। তৃতীয় কনষ্ট্যানটিয়াস ঘোষণা করেন যে কুসংস্কারের প্রশয় দেয়া হবে না এবং বলিদান আর চলবে না। একটিয়াম যুদ্ধের পরে সেনেট ভবনে অগাষ্টাস যে বিজয়-মূর্তি স্থাপন করেছিলেন তিনি তা সরিয়ে ফেলেন। তিনি মন্দির বন্ধ করে দেন। প্যাগানদের বলিদান প্রথা বন্ধ করে দেয়া হলেও শোভাযাত্রা, পবিত্রভোজ ইত্যাদি আচার-অনুষ্ঠানের অনুমতি ছিলো।” ২২

সম্রাটদের পৃষ্ঠপোষকতায় খৃষ্টান সম্প্রদায় দ্রুত বাড়তে থাকে। একমাত্র জুলিয়ান (৩৬০-৩৬৩) ছাড়া অন্যান্য সম্রাটগণ খৃষ্টবাদের পৃষ্ঠপোষকতা করেন। জুলিয়ানকে ধর্মত্যাগী বলা হতো এবং তিনি প্যাগানিজম পুনর্জীবিত করতে চেষ্টা করেন। ৩৯৫ সালে সম্রাট থিওডোসিয়াস কর্তৃক খৃষ্টবাদ রাষ্ট্রীয় ধর্মে পরিণত হয়। ২৩

রোমান সম্রাটদের নতুন ধর্ম গ্রহণ কি আন্তরিক ব্যাপার ছিলো, এটা কি ধর্মীয় অনুরাগ ছিলো, না ছিলো উঁচু পর্যায়ের রাজনৈতিক প্রজ্ঞার খেলা? সম্ভবতঃ দ্বিতীয়টাই সত্য। কনষ্ট্যানটাইনের রাজদরবারে জমতো প্যাগান পণ্ডিত এবং দার্শনিকদের ভীড়। খৃষ্টবাদের নির্দিষ্ট ইবাদাত পদ্ধতি তিনি কদাচিৎ মানতেন। বিশপদেরকে তিনি রাজনৈতিক মিত্র মনে করতেন। তাঁর রাজনৈতিক প্রাধান্য প্রতিষ্ঠার জন্যে খৃষ্টবাদ ছিলো একটা

মজবুত মাধ্যম। তিনি এই ব্যাপারে সচেতন ছিলেন যে খৃষ্টানদের নৈতিক-আচরণ, পুরোহিতদের প্রতি তাদের আনুগত্য এবং পরকালে সুখী হবার আশায় ইহকালের অসাম্য বা বঞ্জনাকে মেনে নেয়ার মনোভাব তাঁর শক্তিশালী সরকার প্রতিষ্ঠার স্বপ্নকে বিশেষভাবে সাহায্য করবে। “নিদারুণ নিপীড়নের শিকার হয়েও খৃষ্টানগণ রাষ্ট্রের বিরুদ্ধে বড় একটা বিদ্রোহ প্রদর্শন করেনি। তাদের শিক্ষকগণ তাদেরকে সরকার-শক্তির প্রতি অনুগত থাকারই তা’নীম দিয়েছে এবং সম্রাটের স্বর্গীয় অধিকারের মতবাদে দীক্ষিত করেছে। কনষ্ট্যানটাইন নিরংকুশ রাজতন্ত্রে বিশ্বাসী ছিলেন। এই ধরনের সরকার পদ্ধতির পক্ষে ধর্মীয় সমর্থন প্রয়োজন ছিলো। গীর্জার শৃংখলা এবং কর্তৃত্ব রাজতন্ত্রের সাথে মিলযুক্ত ছিলো। তিনি হয়তো আশা করেছিলেন যে বিশপ এবং পুরোহিতদের চমৎকার সংগঠন লোকদেরকে শান্ত রাখা, ঐক্যবদ্ধ করা এবং শাসন মেনে চলার মনোভাব সৃষ্টির হাতিয়ার হিসেবে কাজ করবে।” ২৪

এথেকে এটা পরিষ্কার হয় যে খৃষ্টবাদ রোমে একটা আধ্যাত্মিক এবং নৈতিক বিধান রূপে প্রবেশ করেনি; বরং তা প্রবেশ করেছে দ্রুত পতনশীল সাম্রাজ্যের শক্তি যোগাবার ব্যবস্থা রূপে। এটা সত্য যে এর ফলে রোমান সমাজের ধর্মীয় আচারে অনেক পরিবর্তন এসেছে। কিন্তু এটাও অস্বীকার করার উপায় নেই যে পূর্বতন সভ্যতার বড়ো আকৃতির অবশিষ্টাংশই তখনো ছিলো এবং তা ইসা আলাইহিসসালামের পবিত্র শিক্ষাকে তার রংয়ে রঞ্জিত করেছে। এই কালের নও খৃষ্টানেরা তাদের পূর্বসূরীদের অনুসরণ না করে নিজেদের জীবনে প্যাগান জীবন ধারার অনেক কিছুই মেনে চলতো। “মধ্য যুগীয় সাধু ব্যক্তিদের মাঝে গ্রীক দেবতারাই ভিন্ন রূপে আবির্ভূত হয় এবং খৃষ্টান মুখোশ পরে বহু প্যাগান আচার টিকে থাকে। ব্যাসিলের মতো কিছু খৃষ্টান জাগতিক জীবনের প্রভাব থেকে আত্মাকে বাঁচাবার আশায় মঠ-জীবন বা নিঃসংগ জীবন যাপন শুরু করে। কিন্তু বেশীর ভাগ লোকই গতানুগতিক ধারায় জীবন-যাপন করতে থাকে।” ২৫

ধর্ম মানে ভক্তি এবং ভক্তির মাধ্যমে চরিত্র সৃষ্টি। অধর্ম বা ধর্মনিরপেক্ষতাবাদ হচ্ছে ভক্তিহীনতা। এই ক্ষেত্রে সর্বোচ্চ কোন অভিলাষের অভাবে কামনা-বাসনা হয় বহুমুখী। ধর্মনিরপেক্ষতাবাদী মূল্যবান মুক্তা খুঁজে পায় না যার জন্যে ছোট খাটো জিনিষ ত্যাগ করা যায়। অন্যান্য সব স্বর্গীয় ধর্মের মতোই খৃষ্টবাদ কাজের একমাত্র নীতি হিসেবে বিশ্ব-বিধাতার প্রতি পরিপূর্ণ নিষ্ঠার ওপরই গুরুত্ব আরোপ করে। গসপেল অব মার্ক বলে, “তুমি তোমার প্রভুকে ভালোবাসবে তোমার সবটুকু অন্তর, তোমার সবটুকু আত্মা, তোমার সবটুকু মন এবং তোমার সবটুকু শক্তি দিয়ে।” ২৬ এই বাক্যের মধ্যে ‘তোমার সবটুকু’ কথাটা চারবার বলা হয়েছে। আমাদের কিছুই রাখা যাবেনা। স্বর্গীয় সত্তার দিকে নিয়োজিত নয়। এমন কোন ভক্তি, চিন্তাভাবনা এবং স্বার্থ আমাদের থাকতে পারবেনা।” ২৭

খৃষ্টবাদ মানব সমাজের নৈতিকতা এবং বুদ্ধিবৃত্তিকে উজ্জীবিত করতে চেয়েছে। প্রথম যুগের খৃষ্টানদের জীবনী পড়লে এবং তাদের সুউচ্চ জীবনাদর্শের সাথে পরিচিত হলে অবাক হতে হয়। আদর্শকে কার্যকর করতে গিয়ে সমস্যার আবর্তে পড়ে তারা যে ধৈর্যের

পরিচয় দিয়েছে তা দেখে আরো বেশী অবাক হতে হয়। এই ক্ষেত্রে আমরা দ্বিতীয় শতকে জাষ্টিন মার্টার সম্রাট পিয়াসকে লক্ষ্য করে যে আবেদন রেখেছেন তার উল্লেখ করতে পারি। তিনি বলেন “খৃষ্টান হবার আগে আমরা লাম্পটো আনন্দ পেতাম। এখন আমরা আনন্দ পাচ্ছি পবিত্র জীবন যাপনে। আমরা যাদু চর্চায় অভ্যস্ত ছিলাম। আমরা এখন মহান প্রভুর-যাঁকে কেউ জন্ম দেয়নি-প্রতি উৎসর্গীকৃত। আমরা আগে টাকা পয়সা এবং অন্যান্য সম্পদের খুব কদর করতাম। এখন আমরা ওসব নিঃস্ব ও স্বপ্নহীনদের সাথে ভাগ করে নিই। আগে আমরা একে অপরকে ঘৃণা ও হত্যা করতাম এবং ভিন্ন জাতীয় কোন আগন্তুককে আমাদের গেটের ভেতরে প্রবেশ করতে দিতাম না। কিন্তু ঈসার আগমণের পর আমরা শান্তিতে বসবাস করছি। আমরা আমাদের দূশমনদেরও কল্যাণ কামনা করি। যারা আমাদেরকে অন্যায়ভাবে ঘৃণা করে আমরা তাদের মন জয় করতে চাই যাতে ঈসার মহান শিক্ষাকে গ্রহণ করে তারা আমাদের সাথে বিশ্ব-বিধাতার পুরস্কার লাভের আশা করতে পারে।” ২৮

ঈসা আলাইহিসসালামের পুত্র পবিত্র জীবন যাপনের আকাংখা তাঁর শিষ্যদের মাঝেও দেখা যেতো এবং তাদের মাধ্যমে আরো বহু মানুষের মাঝে ছড়িয়ে পড়ে তাদের মন-মানসিকতাকে অতি দ্রুত পরিবর্তিত করে ফেলে। এই নতুন শক্তি মানুষের জীবনধারায় বড়ো রকমের পরিবর্তন ঘটায়। বিধাতার রাজ নামে মানব সমাজে একটা নতুন পদ্ধতি অস্তিত্ব লাভ করতে থাকে যেখানে মানুষ স্বর্গীয় পিতার অভিলাষ অনুযায়ী তাঁর প্রতি আনুগত্যশীল এবং ঐক্যবদ্ধ জীবন যাপন করবে। হতোদ্যম মানুষের মাঝে তা আত্মবিশ্বাস সৃষ্টি করে, তাদের মাঝে নিরাপত্তা এবং স্বাধীনতা বোধ জাগিয়ে তোলে যার ভিত্তি ছিলো এই আধ্যাত্মিক বিশ্বাস যে বাস্তবতার গভীরে রয়েছে এক মন এবং ইচ্ছা শক্তি যার কাছে মানব জাতি অতি প্রিয়।

মানব ইতিহাসে এর চে’ বেশী দুঃখজনক আর কিছু নেই যে রোমে খৃষ্টবাদকে নৈতিক পুনরুজ্জীবনের ধর্ম রূপে গ্রহণ না করে সাম্রাজ্যের মজবুতির জন্যে রাজনৈতিক হাতিয়ার রূপে গ্রহণ করা হয়। তাই ধর্মান্তরিত রোমানদের মাঝে আমরা চমৎকারিত্বের সেই ঝিলিক দেখতে পাই না যেটা আমরা দেখেছি ঈসা আলাইহিসসালামের প্রথম যুগের অনুসারীদের মাঝে। অবিবেচক রাজনীতিবিদ এবং রাষ্ট্রনায়কদের নিয়ন্ত্রণের ফলে পবিত্র মতবাদ ক্ষয়িষ্ণু চিন্তাধারার সাথে মিশে যায়। এই মিশ্র ধর্মটা আবার জনগণের সমাদৃতি লাভ করে। এতে শ্রিয়মান প্যাগান ধ্যান ধারণা নব জীবন লাভ করে। তবুও খৃষ্টবাদ রোমান চিন্তা, প্রতিষ্ঠান, আইন এবং আচরণের ওপর গভীর প্রভাব রাখতে সক্ষম হয়। এটা রোমান জগতকে তা সরবরাহ করেছে যা পেতে উদগ্রীব ছিলো সেখানকার বহু লোক। যারা উঁচু নৈতিকতার তালাশে ছিলো এটা তাদেরকে এক চমৎকার নৈতিকমান সরবরাহ করেছে। খৃষ্টবাদ ইবাদাতে অগ্রহী এবং পারস্পরিক সহযোগিতা দানে মনোযোগী এক সম্প্রদায় গড়ে তোলে যা গরীব, কর্মক্ষমতাহীন এবং বৃদ্ধদের যত্ন নিতো। অতীতে ষ্টোয়িক মতবাদের মাঝে মানবতা তালাশ করা হতো। এবার খৃষ্টানদের প্রভাবে পরিবর্তিত

এটা একটা নতুন অর্থ নিয়ে আত্মপ্রকাশ করে। ব্যক্তি সত্তার প্রতি শ্রদ্ধা, মানব জীবনের মূল্য, দানশীলতা, ভাবাবেগের তত্ত্বাবধান এবং দাস, নারী ও শিশুদের প্রতি গৃহীত দৃষ্টিভঙ্গির মাঝে এর প্রকাশ ঘটে।

ঋণহত্যা রোমান সমাজে ব্যাপকভাবে প্রচলিত হয় এবং এটাকে মোটেই কোন অপরাধ মনে করা হতো না। গীর্জার প্রভাবে এটা শিশু হত্যার মতোই অপরাধ বলে গণ্য হয় এবং মানুষের মনে এই অপরাধের ভয়াবহতা সম্বন্ধে ধারণা দেবার জন্যে এই অপরাধের কঠোর শাস্তিরও ব্যবস্থা করা হয়। "প্রাথমিক কালের এবং মধ্যযুগের খৃষ্টানদের অনুভূতি এজন্যেই বেশী পীড়িত হচ্ছিলো যে এসব শিশুরা খৃষ্টবাদে দীক্ষিত হবার আগে নিহত হচ্ছিলো। ঋণহত্যাকে জঘন্য অপরাধ গণ্য করা হতো। এজন্যে যে তা কেবল ক্ষণস্থায়ী মানব জীবনের পরিসমাপ্তিই ঘটচ্ছিলো না, আত্মার নরক-শাস্তির কারণও হচ্ছিলো।"২৯

ঋণহত্যার মতোই "শিশু হত্যা গ্রীকদের মাঝেও ব্যাপকভাবে প্রচলিত ছিলো। প্রেটো এবং এরিস্টোটলের সর্বোচ্চ সুখ মতবাদের প্রভাব লাইকারগাস এবং সলোন-এর আইনের ফলে বৈধতা লাভ করে। লোকেরা ভাবে যে সমাজের বৃহত্তর স্বার্থে জনসংখ্যা বৃদ্ধির প্রতিরোধ করা দরকার এবং যতদূর সম্ভব রাষ্ট্র অনুৎপাদনশীল ব্যক্তিদের ভারমুক্ত থাকা দরকার। তাই তারা সিদ্ধান্ত নেয় যে শিশুদের, বিশেষ করে পঞ্চ ও এবং ব্যাধিগ্রস্ত শিশুদেরকে কষ্ট না দিয়ে হত্যা করা একটা সামাজিক কল্যাণ।"৩০

রোমে গোড়ার দিকে সন্তানের বাঁচা মরার ব্যাপারে আবারো ক্ষমতাবান মনে করা হতো। শিশু হত্যার অনুমতি বিভিন্ন কায়দায় হয়েছিলো। "কিন্তু রোমিউলাস-এর সময় থেকে প্রচলিত একটা পুরোনো আইন আবারো তার সব পুত্র সন্তান এবং কমপক্ষে তার বড়ো কন্যাকে প্রতিপালন করতে বাধ্য করে এবং সুস্থ দেহী কোন সন্তানকে তৃতীয় বছর অতিবাহিত না হওয়ার আগে হত্যা করা নিষিদ্ধ করে দেয়। তবে সেই আইন পাঁচ জন নিকটাত্মীয়ের সম্মতিক্রমে কোন বিকলাঙ্গ সন্তানকে ঘর থেকে তাড়িয়ে দেবার অনুমতি প্রদান করে।"৩১ এই কাজটাকে শিশুহত্যা বলে ধরা হতো না। কাজটা নিন্দীয় ছিলো বটে, তবে আইনের চোখে শাস্তি যোগ্য ছিলো না। ব্যাপকভাবে সংঘটিত হতে থাকে এই কাজ। এর প্রতি লিখকগণ উদাসীন মনোভাব প্রদর্শন করেন। নিঃস্বল আবা আশ্বার ক্ষেত্রে এটাকে তো মামুলী অপরাধই মনে করা হতো।

গীর্জা এই জঘন্য কাজের প্রতিবাদ করে। অনুনয় বিনয় করে, বুঝিয়ে শুনিয়ে গীর্জা এই অপরাধ সম্বন্ধে লোকদের মনে চেতনা জাগাতে থাকে। লোকদেরকে বুঝানো হয় যে কোন অচেতনা আগন্তুকের নির্দয় হাতে এভাবে শিশুদেরকে তুলে দেয়া শিশু হত্যার চেয়ে কম অপরাধের কাজ নয়। দেওয়ানী আইনেও গীর্জার প্রভাব পড়ে। "কনষ্ট্যানটাইন যে বছর খৃষ্টবাদকে মেনে নেন সেই বছর তিনি এক ফরমানে বলেন যে নিঃস্বল আবা আশ্বা যেসব সন্তানের ভরণ পোষণ করতে পারে না সেসব সন্তান প্রতিপালনের দায়িত্ব

রাষ্ট্রের। এই নির্দেশ প্রথমে ইতালীর জন্যে ঘোষিত হয়। ৩২২ খৃষ্টাব্দে তা আফ্রিকাতেও কার্যকর করা হয়।^{৩২}

এটা সঠিক ভাবে বলা সম্ভব নয় এই নির্দেশের ফলে শিশুহত্যা কি হারে হ্রাস পায়। সতবে এটা জোর দিয়ে বলা যায় যে গৃহ থেকে বিভাঙিত শিশুদের নিয়ে যে ব্যবসা চলছিলো খৃষ্টবাদের প্রভাবে সেটার পাবলিসিটি বন্ধ হয়ে যায় এবং জনগণের মনে এই অপরাধের অনুভূতি তীব্র হতে থাকে। তদুপরি খৃষ্টানদের দান এবং সেবা কর্মসূচীর ফলে চরম দৈন্য- যা অপরাধের অন্যতম কারণ ছিলো- হ্রাস পেতে থাকে।^{৩৩}

শিশু জীবন রক্ষার ক্ষেত্রে খৃষ্টবাদের প্রভাব ছিলো অতি বড়ো। গ্যাডিয়েটার শো বন্ধ করে খৃষ্টবাদ মানব জাতির নৈতিক ইতিহাসের ওপর বড়ো রকমের প্রভাব রাখতে সক্ষম হয়।

এগুলো ছিল নিছক হত্যাকাণ্ড যে গুলোর জন্যে নায়ক এবং দর্শকমন্ডলী সরাসরি প্রভুর নিকট দায়ী ছিলো। * প্রথম যুগের খৃষ্টানদের প্রভাবেই এসব শো বন্ধ হয়ে যায়। ঐতিহাসিকগণ গভীর সন্তোষের সংগে এটা লক্ষ্য করতে পারেন। এই ক্রীড়া রক্তপাত ঘটাতো। তদুপরি মানুষের মনে উদাসীনতার অনুভূতি ছড়িয়ে এটা ভয়ানক ক্ষতি সাধন করতো। এটা ছিলো মানবতার মানোন্নয়নের পথে এক বড়ো বাধা।^{৩৪}

খৃষ্টবাদ মানুষকে জীবনের প্রতি শঙ্কানীল হতে শেখায়। তাই আত্মহত্যা ছিলো অতীব নিন্দনীয়। *অবশ্য গোড়ার দিকে গীর্জা দু'ধরণের আত্মহত্যার ব্যাপারে দ্বিধাগ্রস্ত বা নমনীয় ছিলো। নির্যাতনের ফলে যে উন্নততা সৃষ্টি হতো সেই সময়ে এবং শহীদ হলে জীবনের সব পাপ মুছে যায় এই বিশ্বাস নিয়ে প্যাগান বিচারকদের কাছে হাজির হয়ে শাহাদাত দাবী করা কোন বিরল ঘটনা ছিলো না। কোন কোন ধর্মীয় লিখক এদের যথেষ্ট প্রশংসা করেছেন। কিন্তু বেশীর ভাগ লিখক এবং গীর্জার কর্তৃপক্ষ এদের নিন্দা করেছেন।^{৩৫}

মানব জীবনের মর্যাদার অনুভূতি জাগাবার জন্যে খৃষ্টবাদ আর কি অবদান রেখেছে তা বিশ্লেষণ করতে গিয়ে আমরা সংশ্লিষ্ট আরেকটা ক্ষেত্রে এসে পড়ি। খৃষ্টবাদ মানব সমাজে জাতৃত্ব এবং পরহিতৈষী চেতনার বিকাশ ঘটিয়েছে।

প্রথমে আমরা দাস প্রথা নিয়ে আলোচনা করবো। * প্যাগান সমাজ থেকে খৃষ্টান সম্রাটদের কাছে যে দাস প্রথা আসে তাতে দু'টো বিদ্রোহাত্মক বৈশিষ্ট্য ছিলো। এর একটা ছিলো দাসদের বিবাহের আইনগত স্বীকৃতির অনুপস্থিতি এবং অপরটি ছিলো তাদের ওপর মনিবদের অত্যাচার করার অধিকার।^{৩৬} জাষ্টিনিয়ানের আগে খৃষ্টান সম্রাটগণও এই বিষয়টার দিকে বিশেষ মনোযোগ দেয়নি। কনষ্ট্যানটাইন অবশ্য দাস পরিবারকে বিক্ষিপ্ত করে ফেলাকে নিষিদ্ধ করেন। আরেকটা গুরুত্বপূর্ণ আইন দাসত্ব মোচনের কাজটাকে পবিত্র বৈশিষ্ট্যমণ্ডিত করে। এই আইন অনুযায়ী দাসত্ব মোচন কাজ অনুষ্ঠিত হতো গীর্জাতে এবং প্রায়ক্ষেত্রে রোববারে। ইহুদী মনিবদের হাত থেকে খৃষ্টান দাসদেরকে মুক্ত করার উদ্দেশ্যে কিছু পদক্ষেপও নেয়া হয়। দু'তিন ক্ষেত্রে দাসদেরকে মুক্তি দেয়া হয়েছে

এই শর্তে যে তারা অপরাধীদের খোঁজ খবর দেবে। স্বাধীন এবং দাস শ্রেণীর মধ্যে বিয়ে কঠোরভাবে নিষিদ্ধ ছিলো। একজন স্বাধীনা মেয়েলোক তার দাসের সংগে যৌন কাজ করলে কনষ্ট্যানটাইনের নির্দেশ ছিলো মেয়ে লোকটিকে হত্যা করতে হবে এবং দাসটিকে জীবন্ত পুড়িয়ে ফেলতে হবে।^{৩৭}

দাস প্রথা কিন্তু বৈধ প্রতিষ্ঠানরূপে টিকে থাকে। খৃষ্টবাদও একে স্বীকৃতি দেয়। গীর্জার শাস্তিদান আইনে একজন স্বাধীন ব্যক্তি এবং একজন দাসের প্রতি কৃত অপরাধের মাঝে পার্থক্য করণকে অস্বীকার করা হয়েছে। “মঠবাসীদের মতো দাসদের জীবনের সাথে দারিদ্র্য এবং শ্রমকে যুক্ত করে তাদের প্রতি একটা নৈতিক মর্বাদা আরোপ করা হয়েছে।”^{৩৮}

মনিবগণ গভীর ঘৃণার দৃষ্টিতে দাসদের দিকে তাকাতে। খৃষ্টবাদ তা দূর করে। খৃষ্টবাদ নৈতিকতা উজ্জীবনের এমন এক আন্দোলন শুরু করে যা দাসদের মুক্তির পথ প্রশস্ত করতে থাকে। দাস মুক্তিকে কর্তব্য মনে করা হতো না বটে, তবে একে অতীতের পাপের প্রায়শ্চিত্ত করার একটা উপায় বলে মেনে নেয়া হয়। “কথিত আছে যে সেন্ট মেলানিয়া আট হাজার দাসকে মুক্তি দেন। গলের শহীদ সেন্ট ওভিডিয়াস পাঁচ হাজার, ডায়োক্লিটিয়ানের যুগের রোমান প্রিফেকট ক্রোমেটিয়াস এক হাজার চার শো এবং টোজানের শাসন কালের একজন প্রিফেকট হার্মিস এক হাজার দু’শো পঞ্চাশ জন দাস মুক্ত করেন। পোপ সেন্ট গ্রেগরী, সেন্ট অগাষ্টাইনের অধীনস্থ হিম্মোস্থিত পুরোহিতগণ এবং অন্যান্য ব্যক্তিবর্গ পুন্য লাভের আশায় তাঁদের দাসদেরকে মুক্ত করে দেন। জাতীয় বা ব্যক্তিগত শুকরিয়া আদায়ের দিনে, রোগ মুক্তির পরে, সন্তানের জন্মোপলক্ষে এবং মৃত্যুলাঞ্চে দাস মুক্ত করাটা রেওয়াজে পরিণত হয়। অনেক সনদ এবং স্মৃতিস্তম্ভে উৎকীর্ণ লিপি থেকে জানা যায় যে মধ্য যুগে বহু ব্যক্তি আত্মার কল্যাণ হাসিলের জন্যে তাদের দাসদেরকে মুক্তিদান করেন।”^{৩৯}

অবশ্য কনষ্ট্যানটাইনের পরেও ইউরোপে আটশো বছর পর্যন্ত দাস প্রথা চালু থাকে। এর রূপ কিছুটা পান্টালেও প্যাগান যুগের চেয়ে খৃষ্টান যুগে দাসদের সংখ্যা কমেই বরং বেড়েছে।

খৃষ্টবাদ দানকে একটা মৌলিক পুণ্যের কাজে পরিণত করেছে। পুণ্যকাজের মধ্যে একে অন্যতম শীর্ষস্থানীয় কাজ বলে গণ্য করা হয়েছে। “এ ক্ষেত্রে খৃষ্টবাদ একটা পূর্ণ বিপ্লবই ঘটিয়েছে। খৃষ্টবাদ গরীব শ্রেণীকে এর প্রবর্তকের বিশেষ প্রতিনিধিরূপে চিত্রিত করেছে। এভাবে তা মানুষের ভালোবাসাকে নয়, ঈসার (আলাইহিস সালাম) ভালোবাসাকেই দানের মূল ভিত্তিতে পরিণত করেছে।”^{৪০}

দানশীলতার উৎসাহ-উদ্দীপনা প্রকাশ পায় বিভিন্নস্থানে অগণিত দাতব্য প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে। প্যাগান জগতে এমনি তরো ব্যাপার ছিলো সম্পূর্ণরূপে অজানা। গরীবদের প্রতি এই ভালোবাসার ফলে বহু লোক পার্থিব স্বার্থ কুরবান করে। আবার বহু

লোক কষ্টকর এবং বিপদময় অবস্থার চাপে পড়ে তাদের জীবনের একমাত্র লক্ষ্যরূপে স্থির করে নেয় মানবতার দুঃখ মোচন প্রচেষ্টাকে।

মানুষের দয়ার অনুভূতিকে জাগাতে খৃষ্টবাদ অনেকাংশেই সফল হয়েছে। যদিও এই আলোচনা অপূর্ণাংগ, তবুও এথেকে বুঝা যায় কতো বড়ো এবং সুস্থ প্রভাব খৃষ্টবাদ সমাজের ওপর রাখতে সক্ষম হয়। ঈসা আলাইহিস্ সালামের শিক্ষার ফলেই মানব জীবনের মর্যাদার ধারণা আবার জীবিত হয়, শিশুরা নিরাপত্তা পায়, দাসেরা পায় মুক্তি, বর্বর আমোদ-প্রমোদ বর্জিত হয় এবং অসংখ্য দাতব্য প্রতিষ্ঠান প্রতিষ্ঠা লাভ করে।

এই বিষয়ে আলোচনা শেষ করার আগে আমরা একটু থেমে দেখে নিতে পারি কি করে খৃষ্টবাদ গ্রীস এবং রোমের উত্তরাধিকার সঞ্ছন্ন করতে গিয়ে ভিন্ন রং ধারণ করেছে। প্রথমেই প্রয়োজন ঈসা আলাইহিস্ সালামের খৃষ্টবাদ এবং সাধারণ মানুষের তৈরী যাজকীয় খৃষ্টবাদের পার্থক্য উপলব্ধি করা। প্রথমটা ছিল আন্নাহর দান। দ্বিতীয়টা ছিলো মানুষের চিন্তা-ভাবনার ফসল। ফলে দ্বিতীয়টা পূর্ণভাবে ট্রেটি-বিচ্যুতির উর্ধে ছিলো না। একজন যাজকীয় ইতিহাসবেত্তা খৃষ্টবাদের ভেজাল সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন, “একটা স্বচ বিশুদ্ধ ঝর্ণাধারা স্বর্গীয় কুয়াসা-বিন্দুতে ভরপুর নালা থেকে পানি সঞ্চিত হয়ে কালক্রমে একটা নদীর রূপ নিয়ে যখন দীর্ঘ ও আঁকাবাঁকা পথে এগুতে থাকে, তখন যে মাটির ওপর দিয়ে তা এগুতে থাকে সেই মাটির কিছুটা রংও সে পেয়ে থাকে।” অনুরূপভাবে পরিস্থিতির চাপে খৃষ্টবাদ তার মৌলিকত্ব থেকে অনেক স্থলেই সরে পড়ে।

খৃষ্টীয় চতুর্থ শতাব্দী ছিলো ধর্মের ইতিহাসে এক যুগ সন্ধিক্ষণ। এই সময় খৃষ্টবাদে হেলেনিক চিন্তা অনুপ্রবেশ করে। আর রোমান সাম্রাজ্য গ্রহণ করে খৃষ্টবাদকে। এর ফলে ওহীর পরিবর্তে দর্শনই সত্যে উপনীত হবার রাজপথ রূপে বিবেচিত হতে থাকে। অর্থাৎ গসপেল গুলোকে গ্রীক দর্শনের দৃষ্টিতে দেখা হয় এবং বিশ্লেষণ করা শুরু হয়। এতে ওগুলো অনেকাংশে বিকৃত এবং দুর্বোধ্য হয়ে পড়ে। “এর সুস্পষ্ট প্রমান টিনিটি বা ত্রিত্ববাদ যার কোন উল্লেখই নেই পবিত্র গ্রন্থ সমূহে এবং যা সর্বপ্রথম এন্টিককের বিশপ থিওফিলাস কর্তৃক উপস্থাপিত হয়েছে বলে মনে হয়।”^{৪১}

আত্মা এবং বস্তুর পৃথকীকরণ ছিলো প্রকৃত পক্ষে হেলেনিজমের অন্যতম মতবাদ। ইহুদী ঐতিহ্য এবং ঈসা আলাইহিস্ সালামের শিক্ষার বিপরীত এই দৃষ্টিভঙ্গি বস্তুকে মন্দ এবং নিখাদ আত্মাকে ভালো জিনিস বলে জ্ঞান করে। “এই মতবাদ মানুষকে দেহ এবং আত্মার যৌগিক বিষয় বলে বিবেচনা করে। এই মতবাদের মতে মানুষের চেষ্ঠা সাধনার লক্ষ্য হচ্ছে দেহের ভেজাল থেকে আত্মাকে মুক্ত করে নাজাত লাভ করা। পাপের উপস্থিতির হিসাবের একটা পথ পাওয়া গেলো যা অবতারবাদের উপস্থাপিত বিষয়ের সাথে সামিল ছিলো। বহু খৃষ্টান এতে আকৃষ্ট হন।”^{৪২} এটা বিশ্বয়ের ব্যাপার নয় যে এই দৃষ্টিভঙ্গি মঠ কেন্দ্রিক জীবন গড়ার আন্দোলনে বিকশিত হয় এবং খৃষ্টবাদের সমান গতি

নিয়েই সর্বত্র ছড়িয়ে পড়ে। কথিত আছে যে চতুর্থ শতাব্দীর গোড়ার দিকে সেন্ট পেথোমিয়াস তাঁর অধীনে সাত হাজার মঠবাসী জড়ো করেন। সেন্ট জেরোম-এর সময়ে ঈষ্টার উৎসবে পঞ্চাশ হাজার মঠবাসী একত্রিত হয়। নিটিয়ার একজন এবোটের অধীনেই ছিলো পাঁচ হাজার মঠবাসী। অক্সিরিনকাস নামের এক মিসরীয় শহরের প্রায় সবাই কৃষ্ণ জীবন যাত্রায় নিজেদেরকে উৎসর্গ করে দেয় এবং এদের মধ্যে বিশ হাজার কুমারী ও দশ হাজার মঠবাসী সন্ন্যাসী ছিলো। সেন্ট পেরাপিয়ানের অধীনে দশ হাজার মঠবাসী ছিলো। ৪র্থ শতকের শেষভাগে সারা মিসরে মঠবাসী সন্ন্যাসীদের সংখ্যা শহর গুলোর সামগ্রিক জনসংখ্যার কাছাকাছি এসে দাঁড়ায়।^{১৪৩}

মানব ইতিহাসের আর কোন অধ্যায়ে বোধ হয় বৈরাগ্যবাদ এমন ব্যাপক আকার ধারণ করেনি। জ্ঞান, দেশ-প্রেম ও হৃদয় বৃত্তির প্রতি উদাসীন, হীন, ভয়ানক ও কাহিল পাগলাটে মানুষ দীর্ঘকাল ধরে আত্মনিগ্রহ করে চলছে এবং মনগড়া প্রতিমূর্তির সামনে সংকুচিত হচ্ছে-প্রেটো ও সিসেরোর লিখা এবং সক্রুটিস ও কেটোর জীবনের সাথে পরিচিত মানুষ গুলোর আদর্শ এই রূপটাই নিলো অবশেষে।^{১৪৪} অংগ প্রত্যংগের শীর্ণতাকেই চরম উৎকর্ষের লক্ষণ বলে গ্রহণ করা হয়। লেকি(Leckey) -এর বর্ণনা আমাদের সামনে এই দুঃখজনক অবস্থার একটা চিত্র তুলে ধরে। তিনি লিখেন, সেন্ট জেরোম সপ্রসংসভাবে ঘোষণা করেন যে তিনি এক মঠবাসীকে ত্রিশ বছর যাবত প্রতিদিন এক খন্ড যবের রুটি এসং সামান্য পরিমাণ ঘোলা পানি খেয়ে জীবন যাপন করতে দেখেছেন। দ্বিতীয় একজনকে একটা গর্তে বাস করতে এবং প্রতিদিন পাঁচটা ডুমুর খেয়ে জীবন ধারণ করতে দেখেছেন। তৃতীয় একজন কেবল ঈষ্টার সানডেতে তার চুল কাটতো, ময়লা কাপড় চোপড় পরতো, পরনের পোশাক ছিন্নভিন্ন না হওয়া পর্যন্ত তা খুলতো না, চোখের দৃষ্টি ঝাপসা ও গায়ের চামড়া পাথরের মতো না হওয়া পর্যন্ত উপোষ করতো। তার এসব বৈশিষ্ট্য বর্ণনা করা মহা কবি হোমারের পক্ষেও কষ্টের ব্যাপার হতো। কথিত আছে যে আলেকজান্দ্রিয়ার সেন্ট ম্যাকেরিয়াস ছ'মাস যাবত একটা জলাভূমিতে ঘুমিয়েছেন এবং তাঁর শরীর উন্মুক্ত করে বিষধর মাছি গুলোকে কামড়াবার সুযোগ দিয়েছেন। তিনি তাঁর দেহে আশি পাউন্ড লোহা বহন করতেন। তাঁর শিষ্য সেন্ট ইউসেবিয়াস একশো পঞ্চাশ পাউন্ড লোহা শরীরে বহন করতেন। তিনি তিন বছর একটা শুকিয়ে যাওয়া কুয়ার ভেতর কাটিয়েছেন। সেন্ট স্যাবাইনাস একমাস পর্যন্ত পানিতে পচানো শস্যাদান খেতেন। সেন্ট বেসারিয়ন চল্লিশদিন ও চল্লিশ রাত কাঁটা ঝোপের মধ্যে থাকেন এবং চল্লিশ বছর বিছানায় গা না লাগিয়ে ঘুমিয়েছেন। সেন্ট পেথোমিয়াস শেফোক্ত কাজটি করেন পনের বছর ধরে। সেন্ট মারসিয়ানের মতো কিছু সাধু ব্যক্তি দিনে একবার সামান্য আহার করতেন এবং সারাদিন ক্ষুধায় ছটফট করতেন। এক ব্যক্তি প্রতিদিন ছ'আউন্স রুটি এবং কয়েক টুকরা ওষধি খেতেন। তাঁকে কোনদিন বিছানায় শুতে দেখা যায় নি। এমনকি ঘুমোবার কালে হাত পা গুলোকেও আরামে রাখতেন না তিনি। ক্লাস্তির কারণে আহার কালে কখনো কখনো তাঁর চোখ বৃজে আসতো এবং মুখ থেকে খাবার

পড়ে যেতো। কিছু সংখ্যক সাধু একদিন অন্তর খাবার খেতেন। কেউ কেউ এক সপ্তাহ যাবত উপোষ থাকতেন বলেও উল্লেখ পাওয়া যায়। আলেকজান্দ্রিয়ার সেন্ট ম্যাকেরিয়াস সম্বন্ধে বলা হয় যে এক সপ্তাহ যাবত তিনি শুতেন না, কিছু খেতেন না এবং রোববারে কিছু কীচা লতা বা গাছের মূল খেতেন। সেন্ট জন সম্বন্ধে কথিত আছে যে তিনি একটা পাথরে হেলান দিয়ে দাঁড়িয়ে উপাসনা রত ছিলেন। আরো বলা হয় যে এ সময়ে তিনি একবারও বসেননি বা মাটিতে গা লাগাননি। প্রতি রোববার তাঁকে প্রভুর উদ্দেশ্যে উৎসর্গীকৃত কিছু অংশ দেয়া হতো এবং শুধু তা খেয়েই তিনি জীবন ধারণ করতেন। কিছু সংখ্যক সন্ন্যাসী বুনো জন্তু-জানোয়ারের পরিত্যক্ত গুহাতে বাস করতেন। কেউ কেউ বাস করতেন শুকিয়ে ঝাওয়া কুমার ভেতর। সমাধি-সৌধেও স্থান নিতেন কোন কোন জন। কিছু সংখ্যক সন্ন্যাসী কাপড় চোপড় হুণা করতেন, হামাগুড়ি দিয়ে অন্যত্র যেতেন এবং তাঁদের দীর্ঘ চুল দাঁড়ি গৌফই হতো তাদের শরীরের আবরণ। মেসোপটেমিয়া এবং সিরিয়ার একাংশে স্লেজার নামে একটা সম্প্রদায় আত্মপ্রকাশ করে। এই সম্প্রদায়ের সাধুরা খোলাজায়গায় বসবাস করতো। তারা গোশত খেতো না, রুটি খেতো না, পাহাড়েই জীবন কাটাতো এবং পশুর মতো ঘাস খেতো।

শরীর পরিষ্কার করাকে আত্মশুচিত করার কাজ মনে করা হতো এবং সব প্রশংসিত ব্যক্তি নোড্রামীর এক একটা ডেপো ছিলেন। সেন্ট এথানেসিয়াস সোৎসাহে বর্ণনা করেন কিভাবে সেন্ট এটোনি বার্ষিক্যকাল পর্যন্ত তাঁর পা ধোয়ার পাপ করেননি। সিলভিয়া নামের এক কুমারী ষাট বছরের বৃদ্ধা হয়েও ধর্মীয় কারণে তাঁর আংগুল ছাড়া আর কোন অংশ ধুতে দৃঢ়ভাবে অস্বীকার করেন। সেন্ট ইউফ্রেনিয়া একশো ত্রিশজন কুমারীর একটা কনভেন্টে যোগদান করেন। ওরা কোনদিন তাদের পা ধোয়নি এবং গোসলের কথা শুনলে তারা আতর্কে ঝুঁতো। কোন মঠবাসী পরিচ্ছন্ন হলে তার জন্যে তাকে গালমন্দ শুনতে হতো। এবোট আলেকজান্ডার বলেন, “আমাদের পূর্ব পুরুষেরা ভারাক্রান্ত মনে অতীতের দিকে তাকিয়ে তাদের চেহারায় কখনো পানি লাগাননি, অথচ আমরা গোসলখানায় যাচ্ছি প্রায়ই।” এই সেন্ট বীভৎস ভাবে তাঁর কৃচ্ছতার জীবন শুরু করেন। তিনি তাঁর শরীরে একটা রশি এমনভাবে বেঁধে ছিলেন যে এর ফলে শরীর কেটে তাতে পচন ধরে শরীর থেকে জীবন দুর্গন্ধ বের হতে থাকে এবং নড়াচড়া করলে তাঁর শরীর থেকে পোকা ঝরে পড়তো। এক বর্ণনা থেকে জানা যায় যে সেন্ট সাইমিওন এক বছর কাল পায়ে ভর করে দাঁড়িয়ে থাকেন। তাঁর অপর পায়ে ছিলো মারাত্মক ক্ষত। তাঁর জীবনীকারকে তিনি নিকটে দাঁড়িয়ে থেকে ঝরে পড়া পোকা গুলো আবার শরীরে তুলে দেবার জন্যে বলতেন। সেন্ট পোকা গুলোর উদ্দেশ্যে বলতেন, “খা, গড় যা তোদের খেতে দিয়েছেন।” ৪৫

এসব বর্ণনা সুস্পষ্ট এবং এ গুলোর ওপর মস্তব্য নিশ্চয়োজন। এর কোন কোনটাতে কিছুটা ভুল তথ্য থাকতে পারে। কিন্তু ঈসা আলাইহিসসালামের শিষ্যদের মাঝে পুণ্য এবং উৎকর্ষতার যে মতবাদ প্রচলিত ছিলো এ গুলো তা সুস্পষ্টভাবে ব্যক্ত করে। এটা কে অস্বীকার করতে পারবে যে কয়েক শতাব্দী ধরে আত্ম-নিগ্রহই ছিলো মানব জীবনের

সাধুতার প্রধান পরিমাপক? হাজার হাজার মানুষ নির্জন অঞ্চলে ছুটে যেতো আত্মনির্গহের মাধ্যমে নিজেদেরকে পশুর স্তরে নিয়ে যাবার জন্যে। সেই যুগের নীতিশাস্ত্রে এই উৎকট কুসংস্কার প্রধান স্থান দখল করে বসে। “সেন্ট জেরোম এবং আরো কয়েকজন ব্যক্তি বৈরাগ্যবাদে সহজতা আনার চেষ্টা করেন। এই কৃষ্ণ সাধনার ফলে বহু লোক পাগল হয়ে যেতো। বহু লোক করতো আত্মহত্যা। মঠবাসীদের নির্জন প্রকোষ্ঠগুলোতে কান্না, বিলাপ এবং ফোঁপানীর এক ভয়ংকর পরিবেশ বিরাজ করতো। মঠবাসীরা কাল্পনিক অশরীরী শত্রুর ভীতিতে ছিলো বিহ্বল।” ৪৬

এটা লক্ষণীয় যে সেই যুগে যখন বৈরাগ্যবাদ ছিলো সাধারণ ব্যাপার তখন বহু বিজ্ঞ ব্যক্তিও সমাজকে সালাম জানিয়ে সংসারত্যাগী সাজে। এটাও সাধারণ ভাবে বলা হয় যে আগেকার দিনের বেশীর ভাগ মঠবাসী বিদ্যাচর্চাকে ধার্মিকের জন্যে অশোভনীয় মনে করতো এবং তারা বিদ্যাচর্চা থেকে দূরে থাকতো।

এসব কারণেই ধর্ম স্বল্পে এমন এক দৃষ্টিভঙ্গি গড়ে ওঠে যা ছিলো বিষমতায় পরিপূর্ণ। সাধুদের কাজ ছিলো স্বাভাবিক চাহিদার অবদমন এবং এমন এক অবস্থা অর্জন করা যা মোটেই স্বাভাবিক ছিলো না। কোন নারীর চেহারার দিকেই তাকানো যাবে না। এ ছিলো বিঘোষিত নীতি। যে ব্যক্তি বছরের পর বছর ধরে এই কলুষতা থেকে মুক্ত থাকতে পারতো তাকে উৎকর্ষতার অধিকারী ব্যক্তি বলে গণ্য করা হতো।

চারণাশের সব স্বার্থ এবং মায়া মমতার বন্ধন ছিন্ন করাই ছিলো বৈরাগ্যবাদের মূল কথা। এর প্রভাবে সংসার জীবনের পুণ্যের প্রতি এক নেতিবাচক মনোভাব সৃষ্টি হয়। অসংখ্য সংসারত্যাগী মানুষ তাদের আরা-আম্মা, স্ত্রী এবং ছেলেমেয়েদেরকে অনিচ্ছয়তার দিকে ঠেলে দেয়। তাদের একমাত্র লক্ষ্য হয়ে দাঁড়ায় আত্মার মুক্তি। তারা মনে করতো যে পরিবারের প্রতি কর্তব্য পালন করতে গেলে তাদের মনের একাগ্রতা নষ্ট হবে।

গীর্জা ভক্তদেরকে প্রিয়জনদের প্রতি উদাসীন হবার জন্যে কি তা’লীম দিয়েছে নীচের দু’টো উদাহরণ থেকে তা সুস্পষ্ট হয়ে ওঠবে।

“ইভাগ্রিয়াস দীর্ঘকাল যাবত নির্জন সন্ন্যাস জীবন যাপন করাকালে এক দিন তাঁর আরা ও আম্মার কাছ থেকে চিঠি পান। তিনি এটা পছন্দ করতে পারলেন না। কারণ এতে তাঁর নিরবচ্ছিন্ন ধ্যান নষ্ট হয়। তিনি চিঠি গুলো না পড়েই আঙুনে ফেলে দেন। মিউটিয়াস নামক একব্যক্তি সব সম্পদ সম্পত্তি বর্জন করে আট বছরের একমাত্র সন্তানকে নিয়ে মঠে ভর্তি হন। মঠবাসীরা তাঁর মন ঠিক করার কাজে লেগে যায়। মিউটিয়াস ভুলে গেলেন যে একদিন তিনি খুব ধনী ছিলেন। আগামীতে তাকে ভুলে যেতে হবে যে তিনি সন্তানের আরা ছিলেন। তাঁর ছোট ছেলেকে তাঁর কাছ থেকে আলাদা করে নেয়া হয়। ছেলেকে নোত্রো কাপড় পরতে দেয়া হয়। তার ওপর চালানো হয় নানা ধরনের অত্যাচার। আরা দেখতে থাকেন যে দিনের পর দিন দুঃখ যন্ত্রনায় তাঁর সন্তান ধ্বংস হয়ে যাচ্ছে, তার সুন্দর

চেহারায অশ্রু ধারা লেগেই থাকে এবং বেদনায় সে ফুপিয়ে কাঁদে। কিন্তু ইসা আলাইহিসসালামের প্রতি আবার ভালোবাসা এতো বেশী ছিলো যে এসব দেখেও তাঁর মন গলেনি। তিনি তাঁর সন্তানের চোখের পানির কথা ভাবতেন না। তিনি শুধু নিজেই পুণ্য এবং উৎকর্ষ লাভের চিন্তাতেই বিভোর ছিলেন। অবশেষে এরাটো তাঁর ছেলেটাকে নদীতে নিক্ষেপ করার হুকুম দেন। আরা সন্তানকে নদীতে ফেলে দেবার জন্যে নদীর দিকে অগ্রসর হন। তিনি ছেলেটাকে নদীতে ফেলার জন্যে উদ্যত হলে মঠবাসীরা ওকে ধরে ফেলে।”৪৭

প্রভুর ভক্তদের মাঝে এই ধরণের মনোভাব সৃষ্টির কাজে নিয়োজিত ছিলো মঠবাসী সন্ন্যাসীরা। মেয়েদের প্রতি আচরণের মাঝে এই বিষয়টা আরো বেশী গুরুত্ব সহকারে অনুসৃত হয়। এই ক্ষেত্রে কেবল পারিবারিক মায়া-মমতা দমন করাই লক্ষ্য ছিলো না, এর অন্যতম লক্ষ্য ছিলো নারীদের উপস্থিতিতে সম্ভাব্য বিপদের প্রতিরোধ।

সাধারণ নারীর কথা না হয় বাদই দিলাম, আশ্মা এবং বোনদেরকেও জাহান্নামের শয়তান মনে করে তাদেরকে পরিহার করে চলা হতো। “বর্ণিত আছে যে ক্যালামা-এর সেন্ট জনের বোন ভাইকে খুব ভালোবাসতেন এবং মরণের আগে ভাইকে একবার দেখার আকুতি জানালেন। ভাই আসবেনা জেনে বোন সংবাদ পাঠালেন যে দুর্গম স্থানে গিয়ে তিনি তাকে দেখে আসবেন। এই সংবাদ পেয়ে সেন্ট বিচলিত হন এবং বোনকে এই মতলব ত্যাগ করতে বলেন। তিনি ছদ্মবেশে বোনের কাছে যান, বোনের হাত থেকে চেয়ে নিয়ে এক গ্লাস পানি খান এবং সবার চোখকে এভাবে ফাকি দিয়ে চলে যান।”৪৮

বর্ণিত আছে যে এক মায়ের সাত সন্তান তাঁকে পরিত্যাগ করে নির্জন বাসে চলে যায়। আশ্মা একবার সন্তানদেরকে দেখতে যান। “ওরা তখন তাদের প্রকোষ্ঠ থেকে বের হয়ে গীর্জার দিকে যাচ্ছিলো। আশ্মা তাদেরকে দেখে ফেলেন। তাঁকে দেখেই সন্তানেরা দৌড়িয়ে প্রকোষ্ঠে ঢুকে পড়ে। কল্পিত পদে আশ্মা তাদের নিকটে পৌঁছার আগেই এক ছেলে এসে গৃহদ্বার বন্ধ করে দেয়। বাইরে দাড়িয়ে বৃদ্ধা কান্নায় ভেঙে পড়েন। সেন্ট পোম্যান দরওয়াজার কাছে দাড়িয়ে বলেন, “আপনি তো বুড়ো মানুষ। এমনভাবে কান্নাকাটি এবং হা হতাশ করছেন কেন?” আশ্মা ছেলের কণ্ঠস্বর চিনে বলেন, “ওহে ছেলে, আমি তোমাদেরকে এক নজর দেখতে চাই। আমি দেখলে তোমাদের কি ক্ষতি হবে? আমি কি তোমাদের আশ্মা নই? আমি কি তোমাদেরকে দুধ পান করাইনি? আমি অতি বুড়ো। তোমার কণ্ঠস্বর শুনে আমার অন্তর তপড়াচ্ছে।” সন্তানেরা গৃহদ্বার খুলতে রাজী হয়নি। তারা আশ্মাকে জানালো যে মৃত্যুর পর তাদের সাথে দেখা হবে।”৪৯

“সাইমন স্টাইলাইট্‌স আরা-আশ্মার একমাত্র পুত্র সন্তান ছিলেন। তিনি বাড়ী থেকে পালিয়ে যান। আরা আশ্মা শোকে কাতর হয়ে পড়েন। অল্প-কাল পরেই আরা মারা যান। শোকাতুরা আশ্মা বেঁচে রইলেন।

সাতাশ বছর পর সন্তানের অবস্থান স্থলের খবর পেয়ে তিনি তাঁর সাথে দেখা করতে যান। তিনি ভেতরে যাবার অনুমতি পাননি। আশ্মা বললেন, “ছেলে, তুমি একি করলে?

আমি তোমাকে গর্ভে ধারণ করেছি। তুমি আমার অন্তর গুঁড়া করে দিলে। আমি তোমাকে বুকের দুধ পান করিয়েছি। তুমি আমার চোখ পানিতে ভরে দিলে। আমি তোমাকে স্নেহ-চুষন দিয়েছিলাম, তার পরিবর্তে তুমি আমাকে এই দুঃখ দিলে। আমি তোমার লালন পালনের জন্যে কতোই না কষ্ট করেছি। আজ তুমি আমার সাথে এই নির্দয় আচরণ করলে।” সেনট সংবাদ পাঠান যে তিনি শিগুগির তার ছেলেকে দেখতে পাবেন। তিন দিন তিন রাত ধরে আত্মা অনুনয় বিনয় করতে থাকেন। অবশেষে অসহ্য দুঃখ বেদনার ভারে দড়াম করে মাটিতে পড়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ৫০

আমি জ্ঞানিনা পাঠকগণ এসব বর্ণনা পুরোপুরি বিশ্বাস করবেন কি না। কিন্তু এটা নিশ্চিত যে বৈরাগ্যবাদ থেকে এসব নৈতিক মূল্যমান উৎসারিত হওয়া মোটেই অসম্ভব নয়। কোন বিশেষ ঘটনা সম্বন্ধে হয়তো কিছুটা মত পার্থক্য থাকতে পারে। কিন্তু জীবন যাত্রার এই পদ্ধতির পরিণতি যে এটাই হওয়া স্বাভাবিক, এই ব্যাপারে কোন মত পার্থক্যের অবকাশ নেই। কোন কোন বর্ণনাকে আমরা অতি রঞ্জিত বলতে পারি। কিন্তু একথা তো আমরা অস্বীকার করতে পারিনা যে খৃষ্টান সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তির সামাজিক সম্পর্কচ্ছেদ এবং সংসারের মায়া-বন্ধন ছিন্ন করণের প্রতিযোগিতাকে সর্বোচ্চ মানের পুণ্য বলে গ্রহণ করেন। জীবনের প্রতি এই উদাসীন মনোভাব মারাত্মক পরিণতি ডেকে আনে। পরিবার কেবল কর্তব্য পালনের ক্ষেত্রেই নয়, তা স্নেহ-মমতা চর্চারও ক্ষেত্র। পরিবারের প্রতি সংসারত্যাগীদের বৈরী মনোভাব এই ব্যবস্থার মূলে কুঠারাঘাত করে এবং ব্যক্তি স্বাতন্ত্র্যবাদের সূচনা করে।

নাগরিক কর্তব্যের প্রতি উদাসীনতা বৈরাগ্যবাদের আরেকটা বৈশিষ্ট্য। মঠবাসী সন্ন্যাসীরা প্রচারের মাধ্যমে লোকদেরকে সামাজিক জীবনের কাজকর্ম থেকে দূরে থাকার উৎসাহ যোগাতো। “তারা স্বীকার করতো এবং এ নিয়ে গর্বও করতো যে দেশের স্বার্থের প্রতি উদাসীনতা ছিলো তাদের সবচে’ বড়ো উদাসীনতা। তারা অস্ত্র ধারণের বৈধতা সম্বন্ধে সন্দিহান ছিলো এবং সৈনিকদের গর্বোৎফুল্ল ও উচ্চাভিলাষী গুণাবলীকে অ-খৃষ্টান সুলভ মনে করতো। তাদের নিবাস এবং তাদের স্বার্থ ছিলো ভিন্ন জগতে। উপাসনার ব্যাপারে কোন বাধা বিঘ্নের সম্মুখীন না হলে কোন্ শাসন ব্যবস্থার অধীনে তারা বাস করছে, এ নিয়ে তাদের কোন মাথা ব্যথা ছিলো না।” ৫১

বৈরাগ্যবাদ খৃষ্টানজগতের সব উদ্দীপনাকে বিজ্ঞ ভূমিতে নিয়ে যায় এবং সামাজিক দায়িত্ব কর্তব্যের ব্যাপারে নির্লিপ্ততাকে আদর্শরূপে উপস্থাপন করে। এর ফলে অনেক মারাত্মক ক্ষতি সাধিত হয়। রাজা, পারিষদ এবং এই জাতীয় অন্যান্য লোকেরা নির্বিবাদে তাদের নৃশংস কাজ চালাতে থাকে। কারণ এ গুলোর নিন্দা করার মতো জনমত ছিলো না। জগতবাসী দু’টো চরম বৈসাদৃশ্য দেখতে পায়। একদিকে ছিলো চরম বৈরাগ্যবাদ, অপর দিকে শহরের পাপাচার। এন্টিওক এবং অন্যান্য কয়েক স্থানে চরম পাপাচার ও বিলাসের পাশাপাশি গড়ে ওঠে অসংখ্য সন্ন্যাস নিবাস।

তদুপরি, বৈরাগ্যবাদ সরকার এবং রাষ্ট্রীয় কাজকর্ম থেকে সৎ শক্তিকে প্রত্যাহারের মাধ্যমে জঘন্য স্বৈরতন্ত্র কায়েমের পথ প্রশস্ত করে। স্বাধীন জাতি গুলো যখন তাদের রাজনৈতিক কাজকর্ম পরিত্যাগ করে, তখন তারা স্বাধীনতার আকাংখা এবং স্বাধীনতা সংরক্ষণের যোগ্যতাই হারিয়ে ফেলে। কর্মক্ষেত্র না পেলে রাজনৈতিক প্রতিভা ও উচ্চাকাংখা দ্রুত ক্ষয়প্রাপ্ত হয় এবং গোলাম সুলভ ও দুর্বল জনোচিত অভ্যাস ক্রমশঃ বৃদ্ধি পেতে থাকে। জাতি গুলো এমন যে হয়তো তারা বর্ধিত হচ্ছে, নয়তো ক্ষয়ে যাচ্ছে। যে ক্ষেত্রে তারা স্বাধীনতার অগ্রগতি দেখাতে পারেনা, সেক্ষেত্রে তারা গোলামীর অগ্রগতিই দেখিয়ে থাকে।” ৫২ নীরব আনুগত্যের তত্বই প্রচারিত হচ্ছিলো গীর্জা থেকে। অত্যাচারী শাসকেরা খেয়াল খুশী মতো নির্দোষ লোকদের ওপর নির্যাতন চালাবার সুযোগ পায়। ধর্ম থেকে রাজনীতি আলাদা, এই নীতির ভিত্তিতেই কেবল রাজনৈতিক ব্যবস্থার প্রতি উদাসীন থাকা সংগত গণ্য হতো। একটা ঈসা আলাইহিসসালামের ক্ষেত্র, অন্যটা সিজারের। ধার্মিক ব্যক্তি তার কাছে যা আছে তা স্বেচ্ছায় সিজারকে দেবে না এবং সিজারের ব্যাপারেও নাক গলাতে যাবে না। তার কাজ হচ্ছে শ্রম এবং যাতনা সহ্য করার মাধ্যমে তার অভ্যন্তরীণ পরিপূর্ণতা অর্জন রাজনৈতিক বা অর্থনৈতিক বিষয়াদির সাথে তার কোন সংশ্লিষ্ট নেই। এর ফলে ধর্ম, রাজনীতি, অর্থনীতি ইত্যাদি সম্পূর্ণ রূপে ভিন্ন বিষয়ে পরিণত হয়।

এভাবে ধর্ম থেকে রাজনীতিকে আলাদা করে নেয়ার ফলে সামাজিক এবং রাজনৈতিক ব্যবস্থার ভিত্তি দুর্বল হয়ে পড়ে। সম্ভবতঃ এই কারণে ইতিহাসবেত্তা এডওয়ার্ড গিবন বলেন যে খৃষ্টাব্দই মহান রোম সাম্রাজ্যকে পতনের দিকে ঠেলে নিয়ে যায়। তিনি বলেন, “পুরোহিতগণ সফলভাবে ধৈর্য এবং ভীরুতার তত্ত্ব শিক্ষা দেয়। সক্রিয়ভাবে সামাজিক ভূমিকা পালনকে নিরুৎসাহিত করা হয়। সামরিক শৌর্যবীর্যের অবশিষ্টাংশ কবরস্থ হয় নিভৃত প্রকোষ্ঠে। সরকারী এবং বে-সরকারী প্রচুর অর্থ উৎসর্গ এবং দানের নামে নিবেদিত হয়। সংযম সতীত্বের গুণপনা গাইতো যারা অপয়োজনীয়ভাবে তাদের ওপর ব্যয় করা হতো সৈনিকদের বেতনের জন্যে প্রয়োজনীয় অর্থ। বিশ্বাস, উৎসাহ, কৌতুহল, তদুপরি বিদেহ এবং উচ্চাকাংখা ধর্মতাত্ত্বিক কলহের আগুন ছালিয়ে দেয়। গীর্জা, এমন কি রাষ্ট্রও, ধর্মীয় উপদল গুলোর কলহের কারণে হতবৃদ্ধি হয়ে যেতো। উপদলীয় সংঘর্ষ প্রায়ই রক্তাক্ত রূপ গ্রহণ করতো এবং তা থামানো ছিলো দস্তুর মতো কঠিন ব্যাপার। সম্রাটগণ যুদ্ধ শিবিরের পরিবর্তে ধর্মীয় বিতর্ক সভার দিকে মনোযোগ দিতে বাধ্য হন।” ৫৩ সন্নাসব্রত রোমান আত্মা এবং রাষ্ট্রীয় স্থিতিশীলতার ওপর আঘাত হানে। “এটা কালজয়ী সংস্কৃতি, বিজ্ঞান, দর্শন, শিল্প এবং সাহিত্যের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এটা রোমান জীবনের বাস্তবধর্মী ষ্টোয়িকবাদের সংগে প্রাচ্যের অতীন্দ্রিয়বাদ একত্রিত করে। পার্থিব কাজকর্ম থেকে সরিয়ে নিয়ে অনাগত বিশ্ব-বিপর্যয়ের মুকাবিলার প্রস্তুতির ওপর মানুষের চিন্তাকে নিবদ্ধ করে। এটা বৈরাগ্যবাদ এবং উপাসনার মাধ্যমে মানুষকে ব্যক্তিগত নাজাতের দিকে মনোযোগী করে তোলে। রাষ্ট্রের প্রতি নিষ্ঠার মাধ্যমে

যে সামষ্টিক মুক্তি অর্জন করা যায় সেদিকে মানুষকে উদাসীন করে তোলে। এটা রাষ্ট্রের সংহতি দুর্বল করে, অথচ সৈনিক সম্মাটগণ সেই সংহতি সংরক্ষণের প্রচেষ্টা চালাতেন। এই মতবাদ এর অনুসারীদেরকে সরকারী দায়িত্ব বা সামরিক চাকুরী গ্রহণে নিরুৎসাহিত করতো। সাম্রাজ্যকে টিকিয়ে রাখার জন্যে যুদ্ধের মনোভাব সৃষ্টি করা ছিলো সময়ের দাবী। অথচ এটা শান্তিকামী এবং প্রতিরোধ বিমুখ মানসিকতা সৃষ্টির কাজে নিয়োজিত ছিলো। তাই বলা যায় যে ইসার (আলাইহিসুসলাম) বিজয় ছিলো রোমের মৃত্যু পরোয়ানা।” ৫৪

এটা অনস্বীকার্য যে খৃষ্টবাদের নৈতিক প্রভাবটা বিশেষ কল্যাণকর ছিলো। এটা মানুষের জীবনে নতুন চেতনা সৃষ্টি করে এবং বস্তুগত স্বার্থও লোভ লালসার কারণে পর্যুদস্ত আত্মার মাঝে প্রশান্তি ও উৎফুল্লতার আমেজ সৃষ্টি করে। এই মতবাদ সংযম, শালীনতা এবং ভালোবাসার শিক্ষা দেয়। গীর্জার প্রচারবেদী শক্তিশালী আকর্ষণ কেন্দ্রে পরিণত হয়। বিভিন্ন রকমের দাতব্য সংস্থা বিকাশ লাভ করে। এই নতুন ধর্ম গরীবদের জন্যে সাপ্তানার বাণী নিয়ে আসে এবং মানবতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে।

কিন্তু নৈতিকতা এবং নীতিশাস্ত্রে বড়ো বড়ো অবদান রাখা সত্ত্বেও খৃষ্টবাদ রাজতন্ত্রের নীতি, আত্মা ও দেহের সংঘাততত্ত্ব, গীর্জার ও রাষ্ট্রের সংঘর্ষ এবং সামাজিক ও রাজনৈতিক জীবনের ওপর বড়ো রকমের আঘাত হানে। সৎ এবং ধার্মিক লোকেরা রাজনৈতিক কর্মকাণ্ড থেকে দূরে সরে পড়ে। ফলে সুবিধাবাদী লোকেরা নির্বিবাদে তাদের তৎপরতা চালাতে থাকে এবং তাদের ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার পথে কোন বাধা না পেয়ে তারা আরো বেশী বেপরোয়া হয়ে ওঠে।

এই অবস্থাটাই ধর্ম নিরপেক্ষতাবাদ গড়ে ওঠার সুযোগ করে দেয় এবং এই মতবাদ সেরা খৃষ্টানদের নাকের ডগার নীচেই বর্ধিত হতে থাকে। তাই এটা কোন আকস্মিক ঘটনা নয় যে সন্ন্যাসবাদের উষালগ্নেই ধর্ম নিরপেক্ষতাবাদের উন্মেষ ঘটে। হৃদপিণ্ডের ক্রিয়া বন্ধ হয়ে গেলে যেভাবে শরীরের প্রত্যংগ গুলো পচতে শুরু করে, তেমনিভাবে ধর্ম যখন সমাজ জীবনকে বাঁচাতে পারে না তখন সাংস্কৃতিক ইমারত ভেঙে পড়ে। খৃষ্টবাদ ব্যক্তিগত নৈতিকতার ক্ষেত্রে বড়ো রকমের বিপ্লব ঘটিয়েছে, কিন্তু তা সিঁজারকে যাচ্ছে তা করার নিরংকুশ স্বাধীনতাও দিয়েছে। খৃষ্টবাদ একটা কর্মক্ষেত্র আলাদা করে নিয়ে ব্যক্তি, বিবেক, গীর্জা এবং গড়কে নিয়ে ব্যস্ত থাকে। এই মতবাদ আধ্যাত্মিক জীবন এবং পার্থিব জীবনের মাঝে যে পার্থক্য সৃষ্টি করে তা শুধু মধ্য যুগের নয়, পরবর্তীকালের চিন্তাধারাতেও পরিব্যাপ্ত হয়।

১. Edward Eyre :European civilization : Its Origin and Development, P. 507
২. Ibid , PP. 512, 513
৩. William Edward Hartpole Lecky , History of European Morals, 1,P. 262
৪. Ibid : p. 263
৫. Ibid: p. 264

৬. Ibid : p. 275
৭. Ibid : p. 276
৮. W. warde Fowler: The Religious Experience of the Roman People, p. 358
৯. Ibid :p. 374
১০. John Caird :An intruduction to the philosophy of Religion p. 157
১১. W. Warde Fowler : op. cit. pp. 374, 375
১২. Charles Gore : Jews of Nazareth , p. 58
১৩. Grove Haines and Warren B. Walsh : The Development of western Civilization , p.83
১৪. Will Durant : The Story of Civilization 111 p. 617
১৫. Ibid.
১৬. Ibid : 649
১৭. Ibid: 111, 649
১৮. Grove Haines and Warren B. Walsh, op. cit. pp. 83, 84
১৯. John William Draper : A History of Intellectual Development of Europe, 1, pp. 279, 280.
২০. kenneth Scott Latourette: A History of Christianity p. 92
২১. John William Draper , op. cit , 1, pp. 280. 281
২২. Kenneth Scott Latourette, op cit, p. 93
২৩. Grove Haines and Warren B. Walsh , op. cit, p. 84
২৪. Will Durant , op cit. 111. p. 656
২৫. Lynn Thorndike: A short History of Civilization , pp 204, 205
২৬. Mark 12 : 30, Deut 6:57
২৭. Walter Leibrecht : Religion and culture , p. 167
২৮. Quoted by C.N. Cochrane, in Christianity and classical culture , p. 212
২৯. W. E. H. Leckey : op. cit. 11 p. 23
৩০. Ibid: ii, 25, 26
৩১. Ibid: ii, 26, 27
৩২. Ibid : p. 29
৩৩. Ibid : p. 32
৩৪. Ibid : ii, 38
৩৫. Ibid :ii , 45, 46
৩৬. Ibid: ii, 63
৩৭. Ibid. ii, 64
৩৮. : Ibid :ii, 63
৩৯. Ibid: ii, 70
৪০. Ibid ii, 79
৪১. John William Draper: op. cit , i, 273
৪২. Kenneth Scott Latourette: op. cit. 122, 123
৪৩. Leckey :op. cit ii pp. 105, 106
৪৪. Ibid: p. 107

৪৫. Leckey:op.cit. ii pp. 107-112
৪৬. Ibid: ii, 114
৪৭. Ibid: ii, 125, 126
৪৮. Ibid: ii, p. 128
৪৯. Ibid: ii, p. 129
৫০. Ibid : ii, p. 130
৫১. Ibid:ii, p. 140-144
৫২. Ibid : ii p. 260
৫৩. Edward Gibbon : The Decline and Fall of Roman Empire ii, p. 439
৫৪. Will Durant :op CIT. iii, p, 667

চতুর্থ অধ্যায়

ইসলামের আবির্ভাব

ধর্মীয় অভিজ্ঞতা কতগুলো অসংলগ্ন ঘটনার নাম নয় বরং তা হচ্ছে একটা ধারাবাহিক প্রক্রিয়ার নাম। জীবনের এই ক্ষেত্রে সব সময়ে উদ্দেশ্যের ধারাবাহিকতা বর্তমান।

পূর্ববর্তী অধ্যায়ে খৃষ্টবাদের ক্রম বিকাশে আমরা এই ধারাবাহিকতা দেখেছি। এই অধ্যায়টিও একই বিষয় বস্তুর উপর লিখিত। এতে রয়েছে ধর্মীয় অভিজ্ঞতার ধারাবাহিকতা যা পৃথিবীর সর্বত্র “ইসলামের আবির্ভাব ও সম্প্রসারণ” নামে পরিচিত। এই দৃষ্টিতে সপ্তম শতাব্দীতে ইসলামের বিজয় অভিযান কেবল যুনেধরা খৃষ্টবাদের ওপর ইতিহাসের দাবীই ছিলো না, তা ধর্মীয় অভিজ্ঞতার চরম উৎকর্ষও ছিলো যা মানুষকে একাধারে আত্মিক শান্তি এবং পার্থিব অগ্রগতির নিশ্চয়তা দিয়েছে।

এখন আমরা মুহাম্মাদুর রাসূলুল্লাহর (সা) দিকে দৃষ্টি দিচ্ছি। তাঁর পবিত্র ব্যক্তিত্বেই চূড়ান্ত ধর্মীয় মূল্যবোধ গুলো পরিপূর্ণরূপে বিমূর্ত হয়েছে। এখানে তাঁর জীবনের বাহ্যিক দিক গুলোর বিস্তারিত বর্ণনায় যাবার প্রয়োজন নেই। ইংরেজীতে তাঁর অনেক গুলো ভালো জীবনী গ্রন্থ রয়েছে। এতোটুকু স্মরণ করাই আমাদের জন্যে যথেষ্ট যে জাস্টিনিয়ানের (Justinian) মৃত্যুর পাঁচ বছর পর মুহাম্মাদুর রাসূলুল্লাহ (সা) (৫৭০খৃঃ) জন্মগ্রহণ করেন আরবের সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ শহর মক্কার বিখ্যাত কুরাইশ পরিবারে।

ইসলামের আবির্ভাবের আগে আরবগণ যদিও সাহসী, দানশীল, মেহমান-নওয়াজ এবং হৃদয়বান ছিলো, তবুও এটা সত্য যে এরা এক আল্লাহ সম্পর্কিত নির্ভেজাল ধারণা এবং সাফল্যের উচ্চশাব্ধিত ছিলো। পরিবার তথা গোত্রের প্রভাবই ছিলো সবচেয়ে বেশী শক্তিশালী ভাবাবেগ। প্রাধান্য লাভের উদ্দেশ্যে একটানা যুদ্ধ, স্থায়ী অন্তর্দন্দ্ব, বিভ্রান্ত ধর্মীয় চিন্তা এবং ধর্মীয় উপ-দলীয় কোন্দল জনগণের রক্ত চুষে নেয়। এই হতাশাব্যঞ্জক ব্যবস্থা শুধু আরবে নয়, পৃথিবীর সর্বত্রই বিরাজ করতো সেই সময়ে। সপ্তম শতকের প্রথম ভাগকে ভাঙন এবং নৈতিক অধঃপতনের যুগ বলা যায়। পুরোনো যে সব সাংস্কৃতিক উপাদান সভ্যতার অগ্রগতি ঘটিয়েছে সেগুলো ভেঙে চুরমার হয়ে যায়। এই শূন্যতা পূরণের জন্যে আবার কিছুই পাওয়া যাচ্ছিলো না। যে মহান সভ্যতা বিকশিত হতে চার হাজার বছর লেগেছে তা পতনের কাছাকাছি এসে গিয়েছিলো। মানুষ যেন আবার সেদিকে চলতে থাকে যেখান থেকে একদিন তার যাত্রা শুরু হয়েছিলো। খৃষ্টবাদের

নিত্যনতুন বিধিগুলো ঐক্য ও শৃংখলা সৃষ্টির পরিবর্তে অনৈক্য ও বিশৃংখলাই বাড়াতে থাকে।

এই প্রেক্ষাপটে মুহাম্মাদুর রাসুলুল্লাহ (সা) পৃথিবীতে আসেন। “কুরাইশ গোত্রের যে অংশ মক্কাতে সারা আরবের প্রধান শহরে রূপান্তরিত করেছে তারই এক পরিবারে তাঁর জন্ম। এই অংশটি পবিত্র অংগনের তত্ত্বাবধানের দায়িত্বে নিযুক্ত ছিলো। মুহাম্মাদ (সা) এর দাদাভাই ছিলেন প্রকৃত পক্ষে মক্কার শাসক। কা’বার রক্ষণাবেক্ষণ করতেন তিনি। হজ্জ করতে যারা আসতো তিনি তাদের খাদ্য এবং পানীয়ের ব্যবস্থা করতেন।”^১

এই পবিত্র শহরের কঠিন পরিবেশের কারণে ধনী পরিবারের লোকেরা নব-জাত শিশুকে লালন পালনের জন্যে মরুদ্যানের বসবাসকারী গোত্রের নার্সদের কাছে পাঠাতো। মুহাম্মাদকে (সা) হালিমা নাম্নী এক মহিলার হাতে তুলে দেয়া হয়। হালিমার গৃহে মুহাম্মাদ (সা) সূঠাম দেহ, বিশুদ্ধ ভাষা এবং স্বাধীনচেতা মন নিয়ে গড়ে ওঠেন। তিনি সানন্দে পারিবারিক কাজ-কর্মে অংশ নিতেন। তাঁর দুধ ভাইয়ের সংগে পাহাড় এবং উপত্যকায় গিয়ে মেষ চরাতেন। ওই প্রাকৃতিক পরিবেশেই তিনি এক চিন্তাশীল মন অর্জন করেন যা পরবর্তীকালে জাতির সংস্কার কাজে তাঁকে উদ্বুদ্ধ করে। নিঃসংগতভাবে মেষ চরাতে গিয়ে তিনি প্রকৃতির স্বর্গীয় সৌন্দর্য দেখে মুগ্ধ হতেন।

ছ’বছর বয়স হতে না হতেই তিনি তাঁর আত্মাকে হারান। তাঁর ৭৬ বছর বয়স্ক দাদাভাই তাঁকে লালন পালন করতে থাকেন। পরে এইভার পড়ে তাঁর চাচা আবু তালিবের ওপর। তাঁরা তাঁর যত্ন নিতেন। তাঁকে আদর করতেন। কিন্তু আবু-আম্মার স্নেহ-মমতার অভাব কিছুতেই পূরণ হতো না।

মুহাম্মাদ (সা) বিদ্যালয়ে পড়া লেখা শেখার সুযোগ পাননি। আন্নাহর কাছ থেকে সরাসরি জ্ঞান লাভের জন্যেই তিনি নির্বাচিত ছিলেন। জীবনের প্রতি মানব-চিন্তা প্রসূত আর্থিক বা একদেশদর্শী দৃষ্টিভঙ্গি গঠনের যে শিক্ষা তার প্রভাব থেকে তাঁর মন ছিলো পূর্ণভাবে মুক্ত।

মুহাম্মাদ (সা) শৈশব থেকেই অনেক গুলো সহজাত গুণের অধিকারী ছিলেন। তিনি যখন যৌবনে পা দেন, জনগণ তাঁর সুন্দর গড়ন, নিভীক দৃষ্টি এবং মার্জিত আচরণের প্রশংসা শুরু করে। কথার উত্তর দানে পারদর্শী, এবং সত্য নিষ্ঠ লোকটাকে সবাই ‘আল-আমিন’ বলে ডাকতে থাকে।

পচিশ বছর বয়সে তিনি খাদিজা নান্নী এক কুরাইশ মহিলার ব্যবসা দেখাশুনা করার জন্মে সিরিয়া যান। তাঁর বুদ্ধিমত্তা এবং চারিত্রিক বৈশিষ্ট্য খাদিজাকে মুগ্ধ করে। তিনি তাঁর কাছে বিয়ের প্রস্তাব পাঠান। খাদিজা ৪০বছর বয়সের এক বিধবা এবং মুহাম্মাদ (সা) পচিশ বছরের যুবক। বয়সের এই পার্থক্য সত্ত্বেও তাঁদের মাঝে স্থায়ী ও গভীর ভালোবাসা সৃষ্টি হয়।

মুহাম্মাদ (সা) যখন চল্লিশ বছরের দ্বার প্রান্তে, তখন তিনি ধ্যান ও ইবাদাতের প্রতি বেশী মনোযোগী হয়ে পড়েন। নীরব ধ্যান ও ইবাদাতের জগ্ণে তিনি মাঝে মধ্যে হেরা গুহাতে চলে যেতেন। আত্মিক দিক থেকে যীরা সমৃদ্ধ তাঁদের এভাবে নিভূতে চলে যাওয়া মোটেই ক্ষতির ব্যাপার নয়। এটা কোন প্রায়চ্ছিত্ত নয়। এই নিভূতি মনে একটা প্রশান্তি এনে দেয়। কেবল নিভূতভাবে থেকেই চিন্তামগ্ন হওয়া এবং উপলদ্ধির গভীরতা অর্জন করা সম্ভব।

মুহাম্মাদ (সা) এর ব্যাপার ছিলো তেমনি। কখনো কখনো গভীর চিন্তামগ্ন হয়ে তিনি হেরা গুহাতে সারা রাত কাটিয়ে দিতেন। এক অজানা অথচ সর্বব্যাপ্ত শক্তির সাথে যেন তাঁর সম্পর্ক স্থাপিত হতো। এই গুহাতেই তিনি ওহীর আলো পান। তিনি বুঝতে সক্ষম হন যে পূর্বকার ধর্ম, প্রতিষ্ঠিত সমাজ-ব্যবস্থা এবং সভ্যতা ভেজাল-যুক্ত হয়ে গেছে এবং এগুলোর প্রয়োজনীয়তাও ফুরিয়ে গেছে। আল্লাহ গোটা মানব গোষ্ঠীকে নৈতিক এবং আধ্যাত্মিক নব-জীবন দানের দায়িত্ব তাঁর উপর অর্পন করার সিদ্ধান্ত নেন। তিনি ছিলেন নবুওয়াতের সর্বশেষ সংযোগ। মুহাম্মাদ (সা) তাঁর নতুন পাওয়া বাণী প্রথমেই তাঁর স্ত্রী খাদিজার কাছে প্রকাশ করেন। পরে পরিবারের অন্যান্য সদস্য এবং বন্ধু মহলে তা প্রচার করেন। “এটার গুরুত্ব অনস্বীকার্য যে তাঁর সংগে একই গৃহে যারা বসবাস করতো সে সব আত্মীয়-স্বজনই সর্ব প্রথম তাঁর এই দাওয়াত গ্রহণ করে এর একনিষ্ঠ অনুসারী হয়। মুহাম্মাদের (সা) সততা সন্থকে তারা এতোই ওয়াকিফহাল এবং আস্থাশীল ছিলো যে তাঁর আন্তরিকতার প্রমাণের জন্য়ে তাদেরকে অপেক্ষা করে থাকতে হয়নি। তারা তাৎক্ষণিকভাবেই তাঁর ডাকে সাড়া দেয়।”^২

খাদিজা অনতিবিলম্বে তাঁর উপস্থাপিত বাণীর ওপর ঈমান আনেন। মুহাম্মাদের (সা) পরিবারে অন্যান্য ঘনিষ্ঠ ব্যক্তি ছিলেন যায়িদ এবং আলী। তাঁরাও সঙ্গে সঙ্গে ঈমান আনেন। আবুবকর ছিলেন মুহাম্মাদের (সা) আশৈশব সাথী। তিনিও ঈমান আনলেন। তিনি ছিলেন ধীর, দৃঢ়চেতা এবং বিচক্ষণ। তিনি ছিলেন দয়ার্দ্ৰচিত্তের অধিকারী। নতুন ধীন প্রতিষ্ঠার প্রচেষ্টায় তাঁর অবদান অপরিসীম।

ইসলাম অসাধারণ অগ্রগতির পূর্বলক্ষণ প্রকাশ করে প্রথমেই। প্রত্যেক নওমুসলিমই একজন নিষ্ঠাবান প্রচারকে পরিণত হয়। কিন্তু ধর্মাস্তরের সংখ্যা খুব বেশী ছিলো না। তিন বছরে মুহাম্মাদুর রাসূলুল্লাহর (সা) অনুসারীর সংখ্যা চল্লিশে দাঁড়ায়। তিনি তাঁর অনুসারীদেরকে নতুন আদর্শের আলোকে গড়ে তোলা এবং তাদের মাঝে আদর্শিক দৃঢ়তা সৃষ্টির কাজে বেশী সময় ব্যয় করতে থাকেন।

এই আন্দোলনের গতিরোধ করতে চাইলো কুরাইশগণ। তারা মুহাম্মাদ (সা) এবং তাঁর অনুসারীদের ওপর নির্মম অত্যাচার চালায়। এই দুর্বহ চাপের মুখে নবী তাঁর অনুসারীদের বেশীর ভাগকেই আবিসিনিয়া (ইথিওপিয়া) পাঠিয়ে দেন। কিন্তু মক্কায যালিমদের রাগ এতেও পড়লো না। তারা মুহাম্মাদ (সা) এবং তাঁর গোত্রের বিরুদ্ধে

বয়কট ঘোষণা করে। মক্কায় তাঁরা তাঁদের এলাকায় অবরুদ্ধ হন। তলোয়ার ব্যবহার করলে গৃহযুদ্ধের আশংকা ছিলো, তাই এই বয়কটের মাধ্যমে খাদ্য ও পানি সরবরাহ বন্ধ করে চাপ সৃষ্টি করা হয়। তারা ভেবেছিলো যে এই চাপের মুখে মুহাম্মাদ (সা) পূর্বেকার ধর্ম মতে ফিরে আসবেন। “নবী তাঁর মিশনের ওপর অনড় থাকলেন। তাঁর নিখুঁত ঈমানই তাঁকে বছরের পর বছর এই অবস্থায় অটল থাকতে সাহায্য করে। তিনি জানতেন যে এই পথে এগুলো তাঁর পার্থিব লাভ নেই বরং পার্থিব স্বার্থই তাঁকে কুরবানী করতে হবে।” ৩

৬২০ খৃষ্টাব্দে ইয়াসরিব (মদীনা) থেকে একদল তীর্থ যাত্রী মক্কায় আসে। তারা তাঁর প্রচারিত দ্বীন গ্রহণ করে ঘরে ফিরে। ইয়াসরিবের সর্বত্র তারা এই দ্বীনের প্রচার শুরু করে। দু'বছর পর তারা আবার মক্কায় আসে। এবার নবীকে তাদের শহরে যাবার আমন্ত্রণ জানায় তারা। হিজরাত মানে তাঁর মদীনা গমনের দিন থেকেই মুসলিম বর্ষ পঞ্জী গণনা করা হয়। হিজরাতের পর থেকে দলে দলে লোক এই ধর্মে দীক্ষিত হতে থাকে।

মদীনা শহরের নিষ্কণ্ড কতগুলো সমস্যা ছিলো। সেখানে গৃহযুদ্ধ লেগেই থাকতো। বনু খাজরাজ এবং বনু আওসের গোত্রীয় দ্বন্দ্ব অতি পুরোনো ব্যাপার ছিলো। নাগরিকগণ ছিলো একে অপরের প্রতি বিদ্বেষ ভাবাপন্ন। তারা একটা অনিশ্চয়তার মধ্যে জীবন যাপন করতো। শিল্প এবং ব্যবসা ছিলো ইহুদীদের হাতে। এরা শহরের প্রশাসনে প্রধান ভূমিকা পালন করতো। কিছু সংখ্যক আরববাসী ইহুদী ধর্ম গ্রহণ করে। শহরের আগেকার নেতৃত্বানীয় লোকেরা বিজেতাদের বশব্দদ সেজে জীবন যাপন করতো। মুহাম্মাদের (সা) সময়ে মদীনায় উল্লেখযোগ্য সংখ্যক ইহুদী বসবাস করতো।

নবীর আগমণের পর ইয়াসরিবের নাম হয় মদীনাতুলনবী। মদীনাতে এসে নবী সালাত এবং সাধারণ সম্মেলনের প্রয়োজনে প্রথমেই একটা মসজিদ নির্মানের দিকে মনোযোগ দেন। এতোদিন তাঁরা বিভিন্ন ব্যক্তির বাসগৃহে একত্রিত হতেন।

মক্কাতে মুসলিমগণ একত্রিত হয়ে প্রকাশ্যে সালাত কায়েম করতে পারেনি। মদীনার পরিবেশ সেই সুযোগ এনে দেয়। সালাতের জন্যে আযান প্রচলিত হয়। ইহুদীদের টোল এবং খৃষ্টানদের ঘন্টার পরিবর্তে মানুষের কণ্ঠস্বর দ্বারা এই আহ্বানের ব্যবস্থা করা হয়। দৈনিক পাঁচবারের সালাতের সংগে পরবর্তী সময়ে সিয়ামও যোগ হয়।

এগুলো ছিলো প্রথম দিককার ফরজ বা অবশ্য করণীয় কাজ। মুসলিমদের জন্যে এই ফরজ কাজ গুলো নির্ধারণের ভেতর দিয়েই ইসলামের প্রকৃতি ফুটে ওঠে। এগুলো সাক্ষ্য বহন করে যে ধর্মীয় ভাবধারাই ইসলামের ভিত্তি যার ওপর সামাজিক এবং রাজনৈতিক কাঠামো গড়ে তুলতে হবে।

আল্লাহর প্রতি ভালোবাসা পোষণ এবং আল্লাহর ইচ্ছার কাছে আত্ম-সমর্পন করা ছাড়া কোন ব্যক্তি তার ধর্মের চাহিদা পূরণ করতে পারে না। ইসলামের মূল সূর হচ্ছে আধ্যাত্মিক। এমন কি এর পার্থিব শক্তিও সঠিক খাতে প্রবাহিত হবার প্রয়োজনে ধর্মের উৎস থেকেই নির্দেশ গ্রহণ করে।

কিন্তু রাসূলুল্লাহ (সো) মুমিনদের জন্যে বৈরাগ্যবাদের পথ নির্ধারিত করেননি। আত্মনির্গতের মাধ্যমে নাজাত পাওয়া যায় না। কাঁটার শয্যায় শুয়ে, চিরকুমার থেকে অথবা জীবনের সুখ- খাদ্য, পোশাক এবং জৈবিক চাহিদা- বর্জন করেও তা পাওয়া সম্ভব নয়। ইসলামের নির্দেশ হচ্ছে মানুষ স্বর্গীয় নির্দেশ মেনে স্বাভাবিক জীবন যাপন করবে। যা বৈধ তা সে উপভোগ করবে এবং যা অবৈধ তা বর্জন করবে।

রাসূলুল্লাহ (সো) আত্মার বিশুদ্ধিকরণ এবং মানবিক লালসা-বাসনাকে সংযমিত করার জন্যে এই ধর্মীয় বিষয় গুলোর প্রবর্তন করেন। এর পর তিনি আরব সমাজের গোত্রীয় হিংসাপরায়ণতার মূলোৎপাটনের দিকে নজর দেন। আল্লাহ তাঁকে যে প্রজ্ঞা এবং বিচক্ষণতা দান করেছেন তাঁর সাহায্যে তিনি মক্কা থেকে আগত মুসলিম এবং মদীনার নও মুসলিমদের মধ্যে দ্রাতৃত্ব প্রতিষ্ঠা করতে সক্ষম হন। এরা পরস্পর ভাই ভাই হয়ে যায়। এদের আত্মীয়তার বন্ধনও এতো মজবুত ছিলো না। এই দ্রাতৃত্ব প্রতিষ্ঠার ফলে মক্কার মুহাজির ও মদীনার আনসার এবং আওস ও খাজরাজ গোত্রের পারস্পরিক বিদ্বেষ দূর হয়ে যায়। ইহুদীদের সত্বে রাসূলুল্লাহ (সো) একটা চুক্তি স্বাক্ষর করেন। এই চুক্তি অনুযায়ী ইহুদীগণ সমান নাগরিক অধিকার এবং পূর্ণ ধর্মীয় স্বাধীনতা ভোগ করার নিশ্চয়তা লাভ করে। বিনিময়ে তারা এই নতুন রাষ্ট্রের প্রতি তাদের সমর্থন অব্যাহত রাখার অঙ্গীকার করে।

মুহাম্মাদুর রাসূলুল্লাহ (সো) ছিলেন হৃদয়বান ব্যক্তি। কিন্তু তিনি কল্পনার জগতে ঘুরে বেড়াবার লোক ছিলেন না। তাঁর মাঝে ভাববাদ এবং বাস্তবমুখীনতার অপূর্ব মিলন ঘটেছিলো। ইতিহাসে এমন ব্যক্তিত্বের নমুনা আর খুঁজে পাওয়া যায় না। তিনি তাঁর অনুসারীদের আত্মিক উৎকর্ষ সাধনে রত ছিলেন। কিন্তু তিনি এই কথা ভুলে যাননি যে কুরাইশগণ এই দীনকে ধ্বংস করতে দৃঢ় সংকল্প। তিনি উপলব্ধি করেন যে এই হুমকির মুকাবিলা করার জণ্ডে কার্যকর পদক্ষেপ নেয়া দরকার। তিনি মদীনার প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালী করেন। অপর দিকে তিনি মুহাজিরদের দ্বারা গঠিত কয়েকটা বাহিনী কুরাইশদের গতিবিধি লক্ষ্য করা এবং অন্যান্য গোত্রগুলোকে কুরাইশদের সাথে মিলিত হওয়া থেকে বিরত রাখার জন্যে বিভিন্ন দিকে প্রেরণ করেন।

মক্কাবাসীরা ছিলো অহংকারী এবং তারা ভেবেছিলো মদীনার রাষ্ট্রটাকে ধ্বংস করে ফেলা নিতান্তই সহজ ব্যাপার। তারা ঘোড়ায় চড়ে প্রায়ই মদীনার কাছাকাছি আসতো, ফলের বাগান বিনষ্ট করতো এবং জোর করে মুসলিমদের পশু নিয়ে যেতো। তারা দিন দিন দুঃসাহসী হয়ে ওঠে। অবশেষে তারা ইসলামের এই ক্ষুদ্র শক্তিকে নির্মূল করার সিদ্ধান্ত নেয়। কেননা এই শক্তিটাই তাদের সামাজিক ভারসাম্য নষ্ট করে দেয়। আবু জাহলের নেতৃত্বে এক হাজার সুসজ্জিত সেনা মুসলিমদেরকে ধ্বংস করার উদ্দেশ্যে মদীনার দিকে রওয়ানা হয়। রাসূলুল্লাহ (সো) যথা সময়ে এই খবর পেয়ে যান। তিনি তিনশো তেরোজন মুসলিমের একটা বাহিনী নিয়ে অগ্গসর হন। আবু জাহল বদরের

উপত্যকার পথ ধরে এগুতে থাকে। রাসূলুল্লাহ (সা) পূর্বাঙ্গেই বদর উপত্যকা দখল করে অবস্থান গ্রহণ করেন।

মক্কাবাসীরা যুদ্ধে পরাজিত হয়। যুদ্ধে তাদের ক্ষতির পরিমাণ ছিলো বিপুল। তাদের কয়েকজন গোত্রীয় সর্দার নিহত হয়। বদরের বিজয় আরব সমাজে রাসূলুল্লাহ (সা) এবং ইসলামের মর্যাদা প্রতিষ্ঠিত করে।।

পরাজিত মক্কাবাসীরা প্রতিশোধ নেবার জন্যে ছট ফট করতে থাকে। তারা শক্তি পরীক্ষার জন্যে বিপুল আয়োজন করে। নিকটবর্তী গোত্র গুলোর সাথে চুক্তিবদ্ধ হয়ে তারা তিন হাজার সৈন্যের একটা বাহিনী নিয়ে মদীনার দিকে অগ্রসর হয়। কম সংখ্যক মুসলিমদের একটা বাহিনী উহদ প্রান্তরে মক্কাবাসীদের গতিরোধ করে দাঁড়ায়। অবশ্য তাদেরকে এই যুদ্ধে অনেক ক্ষতির সম্মুখীন হতে হয়। রাসূলুল্লাহর (সা) চাচা বীর হামজা (রা) এবং আরো কয়েকজন বিখ্যাত যোদ্ধা এই যুদ্ধে শহীদ হন। মক্কাবাসীরা কিন্তু মদীনায় প্রবেশ করার সাহস পায়নি। যুদ্ধক্ষেত্রে তারা যে আঘাত দিতে পেরেছে তাতে সন্তুষ্ট থেকেই তারা মক্কায় ফিরে যায়।

কিন্তু এতেও যুদ্ধের ইতি হয়নি। সংঘর্ষ চলতেই থাকে। মক্কাবাসীরা ক্রমশঃ শক্তি হারিয়ে ফেলতে থাকে। হিজরাতের অষ্টম বছরে এসে রাসূলুল্লাহ (সা) তাদের ওপর চূড়ান্ত বিজয় লাভ করেন। তাঁর ওপর নির্যাতনকারী দল পরাভূত হয়। তিনি রাহমাতুল্লিল আলামীন রূপে প্রেরিত হয়েছিলেন। তিনি যালিম কুরাইশদেরকে ক্ষমা করে দেন। মক্কাবাসীদের প্রতি সাধারণ ক্ষমা ঘোষিত হয়। শত্রুর ওপর বিজয় লাভের এই দিনটা তাঁর নিজের ওপর বিজয় লাভের দিন ছিলো বলে প্রমাণিত হয়^৪

আরেকটা দলের সংগে রাসূলুল্লাহর (সা) বুঝাপড়া করার দরকার দেখা দেয়। এরা ছিলো মুনাফিক। তাঁর শক্তির মুকাবিলা করা সম্ভব নয় ভেবে তারা নামকাওয়াস্তে তাঁর আনুগত্য করে এবং বাহাতঃ তাঁর দ্বীন মেনে নেয়। তবে সুযোগ পেলেই উন্টো দিকে যাবার জন্যে তারা প্রস্তুত ছিলো। রাসূলুল্লাহ (সা) তাদের এবং তাদের নেতা আবদুল্লাহ ইবনে উবাইর প্রতি ভদ্র ব্যবহার করতে থাকেন। সংকটকালে তারা তাঁকে একাধিকবার পরিত্যাগ করেছে। কিন্তু তিনি তাদের ওপর কোন প্রতিশোধ নেননি। তিনি তাদের হৃদয় জয় করতে চেষ্টা করেন। ফল দাঁড়ায়ঃ কালক্রমে এই দলটা দুর্বল হয়ে যায় এবং মুসলিম মিল্লাতের সাথে একাকার হয়ে যায়।^৫

ইসলামের বিরুদ্ধে ইহুদীরা ছিলো খুবই সক্রিয়। এরা প্রথমে রাসূলুল্লাহর (সা) আগমনকে খোশ আমদেদ জানিয়েছে। তাঁর কাঁধে সওয়ার হয়ে মদীনায় প্রাধান্য পাকাপোক্ত করে নেবার স্বপ্ন ছিলো তাদের। কিন্তু তিনি তাদের কাছে সত্য দ্বীনের দাওয়াত পেশ করেন এবং তাদের কোন্ কোন্ ধর্মীয় বিশ্বাস ও আচরণ স্বর্গীয় নির্দেশের সাথে সাংঘর্ষিক তা দেখিয়ে দেন। এতে তারা তাঁর দুষমন হয়ে দাঁড়ায়। তারা বিখ্যিতভাবে দেখলো যে রাসূলুল্লাহ (সা) ঈসা আলাইহিস্ সালামের প্রতি শত্রুভাবাপন্ন নন। তিনি বরং

ঈসাকে আল্লাহর নবী বলে স্বীকার করেন। ইহদীরা মনঃক্ষুব্ধ হয় এবং রাসূলুল্লাহর (সা) বিরোধিতা শুরু করে। তারা বিভিন্নভাবে রাসূলুল্লাহকে (সা) বিব্রত করতে থাকে। তাদের দুঃস্থমীর কোন তুলনা নেই।

মুহাম্মাদ (সা) তাঁর স্বাভাবিক মহানুভবতার কারণে তাদের সাথে ভালো ব্যবহার করতে থাকেন। চুক্তি অনুযায়ী তারা ধর্ম-কর্মে পূর্ণভাবে স্বাধীন ছিলো এবং তাদের নিরাপত্তার গ্যারান্টি এতে ছিলো। কিন্তু তারা চুক্তি অবজ্ঞা করে ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্র পাকাতে থাকে। তারা গোপনে এবং প্রকাশ্যে হাসি ঠাটা করতো, রাসূলুল্লাহর (সা) বিরুদ্ধে কুৎসা রটাতো, গরীব মুসলিমদের নিয়ে তামাশা করতো এবং আল্লাহর বাণীকে বিকৃতভাবে উচ্চারণ করতো। এমনকি তাদের লেলিয়ে দেয়া কবিগণ মুসলিম নারীদের বিরুদ্ধে অশ্লীল কবিতা রচনা করে বিদ্রুপ করতো।

এভাবে ধর্ম এবং মুসলিমদের বিরুদ্ধে তারা অপরাধমূলক কাজ করতে থাকে। তারা বার বার ইসলামী রাষ্ট্রের বিরুদ্ধে চক্রান্ত করে। মুহাম্মাদ (সা) কেবল একজন ধর্ম প্রচারকই ছিলেন না। তিনি তখন রাষ্ট্র প্রধানও ছিলেন। রাষ্ট্রের নিরাপত্তা, শান্তিরক্ষা এবং অনুগত মুসলিম নাগরিকদের নিরাপত্তা বিধান করাও তাঁর দায়িত্ব ছিলো। রাসূলুল্লাহ (সা) দৃঢ়ভাবে এদের মুকাবিলা করেন। কিছু সংখ্যক ইহুদী নিহত হয়। দু'টো ইহুদী গোত্র নির্বাসিত হয়। সন্দেহ নেই যে এটা এক কঠোর পদক্ষেপ ছিলো। কিন্তু ইহুদীগণ এমন জঘন্য কাজে নিয়োজিত ছিলো যে এ না করে উপায়ও ছিলো না। এই কঠোর ব্যবস্থা অবলম্বন করা না হলে ইসলামের নতুন সমাজ ব্যবস্থা ভেঙে পড়তো। মানব জীবনের মর্যাদার স্বীকৃতি ইসলামের এক মৌল নীতি। কিন্তু কোন ব্যক্তি বা গ্রুপ যদি সমাজ কাঠামো বিনষ্ট করার মতো তৎপরতা শুরু করে তখন মানবতার বৃহত্তর স্বার্থে ওই ব্যক্তি বা গ্রুপের প্রতি কঠোর হওয়াটাই ইসলামের শিক্ষা। মানুষের জীবন অতি মূল্যবান। কিন্তু এর চেয়েও মূল্যবান হচ্ছে শান্তি ও স্বস্তি যার ছায়াতলে দাঁড়িয়ে মানব সমাজ টিকে

এটা ভুল প্রচারণা যে মুহাম্মাদ (সা) মদীনায় নবী হিসেবে তাঁর ভূমিকা ত্যাগ করে রাজা হিসেবে তাঁর কাজ করছিলেন। মানুষ আল্লাহর দীন কবুল করুক-এ ছাড়া আর কোন বাসনাই তাঁর মনে প্রাধান্য পেতো না। তিনি এই ব্যাপারে অত্যন্ত সজাগ ছিলেন যে ইসলাম শুধু আরবের জন্যে নয়, ইসলাম গোটা মানব গোষ্ঠীর জন্যে। আল্লাহ ছাড়া আর কোন ইলাহ নেই, ইসলাম ছাড়া আর কোন সত্য দীন নেই, এর দিকে পৃথিবীর সব মানুষকে ডাকতে হবে। রাসূলুল্লাহ (সা) একজন খাঁটি মিশনারী রূপে শুধু দিকে দিকে মুবালাগি পাঠিয়ে ক্ষান্ত হননি; তিনি বিভিন্ন গোত্রপতি এবং রাজাকে ইসলাম কবুল করার আহ্বান জানিয়ে চিঠি পাঠান। ইবনে সা'দ (রা) আরবের বিভিন্ন সর্দার এবং আরবের বাইরের বিভিন্ন রাজার কাছে প্রেরিত এই ধরনের অনেক চিঠির উদ্ধৃতি দেন। তিনি অনেক মুবালাগি পাঠিয়েছেন তাঁদের নিজস্ব গোত্রের লোকদেরকে ইসলামে দীক্ষিত করার জন্যে। তাদের কেউ কেউ এই মিশনারী তৎপরতায় সফল হতে পারেনি। কিন্তু তাই বলে তারা শক্তি প্রয়োগের জন্যে রাষ্ট্রের কাছে অনুরোধ জানায়নি।^৬

হিজরী দশম সালে রাসূলুল্লাহ (সা) তাঁর জীবন কালের শেষ ভাগে এসে পৌছেন। ইতোমধ্যে নবুওয়্যাতের বিশ বছর চলে গেছে। তিনি আবার মক্কায় গিয়ে হজ্জ্ব করার সিদ্ধান্ত নেন। অনুষ্ঠানাদি শেষ হলে পর তিনি সম্মিলিত জনতার উদ্দেশ্যে বলেন, “ওহে লোকেরা, আমার কথা শোন। আমি জানিনা এই বছরের পর আমি আবার তোমাদের সাথে মিলিত হতে পারবো কিনা। তোমাদের জীবন এবং সম্পদ পরম্পরের জন্য চির পবিত্র এবং অলংঘনীয়। প্রত্যেক মানুষকে আল্লাহ উত্তরাধিকার দিয়েছেন। কোন উত্তরাধিকারীকে বঞ্চিত করে উইল করা বৈধ নয়। বিয়ের পবিত্রতা লঙ্ঘনকারীকে পাথর নিক্ষেপ করে হত্যা করবে। ওহে জনগণ, স্ত্রীদের ওপর তোমাদের হক আছে। তোমার ওপর তোমাদের স্ত্রীদের হক আছে। স্ত্রীলোকদের প্রতি ভাল ব্যবহার কর এবং তোমাদের দাসগণ। তোমরা যে ধরণের খাবার খাও, তাদেরকে সেই ধরণের খাবার খাওয়াবে। তোমরা যে ধরণের পোশাক পর তাদেরকে সেই ধরণের পোশাক পরাবে। তারা যদি এমন কোন অন্যায় করে যা তোমরা ক্ষমা করতে পার না, তবে তাদেরকে হস্তান্তরিত কর, কেননা তারাও আল্লাহর বান্দা। তাদেরকে নির্যাতন করো না। ওহে জনগণ, আমার কথা শোন এবং তা বুঝে নাও। তোমরা সবাই ভাই ভাই।” এরপর ওপরের দিকে তাকিয়ে বলেন, “ওহে প্রভু, আমি কি আমার কথা পৌছিয়েছি এবং আমার মিশন পূর্ণ করেছে?” সমবেত জনতা বলে ওঠে, “নিশ্চয়ই আপনি তা করেছেন।” “ওহে প্রভু, আমি প্রার্থনা করি আপনি সাক্ষী থাকুন।” মুসার (আলাইহিস্ সালাম) মতো তিনি দু’হাত তুলে লোকদের জন্যে দোয়া করেন।^৭

রাসূলুল্লাহ (সা) উপস্থিত শ্রোতাদের এবং তাদের মাধ্যমে সমগ্র মানব জাতির কাছে এই মহা মূল্যবান বাণী রাখলেন। মানব জীবনের মর্যাদা, সম্পত্তির নিরাপত্তা এবং মানুষে মানুষে সাম্যের নীতি ঘোষণা করেন তিনি। মানুষের সাথে মানুষের সুআচরণের ভিত্তি মজবুত করেন রাসূলুল্লাহ (সা)। এর মাধ্যমে নতুন সমাজ ব্যবস্থায় সর্বশেষ রংটা লাগিয়ে দিলেন তিনি। তাঁর প্রতিষ্ঠিত সমাজ ব্যবস্থা ছিলো সব অন্যায় এবং অবিচার থেকে মুক্ত। এ ছিলো এক নজীরবিহীন সমাজ।

এই ভাষণের তিন মাস পর মুহাম্মাদুর রাসূলুল্লাহ (সা) দুনিয়া থেকে বিদায় নেন। আল্লাহর প্রতি পরিপূর্ণভাবে নিবেদিত জীবনের সমাপ্তি ঘটে। পৃথিবীর সব শ্রেষ্ঠ শিক্ষকদের মধ্যে তিনিই একমাত্র ব্যক্তি যিনি থিওরী দিয়ে ক্ষান্ত হননি। তা সমাজে রূপায়িতও করে গেছেন। তাঁর মতবাদ মানব জীবনের কোন একটা দিককে কেন্দ্র করে আবর্তিত হয়নি। জীবনের সব দিক এবং বিভাগেই তা ছিলো পরিব্যাপ্ত। ব্যক্তি জীবন এবং সমাজ জীবনের সব দিক ও বিভাগ এর আওতাভুক্ত ছিলো। তিনি ছিলেন একাধারে সন্তান, আব্বা, স্বামী, ব্যবসায়ী, প্রতিবেশী, প্রচারক, নির্যাতিত মুহাজির, বন্ধু, যোদ্ধা, সেনাপতি, বিজ্ঞতা, বিচারক, প্রশাসক, আইন-প্রণেতা, রাজনীতি বিশারদ এবং রাষ্ট্রপ্রধান। সব ক্ষেত্রেই তিনি ছিলেন নিখুঁত এবং নিপুণ।

“সামান্য একজন প্রচারক আরবের শাসক হন। খসরু এবং সিজারের মতো শাসনক্ষমতার অধিকারী হন। জাতির ভাণ্ড নিৰ্ধারক হন। কিন্তু বিনয়, অন্তরের অনাবিলতা, আত্মার পবিত্রতা, জীবন যাপনের নিড়াহরতা এবং কর্তব্যনিষ্ঠা যা একদিন তাঁকে ‘আল-আমিন’ নামে আখ্যায়িত করে তা সারা জীবনই তাঁর চরিত্রের বৈশিষ্ট ছিলো।”^৮ একদিকে তিনি কোমল হৃদয়ের অধিকারী, অন্যদিকে বীরত্বপূর্ণ। তাঁর জীবন বিশ্লেষণ করতে গেলে মন শঙ্কা এবং ভালোবাসায় ভরে উঠে। একক ভাবে মাথা উচিয়ে তিনি বছরের পর বছর দেশের মানুষের ঘৃণার মুকাবিলা করেছেন। কারো সাথে হাত মিলিয়ে তিনি সহজে সেই হাত টেনে নিতেন না। তিনি ছিলেন শিশুদের আপনজন। শিশুদের কাছ দিয়ে যেতে তিনি তাদের দিকে চেয়ে মিষ্টিভাবে হাসতেন। মিষ্টি মধুর ভাবে আলাপ করতেন তাদের সাথে। দিল খোলা বন্ধুত্ব, মহান উদারতা এবং দুর্জয় সাহস তাঁর প্রতি পরিচালিত সব সমালোচনাকে শেষে প্রশংসায় পরিণত করে”^৯

সংক্ষেপে রাসূলুল্লাহর (সো) পবিত্র জীবন আলোচনা করতে গিয়ে আমি বিতর্কিত দিক গুলো ছেড়ে গেছি। দুনিয়ার বুদ্ধিবৃত্তিক অগ্রগতিকে বুঝতে হলে তাঁর জীবনের যে দৃষ্টিভঙ্গিটা তুলে ধরা দরকার এখানে তা-ই তুলে ধরতে চেষ্টা করেছি। তাঁর জীবনকে না জেনে ইসলামী দাওয়াতের প্রকৃতি ও গুরুত্ব এবং জীবনের সমস্যাবলীর প্রতি এর দৃষ্টিকোণ কারো বুঝে নেয়া সহজ হবে না।

ইসলাম সম্বন্ধে সঠিক ধারণা পেতে হলে ইসলামের উপস্থাপিত আদর্শ গুলোকে ভালোভাবে বুঝে নিতে হবে। মুসলিম জীবনের চূড়ান্ত লক্ষ্য- তার জীবনের শুরু ও শেষ- আসলে স্বর্গীয় নির্দেশের আনুগত্য এবং আল্লাহর সন্তোষ অর্জন করে ইহকাল ও পরকালে সুখী হওয়া। জীবনকে আল্লাহর ইবাদাতে নিয়োজিত করাই হচ্ছে আল্লাহর সন্তোষ অর্জন এবং পরিণতিতে ইহকাল ও পরকালের সুখ লাভের পথ। পরিপূর্ণভাবে আল্লাহর কাছে আত্মসমর্পনের নামই ইবাদাত। এই আত্মসমর্পন তখনই বাস্তব রূপ নেয় যখন আল্লাহর গুণাবলী, ইচ্ছা ও নির্দেশ সম্বন্ধে জ্ঞান হাসিল করা হয় এবং সেই জ্ঞান অনুযায়ী আমল করা হয়। ইসলামের মূল বক্তব্যকে এভাবে পরিবেশন করা যায়ঃ “সঠিকভাবে ঈমান আন, আমল কর” এবং পরিণামে আত্মার প্রশান্তি, সমাজ জীবনে শান্তি ও সুখ উপভোগ কর।

ইসলাম তাওহীদ তথা এক মেহেরবান ও সর্বশক্তিমান আল্লাহর ওপর-যিনি বিশ্বের স্রষ্টা ও প্রতিপালক-ঈমান আনার নির্দেশ দেয়। ইসলাম শিক্ষা দেয় যে আদম আলাইহিসসালাম থেকে শুরু করে মুহাম্মাদুর রাসূলুল্লাহ (সো) পর্যন্ত নবী রাসূলগণ একই বাণী নিয়ে এসেছেন এই কথার ওপর ঈমান আনতে হবে। ইসলাম আরো শিক্ষা দেয় যে মৃত্যু মানব জীবনের শেষ নয়, বরং এ হচ্ছে এক অনন্ত জীবনের প্রবেশ পথ মাত্র। ইসলাম বলে সব মানুষ একই বংশোদ্ভূত। গায়ের রং, শ্রেণীভেদ ইত্যাদির ভিত্তিতে মানুষে মানুষে যে পার্থক্য সৃষ্টি করা হয়েছে তা মানুষেরই কাজ। এর পেছনে আল্লাহর কোন অনুমোদন নেই।

ইসলাম ধর্ম এবং ধর্মনিরপেক্ষতার নামে জীবনকে দু'ভাগে ভাগ করে না। আচার-আচরণ, শরীর-স্বাস্থ্য, বিয়ে-তলাক, সালাত, শিশুর প্রতি ব্যবহার, দাসের প্রতি ব্যবহার এবং জন্ম-জানোয়ারের প্রতি ব্যবহারের বিধি বিধান যেমন রয়েছে, তেমনি রয়েছে ব্যবসা বানিজ্য, রাজনীতি, সুদ-ঋণ, উইল, শিল্প, অর্থনীতি, অপরাধ-শাস্তি, যুদ্ধ-শান্তি চুক্তি এবং উচ্চ পর্যায়ের নৈতিক কাজকর্ম সম্বন্ধে। জীবন সম্বন্ধীয় একক দৃষ্টি ভংগি সংরক্ষণের জন্যে এই ব্যবস্থা করা হয়েছে। ইসলাম কেবল নৈতিকতার আলো জ্বালিয়ে অথবা সাধু ব্যবস্থাকে জান্নাতের পথে চলার অনুপ্রেরণা যুগিয়েই ক্ষান্ত হয় না, অর্থনীতি, রাজনীতি, শিল্প, বিজ্ঞান এবং আচার-আচরণের ক্ষেত্রেও বিধি-বিধান ঘোষণা করে। তাই ইসলাম মঠে জীবন যাপন ব্রত বা বৈরাগ্যবাদ নয় আবার স্রষ্টার সাথে মানুষের ব্যক্তিগত সম্পর্ক নয়। ইসলাম জীবনের সামগ্রিকতাকে এর আওতাভুক্ত করে নেয়। "আত্মিক ও দৈহিক, ব্যক্তিক ও সামষ্টিক অর্থাৎ দেহ ও আত্মার সমস্যা, যৌন ও অর্থনৈতিক সমস্যা এবং নৈতিকতা ও সৌন্দর্যবোধের সমস্যা একই সময়ে ইবাদাতের ও আত্মিক চাহিদার সমস্যার মতোই ইসলামে যথার্থ স্থান পেয়েছে।"^{১০}

ইসলাম বস্তু-জগতকে ঘৃণা করে না। বরং একে ইসলাম মর্যাদার আসনে বসিয়েছে। এতোকাল ভাবা হতো যে আত্মা এবং বস্তু একে অপরের বিপরীত ও বৈরী। বিশ্বাস করা হতো যে বস্তু মানেই পাপের আধার এবং এর সাথে মানুষের সম্পর্ক গড়ে ওঠা মানে পাপের সংগে সম্পর্ক গড়ে ওঠা। তাই একজন অ-মুসলিম ধর্মবেস্তার দৃষ্টিতে এই পৃথিবীতে সর্বশ্রেষ্ঠ কল্যাণের পথ ছিলো বস্তু জগতকে বর্জন করা এবং কনভেন্ট বা গুহায় বসবাস করে বস্তুর সংস্রব থেকে আত্মাকে মুক্ত রেখে আদিম পাপের ফলে সে যেখান থেকে অধঃপতিত হয়েছে সেখানে তাকে ফিরিয়ে নেয়া। কোন ব্যক্তির আত্মায় কলংক রয়েছে, ইসলাম এই ধারণাকে বর্জন করে। ইসলাম এটাও স্বীকার করেনা যে কোন ব্যক্তি তার সম্প্রদায়ের পাপের জন্যে দুর্ভোগ পোহাবে। ইসলামের মতে মানুষের দেহ এবং আত্মার মধ্যে কোন সংঘর্ষ নেই। আত্মিক উন্নতির জন্যে পার্থিব জীবনের প্রতি কোন ব্যক্তির পিঠ দেখানোরও নেই কোন প্রয়োজনীয়তা। আত্মিক এবং পার্থিব সন্তা নিয়েই জীবন। এই বাস্তবতাকে বিভিন্ন বিভাগে ভাগ করার প্রচেষ্টা দুরূহ ব্যাপার। একটা পার্থিব কাজও ধর্মীয় কাজে পরিণত হয় যদি তা ইসলামের আলোকে সংঘটিত হয়। যারা ধর্ম বলতে আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করাকে, তার উদ্দেশ্যে নতজানু হওয়া এবং শালীন জীবন যাপন করাকেই বুঝতো তাদের কাছে রাসূলুল্লাহর (সা) দাওয়াতের এই বৈশিষ্ট্যটা খারাপ ঠেকতো। ইসলাম আধ্যাত্মিকতাকে দৈহিক জীবন থেকে পৃথক করে বিবেচনা করে না। ইসলাম বলে যে আত্মা ও দেহ মূলতঃ পবিত্র এবং একটা অপরটার পরিপূরক। রাসূলুল্লাহ (সা) তাঁর অনুসারীদেরকে বৈরাগ্যবাদ অবলম্বন করতে বলেননি। ইসলামে নাজাতের মানে এই নয় যে নির্জন স্থানে আত্ম-পীড়ণ করতে হবে বরং তা অর্জন করতে হবে চলমান জীবন যাত্রার হৈ চৈ এর মধ্যে থেকেই। আল্লাহ একজন মানুষকে যে বৈশিষ্ট্য দিয়ে সৃষ্টি করেছেন তা নিয়েই তাকে জীবন যাপন করতে হবে। এই

পৃথিবী কোন নির্যাতনের স্থান নয়। এটা আদিম পাপের অপরাধে মানুষকে বন্দী করে রাখার বন্দীশালাও নয়। বরং এ হচ্ছে এমন এক স্থান যেখানে মানুষ আত্মাহর নির্দেশ মতো জীবন যাপন করবে। “অপবিত্র পৃথিবী বলতে কিছু নেই। আত্মার আত্মোপলব্ধির জগৎই বস্তুর এই বিপুল আয়োজন। সবই পবিত্র ভূমি। রাসূলুল্লাহ (সা) বলেছেন, “সারা পৃথিবী আমার জন্যে মসজিদ।”^{১১}

পার্থিব জীবনের প্রতি ইসলামের এই দৃষ্টিভঙ্গি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই দৃষ্টিভঙ্গি ইতিহাসের গতিধারার ওপর বিশেষ প্রভাব রেখেছে। মুসলিমগণ ইসলামের শিক্ষাকে কতগুলো কাজের মধ্যেই সীমাবদ্ধ রাখেনি। তারা সেগুলোকে জীবনের সর্ব ক্ষেত্রেই প্রয়োগ করেছে। অনুসন্ধিৎসার মনোভাব সৃষ্টি করা হয়েছে মুসলিমদের মাঝে যাতে তারা একই সময়ে প্রকৃতি জগত এবং মানব জগতকে ব্যাখ্যা বিশ্লেষণ করতে পারে। মানুষের বুদ্ধি বৃষ্টি যেখানে গিয়ে ভৌতা হয়ে যায় তার বাইরে অহংকার বশতঃ কিছু খুঁজে বেড়ানো ছাড়া অন্যান্য সব কিছুর উপলব্ধির প্রচেষ্টা ইসলামে নিষিদ্ধ নয়। বর্তমান সভ্যতার ভিত্তি প্রাচীন গ্রীক সংস্কৃতি আর ইসলামের মধ্যে এখানেই রয়েছে মৌলিক পার্থক্য। গ্রীক মন কেবল মানুষকে নিয়েই চিন্তা গবেষণা করে। কিন্তু আল কুরআন তার অনুসারীদেরকে বিশ্ব নিয়ে চিন্তা গবেষণা করতে নির্দেশ দেয়। কেবল মানুষের কামনা বাসনা ও আধ্যাত্মিক চাহিদার ক্ষেত্র নিয়েই নয়, শ্রানহীন বস্তু, উদ্ভিদ জগত, পশুজগত, দৃশ্য জগত, অদৃশ্য জগত সব কিছুকে নিয়েই ভাবতে হবে।

ইসলামের এই দৃষ্টিভঙ্গিকে ডঃ ইকবাল সুন্দর ভাবে ব্যক্ত করেছেন। তিনি লিখেন, “আল-কুরআনের প্রধান উদ্দেশ্য হচ্ছে আত্মাহ এবং বিশ্বের সংগে যে মানুষের বিভিন্ন রকমের সম্পর্ক রয়েছে সেই সম্বন্ধে তাকে সচেতন করে দেয়া। ইসলামকে একটা শিক্ষামূলক শক্তি হিসেবে বিবেচনা করতে গিয়ে ইসলামের এই দিকটা দেখেই মহাকবি গ্যেটে একারমানকে লক্ষ্য করে বলেন, “দেখ, এই শিক্ষা কখনো ব্যর্থ হয় না। আমাদের সব ব্যবস্থা নিয়েও আমরা তথা কোন মানুষই একে ছাড়িয়ে যেতে পারিনা।”

ইসলামের সামনে সমস্যা হচ্ছে ধর্ম এবং সভ্যতা কর্তৃক পরিবেশিত পারস্পরিক সংঘর্ষ এবং পারস্পরিক আকর্ষণের সমস্যা। বস্তুতঃ আদি খৃষ্টবাদের সামনে এই দু’টো সমস্যা ছিলো। খৃষ্টবাদের বড়ো কথা হচ্ছে আধ্যাত্মিক জীবনের জন্যে স্বতন্ত্র পরিতৃষ্টির অবৈশ্বন। খৃষ্টবাদের প্রতিষ্ঠাতার মতে বাইরের জগতের শক্তি সমূহের দ্বারা আত্মার সমুন্নত হওয়া সম্ভব নয়, তা সম্ভব আত্মার মাঝে নতুন এক জগতের প্রকাশ ঘটানোর মাধ্যমে। ইসলাম এই অন্তর্দৃষ্টির সাথে একমত। তবে ইসলাম এর সাথে এই দৃষ্টিভঙ্গিও যোগ করে যে এভাবে বিকশিত নতুন জগতকে আলোকোজ্জ্বল করার ব্যাপারটা বস্তু জগতের সাথে অসামঞ্জস্যশীল নয়; বরং তা সূক্ষ্মভাবে বস্তুজগতের সর্বত্র ব্যাপ্ত হয়।^{১২}

“খৃষ্টবাদ কর্তৃক আত্মার ওপর যে দৃঢ়তা আরোপ করতে চাওয়া হয়েছে তা আত্মার আলোকে আলোকিত বাহ্যিক শক্তি গুলোকে বিসর্জন দিয়ে করা সম্ভব নয়; বরং

অত্যন্তরীণ আলোকে সমুজ্জ্বল এসব শক্তির সৎগে মানুষের সম্পর্কের যথার্থ সমন্বয় সাধনের দ্বারাই তা সম্ভব।”

সেকুলারিজম এবং ধর্ম এমন সাংঘর্ষিক শক্তি নয় যে এই দু'য়ের মাঝে কখনো সমন্বয় আনা সম্ভব হবে না। “আল-কুরআনের মতে চূড়ান্ত বাস্তব হচ্ছে আত্মিক। কিন্তু এই বাস্তবের জীবন রয়েছে পার্থিব কাজের মধ্যে। আত্মা স্বাভাবিক, বস্তুগত ও সেকুলার বিষয়ের মাঝেই তার উপযুক্ত স্থান খুঁজে পায়। যা কিছু সেকুলার মৌলিকভাবে তা অপবিত্র নয়।”^১ আধ্যাত্মিকতা এবং ধর্মের রহস্যময় স্পর্শ পার্থিব জীবনের অর্থ ও মূল্য সৃষ্টি করে। ইসলামী জীবন আধ্যাত্মিক সেকুলারের মাঝে বিচ্ছেদ ঘটিয়ে একটাকে অপরটার বিরুদ্ধে দাঁড় করায় না। ইসলামের সার্বক্ষণিক চেষ্টা হচ্ছে বস্তু জগতকে আপন করে নিয়ে এর সবটুকুতে নিজের আলো ছড়িয়ে দেয়া। তাই বুদ্ধি সংগতভাবে মুসলিমগণ আত্মবিশ্বাস এবং উৎসাহ নিয়ে মানবজীবনের সমস্যাবলী বিশেষভাবে পরখ করেছে। মানব ইতিহাসে তাদের এই ভূমিকার তুলনা বড্ড একটা নেই।

ইসলাম জীবন এবং তার সমস্যাবলীর প্রতি একটা গতিশীল ও বিশ্লেষণী দৃষ্টিভঙ্গি পোষণ করে। ইসলাম মানুষের মনে জ্ঞান এবং শক্তির নতুন জগত জয় করার আকাংখা সৃষ্টি করে। এই কারণেই মুসলিমগণ এই পৃথিবী এবং এর সমস্যাবলীর প্রতি মনোযোগ দেয়। তারা তাদের অন্তর্দৃষ্টি প্রখর করে নেয়। তারা জ্ঞানের বিভিন্ন শাখা এবং সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে চমৎকার অগ্রগতি সাধন করে।

ইসলাম এমন এক সমাজ ব্যবস্থা উদ্ভাবন করেছে যেখানে কায়েমী স্বার্থবাদের কোন স্থান ছিলো না, শ্রেণীবৈষম্য ছিলো না, পুরোহিতবাদ ছিলো না এবং ছিলো না অভিজাতবাদ। এই ব্যবস্থা আল্লাহর একত্ব এবং মানব জাতির ভ্রাতৃত্ব সম্বন্ধে ইসলামের উপস্থাপিত শিক্ষা থেকে রস সংগ্রহ করতো।

একত্ববাদ মানুষের মনে এই উপলব্ধি সৃষ্টি করে যে আল্লাহ ছাড়া উপাস্য হবার যোগ্য আর কেউ নেই। এই মতবাদ মানব মন থেকে অজ্ঞতা দূর করে। মানুষ তাই অনুভব করতে শুরু করে যে বহু বছর ধরে সে যে সব শিকলের বোঝা বহন করছিলো তাথেকে সে মুক্তি পেয়েছে। বস্তুতঃ এই মতবাদ মানবতার মুক্তির জন্যে ছিলো এক বিপ্লবী প্রোগান। এই মতবাদ মানুষকে আল্লাহর পরবর্তী আসন দিয়ে মানুষের মর্যাদা প্রতিষ্ঠিত করেছে। সৎ জীবন যাপনকেই এই মতবাদ এক মানুষের ওপর অপর মানুষের শ্রেষ্ঠত্বের মানদণ্ড রূপে গ্রহণ করেছে। রেভারেন্ড সি,এফ, এন্ড্রুস লিখেন, “প্রাচী এবং প্রতীচীর জন্যে ইসলাম যে সব আশীর্বাদ নিয়ে এসেছে তার একটি হচ্ছে স্বর্গীয় একত্ববাদের ওপর গুরুত্ব আরোপ। কেননা মধ্যযুগে ৬০০ সাল থেকে ১০০০ সাল পর্যন্ত সময়ে পূর্ব এবং পশ্চিমের সবখানেই এই মতবাদ হিন্দুবাদ ও খৃষ্টবাদের অসংখ্য অর্ধ-দেবতা বা বীর পূজার ফলে চাপা পড়ে গিয়ে হারিয়ে যাবার অবস্থায় পৌঁছে যায়। ইউরোপ এবং ভারতের একত্ববাদ বিচ্যুত অবস্থার সংশোধনের জন্যে এগিয়ে আসে ইসলাম। বস্তুতঃ ইউরোপ এবং ভারতের

মধ্যবর্তী স্থানে অবস্থান করে ইসলাম যদি একত্ববাদের এই মহাসত্যকে বিশেষ গুরুত্ব সহকারে তুলে না ধরতো তাহলে আজকের বুদ্ধিদীপ্ত জগতে আল্লাহ সম্পর্কিত যে ধারণা বিরাজ করছে তা সম্ভব হতো কি না সন্দেহ।” ১৪

মানুষ একই বংশোদ্ভূত এই ধারণা সব ভৌগোলিক, বর্ণ ভিত্তিক এবং ভাষা ভিত্তিক পার্থক্যের প্রাচীর ভেঙে দিয়েছে। এ গুলো এমন প্রাচীর যা মধ্য যুগে কুৎসিত মাথা উঁচু করে মানব সমাজকে বার বার বিব্রত করেছে। ইসলাম মানুষকে ভ্রাতৃত্বের এক মনস্তাত্ত্বিক ভিত্তি দান করেছে যা বর্ণ এবং বংশের বিবেচনাকে করেছে পদানত। এ এমন এক প্রশস্ত ধারণা যার বেণী আর কিছু মানুষ কল্পনাই করতে পারেনা। এটা মানুষকে দিয়েছে দৃষ্টিভঙ্গির প্রশস্ততা। যেসব ভিত্তি মানুষকে বিবদমান শিবিরে বিভক্ত করে রেখেছিলো এটা সেই ভিত্তি গুলোকে ভেঙে ফেলেছে।

তাওহীদের নির্যাস হচ্ছে সাম্য, সংহতি এবং মুক্তি। আল কুরআনের প্রধান কথা লাইলাহা ইল্লাল্লাহু-সৃষ্টি পরিকল্পনায় মানুষের স্থান নির্দেশ করে এবং অন্যান্য মানুষ, বিশ্ব এবং আল্লাহর সাথে তার সম্পর্কও নির্ণয় করে। এই মতবাদ মানুষকে অন্যান্য সব সৃষ্ট বস্তুর উর্ধে স্থান দেয় এবং আল্লাহর পরেই তার স্থান নির্ধারণ করে। আল কুরআন বলে যে মানুষ পৃথিবীতে আল্লাহর প্রতিনিধি। এর অর্থ এই যে পৃথিবীর সব বস্তুকে নিয়ন্ত্রণ করার ক্ষমতা তাকে দান করা হয়েছে। এক আল্লাহতে বিশ্বাস অন্য সব দাসত্ব থেকে মানুষকে মুক্তি দেয় এবং তার জন্যে বস্তুগত, নৈতিক এবং আত্মিক উন্নয়নের পথ খুলে দেয়।

এবার আসে বিজ্ঞান ক্ষেত্রের আলোচনা। এই কথা প্রচলিত ছিলো যে “মুসলিমগণ তাদের প্রতিবেশীদের যতো তাড়া তাড়ি জয় করেছে ততো তাড়া তাড়ি জয় করেছে বিজ্ঞান জগতকে।” ১৫ প্রশ্নজাগে মুসলিমদের বৈজ্ঞানিক অগ্রগতির মূল উৎস কি ছিলো? এর সর্থাঙ্কিত জবাব এই যে এর উৎস ছিলো “আল্লাহর সৃষ্ট বিশ্ব জগতকে গভীরভাবে উপলব্ধি করার বাসনা, বস্তুজগতকে আত্মিক জগতের মতোই গুরুত্ব দান, আরব মনের বাস্তবতাবাদ এবং অদম্য কৌতূহল। ইসলামে ধর্ম এবং বিজ্ঞান আলাদা পথ ধরে অগ্রসর হয়নি। বস্তুতঃ প্রথমটা দ্বিতীয়টাকে উৎসাহ যুগিয়েছে।” ১৬

বিজ্ঞানের ক্ষেত্রে ইউরোপ আরবদের কাছে বিশেষভাবে ঋণী। এই ঋণ শুধু চোখ ঝলসানো আবিস্কার এবং বৈপ্লবিক থিওরীর ক্ষেত্রেই সীমাবদ্ধ নয়। এই ঋণ বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির ক্ষেত্রেও। কেননা এই দৃষ্টিভঙ্গি মূলতঃ মুসলিমদেরই গড়া। “প্রাচীন জগত তো ছিলো প্রাক-বৈজ্ঞানিক। গ্রীকদের জ্যোতির্বিদ্যা এবং গণিত শাস্ত্র তো ছিলো বিদেশ থেকে আমদানী করা। এগুলো আবার গ্রীক সংস্কৃতির সাথে পুরোপুরি সংগতিপূর্ণ হতে পারেনি। গ্রীকগণ পদ্ধতিবদ্ধকরণ, কতগুলো দৃষ্টান্ত থেকে সাধারণ শ্রেণীবদ্ধকরণ এবং থিউরী গঠনে নিপুন ছিলো। কিন্তু ধৈর্য সহকারে অনুসন্ধান করা, নিশ্চিত জ্ঞান আহরণ করা, দীর্ঘকাল ধরে বিস্তারিত ভাবে পর্যবেক্ষণ করা এবং পরীক্ষণ-নিরীক্ষণ পদ্ধতি

অনুসরণ করা সর্বোত্তমভাবে গ্রীক মেজাজের পরিপন্থী ছিলো। পুরোনোকালে বৈজ্ঞানিক কাজকর্ম সীমাবদ্ধ ছিলো হেলেনীয় আলেকজান্দ্রিয়াতে। আমরা যাকে বিজ্ঞান বলে আখ্যায়িত করি তা জিজ্ঞাসু মন, নতুন অনুসন্ধান পদ্ধতি, পরীক্ষণ-নিরীক্ষণ পদ্ধতি এবং গণিত শাস্ত্রের অগ্রগতির ফলে ইউরোপেই বিকাশ লাভ করে। সেই মন এবং পদ্ধতি ইউরোপকে সরবরাহ করেছিলো আরবগণ।” ১৭

ওহী নিঃসন্দেহে মানব জ্ঞানের নির্ভুলতম উৎস। কিন্তু এর সত্যতা প্রকৃতি এবং ইতিহাসেও খুঁজে পাওয়া যায়। এসব উৎসের সন্থ্যবহারের ক্ষেত্রেও ইসলামী চেতনা অগ্রগামী ভূমিকা পালন করেছে।

আল কুরআন সত্যের নিদর্শন দেখতে পেয়েছে সূর্য, চাঁদ, দিন-রাতের পরিবর্তন, মানুষের গায়ের রং, ভাষার বিভিন্নতা, তথা প্রকৃতির সর্বত্র। মুসলিমগণকে উৎসাহিত করা হয়েছে প্রকৃতির বিস্তৃত ও বিচিত্র রূপ দেখতে, তা নিয়ে চিন্তা-ভাবনা করতে এবং অন্ধ ও বধিরের মতো এগুলোকে পাশ কাটিয়ে না যেতে। এরি ফলে মানুষ তার সীমা সন্থ্যকে সচেতন হয়েছে এবং এই সীমাকে ছাড়িয়ে সামনে এগুতে উৎসাহ পেয়েছে। কেননা শেষ সীমাতো খুঁজতে হবে তারকাদের কক্ষপথ অতিক্রম করে অনন্ত মহাজাগতিক জীবন এবং অপার্থিবতার মধ্যে। ইসলামী সংস্কৃতিকে বুঝতে হলে এই বিষয়টা ভালোভাবে বুঝে নিতে হবে। প্রেটো ইন্দ্রিয় দ্বারা উপলব্ধি করাকে ঘৃণা করতেন। তাঁর মতে এভাবে অভিমত পাওয়া সম্ভব, কিন্তু প্রকৃত জ্ঞান পাওয়া সম্ভব নয়। আল-কুরআন অবশ্য শুনা এবং দেখাকে মূল্যবান স্বর্গীয় দান হিসেবে বিবেচনা করে এবং ঘোষণা করে যে এই পৃথিবীতে মানুষ এগুলোর কি ধরনের ব্যবহার করেছে আল্লাহর কাছে তার জবাবদিহি করতে হবে। এভাবেই ইসলাম মানুষকে পর্যবেক্ষণ এবং নিরীক্ষণের দিকে নিয়ে গেছে এবং তা গ্রীকদের আন্দাজ অনুমান থেকে সম্পূর্ণ ভিন্ন রকমের।

বিজ্ঞানের ইতিহাসকে সব সময় দু'টো দৃষ্টিভঙ্গিতে দেখা হয়েছে। এক, পজ্জিটিভ ভাবে, ক্রমশঃ সত্যের উদ্ঘাটন এবং আলো বৃদ্ধির মাধ্যমে। দুই, নিগেটিভ ভাবে, ক্রমাঘয়ে ভুল এবং কুসংস্কারের ওপর বিজয় লাভ ও অন্ধকার হ্রাসের মাধ্যমে। একজন আধুনিক বিজ্ঞানী মুসলিম বিজ্ঞানীদের অবদান মূল্যায়ন করতে গিয়ে তারসাম্যহীন হয়ে পড়ে। কিন্তু তার উচিত চমকপ্রদ আবিষ্কারের দিকে না তাকিয়ে তারা যে পরীক্ষণ-নিরীক্ষণ পদ্ধতির বিকাশ ঘটিয়েছে তার দিকে তাকানো। কোন লোকই একথা অস্বীকার করতে পারেনা যে পরীক্ষণ-নিরীক্ষণের প্রতিটি পদক্ষেপই বৈজ্ঞানিক জ্ঞানের ক্ষেত্রে বড়ো রকমের অগ্রগতি ছিলো। মুসলিমগণ গ্রীকদের ইমপিরিসিজম অর্থাৎ অভিজ্ঞতাই জ্ঞানের উৎস এই মতের বিরুদ্ধে সফলভাবে লড়েছে। তারা আবিষ্কার, নতুন তথ্যের সৃষ্টিধর্মী ব্যাখ্যাদান, পরীক্ষণ-নিরীক্ষণ এবং শ্রেনীবিন্যাস করার পথ প্রশস্ত করেছে।

এখানে মুসলিম বিজ্ঞানীদের অবদানের পরিপূর্ণ বিবরণ দেয়া সম্ভব নয়। এই বিষয়ে উৎসুক ব্যক্তির জর্জ সার্টন এর 'ইনটোডাকশন টু দ্যা হিষ্ট্রি অব সাইন্স' নামক বইটা পড়ে নেয়া দরকার। "এখানে কয়েকজন মুসলিম বিজ্ঞানীর উল্লেখ করা যথেষ্ট হচ্ছে। তাঁরা যে সময়ে বিজ্ঞান চর্চা করেন তখন পাশ্চাত্যে তাঁদের সমকক্ষ একজন বিজ্ঞানীও ছিলো না। এঁরা হচ্ছেনঃ জাবির ইবনে হাইয়ান আলকিন্দি, আল-খাওয়ারিজমী, আলফারগানী, আর-রাজী, সাবিত ইবনে কুররা, আল-বাতানী, হনাইন ইবনে ইসহাক, আল-ফারাবী, ইব্রাহীম ইবনে সিনান, আল-মাসুদী, আল তাবারী, আবুল ওয়াফা, আলী ইবনে আব্বাস, আবুল কাসিম, ইবনে আল জাজ্জার, আল-বিরুনী, ইবনে সিনা, ইবনে ইউনুস, আল-কারহী, ইবনুল হাইসাম, আলী ইবনে ঈসা আল গাজ্জালী, আল-জারকালী, উমার খাইয়াম এবং আরো অনেকে। কেউ যদি বলে মধ্য যুগ বৈজ্ঞানিকভাবে বন্দী ছিলো, তবে তাকে এঁদের নাম বলে দিন। এঁরা সবাই ৭৫০ সাল থেকে ১১০০ সালের মধ্যে আবির্ভূত হন।" ১৮

মুসলিম বিজ্ঞানীদের অবদানকে দু'টো ভাগে ভাগ করা যায়। (ক) গ্রীক গ্রন্থের অনুবাদ (খ) মৌলিক আবিষ্কার।

"৭৫০ খৃষ্টাব্দের দিকে আব্বাসীয়দের উত্থান ইসলামী শাসনের শক্তি, জৌলুস এবং সমৃদ্ধির যুগের সূচনা করে। এই যুগের উষাকালে এমন একজন মুসলিমকে আমরা দেখি যাঁর প্রভাব মধ্য যুগের প্রাচ্য ও পাশ্চাত্যের বিজ্ঞানে অপরিমীম।" ১৯

দ্বিতীয় আব্বাসী শাসক আল মনসুর এর সময়ে উৎসাহের সাথে গ্রীক বই পুস্তকের অনুবাদ কাজ চলে। "আল মামুনের শাসন কালে (৮১৩-৮৩৩) এই নতুন জ্ঞান চর্চা চরম পর্যায়ে পৌছে। আল মামুন বাগদাদে একটা অনুবাদ কেন্দ্র স্থাপন করেন। সেখানে একটা লাইব্রেরী ছিলো। হনাইন ইবনে ইসহাক (৮০৯-৮৭৭) সেখানকার অন্যতম অনুবাদক ছিলেন। তিনি ছিলেন একজন দার্শনিক ও চিকিৎসাবিদ। গ্রীকদের বহু বই তিনি অনুবাদ করেন।" ২০ গ্রীক বই অনুবাদ করার সাথে সাথে এসব অনুবাদক অনেক সার গ্রন্থও তৈরী করেন। এই গ্রন্থ গুলো সেকালের আরবী শিক্ষার অংগ ছিলো। এগুলো ছিলো ঔষধ, দেহের ওপর ঔষধের প্রভাব ইত্যাদি বিষয়ের সর্ধক্ষিত পুনরাবৃত্তি।" ২১

মুসলিম বিজ্ঞানীগণ গ্রীকদের লিখা অনুবাদ করেই ক্ষান্ত থাকেননি। বিজ্ঞানের ওপর তাঁরা নিজেরাও বই লিখেন। তাঁরা নিজেদের এবং গ্রীকদের অ্যাপ্রোচের মাঝে সুস্পষ্ট পার্থক্য দেখতে পান। গ্রীকগণ বিশ্বকে অসীম মনে করতো না। তারা স্পেস এবং সময়কে গতিশীল কিছু মনে করতো না। গতিশীলতা ছিলো তাদের চিন্তার বাইরের ব্যাপার। "মুসলিমদের দৃষ্টি নিবন্ধ হয় আল্লাহর সৃষ্টিকলা-আকাশ, পৃথিবী, তারকা, তথা পুরো প্রকৃতির ওপর। মুসলিমদের দৃষ্টি ছিলো অসীমের দিকে। অসীমের প্রতি মুসলিমদের দৃষ্টিভর্গি নিয়ে আলোচনা করতে গিয়ে আমরা শুধু স্পেস (চতুর্দিকে বিস্তৃতি) সম্বন্ধীয় আলোচনাতেই সীমাবদ্ধ থাকবো না, আমরা সময় নিয়েও আলোচনা করবো।" ২২

মুসলিমদের দৃষ্টিতে বিশ্ব লোক সক্রিয় এবং তা হচ্ছে আল্লাহর সৃষ্টি নৈপুণ্যের পরিবর্তনশীল বিকাশ। এ এক অনন্ত প্রবাহ। গ্রীকদের দৃষ্টিতে এটি ছিলো একটা স্থবির একক। গতির প্রশ্নই সেখানে ছিলো না। সময়ের কাজও সেখানে পুরোপুরি অবহেলিত। জিনো এবং প্লেটোর কাছে তো সময় ছিলো আবাস্তব। হিরাক্লিটাসের দৃষ্টিতে সময় ছিলো একটা চক্রের অধীন। মুসলিম বিজ্ঞানীগণ বিশ্বকে বহু পূর্বে তৈরী স্টার একটা স্থবির কারখানা মনে করতো না। তারা একে ক্রমবিকাশমান বিষয় মনে করতো। তাই সময়ও ছিলো তাঁদের কাছে অতি গুরুত্বপূর্ণ একটা বিষয়।

নিচল বিশ্ব স্বয়ংক্রীয় গ্রীক ধারণা থেকে গতিশীল বিশ্ব স্বয়ংক্রীয় ধারণার দিকে সর্বপ্রথম গাণিতিক পদক্ষেপ নেন আধুনিক বীজ গণিতের প্রতিষ্ঠাতা আল-খাওয়ারিজমী (৭৮০-৮৫০)। তিনি সংখ্যার পাটীগণিত বিষয়ক বৈশিষ্টকে অসীম বৃহত্তে বর্ধিত করে দেখান এবং সীমাহীন ব্যবহার, প্রধান ধর্ম এবং সম্পর্কের অনুসন্ধানের উপাদান হিসেবে এদের সম্ভাবনাকেও দেখিয়ে দেন। গ্রীক গণিতশাস্ত্রে সংখ্যা বর্ধিত হতো কেবল যোগ এবং পূরণ দ্বারা। খাওয়ারিজমীর এলজেব্রীয় সংকেত গুলোতে সীমাহীনতার সম্ভাবনা লুকিয়ে রয়েছে।

তাই আমরা বলতে পারি যে, পাটীগণিত থেকে এলজেব্রায় যাওয়ার অর্থ বিদ্যমানতা থেকে ক্রমঅগ্রসরতার দিকে পা দেয়া; তথা গ্রীকদের নিচল বিশ্ব থেকে ইসলামের গতিশীল বিশ্বের দিকে অগ্রসর হওয়া। খাওয়ারিজমীর এলজেব্রার গুরুত্ব পশ্চিমা জগত বুঝে ওঠে দ্বাদশ শতাব্দীতে ক্রিমোনার অধিবাসী জেরারড ল্যাটিন ভাষায় তাঁর খিসিস অনুবাদ করার পর। ষোড়শ শতাব্দী পর্যন্ত ইউরোপের বিশ্ববিদ্যালয় গুলোতে, এটা গণিতের প্রধান পাঠ্যবই রূপে ব্যবহৃত হয়। কিন্তু খাওয়ারিজমীর প্রভাব বিশ্ববিদ্যালয় গুলোর বাইরেও বিস্তৃতি লাভ করে। আমরা পিসার Leonardo Fibonacci, ফ্লোরেন্সের মাষ্টার Jacob (জেকব) এমন কি লিওনার্ডো দ্যা ভিন্সি-এর গাণিতিক কর্মেও এর প্রভাব দেখতে পাই।^{২৩}

গণিত শাস্ত্রের মতো চিকিৎসা শাস্ত্রেও মুসলিমগণ গ্রীকদেরকে ছাড়িয়ে যায়। তাদের মেডিকেল অনুসন্ধানের ভেতর দিয়ে তারা কেবল চিকিৎসা শাস্ত্রের দিগন্তই প্রসারিত করেনি, সাধারণভাবে মানবতাবাদী ধারণারও বিস্তৃতি ঘটিয়েছে। আবারও বলতে হয় যে তারা এসব করতে পেরেছে তাদের ক্রমবর্ধিষ্ণু আধ্যাত্মিক বিশ্বাসের ফলে। এটা কোন আকস্মিক ব্যাপার নয় যে তাদের গবেষণা তাদেরকে এমন স্থানে নিয়ে গেছে যেখানে যাওয়া তাদের গ্রীক শিক্ষকদের জন্যে অসম্ভব ছিলো। মধ্য বিংশ শতাব্দীর জমকালো বৈজ্ঞানিক কৃতিত্ব হচ্ছে এটম ভাঙা এবং এটম বোমা তৈরী করা। তেমনি ভাবে চিকিৎসা বিজ্ঞানে প্রথম দিককার মুসলিমদের অবদানও বৈপ্রবিক আবিষ্কারের পথ রচনা করে। তবে সেই আবিষ্কার ছিলো মানবতার জন্যে মহোপকারী।^{২৪}

চিকিৎসা বিজ্ঞানে মুসলিম বিজ্ঞানীদের অবদান ছিলো প্রশংসনীয়। এই ক্ষেত্রেও তাদের আবিষ্কারের ধারা গ্রীকদের অনুসৃত ধারা থেকে ভিন্ন রকমের ছিলো। গ্রীকদের জগতে মানুষ ছিলো এক স্বয়ং সম্পূর্ণ সত্তা। তাই ধরে নেয়া হতো যে তার রোগ এমন কোন কারণে ঘটছে যার জন্যে তার স্বকীয় সত্তাই মূলতঃ দায়ী। যে মতবাদ মানুষকে অপর মানুষ অথবা পৃথিবী থেকে আলাদা করে নেয় তা ছিলো মুসলিমদের কাছে একেবারে অগ্রহণযোগ্য।

“আত্মকেন্দ্রিক দর্শন, যে ছদ্মাবরণেই তা আসুক না কেন, মুসলিম মনের কাছে দুর্বোধ্য এবং নিন্দনীয়। ওই মন সুস্থ বা রুগ্ন মানুষকে আল্লাহ, অপরাপর মানুষ এবং তার চার দিকের পৃথিবী থেকে বিচ্ছিন্ন করে দেখে না। মুসলিমগণই সর্ব প্রথম আবিষ্কার করে যে রোগ অবশ্যস্বাবীভাবে রোগীর ভেতর থেকেই আসবে এমন নয়; রোগ বাইরে থেকেও আসতে পারে। অর্থাৎ এরাই সর্ব প্রথম প্রতিষ্ঠিত করে যে সংক্রমণ বলে একটা কিছু আছে।”^{২৫}

মুসলিম ডাক্তারগণ বসন্ত, কলেরা এবং প্রেগের মতো ভয়ানক রোগের ওপর গবেষণা করতো। অমুসলিমদের মাঝে এই রোগগুলো ব্যাপক ছিলো। কিন্তু মুসলিমগণই প্রথমে এগুলোর সংক্রামক প্রকৃতি লক্ষ্য করে। এটাও কোন আকস্মিক ঘটনা নয়। বরং জীবন সষন্ধে মুসলিমদের যে দৃষ্টিভঙ্গি— তথা মানুষ বিশ্বের অন্যান্য সব কিছু থেকে বিচ্ছিন্ন নয় বরং অন্যান্য মানুষ, পোশাক পরিচ্ছদ, বাতাস পানি ইত্যাদির সাথে তার সংশ্লব আছে— তারই অনিবার্য ফলশ্রুতি এটা। এই দৃষ্টিভঙ্গি বিভিন্নভাবে তার প্রকাশ ঘটিয়েছে। প্রথমতঃ এটা মুসলিমকে ওই হতাশা এবং নিঃসংগতার অনুভূতি থেকে রক্ষা করেছে যার শিকার সেই মানুষ যে মনে এই ধারণা পোষণ করে যে প্রতিদিন সে একাকীত্বের দিকেই ভেসে চলেছে। দ্বিতীয়তঃ এটা রোগীর আপন অস্তিত্বের বাইরে রোগের কারণ খুঁজে বের করে এর প্রতিকারের পদক্ষেপ নিতে সাহায্য করেছে। তৃতীয়তঃ এটা মুসলিম চিকিৎসকদেরকে শিখিয়েছে সব সময় কেবল রোগীর দৈহিক চিকিৎসার ওপর নির্ভর না করে আত্মিকভাবেও তার চিকিৎসা করতে। তারা চিকিৎসাকালে ধর্মীয় দিকটাকে কদাচিৎ অবহেলা করেছে।

মুসলিম চিকিৎসকদের মধ্যে হনাইন ইবনে ইসহাক বিশেষভাবে উল্লেখযোগ্য। কেননা আল-মামুন বাগদাদে যে অনুবাদ কেন্দ্র স্থাপন করেন তিনি “ছিলেন তার প্রধান অনুবাদক। চিকিৎসা বিজ্ঞানে তাঁর অবদানও মূল্যবান। Questions on Medicine এবং চক্ষু চিকিৎসার ওপর Treatise on the Eye তাঁর অমূল্য গ্রন্থ।”^{২৬}

হনাইন এর পদাংক অনুসরণ করে আর-রাজী (৮৬৫-৯২৫) চিকিৎসা বিজ্ঞানে সাফল্য অর্জন করেন। তিনি বসন্ত এবং হাম রোগের ওপর গবেষণা চালান। তিনি তাঁর গবেষণার ফল লিপিবদ্ধ করেন। বসন্ত এবং হাম রোগের ওপর লিখিত তাঁর বইগুলো

ল্যাটিন এবং পরে ইংরেজী ভাষায় অনূদিত হয়। ১৪৯৮ সাল থেকে ১৮৬৮ সালের মধ্যে কমপক্ষে ৪০ বার এগুলো মুদ্রিত হয়।

আর-রাজীর চিকিৎসা বিজ্ঞানের বই Al-Hawi বোধ হয় ডাক্তারদের লিখা বইয়ের মধ্যে সবচেয়ে বেশী ব্যাপক ভিত্তিক বই। এই বইতে গ্রীক, সিরীয় এবং আরবী চিকিৎসা জ্ঞান পরিবেশিত হয়েছে। তঁর বইটা ল্যাটিন ভাষায় অনূদিত হয়। আনজো-র প্রথম চার্লস-এর তত্ত্বাবধানে সিসিলির ইহুদী ডাক্তার ফারাজ ইবনে সলিম (Farrug) ১২৭৯ সালে এই বইয়ের অনুবাদ শেষ করেন। তিনি বইটাকে Contincens এবং Liber Contincens নাম দেন। পরবর্তী শতাব্দী গুলোতে বিভিন্ন পাণ্ডুলিপির মাধ্যমে আর-রাজীর লিখা প্রচারিত হতে থাকে। ১৪৮৬ সাল থেকে শুরু করে পরবর্তীকালে বইটা বার বার ছাপা হয়। বিভিন্ন সময়ে এর অংশ বিশেষ ছাপা হলেও ১৫৪২ সালে এসে এই বিপুল বইয়ের পঞ্চম সংস্করণ বের হয়। ইউরোপের চিকিৎসা বিজ্ঞানে এই বইয়ের প্রভাব উল্লেখযোগ্য।^{২৭}

মুসলিম সার্বজনীনতার অন্যতম ব্যাখ্যাকারক এবং ইসলামী শিক্ষার এক প্রখ্যাত ব্যক্তিত্ব ছিলেন ইবনে সিনা (৯৮০-১০৩৭)। পাশ্চাত্যে তিনি আভেসেনা নামে পরিচিত। এক হাজার বছর পর্যন্ত একজন শ্রেষ্ঠ চিন্তাবিদ এবং চিকিৎসা বিজ্ঞানের একজন সুপণ্ডিত রূপে তাঁর খ্যাতি অক্ষুন্ন থাকে। তাঁর চিকিৎসা সংক্রান্ত বইয়ের নাম “কানুন”। হৃদপিণ্ডের পীড়ার ঔষধের ওপরও তাঁর একটা জ্ঞানগর্ভ লিখা রয়েছে। “কানুন ফিত্তিব্ব” চিকিৎসা শাস্ত্রের এক বিরাট এনসাইক্লোপিডিয়া। “পুরিসি থেকে মেডিয়াসটিনাইটিস এর পার্থক্য, থাইসিস রোগের সংক্রামক প্রকৃতি, পানি ও মাটির মাধ্যমে রোগের প্রসার, চর্মরোগ, যৌন ব্যাধি, যৌন বিকৃতি এবং মানসিক ব্যাধির ওপর উৎকৃষ্ট আলোচনা রয়েছে তাঁর এই বইতে।^{২৮}

মুসলিম চিকিৎসাবিদগণ চিকিৎসাশাস্ত্রের কেবল নীতিমালা নিয়েই ব্যস্ত থাকেনি। তারা ফার্মাকোপিয়াও তৈরী করেছে। বহুল প্রচলিত ঔষধগুলো যেমন-“নাস্র ভমিকা, সেনা, রুবার্ব, একোনাইট, জেনটিয়ান, মারহ ও ক্যালোমেল এবং ব্যবস্থাপত্রের পরিকল্পনা আরব চিকিৎসা বিজ্ঞানেরই দান।^{২৯} মুসলিমগণ বহু হাসপাতাল স্থাপন করে। এগুলোতে পৃথক পৃথক ওয়ার্ড ছিলো। এগুলোর আবার নিজস্ব বাগান ছিলো যেখানে ঔষধের গাছ-গাছড়ার চাষ হতো। বড়ো বড়ো হাসপাতালের সংগে মেডিকেল স্কুলও ছিলো। “ক্রুসেডের সময় ইউরোপ বাসীরা হাসপাতাল স্থাপন শুরু করে। নিকট প্রাচ্যের আরবদের হাসপাতাল দেখেই ইউরোপ এই শিক্ষা গ্রহণ করে। প্যারিসের প্রথম হাসপাতাল Le Quinze Vingt নবম লুই কর্তৃক স্থাপিত হয়। ১২৫৪-১২৬০ এর ক্রুসেড থেকে ফিরে গিয়ে তিনি এই হাসপাতাল স্থাপন করেন।^{৩০}

মধ্যযুগের প্রথমভাগে গোটা ইউরোপে হাতুড়ে ডাক্তারদের হাতে ছিলো চিকিৎসার দায়িত্ব। এই সময়ে মুসলিমগণ এই বিজ্ঞানে অভূতপূর্ব সাফল্য অর্জন করেন। চিকিৎসকের

পেশাকে সম্মানের চোখে দেখা হতো। নিজের জীবিকার জন্যে হয়রান না হয়ে গবেষণা চালাতে সমাজ তাকে উৎস দিতো। এসব চিকিৎসকদের গবেষণার ফল ইউরোপে অনুপ্রবেশ করতে থাকে এবং পশ্চিমা পণ্ডিতগণ আরব চিকিৎসা বিজ্ঞানের দিকে ঝুঁকে পড়ে। আল-কেমি (আল-কেমিয়া) শব্দটাই মূলতঃ আরবী। মুসলিম আল-কেমিতে সবচে বৈশিষ্ট্যবিশিষ্ট ব্যক্তি জাবির ইবনে হাইয়ান। তিনিই মধ্যযুগের আলকেমিষ্ট Geber। তিনি অষ্টম শতাব্দীতে কুফায় বাস করতেন। তাঁর লিখাতে রাসায়নিক গবেষণার পদ্ধতিগত পথ নির্দেশ, ধাতুর ভূ-তাত্ত্বিক গঠন সম্পর্কে একটা থিওরী, ধাতুর তথাকথিত সালফার মার্কেউরী থিওরী এবং বিভিন্ন পদার্থের প্রস্তুতির ওপর যুক্তিপূর্ণ মত রয়েছে।^{৩১}

জাবির-এর কাজকে প্রসারিত করেন আর-রাজী। তিনিও আল-কেমির ওপর বই লিখেন। পদার্থের শ্রেণী বিভাগ এবং রাসায়নিক প্রক্রিয়া বিশ্লেষণে তিনি দক্ষ ব্যক্তি ছিলেন।

আবু আলী আল হাসান ইবনে হাইসাম (৯৬৫-১০৩৯) একজন নাম করা পদার্থ বিজ্ঞানী ছিলেন। আবার আলোক বিজ্ঞানেও তাঁর অবদান অনেক। তাঁর বই "কিতাব আল মানজির" আলোক বিজ্ঞানের ওপর অতি মূল্যবান গ্রন্থ রূপে সমাদৃত এবং পরবর্তীকালের পশ্চিম ইউরোপীয় বিজ্ঞানীদের ওপর এর প্রভাব ছিলো অপরিমিত। "ইবনে হাইসাম এর লিখাতে পরীক্ষণ-নিরীক্ষণ কাজে তাঁর দক্ষতার প্রমাণ পাওয়া যায়। কোন ক্ষেত্রের ওপর তাপ রশ্মি পতন এবং আলোকের প্রতিসরণ সম্পর্কে তিনি সূচী তৈরী করেছেন। এভাবে তিনি সমকোণী ত্রিভুজের কোন কোনের বিপরীত দিকস্থ বাহু ও অতিভুজের অনুপাত এর ল অব কনস্ট্যান্সির খুব কাছে এসে পৌঁছেন। বায়ুমণ্ডলীর প্রতিসরণের ফলেই যে উষা অথবা গো-ধুলির ক্ষীণ আলো দৃশ্যমান হয় তা তিনি সুস্পষ্টভাবে বলে যান। তিনি জানান যে উষা এবং সন্ধ্যায় এই দৃশ্য বিরাজিত হওয়া কালে সূর্যের ডিপ্রেশন দিগন্ত রেখার নীচে ১৯ ডিগ্রীতে থাকে।^{৩২}

জ্যোতির্বিদ্যা, ভূগোল, কৃষি এবং উদ্ভিদ বিদ্যাতে মুসলিমদের দানও গুরুত্বপূর্ণ। "দশম শতাব্দীর মুসলিম ইতিহাসবিদ আল-মাসুদীর ত্রিশ খণ্ডে লিখা বই Meadows of Gold and Mines of Gems ভৌগোলিক, ঐতিহাসিক এবং বৈজ্ঞানিক জ্ঞানে সমৃদ্ধ। আল-হামাবী (১১৭৯-১২২৯) এর Mujam al Buldan নামক অভিধান মূলতঃ একটা ভূগোল বই। এটাকে এনসাইক্লোপিডিয়া বলা যায় যা ভূগোল শাস্ত্রের সীমা ছাড়িয়ে বৈজ্ঞানিক আলোচনাও পেশ করেছে।^{৩৩}

ইবনে মাজিদ নাবিকদের ব্যবহারের জন্যে কম্পাস আবিষ্কার করেন। এই আবিষ্কারের ফলে ব্যবসায়ী ও অভিযাত্রীদের জন্যে গভীর সাগর ও মহাসাগরের পথ খুলে যায়। মুসলিম নাবিকরা কেবল ভারত, আটল্যান্টিক এবং প্রশান্ত মহাসাগরেই পাড়ি দেয়নি, তারা আফ্রিকা মহাদেশের চার দিক ঘুরে আসে। সুলাইমান আল মাক্রি নামক একজন বিখ্যাত নাবিক বেরিং প্রণালী পর্যন্ত ঘুরে আসেন। তাঁর অভিযান কাহিনী Al

Wdat, Al Mahriyyat fi zabit il ulum il Bahriyyah প্রভৃতি বইতে লিখে রেখে গেছেন। আল্লামা সাইয়েদ সুলাইমান নদভী তাঁর The Navigation of the Arabs বইতে ইবনে মাজ্জিদের সংকলিত পনরটা বইয়ের নাম উল্লেখ করেছেন। নাবিকদের পথ প্রদর্শক বই লিখক হিসেবে ইবনে মাজ্জিদের নাম সবার আগে নিতে হয়।

যে সব কারণে মুসলিম পর্যটকগণ বিদেশ ভ্রমণে বের হতো তার একটা কারণ ছিলো ভিন্ন দেশের গাছ-গাছড়ার ওপর গবেষণা করা। তারা নানা জাতের গাছ-গাছড়া সংগ্রহ করে সেগুলোর বর্ণনা এবং প্রাসংগিক কথা লিখে গেছে যেগুলো কৃষি ও চিকিৎসাক্ষেত্রে মানুষকে অনেক কিছু শেখাতে সক্ষম। ত্রয়োদশ শতাব্দীর প্রথম ভাগে চারজন উদ্ভিদ বিজ্ঞানী প্রশংসনীয় তৎপরতা চালান। এঁদের একজন হলেন ইবনে আল বাইতার। তিনি উদ্ভিদ বিদ্যার ওপর আরবী ভাষার একটা বড়ো বই লিখেন। ডায়োস্কোরাইডস থেকে শুরু করে ষোড়শ শতাব্দী পর্যন্ত এই বিষয়ের ওপর এমন মূল্যবান আর কোন বই লিখা হয়নি। এই বিষয়ের ওপর এটা ছিলো একটা এনসাইক্লোপিডিয়া। গ্রীক এবং আরবদের সব অভিজ্ঞতা পরিবেশন করা হয়েছে এই বইতে।^{৩৪}

পূর্বাঞ্চলীয় মুসলিমদের মধ্যে ইবনে আল সূরী আল দিমাস্কীর নাম উল্লেখযোগ্য। দামেস্কের নিকটবর্তী অঞ্চল এবং লেবাননের উদ্ভিদ জগতের ওপর তিনি গবেষণা করেন। ত্রয়োদশ শতাব্দীর অন্যতম বিজ্ঞানী ছিলেন তিনি। আবদুল মালিক ইবনে কুরাইব আল-আসামী (৭৩৯-৮৩১) নামক একজন ধর্মপরায়ণ আরব শরীর বিদ্যার ওপর মূল্যবান বই লিখেন। দ্বাদশ শতাব্দীতে আল জাওয়ালিকী এবং ত্রয়োদশ শতাব্দীতে আবদুল মুমিন (মিসর) ষোড়ার দেহের ওপর বই লিখেন। শ্রেষ্ঠ আরব প্রাণীবিদ আল-দামিরি (১৪০৫) ছিলেন মিসরের অধিবাসী। প্রাণী জীবনের ওপর তাঁর লিখা বই “হায়াত আলহায়াওয়ান” ইংরেজীতে অনুবাদ করেন এ, এস জে, জ্যাকব (লন্ডন ১৯০৬, ১৯০৮)^{৩৫}

এই হচ্ছে বিজ্ঞানে মুসলিম কৃতিত্বের অতি সর্ধক্ষিপ্ত একটা বর্ণনা। এথেকে সহজেই বুঝা যায় যে আজকের জগতকে রূপান্তরিত করেছে সেই মুসলিম গবেষণা পদ্ধতি যা ইউরোপে অনুপ্রবেশ করেছে। মুসলিমগণ অনুসন্ধানের নতুন নতুন ক্ষেত্র খুলেছে। তারা ঈর্ষ্য, সাহস, মুক্তমন এবং বাস্তবমুখী প্রজ্ঞা নিয়ে সামনে অগ্রসর হয়েছে। শ্রদ্ধাভাজন কর্তৃত্বের চাপ, যেমন টলেমীর, তাদেরকে কদাচিৎ ভীত করেছে। তারা সব সময় একটা খিওরীকে নিয়ে পরীক্ষা চালাতে আগ্রহী ছিলো। পরীক্ষণ-নিরীক্ষণ কাজে তারা কোন দিন ক্লান্ত হয়নি। তারা তাদের ধর্মীয় চেতনা দ্বারা অনুপ্রাণিত ছিলো। কিন্তু কোন গৌড়ামী তাদের বৈজ্ঞানিক গবেষণার পথে বাধা হয়ে দাঁড়াতে পারেনি।^{৩৬}

এটা অনস্বীকার্য যে মুসলিমগণ পাশ্চাত্যের মতো বিজ্ঞানকে ধর্ম থেকে বিচ্ছিন্ন হতে দেয়নি। বস্তুতঃ ইসলামই বিশ্বকে নিয়ে গবেষণার উৎসাহ যুগিয়েছে তাদেরকে। খৃষ্টান জগতের বিজ্ঞান এবং ধর্মের সংঘর্ষ এখানে ছিলো না। ধর্মীয় আবেগ নিয়েই বৈজ্ঞানিক গবেষণা চালানো হতো। এই গবেষণার লক্ষ্য ছিলো বুদ্ধিবৃত্তিকভাবে ইসলামের আন্তিকতা

এবং গৌরব প্রতিষ্ঠা। এটা তাই বিশ্বয়ের ব্যাপার নয় যে ইসলামী বিজ্ঞান কখনো অ-মানবীয় হয়নি যেমনটি হয়েছে পাশ্চাত্যের বিজ্ঞান। ইসলামী বিজ্ঞান মানুষের সেবাতেই নিয়োজিত থাকে। পশ্চিমা বিজ্ঞান তুলনামূলক ভাবে অনেকটা আগেই স্পেশালাইজেশনের দিকে এগিয়ে যায়। কিন্তু ইসলামী বিজ্ঞান সার্বজনীন রূপ নিয়ে একটা মিলের দিকে এগিয়ে যায় যেখানে কেবল বস্তুগত বিশ্বই নয়, আল্লাহ এবং মানুষও তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে থাকে।” ৩৭

এই মুসলিমগণই ইতিহাস শাস্ত্রকে বৈজ্ঞানিক যথার্থতা দান করেছে। মুসলিমগণ যে পদ্ধতিতে বিভিন্ন ঘটনার বর্ণনা সংরক্ষণ করেছে তা পরবর্তী সাহিত্যের ওপর গভীর প্রভাব বিস্তার করেছে। দ্যা-স্লেন (De Slane)-এর নিম্নোক্ত মন্তব্যে তা সুন্দর ভাবে বর্ণিত হয়েছে: “মুহাম্মাদীয় ইতিহাসের প্রামাণ্য তথ্যাদি কয়েক শতাব্দী ধরে এক হাফিজ থেকে আরেক হাফিজ পর্যন্ত মৌখিকভাবে প্রেরিত হয়েছে। এসব লোকেরা বর্ণনা বিন্দু মাত্রও পরিবর্তন না করে সংরক্ষণ করতে বিশেষভাবে যত্নবান ছিলো। এসব বর্ণনা গোড়াতে প্রত্যক্ষদর্শীরা সরবরাহ করেছে। সেই জন্যে এগুলো কেবলমাত্র মুসলিম জনগণের ইতিহাসের জন্যেই নয়, আরবী ভাষার ইতিহাসের জন্যেও খুবই প্রয়োজনীয়। হাফিজগণ অন্যদের কাছে এই বর্ণনা পেশ করতে গিয়ে যেসব ব্যক্তির মাধ্যমে তা তার কাছে পৌঁচেছে তাদের এই ধারাবাহিক তালিকাও পেশ করতো। আরবগণ একেই সনদ বলে। এই সনদ থেকেই বুঝা যায় যে এই বর্ণনা পুরোপুরি নির্ভরযোগ্য।” ৩৮

ইতিহাসের অগ্রগতিতে এ ছিলো একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ঐতিহাসিক পর্যালোচনার ক্ষেত্রে মুসলিমগণ সাবধানতা অবলম্বন করেছে। প্রাথমিক প্রত্যক্ষদর্শীদের অভিমতকে স্বীকৃতি দিতে গিয়ে তারা এসব ঘটনার বর্ণনাকারীদের দাবীকে পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করেছে। মুসলিম ইতিহাসবেত্তাগণ যাদের বর্ণনা সংগ্রহ এবং লিপিবদ্ধ করেছে তাদের সত্যবাদিতা ও সৎ জীবনযাত্রা সম্বন্ধে নিশ্চিত হয়েই তা করেছে।

অসংলগ্ন বর্ণনা গুলোকে সংগ্রহ করেই মুসলিমগণ চূপচাপ থাকেনি। তারা এসব ঘটনার অর্থবহ ব্যাখ্যাও দিয়েছে এবং এসব বাহ্য ঘটনার অন্তঃপ্রবাহকে উপলব্ধি করার চেষ্টা তারা করেছে। এরপর এসব ঘটনার অগ্রগতিকে নিয়ন্ত্রণকারী বিধিও নির্ণয় করতে তারা চেষ্টা করেছে। অর্থাৎ দৈবই হচ্ছে বিশ্বের পরিচালিকা শক্তি—এই মতবাদের বিরুদ্ধে মুসলিমগণ লড়েছে এবং কিছু নিয়ন্ত্রণকারী আইন আবিষ্কার করতে চেষ্টা করেছে। মুসলিম ইতিহাসবিদগণ অনুভব করে যে মানুষ কারণ (Cause) এবং পরিণতি (Effect) সূত্র ধরেই ঘটনাবলী নিয়ে চিন্তা ভাবনা করে এবং ঘটনার পেছনে কোন কারণ নির্ণয় না করতে পারা পর্যন্ত তার বুদ্ধিবৃত্তি তুষ্ট হতে পারে না। ইবনে খালদুন এক্ষেত্রে বিশেষ অবদান রেখেছেন। তিনি বিভিন্ন ঘটনার যুক্তি ভিত্তিক ব্যাখ্যা দেবার চেষ্টা করেছেন এবং এ ক্ষেত্রে তাঁর সাফল্যও অনেক বড়ো। সাধারণ ঘটনা পঞ্জী থেকে বাস্তব মুখী ঐতিহাসিক পদ্ধতিতে পদার্পন করতে পথ দেখিয়েছেন তিনি ইতিহাসবিদদেরকে। তিনি একটা ঘটনা থেকে আরেকটা ঘটনার ব্যাখ্যা করতে চেষ্টা করেন। তিনি মানব মনের

শুরুত্বপূর্ণ প্রশ্নের জবাব দিতে চেষ্টা হন। মানুষ এই জীবনে কিভাবে সঞ্চার করে? মানুষের বিভিন্ন কাজকর্মের পেছনে পরিচালিকা শক্তি কি? বুদ্ধিবৃত্তির দৌড় কতটুকু? মানুষ একে অপরের সঙ্গে লড়ে কেন? তারা বৃহত্তর সমাজে একজন নেতার অধীনে একত্রিত হয় কেন? স্থিতিশীল জীবনে কিভাবে তারা সাংস্কৃতিক উৎকর্ষের অবকাশ লাভ করে? কিভাবে একটা সংস্কৃতি পূর্ণ বিকশিত হয়? কি করে একটা সংস্কৃতি ধ্বংসপ্রাপ্ত হয়? এই ধরনের বহু প্রশ্নের জবাব তিনি দিয়েছেন। কোন ব্যক্তি তাঁর উপস্থাপিত থিসিসের সাথে একমত হতে পারে, নাও হতে পারে। কিন্তু একটা বিষয় অত্যন্ত সুস্পষ্ট যে ইবনে খালদুনই প্রথম ব্যক্তি “যিনি পুরোপুরি সচেতনভাবে চেষ্টা করেছেন এবং প্রত্যক্ষ কারণ থেকে মানব সমাজের বিকাশ হওয়াকে অনেকাংশে প্রমাণিত করে গেছেন। বন, জলবায়ু, উৎপাদন ইত্যাদির অবস্থা এবং মানুষ ও সমাজের ইন্দ্রিয়জ ও বুদ্ধিবৃত্তিক ধাতের ওপর এগুলোর প্রভাব আলোচিত হয়েছে। সভ্যতা যে গতিপথ বেয়ে চলে তাকে তিনি আইনের সাথে সংগতিশীল দেখেছেন। সবখানে তিনি পূর্ণভাবে স্বাভাবিক কারণ খুঁজে বেড়িয়েছেন।” তিনি গ্রীক ও খৃষ্টানদের আন্দাজ অনুমান ভিত্তিক যুক্তিকে পরিত্যাগ করে আরোহ পদ্ধতি অবলম্বন করেন যা মানুষকে তার পরিবেশের ওপর কর্তৃত্বশীল বানিয়ে দেয়। “এতে কোন সন্দেহ নেই যে মানব সভ্যতার প্রাথমিক পর্যায়ে কিছু মহান দর্শন পদ্ধতি সৃষ্টি হয়েছিলো। কিন্তু আমাদের ভুলে গেলে চলবে না যে প্রাচীন যুগে এই পদ্ধতি গড়নের কাজ তখনকার অস্পষ্ট ধর্মীয় বিশ্বাস ও ঐতিহ্যের বাইরে যাওয়া সম্ভব ছিলো না। সেই কারণেই তা জীবনের বাস্তব অবস্থার ওপর আমাদেরকে কোন কর্তৃত্ব দিতে পারেনি।”^{৩৯} মুসলিম চিন্তাবিদগণ উপলব্ধি করেন যে মানুষের জ্ঞানকে অবশ্যই বাস্তবকে নিয়েই শুরু হতে হবে। কেননা বাস্তবের ওপর বুদ্ধিবৃত্তিক দখলই মানুষের বুদ্ধিকে বাস্তবের সীমা পেরিয়ে যেতে সক্ষম করে তোলে। ইবনে খালদুন এই বিষয়টা এভাবে ব্যাখ্যা করেন যে কারণ এবং পরিণতির প্রবাহ শেষ পর্যন্ত একটা চূড়ান্ত কারণের কাছে এসে দাঁড়ায়। এমন নয় যে এই প্রবাহের কোন শেষ নেই, এবং এই কারণেই আমরা এই সিদ্ধান্তে উপনীত হই যে আল্লাহ আছেন।

কেবল ইবনে খালদুনই নয় মুসলিম জাহানের আরো অনেক চিন্তাবিদ ইউরোপের ওপর তাদের চিন্তার ছাপ রেখেছেন। এই কথা বলা ঠিকই হবে যে আধুনিক বিজ্ঞান ও দর্শনের রূপে আজকের ইউরোপের মানবতাবাদ অনেক দিক থেকেই মুসলিম সংস্কৃতিরই সম্প্রসারণ।

“কেউ এই সত্যকে অস্বীকার করতে পারেনা যে অষ্টম শতাব্দীর মধ্যভাগ থেকে শুরু করে ত্রয়োদশ শতাব্দীর প্রথম ভাগ পর্যন্ত আরবী ভাষী লোকেরাই ছিলো সারা পৃথিবীতে সংস্কৃতি ও সভ্যতার মশালবাহক।” ৪০

“তারা ছিলো সর্বশেষ এবং সবচেয়ে বেশী মজবুত সংযোগ যা গ্রীক দর্শনকে নিজেদের অবদানে সিদ্ধ করে পশ্চিমের ল্যাটিন জগতের কাছে পেশ করে।” “পশ্চিম ইউরোপে এসব দার্শনিক ও অন্যান্য ধারণায় যে জোয়ার প্রবেশ করে তা সেখানে মহা বিপ্লব সৃষ্টি

করে। পশ্চিম ইউরোপের সেকালের বৈজ্ঞানিক ও দার্শনিক চিন্তা এবং পরবর্তী কালের ধর্মতত্ত্বের ওপর এর বিপুল প্রভাব পড়ে। আরবদের চিন্তা এবং নতুন ভাবে পরিবেশিত গ্রীক পাণ্ডিত্যের সংগে পরিচিত হবার পর ইউরোপীয়গণ জ্ঞান-বিজ্ঞান ও দর্শন চর্চায় উৎসাহী হয়ে ওঠে। ক্রমশঃ তারা একটা স্বতন্ত্র ধারা সৃষ্টি করে দ্রুত তাদের বুদ্ধিবৃত্তিক জীবন গড়ে তোলে। এরি ফল আজ পর্যন্ত ছড়িয়ে আছে।”

মুসলিম দার্শনিকগণ খৃষ্টান চিন্তাবিদদের কতদূর প্রভাবিত করেছিলো তার প্রমান পাওয়া যায় সেরা খৃষ্টান দার্শনিক সেন্ট একুইনাস-এর লিখাতে। Summa Contra Gentiles এবং Summa Theologica নামক দুটো বইতে সেন্ট থমাস ফারাবীর চিন্তা ও যুক্তি বহুল ভাবে ব্যবহার করেছেন। ফারাবীর Gems of wisdom, The Intellectual and the Intelligible Political Regime গ্রন্থ থেকে তিনি তাঁর গ্রন্থে অনেক কিছু সন্নিবেশিত করেছেন।^{১৪১}

১. Stanley Lane Pole : The Prophet and Islam , p. 1
২. Ibid ; p.8
৩. A. J. Toynbee : A Study of History , iii p. 469 .
৪. Lane Poole : op. cit p. 31
৫. Ibid : p. 25
৬. T. w. Arnold: The Preaching of Islam , p. 34
৭. The Life of Muhammad
৮. Syed Ameer Ali : The Spirit of Islam , p. 117
৯. Stanley Lane - Poole ; op . cit. pp. 33, 34
১০. Muhammad Asad : Arafat, Vol. 1, No 2, p. 48
১১. Dr M. Iqbal : The Reconstruction of Religious Thought in Islam, p. 155
১২. Ibid: pp 8,9
১৩. Ibid: p 155
১৪. Quoted in The Genuine Islam, Vol.1, No 8
১৫. John William Draper: The Intellectual Development of Europe, 1, p 335
১৬. Rom Landau: Islam and the Arabs, pp. 165,166
১৭. Robert Briffault: The Making of Humanity, p. 191
১৮. George Sarton; Introduction to the History of Science, I, 17
১৯. Sir Thomas Arnold: The Legacy of Islam, p. 315
২০. Ibid: p 316
২১. Ibid: p 319
২২. Rom Landau: op. cit. p. 168
২৩. Ibid: pp. 168,169
২৪. Ibid: p. 173
২৫. Ibid: p 174
২৬. Ibid: p. 175
২৭. Thomas Arnold: op. cit. pp. 324, 325

২৮. George Sarton: op. cit. I, p. 710
২৯. Robert Briffault: op. cit. p. 201
৩০. Rom Landau; op. cit. p 180
৩১. George Sarton: op cit. I, 532
৩২. M. a. Rahman Khan: A Brief Survey of Muslim contribution to Science and Culture, p 26
৩৩. Rom Landau: op. cit. p 172
৩৪. Ibid: p. 186
৩৫. P. K. Hitti; History of the Arabs, p 382
৩৬. Rom Landau: op. cit. p 170
৩৭. Ibid: pp. 188,189
৩৮. Ibn Khallikan's Biographical Dictionary, p XXI
৩৯. T. J. De Boer: The History of Philosophy in Islam, p 207
৪০. Iqbal, The Reconstruction of Religious Thought in Islam, p 126
৪১. p. K. Hitti: op. cit. p 557

রেনেসাঁ

রেনেসাঁর মতো এমন আর কোন যুগ নেই যার বৈশিষ্ট্য নির্ধারণ করা খুব কঠিন। রেনেসাঁর মতো আর কোন যুগ এতো ব্যাপক বিতর্কের সৃষ্টি করেনি। ষোড়শ শতাব্দীতে Vesarai শিল্প ক্ষেত্রে Renascita-এর কথা উল্লেখ করেছেন। ঊনবিংশ শতাব্দীতে বিশেষ করে Stendhal এবং Michelet -এর লিখাতে ত্রয়োদশ শতাব্দী থেকে সপ্তদশ পর্যন্ত সময়কে একটা স্বতন্ত্র সাংস্কৃতিক যুগ বলে আখ্যায়িত করা হয়।

রেনেসাঁ শব্দটা ফ্রেঞ্চ ভাষায় ren-e-zans শব্দ থেকে এসেছে। এর প্রকৃত অর্থ rebirth পুনর্জন্ম। একে রূপক অর্থে ব্যাপকভাবে ব্যবহার করা হয়েছে। ব্যক্তি জীবনের অভিজ্ঞতা থেকে শুরু করে সেই যুগের সংস্কৃতি পর্যন্ত সব কিছুই এর মধ্যে রয়েছে। বস্তুতঃ এটা প্রাণবন্ততার নতুন পর্যায়ে ইউরোপীয় জাতিগুলোর উত্তরণকেই বুঝায়। পূর্ণতর সচেতনতা এবং প্রতিভার অবাধ প্রয়োগ অর্থেই এটা ব্যবহৃত হয়। ইউরোপীয় রেনেসাঁয় দু'টো জিনিষ প্রচ্ছন্নভাবে যুক্ত ছিলোঃ এগুলো হচ্ছে মুক্তি ও অভিব্যক্তি। মধ্য যুগের ঐতিহ্য ও রীতিনীতির সব কিছুকে ঝেড়ে ফেলা ছিলো এই মুক্তির লক্ষ্য। ব্যক্তি সত্তা ও ব্যক্তি অধিকার দৃঢ় করণও অন্যতম লক্ষ্য ছিলো। এই নতুন দৃষ্টিভঙ্গির মূল্যমানকে নীচের কথা গুলোর মাধ্যমে ব্যক্ত করা যায়। যথা, "সব মূল্যমান মানব কেন্দ্রিক। অর্থাৎ এ গুলো মানুষের অভিজ্ঞতার আওতাধীন। ব্যক্তিই লক্ষ্য। তার দামই সর্বোচ্চ। সব মানুষই নীতিগতভাবে সমান। এক ব্যক্তি কেবল মাত্র আরেকটা ব্যক্তির কল্যাণের মাধ্যম রূপে ব্যবহৃত হবে না।"^১

ব্যক্তি স্বাভাব্যবাদের এই দৃঢ় প্রকাশ স্বাবলম্বন, ব্যক্তি জীবনের একান্ততা এবং অপর মানুষের প্রতি শ্রদ্ধা পোষণের ওপর বিশেষ মূল্য আরোপ করে। নেতিবাচকভাবে এটা আবার ঐতিহ্য, কর্তৃত্ব এবং ব্যক্তির ওপর সব প্রকারের নিয়ন্ত্রণের বিরোধিতারও মূর্ত প্রতীক হয়ে পড়ে। "সমরূপতার পরিবর্তে বৈচিত্র্য এবং স্ববিহীনতার চেয়ে পরিবর্তনকে এটা সুনন্দরে দেখে। এটা প্রগতির ওপর গুরুত্ব আরোপ করে। এই লক্ষ্যে উপনীত হবার জন্যে ব্যক্তির অন্যদের থেকে স্বতন্ত্র ধরণের হওয়া, অন্যদের সাথে প্রতিযোগিতা করা এবং অন্যদের অগ্রবর্তী হবার অধিকার কামনা করে।"^২

রেনেসাঁ ইতিহাসে এক নতুন শ্রেণীর মানুষের আবির্ভাব ঘটায়। এই নতুন মানুষ এক বন্ধনহীন ব্যক্তিত্ব— প্রতিভা ও বুদ্ধিবৃত্তিতে তার বিশ্বাস আছে। নিজের শক্তি সামর্থ্যের ওপরও তার আস্থা রয়েছে। তার দৃষ্টি হয়েছে প্রশস্ততর। তার সামনে সে দেখতে পেয়েছে মহান লক্ষ্য সম্বলিত বিশাল জগত। যে জগতকে দেখে সে উদ্বুদ্ধ হয়েছে নিরলস প্রচেষ্টায়

ব্রতী হতে। সে পূজা করেছে শক্তির সৌন্দর্যকে। সে সূচনা করেছে ওসব যুক্তি নির্ভর নিয়মের যা শেষাবধি তাকে বিজ্ঞানের আধুনিক বিজয় দান করেছে এবং চারদিকে বিস্তৃত প্রকৃতি জগতকে বুঝবার সুযোগ দিয়েছে। সে বিশ্বাস এবং হেয়ালীর পর্দার বাইরে এসেছে। সে এখন আত্মবিশ্বাসে বলীয়ান। আদর্শ বেছে নেয়া এবং সেই অনুযায়ী জীবন গড়ে তোলার ক্ষমতার ওপর তার আস্থা আছে। মধ্য যুগীয় গীর্জার উপাসনা পদ্ধতি তার ব্যক্তিত্ব বিকাশের পথে বাধা সৃষ্টি করেছিলো। এখন সে তা ছুড়ে ফেলেছে এবং তার সামর্থ সম্পদের ভেতরকার প্রকৃতি আবিষ্কার করতে শুরু করেছে।

দৃষ্টিভংগির এই পরিবর্তনের অনেক গুলো দিক ছিলো। কিন্তু সব খানেই একটা জিনিস ছিলো সাধারণ। আর তা হচ্ছে পুরোনো সব কিছুর প্রতি সন্দেহ ও সংশয়। অনুসন্ধানী মন পুরো সমাজটাকেই নতুন করে নিতে চায়। মানুষের যুগ যুগ ধরে পোষিত বিশ্বাস গুলোর ওপর প্রশ্ন তোলা হয়। যুক্তির মাপ কাঠিতে ওসব বিশ্বাস পরিমাপ করা শুরু হয় ধর্মতাত্ত্বিক পছন্দ-অপছন্দকে বাদ দিয়েই। ধরে নেয়া হয় যে যুক্তির বলে মানুষ এমন এক স্থানে আসতে পারে যেখান থেকে সে বিশ্বে তার অবস্থানকে বুঝতে পারে। ইউরোপীয় সমাজ এবং ধর্মের যা কিছু বিরক্তিকর ও অন্যায্য বলে মনে হয়েছে তাকে বর্জন করা হয়। পাশ্চাত্যের মানুষকে উদ্যম করে পূর্ণভাবে তাকে পরখ করা হয়। তার জন্ম, মন, সমাজ, সাংস্কৃতিক ঐতিহ্য, ধর্মীয় বিশ্বাস তথা সব কিছু পুংখানুপুংখ রূপে পরীক্ষার সম্মুখীন হয়।

এখন আসে রেনেসাঁর দ্বিতীয় বৈশিষ্ট্যের কথা। এটা হচ্ছে তার প্রকাশের দিক। যা প্রকাশ করতে হবে তা সর্বন্ধে সচেতনতা থাকলেই তো প্রকাশ করা সম্ভব হয়। “মধ্য যুগে শব্দ, পাথর অথবা চিত্রে যে সব বর্ণনার ব্যাপার ছিলো এগুলোর প্রায়ই ছিলো ঐতিহ্য ভিত্তিক। কোথাও যদি ব্যক্তিগত শক্তি একে সন্দেহ করে থাকে তা ছিলো আকস্মিক ব্যাপার- অসাধারণ প্রতিভাবান হাতের কৌশল। কিন্তু মানুষ যখন নিজেদের এবং জগত সর্বন্ধে অধিকার সচেতন হয়ে ওঠে, এই জগতের সাথে তাদের সম্পর্ক নির্ণয় করতে চেষ্টা করে এবং তাদের সৌন্দর্যবোধ জাগ্রত হয়, তখন আবেগে ধরে আগুন। আর তখনি অভিব্যক্তি চাওয়া হয় এবং পাওয়াও যায়।”^৩

এটা ভাবা ঠিক হবে না যে কোন রকমের পূর্বাভাস ছাড়াই পঞ্চদশ শতাব্দীতে পৃথিবীর অংগনে রেনেসাঁ হঠাৎ করে লাফিয়ে পড়েছে। মধ্য যুগে যুক্তি বার বার শিকল মুক্ত হতে চেয়েছে। জ্বালানী দ্রব্য মওজুদ ছিলো। শ্রেষ্ঠ শিল্প ও সাহিত্যের সংগে নতুন করে সম্পর্কে আসার পরই এতে আগুন ধরে যায়। দ্বাদশ শতাব্দীতে Abelard প্রমাণ করতে চেষ্টা করেন যে বাস্তব পদার্থ আর শব্দাবলীর আপোষহীন যুদ্ধ আসলে ভুলধারণার ওপর প্রতিষ্ঠিত ছিলো। ত্রয়োদশ শতাব্দীর শুরুতে রোজার বেকন (Roger Bacon) প্রকৃতিকে পরখ করে দেখেন এবং ঘোষণা করেন যে প্রকৃতিকে ব্যবহার করে মানুষ সবই করতে পারে। ফ্লোরাস-র “জ্যোয়াকিম, যিনি উপরোক্ত দু’জনের মধ্যবর্তী ছিলেন, বলেন যে গস্পেল অব দ্যা ফাদার অতীত হয়ে গেছে। গস্পেল অব দ্যা সান অতীত হতে চলছে।

গস্পেল অব দ্যা স্পিরিট রয়েছে সামনে।”৪ এই তিন জনের মধ্যে ফরাসী লোকটা যুক্তি বিদ্যাবিদ হিসেবে, ইংরেজ ব্যক্তি বিশ্লেষক হিসেবে এবং ইতালীয়ান লোকটা অতীন্দ্রবাদী হিসেবে ভবিষ্যতকে দেখেছেন এবং বুঝেছেন যে নিরেট আনুষ্ঠানিকতার শিকল থেকে যুক্তি শিগগিরই নিজেকে মুক্ত করে নেবে। “আমরা ক্যাথারী (Cathari), প্যাটেরিনি (Paterini), ফ্রেটিসেলি (Fratricelli), এলবিজেনসেস (Albigenses) এবং হসাইটদেরকে (Hussites) অবজ্ঞা করতে পারি না। প্রচলিত ধর্মমতের এসব বিরুদ্ধ বাদীদের মাঝে নতুন আলো ক্ষীণভাবে ছলতে দেখা যায়। কিন্তু গীর্জা তাদেরকে নির্মূল করে ফেলে।”^৫ দ্বিতীয় এম্পারার এর গুরুত্বপূর্ণ ভূমিকার দিকে নজর না দিয়ে পারা যায় না। তিনি দক্ষিণ ইউরোপে মানবীয় সংস্কৃতির ভিত্তিতে এক নতুন সমাজ গড়তে এবং পরমত সহিষ্ণুতার রাজ পথ রচনা করতে চেষ্টা করেন। তিনি এবং তাঁর অনুসারীরা পোপ তন্ত্রের হাতে ভীষণভাবে নিগূহীত হন।

দ্বিতীয় পর্যায়ে এসে এতো দিনের ক্ষীণ আলো আরেকটু উজ্জ্বল হয়ে ওঠে। দান্তে (Dante) এর কবিতা ছিলো সচেতন শিল্পকার্য। এতে ছিলো নতুন চেতনা এবং আধুনিক ভাষা। এতে ছিলো ঔজ্জ্বল্যের নিশ্চিত আভাস। দ্যা ডিভাইনা কমেডিয়া-এর অনুসরণ করেন পেট্রার্ক। তিনি মধ্য যুগীয় ধর্মতত্ত্বের পেছনে বিরাজমান ব্যক্তি মনকেও প্রকাশ করেছেন। অন্যান্য সাহিত্য-কর্ম এবং ভিটা নোভা-তে তিনি গড়ে তুলেছেন জাতীয় সাহিত্য যা মুক্তির সোপান বলে গণ্য হয় সব দেশে। দান্তে ঐতিহ্য ভাংগন এবং মঠ-প্রদর্শিত প্রতীকতার স্থানে এনে বসান প্রকৃতিকে।

“চিন্তা-ভাবনার ক্ষেত্রে সেন্ট ফ্র্যাঙ্গিস (১১৮২-১২২৬) পুরোনো পথ এড়িয়ে এবং সহজাত প্রবৃত্তির অনুসরণ করে বহু দূর অগ্রসর হন। পরবর্তী সময়ে ওয়াইক্রিফ (১৩২৪-১৩৮৪) ততদূরই গিয়েছেন।”^৬

এইপথ ধরে এলেন পেট্রার্ক। স্থায়ী সান্তনা এবং মানব জাতির সার্বজনীন শিক্ষার মাধ্যমরূপে তাঁর প্রাচীন সংস্কৃতির আদর্শ এবং চিন্তা ও ভাষার সর্বোৎকৃষ্ট মিল স্থাপনে তাঁর সারা জীবনের সাধনা রেনেসাঁর অন্যতম বৈশিষ্ট্য প্রাচীন জগতের দিকে ছুটাকে প্রত্যক্ষ উৎসাহ যুগিয়েছে।

কাল্পনিকভাবে ভার্জিলের উদ্দেশ্যে লিখিত চিঠিতে তিনি বলেন, “আপনি কি ধরনের জীবন যাপন করছেন? আপনার পৃথিবীর জীবনের স্বপ্ন ও কল্পনা সত্যের কতখানি কাছাকাছি ছিলো? ভ্রাম্যমান ইনিস আপনাকে খোশ-আমদেদ জানিয়েছি কি? আইভোরি গেট দিয়ে আপনি প্রবেশ করেছেন কি? অথবা আপনি কি আণীবাদ-প্রাপ্ত ব্যক্তিদের জন্যে নির্ধারিত তারকার আলোকে উদ্ভাসিত জান্নাতের নিভৃত অংশে বাস করছেন? আপনি কি সেখানে মহাসংগ্রামে দীর্ঘ হাত-পা নিয়ে মহা রাজনের উপস্থিতির পর এবং নারকীয় আবাস গুলোর ওপর বিজয় লাভের পর সেখানে প্রেরিত হয়েছেন?”^৭

রেনেসাঁর চেতনা তথা অতীতের প্রতি অনুরাগ এবং খৃষ্টবাদের সংগে পুরানো দেব-দেবীর সংহতি স্থাপনের সংকল্প এই লিখাতে ফুটে উঠেছে।

পেট্রার্কের পর বোকাসিও মুক্ত ধারার জন্যে আরেক চ্যানেল খুলে দেন। মানব-অস্তিত্বকে তিনি দেখেছেন আনন্দ রূপে। আনন্দকে সাদরে গ্রহণ করতে হবে-তার এই ধারণা চতুর্দশ শতাব্দীর ওপর লাগিয়ে দিয়েছিলো আধা-প্যাগান প্রফুল্লতার ছাপ” ৮

দান্তে, পেট্রার্ক এবং বোকাসিওর মাঝে ইতালী ইউরোপীয় রেনেসাঁর অগ্রদূত-বুদ্ধিবৃত্তিক মুক্তির সচেতনতাকে আবার খুঁজে পায়। যাকে আমরা রেনেসাঁ বলি তা কিন্তু তখনো আসেনি। তবে তার আভাস ঈর্ষণিত পাওয়া যাচ্ছিলো। শিক্ষা, সংস্কৃতি এবং স্বাধীনতার এক নতুন যুগ নিকটে দাঁড়িয়ে, তা স্পষ্ট বুঝা যাচ্ছিলো। “দান্তের সময় থেকে আধুনিক যুগের বিশিষ্ট প্রকৃতি মাথা উঁচু করে দাঁড়াতে শুরু করে এবং নিজের খুশী মতো সৃষ্টিধর্মী কাজও শুরু করে। পেট্রার্ক অতীতের চমৎকার ঐতিহ্যকে সামনে তুলে ধরেন এবং যুগ ধর্মকে এক আঁধার পথ পার হতে সাহায্য করেন। বোকাসিওর হাতে এসে সেই যুগ বৈশিষ্ট মৃত্যু ও জাহান্নামের পরোয়া না করে পৃথিবীর সৌন্দর্য, যৌবনের শক্তি সামর্থ, ভালোবাসা এবং জীবনের প্রশস্তি গাইতে থাকে।” ৯

রেনেসাঁর সাফল্যকে দু’টো প্রধান ভাগে ভাগ করা যায়। যথাঃ (ক) জগত আবিষ্কার এবং (খ) মানুষ আবিষ্কার।

জগত আবিষ্কারেরও দু’টো দিক রয়েছে। এক, পৃথিবীর বিভিন্ন অঞ্চল আবিষ্কার। পাশ্চাত্যের লোকেরা এতো কাল তাদের কাছে অজানা পৃথিবীর দূর দূর স্থানে গিয়ে পৌঁছে। দুই, বিশ্ব বৈচিত্র্যের মাঝে ঐক্য সূত্র খুঁজে পাবার জন্যে নিয়ম সম্মত গবেষণা। বিশ্বকে জানা এবং ব্যাখ্যা করার মনোবৃত্তি হাজার হাজার মানুষকে অভিযাত্রী সেজে দূর দূরান্তে পাড়ি জমাতে উৎসাহিত করে।

কলাম্বাস আমেরিকা আবিষ্কার করেন ১৪৯২ সালে। পর্তুগীজগণ উত্তমাশা অন্তরীপ ঘুরে ভারতে আসার পথ আবিষ্কার করে ১৪৯৭ সালে। এই দু’টো আবিষ্কারের ফলে নতুন স্থান এবং বস্তুর সন্ধান বের হবার হিড়িক পড়ে যায়। এতোকাল যেসব মানুষ হতাশা এবং নিরাশার শিকার ছিলো তারা গা ঝাড়া দিয়ে ওঠে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করতে শুরু করে।

যে সময় আষ্কারের এই হিড়িক পড়ে, সেই সময়ে গীর্জাই মানুষের জীবন নিয়ন্ত্রণ করতো। তখন এই ধারণা প্রচলিত ছিলো যে ধর্ম, দর্শন, ভূগোল বা পদার্থ বিজ্ঞান সম্বন্ধে গীর্জার বক্তব্য ছিলো নির্ভুল। দুর্বোধ্যতার বেড়া তৈরী করে গীর্জা এই ধারণাকে টিকিয়ে রাখার চেষ্টা চালায়। কিন্তু যখন জাহাজে করে পৃথিবী প্রদক্ষিণ করা সম্ভব হয় এবং ফলাফল মানুষের সামনে দিনের আলোর মতো পরিষ্কার হয়ে ওঠে তখন পৃথিবী গোল হওয়ার বিপক্ষে গীর্জার যে মত ছিলো তার ওপর বিশ্বাস রাখা কঠিন হয়ে পড়ে। সেন্ট অগাস্টাস এবং অন্যান্য পাদ্রী পৃথিবী গোল হওয়ার ধারণাকে ধর্মদ্রোহিতা বলে যে

আফালন দেখাতেন এসব আবিষ্কারের ফলে তা শিথিল হয়ে পড়ে। “বাস্তব সত্য এতো শক্তিশালী ছিলো যে তার ভিত্তিতে গীর্জাকে উপেক্ষা করা সহজ হয়ে পড়ে। এই বিবাদকে বিশ্বৃতির আড়ালে তলিয়ে যেতে দেয়া ছাড়া আর কিছু করার ছিলো না। কিন্তু সচেতন লোকেরা দেখতে পেলো যে বস্তু বিজ্ঞান খৃষ্টবাদের আদি পুরুষদের মতবাদের ওপর ভয়ানক সুবিধা আদায় করতে শুরু করেছে এবং অচিরে তা তার প্রতি পক্ষকে ধ্বংস করে ছাড়বে।” ১০

কোপারনিকাস ১৫০৭ সালে সৌর জগৎ সম্বন্ধে যে ব্যাখ্যা দেন তা পৃথিবীর মানুষের চিন্তা জগতে এক আলোড়ন সৃষ্টি করে। টলেমীয় মতানুযায়ী পৃথিবীকে বিশ্বের কেন্দ্র মনে করা হতো এবং সূর্য, চাঁদ ও তারকাগুলো এই পৃথিবীর জন্যেই সৃষ্টি করা হয়েছে বলে ধরা হতো। অচিরেই আবিষ্কৃত হয় যে পৃথিবী বিশ্বের কেন্দ্র নয় বরং তা হচ্ছে এমনি আরো অনেক পৃথিবীর একটা মাত্র যা সীমাহীন আকাশে ছড়িয়ে আছে। এই আবিষ্কার মানুষের দীর্ঘকাল ধরে পোষিত বিশ্বাসে ধাক্কা লাগায়। গীর্জা গ্যালিলিও এবং তাঁর সহযোগীদেরকে এই ধরনের কথা ব্যক্ত করার কারণে দণ্ড দেয়। কিন্তু তাদের দ্বারাই আধুনিক বিজ্ঞান সৃষ্টি হয়। বৈজ্ঞানিক প্রত্যক্ষবাদ এবং ধর্মীয় দর্শনের মধ্যে সংঘর্ষ অনিবার্য হয়ে ওঠে।

এর পর যাজকীয় কল্পনার ভিত্তিতে আর গড় এর উপাসনা সম্ভব ছিলো না। কাজেই God is a spirit, and they worship Him in spirit and in truth- এই কথার নতুন ব্যাখ্যা দেয়া হয়।” ১১ মানুষের বুদ্ধিবৃত্তি অবশেষে বিশ্ব পরিকল্পনা বিশ্লেষণ করতে এবং যে সব আইন দ্বারা বিশ্ব নিয়ন্ত্রিত হচ্ছে সেগুলো নির্ণয় করতে সক্ষম হয়। বৈপ্রবিক পরিবর্তন মানুষের ব্যক্তি এবং সামাজিক জীবনের সব কিছুকে প্রভাবিত করে। বিনা দ্বিধায় ধর্মের নির্দেশ মেনে না নিয়ে মানুষ এখন বিশ্বের আইন গুলো আবিষ্কার করা এবং সেগুলো অনুযায়ী নিজের জীবন পুনর্বিদ্যাস করা শুরু করে। যেসব পৌরানিক কাহিনী এবং কু-সংস্কার ধর্মের চারদিকে জাল তৈরী করে রেখেছিলো সেগুলো ছিন্নভিন্ন হয়ে যায়। মানুষ অন্ধকারের মাঝে আলোর রেখা দেখতে পায়। জ্যোতিষ শাস্ত্র, আলকেমি ইত্যাদির হাত থেকে মুক্ত হয়ে রেনেসাঁ যুগে বিজ্ঞান তার প্রকৃত যাত্রা শুরু করে।

সত্য মানুষ পৃথিবীর সব বসবাসোপযোগী স্থান এবং বিশ্ব প্রকৃতি সম্বন্ধে ওয়াকিফহাল হয়। মানুষ যে মানুষকে আবিষ্কার করতে পারলো তাও গুরুত্বপূর্ণ ব্যাপার। নীরস ও নিরর্থক মধ্য যুগীয় দার্শনিক সূক্ষতার বোঝার নীচে চাপা পড়েছিলো মানুষ। সে আত্মা এবং উৎসাহ বিহীন নমুনায় পরিণত হয়েছিলো। এ সময়ে পৃথিবীর অংগনে সত্য-সন্ধানীদের আগমন ঘটে এবং তারা ঐতিহ্য, রেওয়াজ এবং অজ্ঞতার বোঝা বহন করতে অস্বীকার করে। তারা বলে যে শুধু পরীক্ষণ নিরীক্ষণ, পর্যবেক্ষণ এবং গবেষণাই মানুষকে সত্যে পৌঁছাতে পারে।

মানুষ সম্পর্কে এ এক আবিষ্কার। অন্যটা হচ্ছে প্রাচীন শিল্প, সাহিত্য এবং সংস্কৃতির দিকে মনোযোগ। এ গুলোকে তারা পূজারীর মনোভাব নিয়েই গ্রহণ করে এবং এভাবে পণ্ডিত ব্যক্তির খৃষ্টবাদের আদর্শ থেকে দূরে সরে যাচ্ছিলো। Burckhardt বলেন যে শিক্ষিতদের মনে যে সংশয়বাদ বিরাজ করতে থাকে তার কারণ এই ছিলো যে জগতকে আবিষ্কার করা এবং তেমনি শিল্প ও সাহিত্য সৃষ্টি করার কাজেই তাদের মন পুরোপুরি নিয়োজিত ছিলো। জগতকে জানতে গিয়েই মানুষ নিজেকে আবিষ্কার করেছে, খৃষ্টে পেয়েছে তার হৃদয় ও মস্তিষ্কের গুণাবলীকে, তার নতুন পৃথিবী গড়ার যোগ্যতাকে এবং তার সুস্থ ব্যক্তিজীবন ও সমাজ জীবনের ভিত্তি গড়ে তোলার যোগ্যতাকে। শিল্প এবং নতুন চিন্তার প্রসারের মাধ্যমে রেনেসাঁ দেহসত্তার পুনরাবির্ভাব ঘটিয়েছে যা প্যাগান সভ্যতার ধ্বংসের পর থেকে মধ্যযুগীয় মঠের সমাধিতে শায়িত ছিলো।

“নিজের মনের সম্পদের সাথে পরিচিতি, মানব চিন্তার মর্যাদা, মানুষের চিন্তা কল্পনার মূল্য এবং ধর্মীয় নিয়ম কানুন ছাড়াই মানব জীবনের গুরুত্ব মানুষের সামনে তুলে ধরে শিক্ষা-সংস্কৃতি।” ১২

মধ্য যুগে পশ্চিমের খৃষ্টান জগতে বুদ্ধিবৃত্তিক জীবন বিস্তৃত ভাবে বিকশিত ছিলোনা। এই যুগের মতো তখন এর ব্যাপ্তিশীলতা এবং আদান প্রদান দ্রুত গতি সম্পন্ন ছিলোনা। তুলনামূলকভাবে খুব কম লোকই পড়া লিখা জানতো। যাজকীয় অঞ্চলে অবস্থানরত বিশেষ বিশেষ পুরোহিত ছাড়া শিক্ষিত লোকেরা কতগুলো নির্দিষ্ট গ্রুপের অন্তর্ভুক্ত হয়ে বিপুল জনগোষ্ঠী থেকে পৃথক হয়ে পড়ে।

মঠই হয়ে দাঁড়ায় সংস্কৃতির প্রধান কেন্দ্র। অজ্ঞতার সাগরে দ্বীপের মতো অবস্থান করে এই মঠগুলো পশ্চিম ইউরোপের জ্ঞান-চর্চাকে নিঃশেষ হয়ে যাওয়া থেকে রক্ষা করেছে। এটা অস্বীকার করার উপায় নেই যে এগুলোও সেই যুগের স্থানীয় রীতিনীতি দ্বারা প্রভাবিত হয়ে পড়ে এবং মানুষের মনে উদার দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে ব্যর্থ হয়। রেনেসাঁর প্রভাবেই পশ্চিম ইউরোপের বুদ্ধি বৃত্তিক সংস্কৃতি দারুণভাবে পরিবর্তিত হয়।

“দর্শন এবং বিজ্ঞান চর্চা পেশা হিসেবে গ্রহণ করে বহু লোক। তাদের উৎসাহ সৃষ্টির মূলে রয়েছে আরব প্রভাব। একে পুষ্ট করেছে গ্রীক এবং আরবী ভাষা থেকে ল্যাটিন ভাষায় বই অনুবাদের জোয়ার। এই অনুবাদের ফলেই এরিস্টোটল, ইউক্লিড, টলেমি, গ্যালেন এবং হিপোক্রেটিস-এর লিখা গুলো প্রথম বারের মতো পাস্চাত্যের হাতে পৌঁছে”। ১৩ শুধু দর্শন আর বিজ্ঞানই নয়, ভার্জিল এবং হোরেস-এর সাহিত্য ও সাধারণ মানুষের কাছে জনপ্রিয় হয়ে ওঠে। বাইবেলকে এর মূল ভাষায় আবিষ্কার করা হয় এবং এই আবিষ্কারের ফলে খৃষ্টীয় শিক্ষার সাথে জড়িয়ে-যাওয়া বহু পৌরাণিক কাহিনী ও কুসংস্কার থেকে তা মুক্ত হয়। তদুপরি প্রাচ্যের জ্ঞান-খনি আরবী ভাষার ছাত্রদের কাছে উন্মুক্ত হয়ে ধরা দেয়।

ইতিহাস লিখকগণ রেনেসাঁ যুগের শিক্ষা সংস্কারের ইতিহাসকে তিনটা স্তরে ভাগ করেছেন। প্রথম স্তরে ইউরোপীয়গণ আবেগের বশবর্তী হয়ে গ্রীক সাহিত্যের ঝর্ণা থেকে প্রাণভরে পান করতে চেষ্টা করে। পুরোনো কালের সংস্কারের জন্যে তখন তাদের মাঝে দেখা যায় এক অদম্য পিপাসা।

এরপর আসে ধারণ এবং গ্রন্থাগার স্থাপনের স্তর। “পঞ্চম নিকোলাস ১৪৫৩ সালে ভ্যাটিকান লাইব্রেরী স্থাপন করেন। এর কিছুকাল আগে কসমো দ্য মেডিসি মেডিসিয়ান কালেকশন শুরু করেন। পোগিও ব্র্যকিওলিনি ইউরোপের সব শহর এবং কনভেন্ট গুলোতে হরে হরে ঘুরেন পাণ্ডুলিপির তালাশে। পঞ্চম শতাব্দীর প্রথম ভাগে কনষ্ট্যানটিনোপল থেকে গ্রীসের অনেক শিক্ষক মূল্যবান সাহিত্য সম্পদ নিয়ে ইউরোপে পাড়ি দেন। এরা সবাই সেই যুগের বীর বা বিখ্যাত ব্যক্তি।” ১৪ বস্তুতঃ এটা ছিলো আহরণের যুগ। সামান্য একটু জ্ঞানকেও নির্বিচারে এবং সযত্নে সংগ্রহ করা হয়। তাদের পূর্ব পুরুষেরা পবিত্র ভূমির ধ্বংসাবশেষ যে ভাবে খুঁজে বেড়াতো সেভাবে শব্দা এবং পিপাসা নিয়েই এই যুগের লোকেরা পাণ্ডুলিপি খুঁজে বেড়াতো। ঈসা আলাইহিসসালামের সর্ব শেষ আহরণ পাত্র যেভাবে তালাশ করেছিলো ক্রুসেডারগণ ঠিক সেই ধরণের উদ্দীপনা নিয়ে প্রাচীন জ্ঞানের পিছু নেয় এই যুগের মানুষ। খৃষ্টান এবং অ-খৃষ্টান লিখকের মধ্যে কোন পার্থক্য সৃষ্টি করা হয়নি। আরব চিন্তাবিদদের লিখাকে মূল্যবান সম্পদ রূপে গ্রহণ করা হয় এবং তাদের মতকে বিনা দ্বিধায় মেনে নেয়া হয়। ভালো-মন্দের পার্থক্য না করে অতীতের সব কিছুকেই শব্দার সাথে গ্রহণ করা হয়। দোষগুণ বিচারের মনোভাব তখনো জাগেনি। পশ্চিমা জগত সম্পদ আহরণেই তখন মশগুল। এ যুগের অন্যতম উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হচ্ছে সব শ্রেণীর মানুষের মাঝে শিক্ষা এবং সংস্কার চর্চার বিস্তৃতি। রাজকুমার, চাষী, অভিজাতী ক্যাপ্টিন এবং ব্যবসায়ী সবাই অতীত থেকে তাদের কাছে যা আসতে ছিলো তা গিলে ফেলতে ছিলো উদগ্রীব।

এরপর আসে তৃতীয় স্তর। এটা ছিলো সমালোচক, দার্শনিক এবং চিত্রশিল্পীদের যুগ। পোগিও এবং অরিসপা (Aurisp) যা সংগ্রহ করেছেন তা ব্যাখ্যা করতে বসেন ফিসিনো (Ficino), পোলিজিয়ানো (Poliziano) এবং কোরাসমাস (Corasmus)। এবার শুরু হয় তুষ থেকে শস্য দানা পৃথক করার আসল কাজ। শুরু হয় সংগৃহীত সম্পদ হজম করা এবং লাইব্রেরীর সম্পদ গুলোকে সাজানোর কাজ। সমালোচনা, যথার্থ পরখ ও বাছাই অর্থে, এই যুগের এবং সেকালের সমালোচকদের মাঝে সত্যি পার্থক্য সৃষ্টি করে। সমালোচনা সাহিত্যের বিকাশ ঘটে গ্রহণ, তুলনা এবং স্বতন্ত্রকরণ প্রক্রিয়া দ্বারা যা শিক্ষা এবং সংস্কারের অগ্রগতির জন্যে জরুরী ছিলো। এই বিদ্যার চূড়ান্ত পরিণতি এই হয় যে নীতিনীতি এবং ঐতিহ্যের গোলামী থেকে তা বুদ্ধিবৃত্তিকে মুক্ত করে। পণ্ডিত ব্যক্তিগণ মঠ এবং খৃষ্টবাদের প্রভাবের বাইরে চলে আসেন। এই পরিবর্তন ছিলো খুবই গুরুত্বপূর্ণ। কেবল যে পুরোনো কালের সাহিত্য এবং দর্শনকেই পরখ করা হয় তাই নয়, পরখ করা হয় ধর্মীয় সাহিত্যকেও। বাইবেলের মূল বই আবিষ্কারের চেষ্টা চলে। সমালোচনার

মানদণ্ডে যা টেকেনা তা বাদ দেয়া হয়। এভাবে খৃষ্টান বিশ্বাসকে মিথ্যা ধ্যানধারণা থেকে বিশুদ্ধ করা হয়। সাধারণ মানুষকে মুক্ত করা হয় পুরোহিতদের যুলুম থেকে। যুক্তির আলোকে ধর্মের ব্যাখ্যা বিশ্লেষণ শুরু হয়। ধর্মীয় স্বাধীনতার পথ ধরে মুক্ত বুদ্ধি এগিয়ে আসে। তা আর কিছুতেই গীর্জার মতবাদের গোঁড়াধীর অধীন থাকতে রাজী হয়নি।

মধ্য যুগের বন্ধন থেকে মুক্ত স্বাধীনতা এবং ব্যক্তি স্বাতন্ত্র্যবাদের তিস্তিতে নতুন আদর্শ গড়ে ওঠার পথ রচিত হয়। মধ্য যুগের বৈরাগ্যবাদের পরিবর্তে আনন্দ এবং মানুষের মর্যাদার স্বীকৃতি বিঘোষিত হয়। গীর্জা মানুষের মনে এই ধারণা সৃষ্টি করেছিলো যে প্রকৃতির মুকাবিলায় মানুষ বড় অসহায়। রেনেসাঁ মানুষকে শেখায় প্রকৃতিকে জয় করার এবং এর শক্তিকে মানুষের কাছে লাগানোর পদ্ধতি।

বহু শতাব্দীর ক্রম-যাত্রা শেষে এলো পরিপক্বতা। ইউরোপের বিভিন্ন কেন্দ্রে স্থাপিত হয় বিশ্ববিদ্যালয়। এ গুলোর মাধ্যমে সু-সমজস জ্ঞানের বৃদ্ধি ঘটে। এই সময়ে সেকুলার এবং বানিজ্যিক স্বার্থ মানুষের সামনে আসে এবং তাদের মানসিক তৎপরতা বাড়িয়ে দেয়। এভাবে ব্যক্তিগত উদ্যোগ এবং যোগ্যতার ক্ষেত্র সম্প্রসারিত হয়। আত্মোপলব্ধি অবশেষে নিজের শক্তি সামর্থ্য সম্বন্ধে মানুষকে আত্মবিশ্বাসী রূপে গড়ে তোলে। এটা স্বীকৃত হয় যে মানুষকে দিয়েই অন্যান্য সব বস্তুর পরিমাপ হওয়া বাঞ্ছনীয়।

পণ্ডিত ব্যক্তিগণ বৈজ্ঞানিক চিন্তায় সাগ্রহে অংশ নিতে থাকে। বৈজ্ঞানিক পদ্ধতি মানুষের দৃষ্টিভঙ্গি নতুন ছাঁচে গড়ে তুলতে থাকে। দর্শন ছিলো এতো দিন ধর্মের গৃহে চাকরাণী। এখন তা বিজ্ঞান-লব্ধ বিভিন্ন মৌলিক ধারণার ব্যাখ্যা দান এবং এইগুলোর সমন্বয় সাধন করে একটা সামগ্রিক দৃষ্টিকোণ গড়ে তোলার কাজে নিয়োজিত হয়। এভাবে তা বিজ্ঞানের বিজ্ঞান হতে চায়।

বৈজ্ঞানিক পদ্ধতির ওপর বিশ্বাস স্থাপন নতুন আশার সঞ্চার করে। পুরোনো মেটাফিজিক্স-এর ক্ষেত্রে সত্যকে প্রতিষ্ঠিত করার যোগ্যতা মানুষের আছে বলে বিবেচিত হয়। মেটাফিজিক্সকে অবশ্য পরীক্ষণ-নিরীক্ষণ পদ্ধতির আওতায় আনা কঠিন বলে প্রমাণিত হয়। কেননা কোন টেলিস্কোপ দিয়েই গড়কে দেখা গেলো না। কোন মাইক্রোস্কোপ দিয়ে দেখা গেলো না আত্মাকে। অবশ্য অস্ত্র দৃষ্টি তর্কশাস্ত্রের প্রস্তাব যোগালো। জ্যামিতি অবরোহনের যন্ত্রের যোগান দিলো। "কোন বস্তুর বিশেষ ধর্ম সম্বন্ধে পুরোনো অধিবিদ্যা যে সব ব্যাখ্যা দিয়েছে গাণিতিক এবং পরিমাণাত্মক ব্যাখ্যার স্বপক্ষে তা বর্জিত হয়। বস্তুর সত্তার ওপর কম গুরুত্ব দিয়ে তার ক্রিয়া পদ্ধতির ওপরই বেশী জোর দেয়া হয়। প্রাকৃতিক আইন এখন পদার্থ এবং অবস্থান পরিবর্তনের পরিমাণাত্মক সম্পর্কের প্রকাশ বলে গণ্য হয়।" ১৫

নতুন বিজ্ঞানের দার্শনিক ভাবার্থ উল্কা বৃষ্টির মতো পৃথিবীর ওপর বর্ষিত হতে থাকে কোপারনিকাসের মতবাদের প্রধান ধারক গিওরদানো ব্রুনো (Giordano Bruno : ১৫৪৮-১৬০০) এর কলম থেকে। তাঁর লিখাতে ধর্ম এবং ঐতিহ্যের ডাবল অত্যাচার

থেকে মুক্তির ভাবধারা প্রবাহিত। নতুন মুক্তির নেশায় বিভোর সীমাহীন জগতের ফুলিংগের উজ্জ্বলতায় ঘূর্ণায়মান গোলক ধাঁধায় দিশেহারা হয়ে তিনি নতুন ‘ধর্ম’ বিজ্ঞানের উৎসবে মেতেছেন। “তিনি লিখেন, তারকাদের দ্বারা আমরা অসীম পরিণতির এক অসীম কারণ আবিষ্কার করতে পারি। এগুলো হচ্ছে এক অসীম শক্তির নির্ভুল এবং জীবন্ত চিহ্ন। এতে করে আমরা বাইরে নয় আমাদের মাঝেই এক দেবতাকে উপলব্ধি করতে পারি এবং আমরা আমাদের মাঝে যত টুকু তার চে’বেশী করে তিনি রয়েছেন আমাদের মাঝে।” ১৬ এভাবে বিশ্ব সম্বন্ধে নতুন ধারণা লাভের সংগে সংগে গড় সম্বন্ধেও এক নতুন ধারণা বিকাশ লাভ করে। গড়কে বিশ্বের স্রষ্টা রূপে গণ্য করা হলো না। তাঁকে গণ্য করা হলো একই জিনিষের দু’টো দিকের— সৃজনশীল এবং সৃজিত প্রকৃতি— একটা রূপে। গড় এবং বিশ্বকে এক করে দেখা হয়। ক্যাম্পেনেলা অনুভব করেন যে বাইরের জগত সম্বন্ধে আমাদের যে বিশ্বাস তার সত্যতার গ্যারান্টি তিনি বিজ্ঞানে পেয়েছেন। “কেননা বিজ্ঞান তাঁকে শিখিয়েছে যে এই জগত সম-প্রকৃতি এবং সমরূপ। নিজকে জ্ঞানার মাধ্যমে তাই মানুষ বাইরের জগতকেই জানছে এবং তার অনুভূতি থেকেই প্রকৃত সত্তার তিনটা প্রধান বৈশিষ্ট— ক্ষমতা, জ্ঞান এবং ইচ্ছা— নির্ণয় করতে পারছে।” ১৭

Bhome (১৫৭৫-১৬২৪) এবং Bacon ব্রুনো এবং ক্যাম্পেনেলার (Campanella) মতো যুগের ঐতিহ্যবাহী মনে নতুন বিজ্ঞানের কিছু পদ্ধতি ও ফল সংযোগ করতে চেষ্টা করেন। কিছুটা সফলতা অর্জন করলেও সেই সাফল্যকে সন্তোষজনক বলা যায় না।

রেরনে ডেকার্ট (১৫৯৬-১৬৫০) দর্শনের দেহে বৈজ্ঞানিক ঔষধের প্রথম শক্তিশালী ডোজ ঢুকিয়ে দেন যার প্রভাব থেকে দর্শন আর কোন দিন মুক্ত হতে পারেনি। প্রেটো থেকে মন এবং বস্তুর দ্বৈতবাদ শুরু হয়। ধর্মীয় কারণে খৃষ্টীয় দর্শন তা প্রসারিত করে। ডেকার্ট—এর হাতে তা চূড়ান্ত রূপ লাভ করে। তিনি বিশ্বাস করতেন যে, “প্রাণহীন বস্তুর মতো জীবন্ত প্রাণীও পদার্থ বিজ্ঞানের আইন গুলোর নিয়ন্ত্রণের অধীন। জীবের বর্ধন এবং প্রাণীর নড়ন-চড়ন ব্যাখ্যা করার জন্যে এখন আর আত্মার অস্তিত্বকে মেনে নেয়ার প্রয়োজন রইলো না।” ১৮

থমাস হব্‌স্‌ (১৫৮৮-১৬৭৯) চিন্তা ভাবনার ক্ষেত্রে বৈজ্ঞানিক নৈর্ব্যক্তিকতা অর্জনের চেষ্টা করেন। “আমাদের জ্ঞান কেবল আমাদের মনের আবিষ্কার। আমাদের নিয়ম নিষ্ঠা এবং মনের সৃজনশীল কাজের ধরণ হচ্ছে গাণিতিক চিন্তা। তিনি বিশ্বাস করেন যে, মনোমাঝে সময় এবং চারপাশের কিস্তুরি ধারণা আমাদের ইন্দ্রিয়জ অনুভূতি থেকে উৎসারিত, যদিও তাদের প্রকৃত সত্তা এগুলো থেকে স্বতন্ত্র। তাই গণিত শাস্ত্র এবং তর্কশাস্ত্রের মাঝেই বাইরের জগত সম্বন্ধীয় আমাদের জ্ঞানের ভিত্ত স্থাপিত। কারণ, কেবল গণিত এবং তর্কশাস্ত্রের রূপ নিয়েই প্রকৃত সত্তা আমাদের চিন্তায় প্রবেশ করতে পারে” ১৯ সব অভিজ্ঞতা লব্ধ প্রকৃত সত্তাই সময় এবং স্পেস—এর মাঝে সঞ্চরণশীল দেহের উপলব্ধি মাত্র। এমন কি সচেতনতাকেও তিনি বস্তুরই কাজ বলেছেন। দেহের অবস্থার পরিপ্রেক্ষিতে তিনি আত্মার অবস্থাকে ব্যাখ্যা করেছেন। বস্তুতঃ তিনি ঘোষণা করেন যে, ১০০ পাঁচাত্ত সত্যতার উৎস

মনোবিজ্ঞানে আত্মা এবং ধর্ম-বিজ্ঞানে গড বলে যে অনন্তিত্বশীল পদার্থের ব্যবহার হয়েছে তা সবই অর্থহীন। পুরোপুরি বা আর্থশিক ভাবে কোন না কোন ইন্দ্রিয়ের দ্বারা জন্মপ্রাপ্ত না হয়ে মানুষের মনে কোন ধারণাই আসতে পারে না, একথা ঘোষণা করে তিনি “ইন্দ্রিয়ের ভিত্তির ওপরেই মানসিক জীবন গড়ে তুলেছেন। আর ইন্দ্রিয় হচ্ছে সচেতন সত্তার কোন অভ্যন্তরীণ অংশের গতি।”^{২০} হব্‌স্‌ এর মতবাদ ভীষণ সমালোচনার সম্মুখীন হয় এবং ভুল দেখিয়ে দেয়ার কিছু চেষ্টাও হয়। এতদসত্ত্বেও বস্তুবাদ অগ্রগতি লাভ করতেই থাকে। ওহীর পরিবর্তে গণিত এবং যুক্তিশাস্ত্রকেই সমঝ-এর দ্বার রূপে গ্রহণ করা হয়। যুক্তিকে সব কিছুর কর্তৃত্বশীল বলে মেনে নেয়া হয়। একে ঐতিহ্যগত কর্তৃত্বের চেয়ে শেষ্ঠতর এক শক্তিশালী এবং উপকারী দিশারী রূপে গণ্য করা হয়। বলা হলো যে প্রকৃতি এবং মানব মনের অসংখ্য রহস্যের দারোদঘাটনের জন্যে মানুষ তার বুদ্ধিবৃত্তিকেই ব্যবহার করতে বাধ্য।

এসব চিন্তাবিদেদরা যদিও জীবনের প্রতি পুরোনো দৃষ্টিভঙ্গির প্রভাব থেকে পুরোপুরি মুক্ত হতে পারেনি, তবুও এটা সত্য যে তারা একটা নতুন গতিশীল বিশ্ব পরিপ্রেক্ষিতের দ্বার খুলতে পেরেছিলো। তারা চিন্তার এমন এক নতুন ধারা সৃষ্টি করে যেখানে প্রচলিত বিশ্বাস এবং আচরণ বিধিকে মৌখিক এবং লিখিত ভাবে চ্যালেঞ্জ করা যেতো।

তাদের শ্লোগান ছিলো ‘প্রকৃতির অনুসরণ কর।’ এই পরামর্শ এমন এক গতি সৃষ্টি করে যা খৃষ্টবাদের কর্তৃত্ব বিলুপ্ত করে। কেননা এর ফলে জনগণ নৈতিকতার অতীন্দ্রিয় ব্যবস্থা, আদিম পাপ ও পতন এবং তার উদ্ধারের জন্যে স্বর্গীয় সাহায্য, কৃচ্ছতা ইত্যাদি সম্বন্ধীয় মতবাদ গুলোকে বর্জন করতে শুরু করে। মানুষ আবার স্বাভাবিক এবং সাধারণ বৈশিষ্ট্য সম্পন্ন একসত্তা রূপে তার পজিশন ফিরে পায়। প্রাচীন সভ্যতা কর্তৃক নির্ধারিত অথবা দুর্বোধ্য খৃষ্টবাদ কর্তৃক আরোপিত কর্তব্যের শিকল থেকে মুক্তি পায় মানুষ।

মানুষের সহজাত প্রবৃত্তিকে তুষ্টকরে প্রতিটি মানুষকে পরিপূর্ণ মানুষ রূপে গড়ে তোলার লক্ষ্যই হয় এই ব্যবস্থার নৈতিক লক্ষ্য। এই আন্দোলন গীর্জাকে ভেতর থেকেই দুর্বল করে দেয় এবং সেকুলার বিষয়ে সাধারণ কৌতুহল জাগিয়ে তোলে। যদিও ইচ্ছাকৃত ভাবে গীর্জার ধর্মীয় কাঠামো ভেঙে দেয়ার কোন চেষ্টা হয়নি, তবুও ধর্মীয় কর্তৃত্বের বিরুদ্ধে পরিচালিত এই মনোভাব সেই আচরণের মধ্যে মূর্ত হয়ে ওঠে যা মানুষের পূর্ণ বিকাশের পথে বাধ সাধার মতো সব কিছুকে উপেক্ষা করতে সংকল্পবদ্ধ ছিলো। মানবতাবাদের বৈশিষ্ট্য হয়ে দাঁড়ায় চরম ব্যক্তি স্বাতন্ত্র্যবাদ। এর স্বাভাবিক ফলশ্রুতিতে কেবল অহমিকাই সৃষ্টি হয়নি, সৃষ্টি হয় এমন দর্শনও যা মানব প্রকৃতির বিভিন্ন রকমের আশা-আকাংখার মাঝে কোন পার্থক্য সৃষ্টি করে না। এটা বরং এসব আশা আকাংখাকে বৈধ মনে করে যদি এগুলো তাকে শক্তি, ক্ষমতা এবং সম্পদের যোগান দিতে পেরে থাকে। “ আত্মত্যাগ, দানশীলতা অথবা সুবিচার আর প্রশংসনীয় বিষয় রইলোনা। মানব জীবনের লক্ষ্য হয়ে পড়ে প্রত্যেক ব্যক্তির স্বাভাবিক শক্তি সামর্থের ক্রমোন্নতি। স্বাভাবিক মানুষ হবার নামই হয় সাধুতা।”^{২১}

রেনেসাঁ মানুষের চিন্তার পুরো পরিমন্ডলে বিপ্লব সৃষ্টি করে। টেরেন্স-এর নীতিকথা-তথা যা কিছু মানবীয় তা তার কাছ থেকে দূরে থাকা উচিত নয়- রেনেসাঁ গ্রহণ করে। এথেকেই আসে বিচার শক্তি এবং প্রতিভার সার্বজনীনতা। এর ফলেই সমাজে সহনশীলতার মনোভাব জন্ম নেয় এবং আধুনিক মন বুঝতে পারে যে সমাজের সব মানুষের মাঝে যদি স্বকীয়তাকে পূর্ণভাবে বিকশিত করতে হয় তাহলে অপরের ব্যক্তিত্ব, মতামত, বিশ্বাস এবং আচরণের প্রতি শঙ্কাবোধ অবশ্যই থাকতে হবে। এই পরিবর্তন বিভিন্নভাবে সূচিত হচ্ছিলো। তবে তা ঘটছিলো ক্রমশঃ। সবচে বেসী গুরুত্বপূর্ণ ছিলো বিজ্ঞান এবং বৈজ্ঞানিক মনোভাবের অগ্রগতি। ধর্মের উপস্থাপিত জীবন দর্শন- বাইবেলের পৌরাণিক কাহিনী এবং নাজাত পদ্ধতি- বৈজ্ঞানিক জীবন দর্শনের জন্যে আসন ছেড়ে দেয়। মধ্য যুগের দীর্ঘ সময়ে এটা স্পষ্ট হয়ে পড়ে যে ধর্মীয় মত বিরোধের কারণে নির্যাতন প্রায় অপ্রয়োজনীয় হয়ে পড়েছে; এমনকি ভয়াবহ ধর্মীয় বিচারালয়ও বাস্তিত ফল দিতে ব্যর্থ হচ্ছে। জ্বরদস্ত কর্তৃত্ব একজন ব্যক্তির মনের বিকাশকে হয়তো দমিয়ে দিতে পারে, কিন্তু তার দৃষ্টিকোণ এবং চিন্তার ধরণকে পাঁচাতে পারেনা।

রেনেসাঁ যুগের অর্থনৈতিক এবং সামাজিক অগ্রগতি ধর্মীয় সহনশীলতার ভিত্তিকে প্রশস্ত করতে সাহায্য করেছে বিপুলভাবে। বানিজ্যের সম্প্রসারণ ধর্মীয় কোন্দল থেকে মনকে ভিন্ন দিকে টেনে নিয়ে গেছে। উন্নত মানের যোগাযোগ ব্যবস্থা মানুষের দেশভ্রমণ, বিভিন্ন জাতির সংগে ভাবের আদান-প্রদান ও জ্ঞান বিস্তারের পথ রচনা করেছে এবং মানুষের দৃষ্টিকোণকে প্রশস্ত করেছে। অপরকে জানলে তাদের প্রতি সহনশীলতার মনোভাব গড়ে ওঠে এবং তাদেরকে বুঝার মাধ্যমে তাদের মতামতকে বরদাশত করার মনোবৃত্তি সৃষ্টি হয়।

এভাবে ধর্ম সম্বন্ধে এক নতুন দৃষ্টিভঙ্গি গড়ে ওঠে।। এটা সবাই অনুভব করে যে "ধর্ম ব্যক্তির মতের ব্যাপার; সূত্রাং শক্তি প্রয়োগ করে নয়, বুঝিয়ে গুনিয়ে তাকে এর অনুসারী করতে হবে। লোকেরা বলে যে খৃষ্টবাদ একদিকে শান্তি ও ভালোবাসার শিক্ষা দেবে, অন্যদিকে ঘৃণা ও যুদ্ধের পক্ষাবলম্বন করবে এটা মোটেই শোভনীয় নয়। তারা বলে যে নাজাত সম্পর্কিত ব্যাপারে বিভিন্ন ধর্মের মত পার্থক্য নগন্য এবং খুব গুরুত্বপূর্ণ নয়। তাই এসবের ওপর ভিত্তি করে সংঘর্ষে জড়িয়ে পড়া অযৌক্তিক। কিছু সংখ্যক লোক আরো বলে যে ধর্ম রাষ্ট্রের ব্যাপার নয় এবং তারা সব ধর্মীয় মতের ব্যাপারে সহনশীলতা দাবী করে।"২২

এসব বুদ্ধিবৃত্তিক, সামাজিক এবং বস্তুগত শক্তির মিলনের ফলে ধর্মীয় সহনশীলতা স্বীকৃত হয়। প্রাচীন গ্রীস এবং রোমের অধিবাসীদের জন্যে এটা নতুন কিছু ছিলো না। তারা পরমত সহিষ্ণুতায় অভ্যস্ত ছিলো। কিন্তু খৃষ্টানদের জন্যে ছিলো এটা নতুন বিষয়। কেননা গীর্জার মতবাদের বিরোধীদের শান্তি এবং মৃত্যুদানের জন্যে আইন তৈরী করেছিলো তারা। এই ঐতিহ্যকে ভেঙে ফেলা তখন সত্যি এক কঠিন কাজ ছিলো।

এটা ভুলে গেলে চলবে না যে ইতালীর মানবতাবাদ সেকুলার জিনিষের প্রতি মানুষের ঔৎসুক্য বাড়তে গিয়ে গীর্জার কর্তৃত্বকে দুর্বল করে দিয়েছে এবং আশা ও আনন্দের এক পরিবেশ সৃষ্টি করেছে যেখানে অসহনশীলতা বৃদ্ধি পাওয়া সম্ভব ছিলো না। ইতালীর মানবতাবাদীরা গীর্জার প্রকাশ্য শত্রু ছিলো না। কিন্তু এটা সত্য যে ধর্মীয় কাজ কর্মের চেয়ে সেকুলার কাজ কর্মে তারা বেশী আগ্রহী ছিলো। তাদের অনেকেই গীর্জার প্রতি মৌখিক শ্রদ্ধা জানাতো। কিন্তু তারা বুঝে ওঠেনি যে তারা তাদের মনকে যেদিকে নিবদ্ধ করেছে তার পরিণতিতে গীর্জার শক্তি কমে যাবে এবং এভাবে ধর্মীয় অংগনে এক বিপ্রবের পথ সুগম হবে।

রেনেসাঁর পিছু পিছু যে মানবতাবাদ আসে তা ছিলো বাস্তবমুখী, অধিকতর সৌন্দর্যবোধভিত্তিক এবং দুর্বোধ্য প্রকৃতির। মানবতাবাদীগণ তাদের বুদ্ধি বৃত্তিক মুক্তিতে খুব হৈ-হুল্লোড় করে এবং প্রাচীন শিল্প-সাহিত্যের সৌন্দর্য দ্বারা বিশেষ ভাবে অভিভূত হয়। রেনেসাঁ আন্দোলন মূলতঃ একটা বুদ্ধিবৃত্তিক পুনর্জাগরণ যা জ্ঞানের ময়দানে অবাধ অনুসন্ধানের মনোভাব সৃষ্টি করে। এর স্বাভাবিক প্রকৃতি এই দাঁড়ায় যে ওসব ধর্মীয় চিন্তা এবং কু-সংস্কার যা যুক্তির কষ্টি পাথরে অগ্রহণযোগ্য বিবেচিত হয়েছে তা আর লোকদের শ্রদ্ধা কুড়াতে পারেনি। ধর্মের প্রতি লোকদের যে মনোভাব ছিলো তা আমূল পরিবর্তনের মুখোমুখি এসে দাঁড়ায়। নতুন দৃষ্টিভঙ্গিতে ছিলো সংশয়বাদ এবং স্বর্গীয় উৎস থেকে প্রাপ্ত বলে কথিত সব ধারণার প্রতি উদাসীনতা।

এই পরিবর্তনের কারণ এ ছিলো না যে দার্শনিক এবং বিজ্ঞানীগণ পর্যবেক্ষণ ও গবেষণার মাধ্যমে জীবনের সব রহস্যের সমাধান দিয়েছিলেন বরং এটা ঘটেছিল ক্রমাগত ভাবে ধর্মের প্রতি আগ্রহ হারিয়ে ফেলার ফলে। পার্থিব কাজ কর্ম সাধারণ মানুষের মনকে এতো বেশী ব্যস্ত রাখতো যে আগে যা অতি জরুরী বিষয় বলে বিবেচিত হতো তার দিকে তাদের আর মনোযোগ দেবার উপায় ছিলো না। সুতরাং রেনেসাঁ যে সহনশীলতার পরিবেশ গড়ে তোলে তা এমন ছিলো না যে মানুষকে একদিকে নিজে, অন্যদিকে অপরের অহমিকাকে শ্রদ্ধা করতে শেখায়। বরং এ ছিলো সাধারণ সংশয়বাদ এবং আধ্যাত্মিক মূল্যবোধের প্রতি উদাসীনতা থেকে সৃষ্টি।

ধর্মের সব গুলো দিকের ওপর মানবতাবাদের প্রভাব কতটুকু ছিলো তা সংক্ষেপে পরিবেশন করা সম্ভব নয়। সংক্ষেপে আমরা বলতে পারি যে এটা এমন এক শৈলীর মানুষ তৈরী করে যাদের জীবন দর্শন প্রধানতঃ ধর্ম ভিত্তিক নয়, আবার প্রধানতঃ বুদ্ধিবৃত্তি ভিত্তিকও নয়। এটা মানুষকে মধ্য যুগের মানসিক অভ্যাস এবং ধ্যান-ধারণা ত্যাগ করতে উৎসাহিত করে, কিন্তু সমগ্র বিশ্বকে বুদ্ধিবৃত্তিক দৃষ্টিভঙ্গি নিয়ে গ্রহণ করতে শেখায়নি। এটা মধ্যযুগীয় আনুষ্ঠানিকতাপূর্ণ যাজকতন্ত্রের ওপর স্বাভাবিকতার শ্রেষ্ঠত্ব মেনে নিয়েছে। তবে মানুষ পুরোপুরি প্রকৃতির অংশ নয়, এই পুরোনো ধারণাকেও এটা ধরে রেখেছে। মানবতাবাদীরা মধ্যযুগীয় বিশ্ব-তত্ত্বের বিরুদ্ধে বড়ো রকমের বিদ্রোহী ছিলো, কিন্তু তাদের সুস্পষ্ট কোন বিশ্ব-তত্ত্ব ছিলো না। তারা ছিলো বড়ো রকমের ব্যক্তি

স্বাতন্ত্র্যবাদী। তারা নিজেরা কিছু একটা হতে চেয়েছিলো এবং কি তারা হতে চাচ্ছিলো এই সম্বন্ধে তাদের কোন সুস্পষ্ট ধারণা ছিলো না। মধ্য যুগের কাছে যে তারা গভীর ভাবে ঋণী এই কথা স্বীকার করতে তারা ছিলো কুণ্ঠিত। নিজের জ্ঞান নিয়ে তাদের ছিলো অনেক গর্ব।

এটা সত্যি দুর্ভাগ্যজনক ছিলো যে মানবতাবাদীরা তাদের নতুন পাওয়া চিন্তার স্বাধীনতা নিয়ে নিজেদের সম্বন্ধে এই ধারণা পোষণ করতে থাকে যে, তাদের অধিকার কেবল সব কিছুকে জানা-ই নয়, তারা যা পছন্দ করে তা ভাবা এবং যে ভাবে ইচ্ছা সেভাবে নিজেদের চিন্তাকে প্রকাশ করাটাও। তারা এতোদূর এগিয়ে যায় যে নিয়ন্ত্রণহীন কৌতুহল অনেক ক্ষেত্রেই স্বৈচ্ছাচারিতার রূপ নেয়। তারা পবিত্র বিষয়গুলোকে আক্রমণ করে, প্রয়োজনীয় নীতিগুলোর ভিত্তিমূলে নাড়া দেয়। তাদের মন লজ্জাজনক মনগড়া বিষয় চর্চা করেও আনন্দ সঞ্চয় করে। “এই হচ্ছে সেই অশ্রীলতার ব্যাখ্যা যা বহু মানবতাবাদীর লিখাতে পরিবেশিত হয়েছে। Panormite দের Hermaphrodite, পোগিওর Liber Facctiarum, Valla-এর কবিতা, Boccaccio এবং Aencas Sylvius Piccolomini-এর অশ্রীল লিখা উদাহরণ স্বরূপ উল্লেখ করা যায়।”^{২৩}

মানবতাবাদীদের দৃষ্টিভঙ্গিতে ভারসাম্য ছিলো না। চিন্তার স্বাধীনতার নামে তারা প্যাগান চিন্তাকেই একপাত্র থেকে অপর পাত্রে ঢেলেছে মাত্র। নৈতিকতার প্রতি এরা উচ্ছৃংখল অশ্রদ্ধা পোষণ করতো। মন-মানসিকতার নির্লজ্জ নীতিভ্রংশ থেকে ঘোর অনৈতিকতার দিকে পদক্ষেপ নেয় এরা। ইন্দ্রিয়জ্ঞ আনন্দের প্রতি মানুষের যে স্বাভাবিক বৌদ্ধিক তাকেই তুষ্ট করে যা কিছু তা সবই ভালো, এই মতবাদের ওপর ভিত্তি করেই এই পদক্ষেপ নেয়া হয়।

নতুন ধরনের মানুষ আসে মঞ্চে। এই মানুষের মাঝে একই সময়ে বুদ্ধিবৃত্তিক এবং নৈতিক ঔদ্ধত্য ছিলো। তার মন ছিলো সচেতন, বহুমুখী পাণ্ডিত্যপূর্ণ, প্রতিটি ধারণা গ্রহণে উন্মুখ, সৌন্দর্যের প্রতি সংবেদনশীল এবং সুখ্যাতির জন্যে আগ্রহী। কিন্তু এই মন হঠকারী সব ঐতিহ্য এবং বন্ধনকে এড়িয়ে সব সময় সামনে ছুটতে চায়। সমাজ বা ধর্ম কোন সীমা রেখা টেনে দিলে সে অসন্তুষ্ট হয় এবং রাগে গর গর করতে থাকে। সে সব রকমের বস্তুগত সুখ উপভোগ করতে এবং যে কোন মূল্যে সম্পদ ও সম্মান সংগ্রহ করতে চায়। তার যুক্তি ছিলোঃ ‘জান্নাত নেই। জাহান্নাম নেই। এখানে জীবনকে উপভোগ করতে হবে। মৃত্যুর পরের শাস্তির ভয় বাদ দিয়ে সব রকমের ক্ষুধা মেটাতে হবে।’ এই নতুন মানুষ সব রকমের নৈতিক অপরাধই করলো। হারিয়ে যাওয়া অতি প্রাকৃতিক অনুপ্রেরণার স্থান দখল করতে পারতো সচেতন এবং শক্তিশালী জনমত। কিন্তু পুরোহিত শ্রেণী, মানবতাবাদী এবং বিশ্ববিদ্যালয়ের পণ্ডিতগণের কেউই যুগের এই দাবীতে সাড়া দিলোনা।

মানবতাবাদীগণ নৈতিক অধঃপতনের জন্যে পুরোহিতদেরকে কঠোর ভাবে সমালোচনা করতো। কিন্তু তারা কোন দিক দিয়েই ওদের চেয়ে ভালো ছিলো না। তারা ধর্মের বিধি নিষেধ মানলো না। তারা ইসার (আলাইহিসসালাম) পূজার পরিবর্তে খ্রেষ্ট ব্যক্তিদের পূজা শুরু করলো এবং দানশীলতার স্থানে বসালো হিঙ্গ্র অহমিকাকে। তারা বিনয়কে বাদ দিয়ে গৌরব বৃদ্ধির কাজে লেগে গেলো নানা ভাবে।^{২৪} গ্রীক এবং রোমান সাহিত্যের অনুরাগী এসব মানুষেরা ওসব প্যাগানদের মতোই জীবন যাপন শুরু করে যারা কখনো খৃষ্টবাদের নামই শুনেনি। এরা সম্পদের পিছু নেয়। এরা ছিলো তাদের আয়, চেহারা, প্রতিভা এবং পোশাক নিয়ে গর্বিত।

-
১. Encyclopaedia Britannica: XII, 257
 ২. Ibid: XII, 258
 ৩. Edith Sichel: The Renaissance, pp. 10,11
 ৪. John Addington Symonds: Renaissance in Italy, I, 9-10
 ৫. Ibid: 1.10
 ৬. Edith Sichel: op. cit. p. 19
 ৭. Ibid: pp. 20,21
 ৮. John Addington Symonds: op. cit. I; 11,12
 ৯. Ibid: I, 12
 ১০. J. W. Draper: A. History of the Intellectual Development of Europe II, 173-74
 ১১. J. A. Symonds: op. cit, I, 17
 ১২. Ibid: I, 21
 ১৩. Paul Oskar Kristeller; Renaissance Thought, pp. 6,7
 14. J. A. Symonds: op. cit. I, 22
 ১৫. Preserved Smith: A History of Modern culture, I, 182
 ১৬. Ibid
 ১৭. Ibid: I, 184, 185
 ১৮. Bertrand Russell: History of Western Philosophy, 590
 ১৯. P. Smith: op. cit. I, 202
 ২০. Ibid: I, 203
 ২১. Edward Eyre: European Civilization, III, 606
 ২২. Grove Haines and Warren B. Walsh: The Development of Civilization, p. 424
 ২৩. Edward Eyre; op. cit. III, 607
 ২৪. Ibid: III, 609

ষষ্ঠ অধ্যায়

রিফর্মেশন

পূর্ববর্তী অধ্যায় গুলোতে আমরা দেখেছি কি ভাবে মধ্যযুগের শেষ শতাব্দীতে ধর্মীয়, বুদ্ধিবৃত্তিক, রাজনৈতিক এবং সামাজিক শক্তিগুলো খৃষ্টান পাশ্চাত্যের সভ্য জীবনকে প্রভাবিত ও পরিবর্তিত করেছে। খুব কম লোকই সেই সময় বুঝেছিলো যে সেগুলো ছিলো সামগ্রিক পরিবর্তনের ডুমিকা মাত্র এবং বহু শতাব্দী পর্যন্ত প্রভাব বিস্তারকারী এক বিপ্লব অতি নিকটেই ছিলো। পরবর্তী কালের জ্ঞানের আলোকে আমরা যদি সেই সময়ের দিকে তাকাই আমরা পরস্পর ত্রিমাণীল কতগুলো জটিল কারণ দেখতে পাই যেগুলো ষোড়শ শতাব্দীর রিফর্মেশনের জন্ম দেয়।

এই আন্দোলনের চরিত্র এবং ফলাফল দীর্ঘকাল ধরে বিতর্কিত বিষয়। রিফর্মেশন বলতে সাধারণতঃ ভালোর দিকে পরিবর্তিত হওয়াকে বুঝায়। এটা একটা ধর্মীয় আন্দোলনকেই বুঝায় যদিও এর কারণ, পদ্ধতি এবং পরিণতি শুধু ধর্মীয়ই ছিলো না। রিফর্মেশনকে ধর্মীয় আন্দোলন রূপে দেখার একটা প্রবণতা লক্ষ্য করা গেছে। কিন্তু তা ভুল। সেই অদ্ভুত ধর্মতন্ত্রে— যা মধ্য যুগকে শাসন করেছে— সেকুলার এবং আধ্যাত্মিক স্বার্থ এমন ভাবে মিশে গিয়েছিলো যে এগুলোকে পুরোপুরি পৃথক করা অসম্ভব ব্যাপার ছিলো। লুথারিয়ান বিদ্রোহের ইন্ধন যুগিয়েছিলো যেসব পরিচালিকা শক্তি সেগুলো অনেকাংশেই ছিলো সেকুলার। এটা এখন স্বীকৃত ব্যাপার যে রাজনৈতিক কারণই ধর্মীয় সংগ্রামকে তিজ্ঞ করে তুলেছিলো এবং এটাই খৃষ্টান পাশ্চাত্যকে পরস্পর বিরোধী শিবিরে বিভক্ত করে ফেলে।

রেনেসাঁ ছিলো মূলতঃ দেশের সেরা মানুষেরই আন্দোলন— দেশের প্রতিভাবান এবং সংস্কৃতিবান সীমিত সংখ্যক লোকদের সাফল্য। স্বাভাবিক কারনেই তা জীবনের বুদ্ধিবৃত্তিক পরিমন্ডলে সীমিত থাকে। সমাজের বৃহত্তর জনগোষ্ঠী এর আওতার বাইরে থেকে যায়। অথচ রিফর্মেশন জনগণের জীবনকেই গভীরভাবে প্রভাবিত করে। এটা জনগণের দৃষ্টিতর্কগতে আমূল পরিবর্তন সাধন করে। এটা মধ্য যুগের সামাজিক এবং রাজনৈতিক গীর্জাকেই চ্যালেঞ্জ করে বসে। জীবনের প্রতিটি ক্ষেত্রে প্রবেশ করে সমাজের গোটা অবয়বটাকে এটা নতুনভাবে ঢেলে গড়তে চায়। এটা মানুষের আবেগের কাছে আবেদন রাখে। সার্বজনীন এবং ঐতিহ্যবাহী ধর্মীয় বিশ্বাসগুলোকে প্রশ্নের মুখে ঠেলে দিয়ে এটা তা করতে চায়। এটা কর্তৃত্বের শিকল ছিঁড়ে ফেলে।

বস্তুতঃ রিফর্মেশন ছিলো যুগ ধর্মের সাথে সাংঘাতিক ক্যাথলিক গীর্জার সর্বব্যাপ্ত কর্তৃত্বের বিরুদ্ধে বিদ্রোহ। গীর্জা ছিলো তখন এক ধর্মীয় স্বৈরতন্ত্র। অগ্রগতিশীল বানিজ্যিক

সভ্যতার অহংকারকে তুষ্ট করতে এবং জাতীয় রাষ্ট্রের অভ্যুদয়ের সাথে তা নিজকে খাপ খাইয়ে নিতে পারছিলো না। এই দৃষ্টিতে দেখলে বলতে হয় এটা ছিলো একটা রাজনৈতিক আন্দোলন যদিও তা গীর্জার সংস্কারের লক্ষ্যকে সামনে রেখে একটা ধর্মীয় আন্দোলন রূপেই শুরু হয়। প্রোটেষ্ট্যান্ট সংস্কারকগণ বলতো যে তারা কোন নতুন আকীদার জন্য দিচ্ছেনা বরং তারা ফিরে যাচ্ছে ঈসা আলাইহিস্ সালামের দিকে এবং পূর্বকার সেই সত্যিকার গীর্জার কাছে। তারা বলতো যে রোমই খৃষ্টবাদকে পরিবর্তিত করেছে। তাদের এই বিশ্বাস ছিলো যে তারাই ছিলো ঈসা আলাইহিস্ সালামের প্রকৃত পদাংক অনুসরণকারী। তারা যে গীর্জার পরিবর্তন ঘটাবে, এটা ছিলো তাদের ভাবনার অতীত। তারা মনে করতো যে তারা গীর্জাকে আগের গৌরবোজ্জ্বল অবস্থায় নিয়ে যাচ্ছে।

মধ্য যুগের ক্যাথলিক গীর্জা পোপতন্ত্রসহ পুরো পাশ্চাত্য খৃষ্টান জগতের উপর কর্তৃত্বশীল ছিলো এবং সেই যুগে এর গুরুত্বপূর্ণ অবদানও ছিলো। যে সব জাতি আজ পৃথিবীর ভাগ্যবিধাতা সেজেছে, ক্যাথলিক গীর্জাই এদেরকে শিক্ষিত করে তুলেছে এবং তাদের বুনো শক্তিকে শৃংখলার অধীনে এনেছে। বিশেষ এক দিক থেকে বিচার করলে স্বীকার করতে হয় যে এই গীর্জাই আধুনিক ইউরোপীয় মানবতার ভিত্তি রচনা করেছে। এটা ধর্মীয় কানুন এবং নির্দেশ নামার মাধ্যমে জাতি গুলোকে আইনের নির্দেশ মেনে চলতে অভ্যস্ত করে তুলেছে, কেবল তাদের আদর্শই নয়, তাদের শাসকদের ওপরও স্বর্গীয় পবিত্রতা আরোপ করেছে এবং তাদের মাঝে স্থির অভ্যাস সৃষ্টি করেছে। এই গীর্জাই অমার্জিত জাতি গুলোকে শক্তি বা গায়ের জোরের পরিবর্তে উন্নততর কোন কিছুকে স্বীকৃতি দিতে শিখিয়েছে, এদের যুদ্ধাভিলাষকে বীর ধর্মের দিকে ঘুরিয়ে দিয়েছে এবং মানুষের শক্তি থেকেও বড়ো এক শক্তির কাছে তাদের উদ্ধত মাথাকে নুইয়ে দিয়েছে। এটা মানুষের মাঝে সার্বজনীনতা এবং সব মানুষ এক, এই ধারণা সৃষ্টি করেছে। “মধ্যযুগে, বস্তুতঃ Hohenstaufen-এর পতন পর্যন্ত সার্বজনীন রাজ্যের ধারণা, রোমান শাসিত অঞ্চলের পরিবর্তে একটা সাম্রাজ্যের মধ্যেই রাজনৈতিক পূর্ণত্ব দাবী করছিলো।”

কিন্তু এই ব্যবস্থা সর্বোতভাবে দুর্নীতিগ্রস্ত হয়ে পড়ে শিগগিরই। পোপের শক্তি যতই বাড়তে থাকে, রাজ্য ততোই পার্থিব প্রকৃতির হতে থাকে। পঞ্চদশ শতাব্দীর বহু পুরোহিত তাদের পূর্বসূরীদের মতো জীবন যাপন করতো এই কথা মেনে নিলেও এটা অস্বীকার করা যায় না যে হাজার হাজার পুরোহিত ও মঠবাসী সন্ন্যাসীর জীবন নৈতিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক কলংকে পরিপূর্ণ ছিলো। এমনকি যাজক-শ্রেনীর লোভ এবং রোমের উচ্চাভিলাষ চরিতার্থ করার প্রয়োজনে ধর্মীয় মত পর্যন্ত বিব্রীভাবে বিকৃত করা হতো। “প্রকৃত পক্ষে পোপ ছিলেন ঈসার (আলাইহিস্ সালাম) বিরোধী। তাঁর হাতে ধর্মের অধঃপতন ঘটে। পোপের হাতে ধর্ম শোষণের হাতিয়ারে পরিণত হয়। ধর্ম হয়ে পড়ে ইতালীর ধর্মীয় রাজকুমারদের লাম্পাট্য, বিলাস-ব্যসন এবং স্বার্থপরতা চরিতার্থ করার মাধ্যম।”

গীর্জার বিরুদ্ধে সবচে বেশী জোরালো যে অভিযোগ আনা হয় তা হচ্ছে সম্পদের প্রতি সীমাহীন লোভের অভিযোগ। গীর্জা বিপুল অর্থ মঞ্জুদ করার হাতিয়ারে পরিণত হয়।

“ইতালী এবং অন্যান্য অঞ্চল ও দেশ থেকে নানাভাবে প্রচুর অর্থ সংগ্রহ করা হয়। গীর্জার অর্থ যোগাড়ের অন্যতম জঘন্য পন্থা ছিলো পাপম্ভলনের সার্টিফিকেট বিক্রি। ইতালীর ধর্ম জনগণকে শোষণ করার কাজে মেতে ওঠে।”^৩

“নুরেমবার্গের ডায়েট (১৫২২) গীর্জার বিরুদ্ধে যে Hundred Grievances এর তালিকা প্রনয়ণ করে তাতে বলা হয় যে গীর্জা জার্মানীর অর্ধেক সম্পদের মালিক হয়ে বসেছে। একজন ক্যাথলিক ইতিহাসবিদের মতে গীর্জা জার্মানীতে তিন ভাগের এক ভাগ এবং ফ্রান্সের পাঁচ ভাগের একভাগ সম্পদের মালিক ছিলো। কিন্তু পার্লামেন্টের প্রকিউরার জেনারেল ১৫০২ সালে হিসাব করে দেখান যে ফ্রান্সের সব সম্পদের চার ভাগের তিন ভাগ গীর্জার অধীনে ছিলো। ইতালী উপদ্বীপের এক তৃতীয়াংশ পোপ রাষ্ট্ররূপে গীর্জার মালিকানায় ছিলো এবং অন্যান্য অংশেও গীর্জা মূল্যবান সম্পদের মালিক ছিলো।”^৪

এই বিপুল সম্পদ ন্যায্যভাবে বন্টিত হতো না। গীর্জার বিশেষ একটা গোষ্ঠীর মধ্যে এই সম্পদের সিংহভাগ বন্টন করা হতো। বঞ্চিত ব্যক্তির তাদেবকে বিদেষের চোখে দেখতো। কিছু সংখ্যক পুরোহিত ছিলো চরম দারিদ্রের শিকার। তাদের আয় হয়তো মোটামুটি ভালই ছিলো। তবে মঠবাসীদের মধ্যে তারা তাদের আয়ের একাংশ বিলিয়ে দিতো।

মধ্য যুগের শেষভাগে মঠের অবস্থা ওই রকমই ছিলো। মঠবাসীদের মধ্যে কেউ ছিলো ধনী, কেউ ছিলো গরীব। অনেকে ছিলো ঋণগ্রস্ত। পোপের দাবী মেটাতে গিয়ে অনেকেই ফতুর হয়ে যেতো। “একজন মঠাধ্যক্ষ একবার রোমে গেলে পোপ এবং কার্ডিনালদেরকে মোটা অংকের দক্ষিণা দিতে হতো এবং এর ফলে পরবর্তী নির্বাচনে তার মঠাধ্যক্ষ পদ লাভ সুনিশ্চিত হতো।”^৫ সেকুলার কোর্টের চেয়ে অনেক বেশী সংখ্যক বিচার কেনা বেচা হতো গীর্জার কোর্টে।

অন্ততঃ পক্ষে দ্বাদশ শতাব্দী থেকেই গীর্জার পুরোহিতদের জীবনে নৈতিক দুর্বলতা প্রকট হয়ে দেখা দেয়। টর্নেলো-এর বিশপ (১৪৫৮) বলেন যে “পুরোহিতদের নৈতিকতা দোষযুক্ত, তারা জনগণের ক্ষতির কারণ এবং তাদের হাতে নিয়মানুবর্তিতা বিপন্ন।” ১৫১৯ সালে মিয়ঙ্ক (Meaux) এর বিশপ ব্রিকোনেট (Briconac) “গীর্জাকে পোপের দুর্গ এবং সীমা লঙ্ঘনকারীদের জন্যে এমন আশ্রয় স্থল বলে আখ্যায়িত করেন যেখানে তারা শাস্তির ভয়ের উর্ধ্বে থেকে নিরাপদে অবস্থান করতে পারে।”^৬ “ত্রয়োদশ শতাব্দীর দু’জন সেরা কার্ডিনাল সেন্ট বোনাভেনতুরা (Bonaventura: মৃত্যু ১২৭৪) এবং হুগেস দ্যা সেন্ট চের (১২৬০) (Hugues de Stcher) তাঁদের যুগের পুরোহিত শ্রেণীর নৈতিক অপরাধের কড়া সমালোচক ছিলেন। গিলম ডুরান্দ (Guillaume Durand) কাউন্সিল অব ভিয়েনার সময় যৌর পরামর্শ নেয়া হয় আরো পরিষ্কার ভাষায় পাদ্রীদের নৈতিক জীবনের দুর্বলতা তুলে

ধরেন এবং এই বলে তাঁর লিখা শেষ করেন যে “পোপ থেকে শুরু করে নীচের সব স্তর পর্যন্ত সংস্কার অত্যাবশ্যক হয়ে পড়েছে।”^৭

মঠ জীবনের জন্যে যেসব বিধি তৈরী করা হয়েছিলো সেগুলো মানব প্রকৃতির পক্ষে খুবই কঠোর ছিলো। অর্থ সমাগমের পথ প্রশস্ত থাকার ফলে বহু সংখ্যক মঠবাসী কায়িক পরিশ্রম থেকে নিষ্কৃতি পায়, তারা ধর্মীয় কর্তব্য উপেক্ষা করতে শুরু করে এবং এমন সব লজ্জাজনক কাজ-কর্মে রত হয় যেগুলো কোন ভদ্রলোকের পক্ষে ভাষায় বর্ণনা করা সম্ভব নয়। এটা বলাই যথেষ্ট যে বেশী সংখ্যক পুরোহিতের পক্ষেই যৌনজীবনের পবিত্রতার শপথ রক্ষা করা সম্ভব হয়নি। অবশ্য যারা তা রক্ষা করার চেষ্টা করেছে তারা সফলও হয়েছে, তবে অন্যান্য দিকের দুর্বলতা থেকে তারা মুক্ত ছিলো না। চতুর্দশ শতাব্দীর একজন ডমিনিকান জন ব্রোমইয়ার্ড তাঁর সহকর্মী যাজকদের সম্বন্ধে বলেন, “যারা দারিদ্রের পৃষ্ঠপোষক হবার কথা তারা উত্তম খাদ্যের লোভ করে, সকালের নিদ্রা উপভোগ করে, তাদের খুব কম সংখ্যক ব্যক্তিই সকালের উপাসনায় অংশ নিতে পারে, তারা ভূরিভোজে ও পানে আসক্ত এবং যাজকদের সমাবেশ এখন লম্পট ব্যক্তি ও অভিনেতাদের বেশ্যালয়ে পরিণত হয়েছে।”^৮

মঠ ব্যবস্থায় সব সময় একটা আভিজাত্যের গন্ধ ছিলো এবং মঠের অধিবাসীরা অন্যান্য লোকদের মতো পার্থিব ধরনের জীবন যাপন করতো। থমাস মার্গার (Mumcr) যিনি পরবর্তীকালে লুথারের একজন বড়ো সমালোচক ছিলেন, বিভিন্ন শ্রেণীর পাদ্রী পুরোহিত, মঠবাসী সন্ন্যাসী এবং উৎসর্গীকৃত কুমারীদের কলংক-কাহিনী বর্ণনা করেন। তিনি বলেন, “সবাই পার্থিব জীবন মুখী, লুঠনকারী এবং ইন্দ্রিয় পরায়ণ। শয়তান এখন গীর্জার শাসক। গীর্জার যাজকেরাই এখন তার পক্ষ হয়ে কাজ করছে।”^৯ Guy Jouenneaux-কে পোপের পক্ষ থেকে ফ্রান্সের বেনেডিকটাইন মঠ ব্যবস্থা সংস্কার করার জন্যে পাঠানো হয় এবং তিনি গীর্জার ব্যাপারাদি সম্বন্ধে এক দুঃখজনক রিপোর্ট পেশ করেন। তিনি বলেন, “বহু মঠবাসী সন্ন্যাসী জুয়া খেলে, সরাই খানায় যাতায়াত করে, তলোয়ার সংগে রাখে, টাকা পয়সা সঞ্চয় করে, যৌন অপরাধ করে, মদ পান করে এবং দুনিয়াদার ব্যক্তির চেয়েও বেশী পরিমাণে দুনিয়ার প্রতি আসক্তি প্রকাশ করে।”^{১০}

পঞ্চদশ শতকের শেষ ভাগের মতো আর অন্য কোন যুগেই মঠ ব্যবস্থা এতো নীচে নামেনি। এই সময়ে সংস্কার অতি জরুরী ব্যাপার হয়ে দাঁড়ায়।

“ধর্মীয় নেতৃত্ব (১৪৯৩ সালে তদন্ত কমিশনের মতে) ঘৃণ্য জীবন যাপন করছে। গীর্জা থেকে বদ অভ্যাস, কলংক এবং দুর্বলতা ছড়িয়ে পড়ছে। বহু মঠেই নিয়ম-কানূনের অনুপস্থিতি (১৫১৬ সালে Leox লিখেন) এবং মঠবাসীদের অশিষ্ট ও লজ্জাহীন জীবন যাপন এমন এক পর্যায়ে পৌঁছে যে এদের জন্যে রাজা, রাজকুমারগণ বা ধর্মে বিশ্বাসী জনগণের কোন ভক্তি শ্রদ্ধা বাকী রইলো না।..... নিঃসন্দেহে এই উচ্ছৃঙ্খলার মাঝেও এমন কিছু ব্যক্তি ছিলো যাদের তৎপরতা দেশের মাটিকে সজীব করণ, সংস্কৃতির

উন্নতি সাধন এবং সম্পদ সৃষ্টিতে অবদান রাখছিলো বিশ্ববিদ্যালয় গুলোতে জ্ঞানের প্রসারকারী ব্যক্তিদের তৎপরতার মতো। তবে এদের সংখ্যা ছিলো খুবই কম এবং এদের প্রভাবও ছিলো কম। ফলে তাদের প্রচেষ্টা এতো বড়ো শূন্যতা পূরণ করতে পারছিলো না।”^{১১}

জঘন্য পাপ কাজ কোন বিরল ব্যাপার ছিলো না। এগুলোর কঠিন শাস্তির ব্যবস্থাও হতো না। মঠের আইনকানুন গুলো কঠোর ছিলো বটে কিন্তু মঠাধ্যক্ষ নিজেই থাকতেন পাপ কাজে নিমগ্ন। কোন কোন সময় একই ধরনের অপরাধে লিপ্ত থাকতে দেখা যেতো বিশপকে। তিনি প্রায়ই তাঁর ধর্মীয় জিলার ব্যাপারাদি নিয়ে ব্যস্ত থাকতেন। শক্তিশালী লোকও তাঁর সাথে মামলায় জড়িয়ে পড়তে দ্বিধা করতো। কেননা এধরনের মামলা বছরের পর বছর ধরে রোমের বিবেচনাধীন থাকার এবং ঘূষের জোরে অথবা গীর্জার কলংক ঢেকে রাখার প্রয়োজনে বিশপের পক্ষে মীমাংসিত হবার আশংকা ছিলো। কলংকের কথা জানাজানি হয়ে গেলে একজন পাপী পুরোহিতকে অন্য অঞ্চলে বদলী করে দেয়া হতো। একজন পাপী মঠাধ্যক্ষকে মোটা অংকের টাকা দিয়ে রিটায়ার করিয়ে দেয়া হতো।”^{১২}

গীর্জার কুমারীদের অবস্থাতো ছিলো আরো খারাপ। এই ব্যবস্থাটার সূচনা ছিলো চমৎকার। কিন্তু এক শতাব্দীর মধ্যেই উল্টো হাওয়া বইতে শুরু করে। এসব কুমারী নির্জন বাস বেছে নিয়েছিলো পার্থিব জীবনের নোংরামী থেকে মুক্ত হয়ে আত্মার উন্নতি সাধন করতে। কিন্তু তাদের জন্যে নৈতিক জীবনের যে মান ঠিক করে দেয়া হয়েছিলো তা তারা রক্ষা করতে পারেনি। আত্মার উন্নতির পথ ছেড়ে দিয়ে তারা বরং দেহের চাহিদা মেটানোর দিকেই ঝুঁকে পড়ে। তারা এমন জীবন যাত্রায় অভ্যস্ত হয়ে পড়ে যাকে কোন ভাবেই পবিত্র বলে দাবী করা যায় না। এসব কুমারী ক্রমশঃ তাদের শালীনতা হারাতে থাকে। তারা লজ্জাশীলতা এবং পেশাগত সচ্চরিত্রতা বর্জন করতে থাকে। তারা মাঝেমাঝে নিজেদের আবাস স্থান ত্যাগ করে অন্যদের বাসায় যাওয়া শুরু করে। তারা জনসাধারণের উদ্দেশ্যে তৈরী গোসল খানাতেও আসা যাওয়া শুরু করে। তারা বিভিন্ন স্থানে জন্ম দিবস উৎসবে যোগ দান করে। তাদের আবাস স্থলে সন্দেহ জনক চরিত্রের লোকদের আনাগোনা দেখা যায়। এসবই ছিলো সেই মহাপ্রভুর দৃষ্টিতে গর্হিত যার উদ্দেশ্যে তারা তাদের কুমারীত্বকে উৎসর্গ করেছে।”^{১৩}

সতর্ক বাণী উচ্চারিত হতে থাকে নানাস্থান থেকে। গীর্জা যদি নিজেকে কারণ এবং পরিণতির সাধারণ নিয়মের উর্ধে মনে না করতো তাহলে এসব সতর্কবাণীর প্রতি অবশ্যই মনোযোগ দিতো। যৌনতা মানুষের একটা স্বাভাবিক দাবী। সেই দাবী পূরণের স্বাভাবিক ব্যবস্থা না থাকলে মানুষ অস্বাভাবিক এবং অনৈতিক পন্থায় সে দাবী পূরণ করে নেয়। সেন্ট বার্গাড বলেন, ‘গীর্জাকে যদি সম্মানজনক বিবাহ থেকে বঞ্চিত করা হয়, তবে তাকে অবৈধ পত্নীগ্রহণ, নিকটাত্মীয়দের সাথে যৌন সম্পর্ক এবং অন্যান্য সব অপবিত্রতা ও পাপাচারের দিকে ঠেলে দেয়া হবে।’^{১৪} যাজক সম্প্রদায় তার এই নির্ভুল মত মানতে

রাজী হয়নি। কিন্তু প্রাকৃতিক আইনের বিরুদ্ধে মানব প্রকৃতি বেশী দিন সঞ্চার চালাতে পারেনি। ফল দাঁড়ায় এই যে সঞ্চারিতার সব শপথ ভেঙে পড়ে এবং অবৈধ সম্পর্ক ও গোপন লাম্পট্য ছড়িয়ে পড়ে খৃষ্টান জগতের সব গীর্জাতে।

যারা ছিলো সর্বোৎকৃষ্ট ব্যক্তি তারা তাদের সুখ্যাতি হারিয়ে ফেলে। যাজক শ্রেণীর প্রভাব কমে যায়। বহু জায়গায় যাজক শ্রেণী আর কোন সন্মানই পেতেনা। গীর্জা প্রকাশ্য সমালোচনার বস্তুতে পরিণত হয়। গীর্জা যে জনগণের শত্রু থেকে বঞ্চিত হয় এবং গণমনে গীর্জার প্রতি যে অবজ্ঞা সৃষ্টি হয় তা কতখানি ব্যাপক ছিলো সেই যুগের সাহিত্য পড়লেই তা সুস্পষ্টভাবে জানা যায়। সক্রমাগতভাবে বিপুল অর্থ আদায়ের কারণে অধঃস্তন যাজকগণ রোমকে ঘৃণা করতো। জনগণ স্থানীয় যাজকদের একই কারণে ঘৃণা করতো। এই ঘৃণা এমন তীব্র ছিলো যে ১৫০২ সালে ইরেসমাস লিখেন যে সাধারণ মানুষের অবস্থা এমন দাঁড়ায় যে এদের কাউকে যাজকরা মঠবাসী বলে ডাকলে তারা অপমানিত বোধ করতো।^{১৫} অথচ ছাপাখানা আবিষ্কার এবং শিক্ষার প্রসার না হওয়া পর্যন্ত গীর্জার প্রচার মঞ্চই ছিলো সাধারণ মানুষ পর্যন্ত পৌঁছার একমাত্র মাধ্যম।

শিপ তাঁর ধর্মীয় কর্তব্য প্রায় ভুলেই গিয়েছিলেন। পার্থিব বিষয়ের দিকেই ছিলো তার বেশী মনোযোগ। প্রচার মঞ্চ অজ্ঞ মঠবাসীর হাতে ছেড়ে দেয়া হয়। এরা আবার সেকুলার পুরোহিতদেরকে হিংসার চোখে দেখতো। এরা জ্বালাময়ী ভাষায় বক্তৃতা করে পাদরীদের পাপাচারের সমালোচনা করতো এবং ধর্মীয় কেন্দ্রগুলোর পৃষ্ঠ-পোষকগণ যে সব অন্যায্য করে চলছে সেই সবের বিরুদ্ধে জনগণের বিবেককে সচেতন করে তুলতে চেষ্টা করতো। একটা বিশেষ আলোচ্য বিষয় ছিলো: দু'ধরনের মানুষের জীবন যাত্রার বৈসাদৃশ্য। নিম্নশ্রেণীর মানুষেরা দুঃখ কষ্টের ভেতর তাদের দিন কাটাতো। কিন্তু পাদরীদের জীবন ছিলো প্রাচুর্যে ভরপুর। তাদের ছিলো অনেক শিকারী বাজপাখী, কুকুর, জমকালো অনুচরবর্গ এবং সুসজ্জিতা মহিলা সংগিনী।

পাপাচার এবং পার্থিব স্বার্থ পূজা ছাড়া আরেকটা কলৎকের বিষয় ঢুকে পড়ে গীর্জাতে। তা হচ্ছে: পাপের শাস্তি থেকে অব্যাহতি দানের সার্টিফিকেট বিক্রি। ইসা আলাইহিসসালাম কর্তৃক পিটারকে (Mat16:19) প্রদত্ত, পিটার কর্তৃক বিশপদেরকে প্রদত্ত এবং বিশপগণ কর্তৃক পাদরীকে প্রদত্ত ক্ষমতাবলে তারা অনুত্ত পাপীর সব পাপের স্বীকারোক্তি শুনে তাকে তার পাপ মুক্তি এবং জাহান্নামের আগুণ থেকে নিষ্কৃতির নিশ্চয়তা দিতো। এই ছিলো পুরোহিতদের এক অন্যায্য সুযোগ গ্রহন। এটা একটা ব্যবসায়ের রূপ নেয়।^{১৬} এই ধরনের আদান-প্রদান সম্পর্কিত ধর্মীয় ধারণা তীব্র সমালোচনার সনুখীণ হবারই কথা। মঠাধ্যক্ষ এবং মঠবাসী সন্ন্যাসীদেরকে এই লাভজনক ব্যবসা থেকে বঞ্চিত রাখা হয়। তবে তারা ধর্মীয় মিছিলে পবিত্র দ্রব্যাদি স্পর্শ করতে আগ্রহী ব্যক্তিদের কাছ থেকে ফি এবং চাঁদা আদায় করতো। স্পোপগণ সার্টিফিকেট ব্যবসাটা অত্যন্ত লাভজনক হবে দেখে বিশপদেরকে এই সার্টিফিকেট বিক্রি করার অধিকার থেকে বঞ্চিত করেন এবং নিজেদের মাঝেই তা ভাগ বাটোয়ারা করে নেন এবং

স্থানে স্থানে, বিশেষ করে ভিক্ষাজীবী সন্ন্যাসীদের মধ্য থেকে, এজেন্ট নিযুক্ত করেন। এসব ব্যক্তিদের মধ্যে ছিলো দারুণ প্রতিযোগিতা। প্রত্যেক ব্যক্তি স্বর্গীয় বিচারালয়ে তার প্রভাব, মেরী (মরিয়ম) এর সংগে তার সুসম্পর্ক এবং সেন্টদের সংগে ঘনিষ্ঠতার কথা দাবী করে তার সার্টিফিকেটই বেশী দামী বলে প্রচার করতো।”^{১৬}

কয়েদ খানায় মৃতব্যক্তির আত্মার ওপর শাস্তি কমানোর উপায় রূপে এসব সার্টিফিকেট বিক্রি করে পোপের এজেন্টগণ নগদ টাকা, দ্রব্য সামগ্রি এবং উত্তরাধিকারের অংশ দাবী করতো। ধর্ম পরায়ণ ব্যক্তির তাদের কোন মৃত আত্মীয়, বন্ধু অথবা মৃতুর পর তাদের নিজেদের শাস্তি হ্রাসের উদ্দেশ্যে প্রচুর অর্থব্যয় করতো। মৃত প্রায় ব্যক্তিদের স্ব স্ব আশ্রমে নিয়ে যাবার জন্য এসব ব্যক্তিদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হতো। কোন কোন সময় এদের বিবাদে ফলে মৃত প্রায় ব্যক্তির ঘরের শাস্তি ও নীরবতা বিঘ্নিত হতো।

গীর্জার অর্থনৈতিক অনাচার কোন তুচ্ছ ব্যাপার ছিলোনা।। গীর্জা কর্পোরেশনে পরিণত হয়। প্রতিনিয়ত তা সম্পদ বাড়তে থাকে। এভাবে সম্পদ মণ্ডলুদ করার কাজ চলতে থাকার ফলে অনেক দেশেই গীর্জা জাতীয় সম্পদের বিরাট অংশ দখল করতে সক্ষম হয়। এভাবে সম্পদ সঞ্চয় করাটাই ছিলো মূলতঃ একটা মন্দ কাজ।

রাজনৈতিক, বুদ্ধিবৃত্তিক অথবা আধ্যাত্মিক আলোচনায় আসার আগে আমাদেরকে লক্ষ্য করতে হবে যে গীর্জা ঈসা আলাইহিসসালামের বাণীকে পার্থিব আইনের মতো গ্রহণ করে শাসকের ভূমিকা পালন করতে গিয়ে ভুলের শিকার হয়েছে। পাদরীগণ ঈসা আলাইহিসসালামের শিক্ষার বিকৃত ব্যাখ্যা করেছে এবং এই ক্ষেত্রে পাদরীগণ নিজেদের খেয়াল খুশীমতো কাজ করেছে।

পোপগণ খৃষ্টীয় মতবাদ গুলোতে নতুন বিষয় যোগ করেননি। যে সব বিষয় তাঁদের পুরোহিত ব্যবস্থা এবং তাঁদের পরিকল্পনার প্রতিবন্ধক হতে পারে সে গুলো ছাড়া তাঁরা অন্য আর কিছুতে পরিবর্তন ঘটাননি। গস্পেল-এ এমন কিছু জিনিস সন্নিবেশিত ছিলো যেগুলোর ভিত্তিতে ধর্মের বিরুদ্ধে বিদ্রোহ করার সুযোগ ছিলো। ভ্যাটিকেনের হাতে এসে নিখাদ সোনায় খাদ মিশ্রিত হলো। এমন কি গীর্জা চাচ্ছিলো যা তার আইন দিয়ে পৃথিবীর মুকাবিলা করবে এবং সেকুলার শক্তির কথা না ভেবে প্রয়োজন হলে তাকে উপেক্ষা করেই তা করবে। এর ফলেই গীর্জা এবং রাষ্ট্রের মধ্যে সংঘর্ষ বেঁধে যায়। গীর্জা এবং রাষ্ট্র উভয়ই প্রাধান্যের দাবীদার হয়ে বসে। পোপগণ তুমুল লড়াইতে নামতে বাধ্য হন। লড়াইতে নেমে তাঁরা গীর্জা ও রাষ্ট্রের সব আইন কানুনই উপেক্ষা করেন। নিজেদেরকে গডের এবং রাষ্ট্রের আইনের উর্ধে স্থাপন করে তাঁরা এক নাজুক অবস্থার শিকার হন। তাঁরা নিজেদেরকে কোন বিধির এমন কি সম্পাদিত চুক্তিরও অধীন মনে করলেন না। তাঁরা সব চুক্তি উপেক্ষা করেন এবং বিবেকের দংশন উপেক্ষা করেই বিভিন্ন যড়যন্ত্র পাকাতে শুরু করেন।

রিফর্মেশনের স্থূলিংগ সৃষ্টিকারী আন্দোলন ছিলো এক নতুন শিক্ষা। এটা মানুষের চোখ খুলে দেয়। চোখখোলা মানুষেরা পাদরীদের প্রত্যেকটা পদক্ষেপের পেছনেই যৌক্তিকতা খুঁজে বেড়াতে শুরু করে, অথচ ইতিপূর্বে এরা পাদরীদের নির্দেশের আনুগত্য করতো অন্ধের মতো। তাদের সারল্য এবং বিশ্বাস প্রবণতা অনুসন্ধানী চেতনার কাছে হার মানে। হার মানে যুক্তির কাছে। এই ছিলো এমন এক আলোড়ন যা কুসংস্কারের বুনন তছনছ করে দেয়। মানব মন পুরোনো বোঝা মুক্ত হয় এবং আবার ফিরিয়ে পাওয়া স্বাধীনতার আলোকে বিশ্বাসের কাঠামো নতুন ভাবে দাঁড় করাতে চেষ্টা করে। “সত্যের প্রতি ভালোবাসা, মুক্তির আবেগ এবং মানব মর্যাদার অনুভূতি যা ছিলো প্রাচীন কালের চিন্তাবিদদের অনুপ্রেরণার ফল নিজীব ও পদদলিত মানুষদেরকে প্রাণবন্ত করে তোলে।”^{১৭}

নতুন নতুন আবিষ্কার বাইরের জগতের সংগে ইউরোপের বাণিজ্যিক সংযোগ পুনঃ প্রতিষ্ঠিত করে এবং ইসলামের ক্রম প্রসারমান প্রভাব মানুষের মনে এক নতুন চেতনার জন্ম দেয়। জনগণ যুক্তির কষ্টিপাথরে গীর্জার উপদেশ বাক্য বিচার করতে এবং এগুলোর প্রতি নির্বিচার আনুগত্যের যৌক্তিকতা যাচাই করতে শুরু করে। এই মনোভাব যদিও বুদ্ধিমত্তার জন্যে উপকারী গীর্জার পৃষ্ঠপোষকদের জন্যে ছিলো হতবুদ্ধিকর ব্যাপার, কেননা এটা মধ্য যুগের ধর্মতত্ত্বের অনাক্রমণীয় প্রাসাদে আঘাত হেনেছিলো। কিছুকাল পর্যন্ত যুক্তি এবং ধর্মতত্ত্বের মধ্যে সমঝোতা চলতে থাকে। এটা ছিলো মধ্যযুগের অন্যতম শ্রেষ্ঠ চিন্তাবিদ থমাস একুইনাস (১২২৫-১২৭৪)এর চেষ্টার ফল। দ্য-সামরো (Summro) নামক তাঁর বইতে তিনি এরিস্টোটল এর সংগে সেন্ট অগাস্টাইন এবং পবিত্র গ্রন্থের সংগে ক্লাসিক্যাল যুক্তিবাদের মিল দেখাতে সক্ষম হন তাঁর অসাধারণ যুক্তি তর্কের ক্ষমতা বলে। তিনি প্রমাণ করতে চেষ্টা করেন যে দর্শনের ক্ষেত্রে এবং ধর্ম-তত্ত্বের ক্ষেত্রে আসলে কোন আনুষ্ঠানিক পার্থক্য নেই।

কিন্তু এই সমঝোতা দীর্ঘস্থায়ী হয়নি। মধ্য যুগীয় ধর্মতত্ত্ব এবং যুক্তির অসংগতির ফলেই তা শিগগির ধ্বংসে পড়ে। ওকহ্যাম (Ockham) বিশ্বাসের প্রতি একুইনাসের দার্শনিক দৃষ্টিকে সমালোচনা করেন এবং বলেন যে খৃষ্টীয় বিশ্বাসের কোনটাই যুক্তি দ্বারা প্রমাণ করা সম্ভব নয়, এমনকি গড্ এর অস্তিত্বকেও প্রমাণ করা যায় না। তিনি একুইনাসের প্রত্যেকটা যুক্তিকেই অমীমাংসিত বলে আখ্যায়িত করেন। তিনি ঘোষণা করেন যে খৃষ্টবাদের শিক্ষা গড্ আছেন, আত্মা অমর ইত্যাদিকে আমরা এজন্যেই বিশ্বাস করি যে গীর্জা সেগুলো আমাদেরকে শিক্ষা দিচ্ছে এবং সে গুলো বাইবেলে রয়েছে। এগুলো প্রমাণ করা যাবে না। এগুলোকে গ্রহণ করতে হবে বিশ্বাসের ভিত্তিতেই।”^{১৮}

এখানে এসে আমরা দেখতে পাই যে যুক্তি ও বিশ্বাসের বিচ্ছেদ ঘটেছে এবং এটা সাধারণভাবে গৃহীত হয় যে ধর্ম ও দর্শনের মাঝে এই ধরনের সমঝোতা কেবল মাত্র বিভ্রান্তিই সৃষ্টি করতে পারে। উইলিয়াম ওকহ্যাম এবং অন্যান্য ব্যক্তির এই ধরনের অপ্রয়োজনীয় চেষ্টার পেছনে কোন যুক্তি খুঁজে পাননি। গড্-এর প্রজ্ঞা এবং মানুষের প্রজ্ঞার মাঝে কোন সমঝোতা হতে পারেনা। এসব ব্যক্তি এবং পল মনে করেন যে গ্রীসের প্রজ্ঞা

দিয়ে বিচার করলে ক্রস ও এর সাথে সংশ্লিষ্ট বিষয়াদি আহম্মকী ব্যাপার ছাড়া আর কিছুই নয়। মৃত প্রায় ধর্মকে কেবল তর্কশাস্ত্র এবং দর্শনের অক্সিজেন সরবরাহ করে বাঁচিয়ে তোলা যাবে এই উপলব্ধি পাদরীদেরকে আশাহত করে।

দাবী করা হতো যে ধর্মের নীতি গুলো যেহেতু গড় থেকে প্রাপ্ত সেহেতু গুলো সবই সত্য। কিন্তু আমাদের মনে রাখা দরকার যে গড় এর বাণী যুগের প্রয়োজন ও প্রশ্নের জবাব দানের জন্যে অবতীর্ণ, এগুলোরও ব্যাখ্যা হতে পারে একাধিক এবং এগুলোর অর্থও ক্রম বর্ধিষ্ণু।

এভাবে ধর্মগ্রন্থের বিভিন্ন অর্থ করার পথ খুলে যায়। অর্থাৎ এক একজন ধর্ম গ্রন্থের এক এক ব্যাখ্যা দিতে শুরু করে। গীর্জা এটা বরদাশত করতে পারেনি। কেননা তা নিজেই গড় এর মন ও ইচ্ছার একমাত্র ব্যাখ্যাতা বলে দাবী করে যার সিদ্ধান্তের বিরুদ্ধে কোথাও কোন আপীলের সুযোগ ছিলোনা। কেবলমাত্র গীর্জাই বাইবেলের ব্যাখ্যা করতো। সাধারণভাবে এই বিশ্বাস প্রচলিত ছিলো যে গড় এর বাণীর ব্যাখ্যা বিশ্লেষণ ধর্মদ্রোহিতারই নামান্তর। ধরে নেয়া হতো যে গীর্জার মাধ্যম ছাড়া গড়-এর সান্নিধ্যে পৌঁছার আর কোন পথ নেই।

সেই সময়ে ইউরোপে যে বুদ্ধিবৃত্তিক চাঞ্চল্য বিরাজমান ছিলো তার মধ্যে অবস্থান করে বহু নিবেদিত প্রাণ খুঁটানোর পক্ষেও ধর্মতত্ত্বের খুঁটিনাটি বিষয়ে প্রশ্ন না করে থাকা সম্ভব ছিলো না। এটাই নিঃসন্দেহে প্রমাণিত হয় যে গীর্জা গোঁড়া মতবাদ এবং পাদরীতন্ত্রের ওপর গুরুত্ব আরোপ করেছে বটে; তবে এ গুলোকে ফলপ্রসূ খাতে প্রবাহিত করতে পারেনি। রেনেসাঁর ফলে সৃষ্ট এই বর্ধিষ্ণু সচেতনতা আকাঙ্ক্ষিত ফল উৎপাদন করতে পারেনি। দেখা গেলো যে ধর্মমত অটল বিশ্বাস সৃষ্টি করার মতো ক্ষমতা রাখেনা।

এই মানসিক বিশৃঙ্খলার স্বাভাবিক পরিণতিতে লোকেরা ধর্মের সমস্যাবলী নিয়ে চিন্তা-ভাবনা শুরু করে এবং মুক্ত চিন্তার সুস্পষ্ট ইংগিত পাওয়া যায়। বরফ ঘেরা ধর্মের জগতের বরফ গলতে শুরু করে এবং ধর্মের প্রতি এক নতুন দৃষ্টিভঙ্গি গড়ে ওঠতে থাকে। নানা ভাবে এই দৃষ্টিভঙ্গির প্রকাশ ঘটে।

রিফর্মেশনের নীতিমালা

পোপ ও গীর্জার কর্তৃত্ব অস্বীকার অথবা গীর্জা কর্তৃপক্ষের ধর্মগ্রন্থের প্রতি আবেদন এবং তার অস্বীকৃতির মাঝে রিফর্মেশনের নীতিমালা খুঁজতে যাওয়া ভুল হবে। এগুলো অনুসিদ্ধান্ত। প্রধান কথা হচ্ছেঃ গডস্বয়ংক্রিয় জ্ঞান প্রত্যক্ষ এবং ব্যক্তিগত ব্যাপার। যে কোন লোক উদাহরণ দিয়ে অথবা আধ্যাত্মিক উপদেশ দিয়ে আমাদেরকে সাহায্য করতে পারে এবং পুরোহিত আমাদের গীর্জার ভেতরে উপাসনায় সাহায্য করতে পারে। কিন্তু শেষাবধি গড়কে জ্ঞানতে হবে আমাদেরকেই এবং চেষ্টা করতে হবে তাঁর সহকর্মী হতে। যে মাধ্যম গুলো আমাদেরকে প্রভুর সংগে পরিচিত করে সেগুলো নিজে স্বীয় নয়। এই মাধ্যম

শুলো বাস্তব সত্তার সংগে বাহ্যিক সংযোগ স্থাপনের এজেন্সী-ইন্দ্রিয় জগতের অন্তর্ভুক্ত হওয়ার কারণে মানুষের আধ্যাত্মিক চাহিদা পূরণ করতে পারেনা। এই এজেন্সীগুলো ট্র্যাডিশন বা ঐতিহ্যের শিকলকেই আরো শক্ত করে এবং এভাবে এমন এক সময় আসে যখন শাঁসের স্থান দখল করে খোসা। যে মাধ্যম উপাসনাকারীকে প্রভুর সান্নিধ্যে নিয়ে যাবার জন্যে উদ্ভূত তা এভাবে সেই পথে বাধার প্রাচীর হয়ে দাঁড়ায়।

এই বাধার বিরুদ্ধেই ধর্মীয় সংস্কারকগণ তাঁদের কর্মশক্তি নিয়োজিত করেন। কিন্তু এই ধরনের বাধা ভেঙে ফেলাটাও নিরাপদ ব্যাপার নয়। ঐতিহ্যের বন্ধন, গীর্জার কর্তৃত্ব এবং পাদরী শ্রেণীর আধিপত্য যদি বন্ধুবাদের পথে চলে, তাহলে অপর প্রবণতাটা তথা প্রভুর সাথে প্রত্যক্ষ যোগাযোগ নামক আধ্যাত্মবাদই জন্ম নেয়া স্বাভাবিক। বাইরের সাথে সংযোগ না রেখে ধর্মীয় প্রক্রিয়া যদি আমাদের মাঝে কেবল অন্তর্নিহিত রূপ নেয় তবে তা পরিণামে গড্‌এর সাথে সম্মিলিত হবার লক্ষ্যে এগিয়ে না গিয়ে ব্যক্তিগত আবেগে পর্যবসিত হবার আশংকা রয়েছে। মানুষের ব্যক্তিগত খেয়াল খুশী কপটভাবে ধর্মীয় অনুভূতির সাথে মিশ্রিত হতে পারে। কারণ অন্তর্নিহিত প্রক্রিয়ায়, যা পুরোপুরি আবেগভিত্তিক, আপন সত্তার আধ্যাত্মিক দীপ্তি এবং নীচ আকাংখার মাঝে পার্থক্য করা সহজ ব্যাপার নয়। কোন ব্যক্তি হয়তো ট্র্যাডিশন এবং ধর্মকে নিন্দা করতে পারে; কিন্তু কোন ব্যক্তি এই সত্য অস্বীকার করতে পারে না যে নির্দিষ্ট কাজ এবং নির্দিষ্ট আচরণ বিধির মাঝেই গড্‌এর নৈতিক প্রকৃতি প্রকাশ পায়।

খৃষ্টান অতীন্দ্রিয়বাদীগণ হাজার হাজার শোতার গভীর মনোযোগ আকর্ষণ করতে সক্ষম হয়। অবশ্য এসব শোতা গীর্জা যা দিতে পেরেছে তার চেয়ে অধিকতর প্রাণবন্ত এক ধর্ম পেতে চেয়েছিলো। তাদের ধর্ম প্রচার নীরস দার্শনিক ব্যবস্থার প্রভাব খর্ব করে এবং মানুষকে গৌড়া ধার্মিকতা থেকে দূরে সরিয়ে অধিকতর অন্তর্মুখীন আধ্যাত্মিকতার দিকে ঠেলে দেয়। বাহ্যিক ধর্মীয় অনুষ্ঠানাদির প্রতি অত্যধিক শ্রদ্ধা আর রইলো না। গীর্জার ভেতরে দাঁড়িয়ে এবং গীর্জার সাথে কোন রূপ বিবাদ না করে তারা প্রোটেষ্ট্যান্ট রিফর্মেশনের ক্ষেত্র তৈরী করতে থাকে।

কিন্তু কোন নৈর্ব্যক্তিক মানের দিকে লক্ষ্য না রেখে স্বর্গীয় সত্তার সাথে সংযোগ স্থাপনের এই আকাংখা নিরাপদ নয়। চলুন আমরা ধরে নিই যে ধর্ম আত্মার বিষয়। কিন্তু ব্যক্তির খেয়ালের ধর্ম থেকে একে উন্নত করতে হলে এবং সত্য ও মিথ্যার মাঝে পার্থক্য নির্ণয় করতে হলে আমাদেরকে অবশ্যই একটা নৈর্ব্যক্তিক মানের আশ্রয় নিতে হবে। অর্থাৎ অন্তরে যা প্রবেশ করে তা প্রথমেই বুদ্ধিবৃত্তির দ্বারা সত্য বলে বিবেচিত হতে হবে।

অতীন্দ্রিয়বাদের মৌলিক মনস্তাত্ত্বিক অভিজ্ঞতা হচ্ছে জীবনের তাড়ণার অস্বীকৃতি যা জীবনের ক্লাস্তি থেকে জন্ম নেয়। অতীন্দ্রিয়বাদী নিজেই এই পৃথিবীতে এক অপরিচিত আগন্তুক বলে মনে করে এবং মনে করে যে সে এখানে দেহ দ্বারা ভীষণ ভাবে বন্দী। সে পার্থিব জীবনকে একটা বন্দীশালা মনে করে। অতীন্দ্রিয়বাদীর মতে আত্মা একটা

নেতিবাচক প্রক্রিয়া তথা নিয়মনিষ্ঠভাবে জীবনের সব স্বাভাবিক প্রবৃত্তির অস্বীকৃতির মাধ্যমে সে তার লক্ষ্য অর্জন করে।

এই সমস্যার আরো একটা দিক আছে। ধর্মকে যদি আত্মার একাধতা বলে মনে করি— যেখানে সে গড্ এর সাথে মিলিত হয় তাহলে গড্ এবং মানুষ তো আর দু'টো স্বতন্ত্র অস্তিত্ব থাকে না। তখন অবয়বহীন স্বর্গীয় সত্তা ও ক্ষুদ্র মানবীয় “আমি” ছাড়া আর কিছু থাকে না। প্রটিনাস বলেন, “মোহাবিষ্ট গড্ হয়ে গেছে।” জেনোয়া—এর ক্যাথারিন সানন্দে ঘোষণা করেন, “আমার ‘আমি’ হচ্ছে গড্ এবং আমি আমার এই গড্ ছাড়া আর কোন ‘আমি’ কে চিনি না।”^{১৯}

অতীন্দ্রিয়বাদ গীর্জাকে পাপাচার থেকে পবিত্র করার জন্যে গড়ে উঠেছিলো কিন্তু শেষ পর্যন্ত তা ব্যক্তিগত সিদ্ধান্তের একটা মাধ্যমে পরিণত হয়। গুরুটা ছিলো ভালই। এটা বলা হয় যে গড্ এর সাথে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন কেবলমাত্র পাদরীদের একচেটিয়া অধিকার নয় বরং যে কোন ব্যক্তি অতীন্দ্রিয়বাদের পথে এগুলে তা অর্জন করতে পারে। কিন্তু পরবর্তী পর্যায়ে প্রত্যেক ব্যক্তির ব্যক্তিগত অভিজ্ঞতা ন্যায় অন্যান্য নির্ধারণের মানদণ্ডে পরিণত হয় এবং ধর্মের উপস্থাপিত নৈতিকতার নৈর্ব্যক্তিক মানদণ্ড উপেক্ষিত হয়। ধর্মগ্রন্থের উপস্থাপিত আধ্যাত্মিক সত্যগুলো পরিত্যক্ত হয়, যদিও বাহ্যতঃ ধর্মীয় শিক্ষা গুলোর প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হতো।

খুব কম সংখ্যক ক্ষেত্রেই ধার্মিক ব্যক্তিগণ গড্-এর সান্নিধ্যে পৌঁছে গৌড়া কর্তৃত্ব এবং যাজকীয় নিয়মাবলী থেকে অভ্যন্তরীণ সার্বভৌম স্বাধীনতা দেখাতে সক্ষম হয়েছে। বেশীর ভাগ ক্ষেত্রেই অতীন্দ্রিয়বাদ লোকদেরকে নিজেদের প্রয়োজন মাফিক ধর্মকে ব্যাখ্যা করার সুযোগ যুগিয়েছে। এভাবে ধর্ম সুবিধাবাদের সেবাদাসীতে পরিণত হয়। এবার প্রথমেই যে প্রশ্নটা সৃষ্টি হয় তা হচ্ছে ব্যক্তিই যদি ন্যায় এবং অন্যান্য নির্ধারণের চূড়ান্ত বিচারক হয়, তাহলে ধর্মীয় জীবনে বাইবেল কেন স্থান পাবে?

দাবী করা হতো যে “বাইবেল হচ্ছে জীবনের নির্ভুল পথ প্রদর্শক। কিন্তু গড্-এর বাণী এবং মানুষের মাঝে বাধার প্রাচীর হয়ে দাঁড়াবার কোন অধিকার গীর্জার নেই। গৌড়া শিক্ষাই সত্যের সিন্দূকের চাবি, এটা ঠিক নয়। বরং সত্য হচ্ছে এমন এক উন্মুক্ত বাগান যেখানে ভক্তজন অবাধে বিচরণ করে ফুল এবং ফল আহরণ করতে পারে।”

এই মত স্বাভাবিক ভাবেই এই সিদ্ধান্তে পৌঁছে যে প্রত্যেক বিশ্বাসী ব্যক্তিরই ধর্ম গ্রন্থ ব্যাখ্যা করার অধিকার রয়েছে। শুধু তাই নয়, প্রত্যেক খৃষ্টানেরই অধিকার রয়েছে বাইবেলে বর্ণিত বিভিন্ন অভিমতকে পরখ করার।

উপরোল্লিখিত দুটো পরিবর্তন ধর্মের ইতিহাসে অতি গুরুত্বপূর্ণ বিষয়। এই পরিবর্তন গীর্জার কর্তৃত্ব, নিয়ম-কানুন ও ধর্মীয় আচারের প্রাধান্য খর্ব করে এবং আত্মাকে সরাসরি তার স্বর্গীয় সত্তার দিকে পরিচালিত করে। গস্পেল—এর আখ্যাস বাক্য প্রচার মঞ্চ এবং বাইবেলের পাতার মাধ্যমে সর্বত্র প্রচারিত হয়। একবার তা গ্রহীত হলে আর কিসেরই বা

প্রয়োজন? পুরোহিত-তন্ত্র, দৃশ্যমান গীর্জা, এমন কি ধর্মীয় অনুষ্ঠানাদির প্রয়োজনীয়তা উপেক্ষিত হয়। ক্যাথলিক গীর্জার পুরো কাঠামোই এর প্রভাবে ধ্বংস হয়ে পড়ে। খৃষ্টবাদ আবার একটা ব্যক্তিগত বিষয়ে আত্মার অভ্যন্তরের এক শক্তিতে পরিণত হয় যা তাকে গড়-এর সাথে সরাসরি ভাবে সম্পর্কযুক্ত করে।^{২০}

ধর্ম সম্পর্কিত এই নতুন চিন্তা পুরোহিততন্ত্রের বিশেষ ব্যবস্থার মূলে আঘাত হানে। "এটা দৃঢ়ভাবে বলা হলো যে সত্যিকার অর্থে সব খৃষ্টানই পাদরীদের অন্তর্ভুক্ত, পার্থক্য শুধু এই যে পাদরীগণ তাদের পদবী ধারণ করে, অন্যরা তা করে না। পল বলেন যে আমরা সবাই মিলে এক দেহ।"^{২১} পোপের যাজকীয় নিয়োগের কার্যকারিতা সুস্পষ্টভাবে অস্বীকার করা হয় এবং মানুষের মনে এই ধারণা সৃষ্টি করা হয় যে পদবী ধারণ নয় বরং খৃষ্টধর্মের দীক্ষা দানের দায়িত্ব পালনই কোন ব্যক্তিকে পুরোহিতে পরিণত করে। এটা ভাবা হলো যে খৃষ্টধর্মে দীক্ষা গ্রহণ করার মাধ্যমে খৃষ্টানগণ এমন এক উঁচু আধ্যাত্মিক মর্যাদা লাভ করে যার সাথে অন্য আর কিছু যোগ করা যায় না। "লুথার বলেন যে যা সবার মধ্যেই সাধারণ তা কোন ব্যক্তি ধর্ম সত্তার ইচ্ছা বা নির্দেশ ছাড়া নিজে নিয়ে নিতে পারে না। এমন পদে অধিষ্ঠিত কোন ব্যক্তি যদি অসদাচরণের কারণে পদচ্যুত হয়, সে সংগে সংগে পূর্বে যা ছিলো তা-ই হয়ে যায়। কাজেই খৃষ্টানদের পুরোহিতের অবস্থা একজন সরকারী কর্মচারীর অবস্থার মতো যে পদে বহাল থাকা অবস্থায় অগ্রাধিকার পায়, কিন্তু পদচ্যুত হবার পর অন্যান্য নাগরিকের মতোই হয়ে যায়। অনুরূপ ভাবে একজন অপসারিত পুরোহিতও আর পুরোহিত থাকতে পারে না। কিন্তু এরা নিজেরা পুরোহিতদের বিশেষ চারিত্রিক বৈশিষ্ট্য আবিষ্কার করেছে এবং এই মত পোষণ করে যে একজন খারাপ সাধারণ লোক আর একজন খারাপ পুরোহিত একই পর্যায়ের হতে পারে না। এ হচ্ছে মানুষের মনগড়া কথা ও আইন।"^{২২}

লুথার এই কথাগুলো তাঁর গ্রন্থ Address to Christian Nobility of the German Nation-এ (১৫২০ সালে প্রকাশিত) লিখেন। ক্যাথলিক ব্যবস্থার বিরুদ্ধে তাঁর প্রতিবাদী আন্দোলনের এটাই ছিলো সার কথা। পোপ ভুলের উর্ধ্বে, এই সাধারণ বিশ্বাসকে তিনি বিসর্জন দেন। সব মানুষ সমান, এই মতবাদের পক্ষে এটা ছিলো এক বলিষ্ঠ পদক্ষেপ।

এতোকাল পুরোহিতগণ মহৎ কাজের জন্যে না হলেও পোপের প্রতি আনুগত্য পোষণের কারণে স্বর্গীয় সৌন্দর্যে আচ্ছাদিত ছিলো। এটা দাবী করা হতো যে স্বর্গীয় কৃপা ও সাহায্য নির্দিষ্ট পথেই মানব প্রকৃতিতে আপতিত হতে পারে এবং অতি-প্রাকৃতিক গুণে গুণান্বিত এক শ্রেণীর মানুষ তা নিয়ন্ত্রণও করতে পারে। অপর পক্ষ বলে যে স্বর্গীয় কৃপা ও সাহায্য প্রাপ্তির পথ নিয়ন্ত্রণ করার মতো অতি প্রাকৃতিক শক্তিতে বলীয়ান কোন মানুষ আসলেই নেই। অনন্ত শক্তির সংগে মানব সত্তার যোগাযোগ স্থাপনের পথ সম্পূর্ণরূপে বাধামুক্ত। একদিকে অনন্ত ভালোবাসা, অন্যদিকে পবিত্রতা অর্জনের বৈধ ও নিষ্ঠাপূর্ণ বাসনা এই যোগাযোগ স্থাপনের পূর্বশর্ত পূরণ করে রেখেছে। প্রভুর কৃপাকে একচেটিয়া অধিকারে নিয়ে যাবার মতো বিশেষ সনদ-প্রাপ্ত শ্রেণীই নেই। সব মানুষই প্রভু থেকে

সমান দূরত্বে অবস্থিত এবং সবাই সমানভাবে তাঁর কৃপার মুখাপেক্ষী। তাঁর কাছে পৌছতে সবাই সমানভাবে সক্ষম অথবা অক্ষম। কাছেই বিশেষ কোন আধ্যাত্মিক শ্রেণী সৃষ্টির পেছনে কোন যৌক্তিকতাই নেই। সব বিশ্বাসী লোকই পুরোহিত।

এটা উল্লেখ্য যে বিশ্ব ভ্রাতৃত্ব সম্পর্কিত লুথারের মতবাদ কতগুলো বৈপরীত্যে পূর্ণ। এই মহান সংস্কারক তাঁর ঐকান্তিক প্রচেষ্টাসত্ত্বেও তাঁর ব্যক্তিক নীতিকে দীক্ষাদানের ধর্মীয় আনুষ্ঠানিকতার নীতির সংগে খাপ খাওয়াতে পারেননি। অব্যবহৃত শিশুর ওপর পঠিত শব্দাবলী এবং পানি ছিটানোর অতি-প্রাকৃতিক প্রভাবকে তিনি স্বীকৃতি দিতে পারেননি। অথচ তিনি বলেছেন যে এই পানি কেবল পানিই নয়, এ হচ্ছে পঠিত শব্দাবলী দ্বারা পবিত্র করা পানি। অর্থাৎ এই পানি স্বাভাবিক পানি থেকে ভিন্ন পানিতে পরিণত হয় বলে তিনি স্বীকৃতি দিয়েছেন। কিন্তু যে কোন হাস্যকর মতবাদ থেকে তিনি দূরে সরে থাকতে চেয়েছেন। তবে ধর্মীয় আনুষ্ঠানিকতার প্রতি একটা আধ্যাত্মিক ভালোবাসা তাঁর মনের গভীরে বর্তমান ছিলো বলে অনুমিত হয়।^{১২৩} ঈসা আলাইহিসসালামের নৈশ ভোজন সংক্রান্ত আলোচনায় তাঁর ধর্মীয় অনুষ্ঠান সম্পর্কিত মতবাদের অযৌক্তিকতার অপর একটা উদাহরণ খুঁজে পাওয়া যায়। কিন্তু এই বৈপরীত্য গুলো দেখিয়ে দেয়া আমার উদ্দেশ্য নয়। সব চিন্তাধারার সাথেই সবলতা এবং দুর্বলতা থাকে। আমি যা বলতে চাই তা হচ্ছেঃ যে সমাজ ব্যবস্থায় ধর্মের নির্দেশই ছিলো চূড়ান্ত তার প্রতিক্রিয়া রূপে মানব-চিন্তার যে আন্দোলন শুরু হয় তার ধর্ম-ভিত্তিক আন্দোলনই ছিলো রিফর্মেশন। কিন্তু এই আন্দোলনের শেষ পর্যায়ে ধর্মীয় বিবেচনার চেয়ে সেকুলার চিন্তাই প্রাধান্য লাভ করে।

সংস্কারক লুথার ধর্মকে সব দূনীতিমুক্ত করতে পারেননি। কিন্তু জনগণকে কোন প্রহেলার অবকাশ না দিয়ে গীর্জা তাদের কাছ থেকে ষোল আনা আনুগত্য আদায়ের যে ট্র্যাডিশন কায়ম করে রাখে তিনি তার মূলে আঘাত হানেন। বস্তুতঃ পরিবর্তিত অবস্থায় ঈসার (আলাইহিসসালাম) শিক্ষাকে সুবিন্যস্ত করে তিনি বরং বড়ো রকমের একটা বিপ্লবের পথ রচনা করে গেছেন। তিনি প্রচলিত নৈতিক আদর্শ গুলোকে বর্জন করে নতুন আদর্শ উপস্থাপন করেননি। তিনি যুগের দাবী অনুযায়ী তাদের আদর্শ সুবিন্যস্ত করে নেয়ার জন্যে লোকদেরকে উৎসাহিত করেন। তাঁর এবং তাঁর অনুসারীদের প্রচেষ্টার ফলে ধর্ম- যা একদিন ছিলো সুনির্দিষ্ট লক্ষ্যসহ এক আদর্শ- উপযোগিতার চাকরাণীতে পরিণত হয়।

এই পরিবর্তন ঘটেছে অতি ধীরে 'এবং লোকদের অলক্ষ্যে। কিন্তু কালক্রমে তা ধর্মকেই কার্যকর অবস্থান থেকে হটিয়ে দিয়েছে। এটা সত্য যে পরিবর্তন প্রক্রিয়া ভালো নিয়ত নিয়েই শুরু করা হয়েছিলো। কিন্তু যেহেতু সুবিধা বা উপযোগিতা ছিলো এর পরিচালিকা চিন্তা সেহেতু তা সঠিক পথ থেকে সরে পড়ে এবং এমন এক খাতে প্রবাহিত হয় যা শেষ পর্যন্ত ধর্ম-অস্বীকৃতিকে ডেকে আনে। এই পরিবর্তনের প্রকৃতি এবং প্রক্রিয়া বুঝানোর জন্যে একটা উদাহরণ তুলে ধরা যাক। মধ্য যুগের রোমান ক্যাথলিকদের কাছে মঠ জীবনই ছিলো সর্বশ্রেষ্ঠ জীবন যাপন পদ্ধতি। বিবাহিত জীবনের চেয়ে কুমারীত্বকেই উত্তম মনে করা হতো। দেহের নিগ্রহকেই আত্মার পবিত্রতার হাতিয়ার মনে

করা হতো। এই পদ্ধতি অনেক সেন্ট বা সাধু ব্যক্তি সৃষ্টি করে। কিন্তু যেহেতু এটা ছিলো মানব প্রকৃতির জন্যে এক অসহনীয় বোঝা তা শিগগিরই নতি স্বীকার করে এবং অতি গোপনে লাম্পটের কাছে আত্মসমর্পন করে। পাদরীগণ বাহ্যতঃ গীর্জার আইন কানুন মেনে চলতো। কিন্তু অন্তর দিয়ে তারা কখনো এগুলো গ্রহণ করতে পারেনি। ফলে প্রতিটা মঠই দুর্নীতির আখড়ায় পরিণত হয়। পাদরীদের পাপাচার সমালোচনার বস্তুতে পরিণত হয়। লুথার এবং অন্যান্য সমালোচকগণ যথাযথ ভাবেই এগুলোর সমালোচনা করেন। মঠ গুলোকে পাপাচারের আখড়া বলে গণ্য করা হয়। বৈরাগ্যবাদের দর্শন যেহেতু এগুলোকে বাঁচিয়ে রাখছিলো ফলে সেটাও সমালোচনার বিষয়ে পরিণত হয় এবং সুন্দর ও স্বাভাবিক জীবন যাত্রায় ফিরে যাবার একটা মজবুত আকাংখা প্রকাশ পায়। এটা যথাযথ ভাবে বলা হয় যে জীবন একটা অবিভাজ্য ইউনিট এবং জীবনকে ধর্মীয় ও অ-ধর্মীয় বিভাগে ভাগ করাটা মোটেও শোভনীয় নয়। সব দিক থেকে দাবী উঠে যে ধর্ম মানুষের ব্যবহারের সব দিক ও বিভাগে ফুটে ওঠা দরকার। আরো বলা হয় যে এই বৈরাগ্যবাদ পার্থিব জীবন ধারার মধ্যেই অনুসৃত হওয়া উচিত এর বাইরে নয়। তার মানে গড়কে সন্তুষ্টকারী এবং স্বর্গীয় আইনের অনুগত জীবন যাপন করতে হবে। এই যুক্তি ছিলো যথার্থ। এটা আনুষ্ঠানিক বৈরাগ্যবাদের ভিত্তি নড় বড়ে করে ফেলে।

লুথার বলেন, “আমাদের প্রভু গড্ যদি বড়ো পাইক মাছ এবং চমৎকার রেনিশ মদ তৈরী করতে পারেন, আমিও তা খেতে এবং পান করতে হিম্মত করতে পানি। পাপের কাজ নয় এমন সব আনন্দই এই পৃথিবীতে তুমি উপভোগ করতে পার। তোমার প্রভু এটা নিষেধ করেন না, বরং তিনি এটাই চান। তোমার আনন্দ অথবা প্রাণখোলা হাসি গড্-এর কাছে অত্যন্ত অভিপ্রেত।”^{২৪}

কিন্তু এই মনোভাবের ফল হিসেবে যা বেরুলো তা কিন্তু ভারসাম্য জীবন নয় যাতে দেহের দাবী এবং আত্মার চাহিদা যথাযথ স্থান লাভ করা উচিত ছিলো। বরং লুথারের বিদ্রোহের ফলে জীবন সম্বন্ধে যে নতুন চিন্তা বিকশিত হলো তা এই পৃথিবীকে পবিত্র করা বা আধাত্মিকতা-মন্ডিত করার পরিবর্তে ধর্মকে ব্যক্তিগত ব্যাপার বানিয়ে ধর্ম নিরপেক্ষতার শিকারে পরিণত করে।

ঐতিহ্যবাহী নৈতিকতায় ভাংগন নেমে আসে। ধর্মীয় বিধি নিষেধ শিথিল হয়ে পড়ে। রিফর্মেশন ধর্মীয় ব্যবস্থার চেয়ে উত্তম ও অধিক প্রয়োজনীয় কোন নৈতিক মান উপহার দিতে সক্ষম হয়নি। যে ঐতিহ্যবাহী নীতিশাস্ত্র এবং নৈতিকতা শেষাবধি পাপের পথ মাড়ালো তার বিরুদ্ধে পরিচালিত বিদ্রোহ ক্রমশঃ বন্ধনহীন ব্যক্তি স্বাতন্ত্র্যবাদের বিদ্রোহে পরিণত হয়। এই বিদ্রোহের মহান নায়কগণ যুক্তিবাদ, বিশ্বাস এবং মুক্তির নামে তাঁদের কাজ চালালেও মানুষকে একথা বুঝাবার চেষ্টা করেছেন যে বাস্তবতা তাদের আকাংখা অথবা লালসা দ্বারা নিয়ন্ত্রিত হয়।

গ্যালিলিওর সমসাময়িক ইংরেজ দার্শনিক থমাস হব্‌স (১৫৮৮-১৬৭৯) মূল্যবোধ সম্বন্ধে লিখেন, “যা কিছু তাকে আনন্দ দেয় প্রত্যেক মানুষ তাকেই ভালো বলে আখ্যায়িত করে এবং যা কিছু তাকে আনন্দ দেয় না তাকেই খারাপ বলে। অবশ্য দৈহিক ভাবে যেমন একজন মানুষ অন্যজন থেকে ভিন্ন, ভালো মন্দের তারতম্য নির্ণয় করার ক্ষেত্রেও একজন অপরজন থেকে ভিন্ন। চিরন্তন ভালো বলে কিছু নেই। আমরা যেমন কোন বস্তুকে আনন্দ দেয়া বা না দেয়ার মাপকাঠিতে ভালো বা মন্দ বলি তেমনি যেসব গুণ বা বিষয় আমাদের আনন্দ অথবা বেদনার কারণ হয় সে গুলোকে আমরা ভালো গুণ বা মন্দ গুণ বলি।”^{২৫}

নৈতিকতার নৈর্ব্যক্তিক মানদণ্ডের অবর্তমানে উপযোগিতাবাদ এবং সামাজিক ও রাজনৈতিক বিবেচনাই হয়ে পড়ে মানুষের নীতিশাস্ত্রের ভিত্তি। কেবল যে পার্থিব কাজ কর্মই ধর্মের নির্দেশ ছাড়া পরিচালিত হতো তা-ই নয়, ধর্মও সেকুলার এবং পার্থিব স্বার্থের অধীন হয়ে পড়ে। সামনে অগ্রসর হবার আগে আমি একথা পরিষ্কার করতে চাই যে রিফর্মেশনকে রক্ষণশীলতার অত্যাচারের বিরুদ্ধে যুক্তিবাদের বিদ্রোহ বলে আখ্যায়িত করা মস্ত বড়ো ভুল হবে। তখনকার অবস্থাকে আক্রমণ করার পেছনে যৌক্তিকতা অবশ্যই ছিলো। কিন্তু যুক্তিকে “গড্-এর মারাত্মক শত্রু”^{২৬} বলে লুথারের যে বিবেচনা তাকে কোন মতেই মেনে নেয়া যায় না।

বস্তুতঃ সাক্ষ্য প্রমাণ এই ইংগিত দেয় যে লুথার ছিলেন চরম ভাবে বিভক্ত এক ব্যক্তিত্ব এবং তিনি যা করেছেন ও যা প্রচার করেছেন তাতে রয়েছে অনেক বৈপরীত্য।

আমরা লুথারকে দু’রূপে দেখতে পাই। একজন ছিলেন ক্যাথলিক লুথার। তাঁর বিশ্বাসের ভিত্তি ছিলো একই সংগে অগাষ্টাইনের অদৃষ্টবাদ এবং পলের উপদেশ পত্র। “তাঁর ধর্মতত্ত্ব মূলতঃ পলের চিন্তার অনুসারী। ক্যাথলিক গীর্জার ধর্ম বিশ্বাস এবং লুথারের ধর্ম বিশ্বাসের মধ্যে কোন পার্থক্য খুঁজে পাওয়া খুবই কঠিন। ক্যাথলিক ধর্মতত্ত্বের মতোই তাঁর ধর্মতত্ত্ব -ঈসা আলাইহিস্‌সালামের মাঝে গড্‌ এর প্রকাশ -এই বিশ্বাসে এসে থেমেছে। একজন খাঁটি ক্যাথলিকের মতোই তিনি ক্রাইস্টোলজি (Christology) কে প্রকৃতি, গড্‌এর গুণাবলী এবং ত্রিত্ববাদের জ্ঞানের চাবিকাঠি বলে মনে করেন। অগাষ্টাইনের মতো তিনি সব মানুষকে আদমের সাথে এবং পাপকে আদিম পাপের সাথে সম্পর্কিত করেন। যাতনা ভোগ এবং মৃত্যুভোগের মাধ্যমে মানুষকে পাপমুক্ত করার জন্যে গড্‌ মানুষের রূপে আবির্ভূত হয়েছেন এই হচ্ছে তাঁদের বিশ্বাস। ক্যাথলিক লুথারের মাঝে আমরা ক্যাথলিকবাদের সব প্রবণতাই দেখতে পাই।”^{২৭}

কিন্তু বিপ্রবী লুথারের মাঝে আমরা কেবল গীর্জার বিরুদ্ধেই বিদ্রোহ দেখতে পাই না।, আমরা তা দেখতে পাই সব বাহ্যিক কর্তৃত্ব এমনকি যুক্তির কর্তৃত্বের বিরুদ্ধেও। ক্যাথলিক লুথার এবং বিপ্রবী লুথারের চিন্তাধারায় রয়েছে অসংগতি ও সংঘর্ষ। তিনি রোমান ক্যাথলিক গীর্জার গৌড়ামীকে আক্রমণ করেছেন। তবুও আমরা তাঁকে একজন গৌড়া

ব্যক্তি হিসেবেই দেখতে পাই। মধ্য যুগের ধর্মীয় দর্শনের বেশ কিছু উপাদান রয়েছে তাঁর চিন্তায়। “ তিনি বাদ – বিচার না করে প্রাচীন ধর্মীয় বিশ্বাস গুলোকে নিউ টেস্টামেন্টের মতো সত্য ও মিথ্যার নির্ভুল মাপকাঠিতে এবং একান্তভাবে গ্রহণীয় বিশ্বাসে পরিণত করেছেন। তিনি Scholasticism-কে আক্রমণ করেছেন। কিন্তু শেষ পর্যন্ত তা প্রোটেষ্ট্যান্ট Scholasticism এর অন্তর্ভুক্ত তাঁর অনুসারীদের প্রবণতাকেই উৎসাহিত করে। ডায়েট অব ওয়ার্মস্ (Diet of Worms) এ তিনি ধর্মগ্রন্থ, যুক্তি ও বিবেকের দোহাই পেড়ে পরমত সহিষ্ণুতার পক্ষে ওকালতি করেন। তথাপিও শেষ ফলে তিনিও ধর্ম প্রচারকের গৌড়া পরিমন্ডলে মন ও বিবেকের ওপর শাসন নীতিকেই অনুসরণ করেন। আকীদা-বিশ্বাস থেকে একটু আধটু এদিক ওদিক যাওয়াকে তিনি বরদাশত করতেন না।”^{২৮}

ক্যাথলিকবাদের ওপর লুথারের এই বিজয়কে তাই অজ্ঞতার বিরুদ্ধে যুক্তির বিজয় বলা যায় না। একে বরং ধর্মের নৈর্ব্যক্তিক মূল্য বোধের ওপর ব্যক্তিকতার বিজয় বলা যায়। ১৫২৫ সালে লুথার লিখেন, “তাকে বিশ্বাস করা এবং তাঁর কাছে দোষ স্বীকার করা ছাড়া গড্-এর প্রতি তোমার আর কোন দায় নেই। সব কিছুতেই তিনি তোমাকে স্বাধীনতা দিয়েছেন। বিবেকের প্রতি কোন বিপদ ছাড়া তুমি যা ইচ্ছে তা করতে পার। যে ব্যক্তি বিশ্বাস করে যে ঈসা তার সব পাপ নিয়ে গেছেন সে ঈসার মতোই পাপহীন।”^{২৯}

লুথারের এই বিদ্রোহের পর পরই তাঁর অনুসারীদের মধ্যে ইন্দ্রিয়তার এক প্রাবল সৃষ্টি হয় এবং তিনি তাঁর শিক্ষার পরিণতিতে নৈতিকতার এই অধঃপতন দেখে দারুণভাবে মর্মান্বিত হন। তিনি লিখেন, “ আমাদের মধ্য থেকে একটা শয়তান বিতাড়িত হয়েছে। কিন্তু সাতটা দুষ্টি শয়তান আমাদের ভেতর প্রবেশ করেছে।”

“পোপ তন্ত্রের অধীনে থাকার সময়ের অবস্থার চেয়ে আজকের লোকেরা আরো বেশী ধনলিপ্সু, নির্দয়, কামাসক্ত, উদ্ধত এবং দুষ্টি।”

“ধনলিপ্সা, সুদ গ্রহণ, লাম্পটা, হৈ হুল্লোড় করে মদ পান, মিথ্যা কথন এবং প্রতারণা এখন পুরোপুরি বিদ্যমান।”

“এমন উচ্ছৃংখল জীবন গস্পেল ইত্যাদি সম্বন্ধে মানুষের মনে এই কথা জাগায় যে এগুলো যদি সত্যই হবে তবে তো এগুলোর অনুসারীদের উচিত আরো বেশী ধর্মপরায়ন হওয়া।”^{৩০}

এই ছিল নতুনভাবে গড়ে ওঠা খৃষ্টান সমাজের নৈতিক অধঃপতনের রূপ। এই অবস্থা দেখে লুথার খুব বিচলিত হয়ে পড়েন। ১৫২৭ খৃষ্টাব্দে তিনি বলেন যে তাঁর কাজের পরিণতিতে যা ঘটেছে তা তিনি আগে জানতে পারলে এই কাজ শুরু করতেন কিনা সন্দেহ। “ এতো সব দুর্ভাগ্য, গ্লানি, অকৃতজ্ঞতা এবং দুষ্টিমী নেমে আসবে জানলে কে-ই বা তা শুরু করতো।”^{৩১}

গীর্জা রিফর্মেশনের কাছে ঋণী। সমসাময়িক কালের ক্যাথলিকগণও একথা স্বীকার করেন। কিন্তু রিফর্মেশনকে যে বিকৃত করা হয়েছিলো তা লুথার নিজেও স্বীকার করেছেন।

তিনি বলেন, "তারা গীর্জার মন্দ কাজের চেয়ে অধিকতর মন্দ কাজ করে। কোন কোন সময় আমরা ছোটো ছোটো মন্দকে সহ্য করতে রাজী হই না কিন্তু বড়ো রকমের কোন মন্দকে খোশ আমদেদ জানিয়ে বসি।" ৩২

লুথারের বিদ্রোহ যে কেবল নৈতিক উচ্ছৃংখলার সৃষ্টি করেছে তা-ই নয়, চরম জাতীয়তাবাদ ও স্বৈরতন্ত্রেরও জন্ম দিয়েছে। গীর্জার ঐতিহ্য মধ্যযুগীয় খৃষ্টান সমাজের নিয়ম নীতি গুলোকে অক্ষুন্ন রাখে। কিন্তু লুথারের আবিভাবের পর এগুলো শিথিল হয়ে পড়ে। ফলে জাগতিক কর্তৃত্বের শক্ত বাহু দিয়ে সমাজ শৃংখলা রক্ষা করা প্রয়োজন হয়ে পড়ে। লুথারকে কখনো কখনো মুক্তি ও স্বাধীনতার বীরপুরুষ বলে প্রশংসা করা হয়। কিন্তু তাঁর শিক্ষা রাজা ও ডিকট্টোরদের স্বর্গীয় অধিকার সম্বন্ধীয় মতবাদের দিকেই ধাবিত হয়। ব্যক্তিগত স্বাধীনতার প্রতি তিনি কি মনোভাব পোষণ করতেন তা একটা উদাহরণ থেকে স্পষ্ট হয়ে ওঠে। জার্মানীর কৃষকগণ যখন তাদের প্রভুদের বিরুদ্ধে বিদ্রোহী হয়ে ওঠে, "তিনি তখন ভীষণ রেগে যান এবং নির্দেশ দেন যে বিদ্রোহীদের প্রতি কোন রূপ ক্ষমা প্রদর্শন করা যাবে না। বল প্রয়োগ করে এই বিদ্রোহ দমনের জন্যে তিনি পরামর্শ দেন।" ৩৩

তিনি মঠ জীবন প্রণালীর বিরোধী ছিলেন। এই বিরোধিতা কেবল ধর্মীয় কারণেই ছিলো না। তিনি রাষ্ট্রের ভেতরে মঠ ব্যবস্থার মতো আধা স্বাধীন কর্পোরেশন গুলোর অস্তিত্ব অপছন্দ করতেন। রাষ্ট্র কর্পোরেশন গুলোর কর্পোরেশন না হয়ে একমাত্র কর্পোরেশন হওয়া এবং সব প্রজাদের ওপর নিয়ন্ত্রণ কায়েমের অধিকারী হওয়া উচিত। লুথার এবং ক্যালভিন জোর দিয়ে বলেন যে "রাষ্ট্র গড় কর্তৃক মনোনীত এবং এই জীবনের জন্যে তা একটা দান। তাই খৃষ্টানগণ একে ঘৃণা করবে না বরং তারা একে মেনে নেবে। তারা এর আনুগত্য করবে এবং এর কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না। ক্ষমতা প্রাপ্ত ব্যক্তির গড়ের অধীনস্থ দেবতার মতো। তাদেরকে আইন শৃংখলা রক্ষা এবং বিশৃংখলা ও নৈরাজ্য দমনের দায়িত্ব দেয়া হয়েছে। শাসকদের অবশ্যি ন্যায়বান হতে হবে। যদি তারা তেমন না হয়, তাদেরকে পরিণামে গড়ের শাস্তির সম্মুখীন হতে হবে।" ৩৪ ক্যালভিন অবশ্য এই মত পোষণ করতেন যে গড় এর বাণীর মাধ্যমে শাসকদেরকে জবাবদিহির জন্যে আহ্বান করা যায়। লুথার ভিন্ন মত পোষণ করতেনঃ অবিচারের মুকাবিলায় একজন খৃষ্টান শুধু কষ্টই করতে পারে, বিদ্রোহ করতে পারে না। এভাবেই দৈহিক শক্তি এবং রাষ্ট্রের সংহতি বৃদ্ধি পায়। পুরোনো ঐতিহ্যবাহী নৈতিকতার চিন্তা থেকে যারা মুক্ত হয়েছিলো তাদের মনের ওপর নিয়ন্ত্রণ আরোপ করার জন্যে এই পরিবর্তন ছিলো অত্যাবশ্যক।

পোপতন্ত্রের স্থান দখল করতে জাতীয়তাবাদের চেতনা ক্রমশঃ এগিয়ে আসে। পোপতন্ত্র সমগ্র পাস্চাত্য মূল্যকে নৈতিক একনায়কতন্ত্র তথা রাজনৈতিক আধিপত্য দাবী করে। নৈতিক দিক থেকে এই পরিবর্তন ছিলো ক্ষতিকর। রাষ্ট্রের স্থলে ধর্মকে আনুতে গিয়ে রাষ্ট্রের প্রতি পবিত্রতা আরোপ করার প্রয়োজনীয়তা দেখা দেয় যাতে জনগণের মনে ১২২ পাস্চাত্য সভ্যতার উৎস

আন্তরিক ভক্তি সৃষ্টি করা যায়। “পূর্ণ আন্তরিকতা ধর্মীয় উদ্দেশ্যে নিয়োজিত হলে সাধুতার জন্ম দেয়। আর এটাই হচ্ছে এর যথার্থ লক্ষ্য। কিন্তু এটা পার্থিব লক্ষ্যে পরিচালিত হলে শয়তানী বর্বরতার রূপ গ্রহণ করে। ৩৫

রিফর্মেশনের স্বাভাবিক পরিণতি হচ্ছে রাষ্ট্রীয় মালিকানা এবং জাতিপূজা। কাজেই এটা কোন বিশ্বয়ের ব্যাপার নয় যে লুথারের সংগে চিন্তা জগতে আবির্ভূত হন ম্যাকিয়াভেলি-র মতো ব্যক্তিগণ যারা জাতীয় রাষ্ট্রের ধারণা প্রচার করেন। তাঁরা রাষ্ট্রকে অত্যন্ত শক্তিশালী রূপে দেখতে চান। তাঁরা এই মতবাদ প্রচার করেন যে লক্ষ্য বা উদ্দেশ্য কি সেটাই দেখতে হবে এবং মাধ্যম বা উপায় কি ছিলো তা দেখার প্রয়োজন নেই; রাজনীতিতে নীতিশাস্ত্রের বালাই নেই; রাষ্ট্রীয় প্রয়োজনে নৈতিকতা থেকে বিচ্যুত হওয়া ক্ষমা পাওয়ার মতো যোগ্য কাজ ইত্যাদি।

সমাজ ও ইতিহাস এই মতবাদের নিন্দা করে। কিন্তু বিশ্বয়ের ব্যাপার যে সামাজিক ও রাজনৈতিক ধারা যা রিফর্মেশন থেকে শুরু হয়েছে ম্যাকিয়াভেলির উপস্থাপিত নীতির অনুসরণে বর্ধিত হয়। ক্যাথলিক এবং প্রোটেষ্ট্যান্ট ধর্মবেত্তাগণ ম্যাকিয়াভেলির দর্শনের বিরুদ্ধে তাঁদের অভিমত ব্যক্ত করেন। কিন্তু তখন থেকেই মানব জাতি শক্তিমান এবং অবিবেচক প্রিন্স কর্তৃক শাসিত হতে থাকে, কোন নৈতিকতাবাদী কর্তৃক নয়।

লক্ষ্যই উপায়কে ন্যায়সংগত বা ঠিক হয়েছে প্রমাণকরে এবং রাষ্ট্রের সিদ্ধান্তই কোন নৃশংসতা ও প্রতারণার অভিযোগের জবাব হিসেবে যথেষ্ট, এই কথাই ভিত্তিতেই নীতি শাস্ত্র থেকে রাজনীতিকে ইচ্ছাকৃত ভাবে সম্পর্কহীন করা হয়। ম্যাকিয়াভেলির পূর্বেও রাজনীতিতে সন্ত্রাসবাদ এবং বিশ্বাসঘাতকতার নজীর মেলে। কিন্তু সেগুলো সব সময় নিষিদ্ধ হয়েছে। ম্যাকিয়াভেলিজম যখন বহুলভাবে প্রচলিত মতবাদে পরিণত হয়, তখন অবিচার ও অত্যাচার রাজনীতিতে বৈধ হাতিয়ার বলে বিবেচিত হয়। ন্যায় ও অন্যায়, ভালো ও মন্দ এবং নৈতিক ও অনৈতিক স্বধর্মীয় ধারণার আমূল পরিবর্তন ঘটে। নৈতিক মানদণ্ডে আর মানুষের কর্মকাণ্ড বিবেচিত হতো না। কোন কাজের নৈতিক মাপকাঠি হয়ে দাঁড়ায় সংখ্যাগরিষ্ঠের স্বার্থ। নৈতিক ভালো গুণকে একটা অবাস্তব ব্যাপার বলেই ধরে নেয়া হয় যা কেবল দুর্বল লোকেরাই অনুশীলন করার চেষ্টা করে। এই কথাও ঘোষণা করা হয় যে “অসাধারণ সমস্যাবলী শ্লেহশীল মন দ্বারা সমাধান করা সম্ভব নয়। কেননা সৎ দাসেরা সব সময়ই দাস থাকে এবং সৎ মানুষেরা সর্বদাই নিঃসম্বল। চাতুরী, নৃশংসতা এবং সাম্রাজ্যের এই ধরনের অন্য কোন হাতিয়ার যদি সফলতা অর্জন করে তবে তা লোকেরা মেনে নেবে এবং ক্ষমা করে দেবে। যারা বিজয় লাভ করে তা যে কোন উপায়ই হোক না কেন তারা কোনদিন অসম্মান কুড়ায় না। বিজয়ই হচ্ছে নৈতিক পার্থক্যের জন্যে দ্রাবক পদার্থ এবং অভিমত সর্বদা পরিণতিরই অনুসরণ করে গড়ে ওঠে।” ৩৬

নৈতিক মানদণ্ড সম্পর্কিত এমন চিন্তাধারার প্রভাব কি দাঁড়িয়েছিলো তা সহজেই অনুমেয়। নীতি বিজ্ঞান উপযোগিতার গোলামে পরিণত হয়। কোন কাজ নিতান্ত গর্হিত হলেও প্রাণঢালা সম্বর্ধনা ও উৎসাহ পেতে থাকে যদি তা লক্ষ্য অর্জনের ক্ষেত্রে সাহায্যকারী হয়ে থাকে।

জাতীয় রাষ্ট্র সম্বন্ধে ম্যাকিয়াভেলির চিন্তা জনপ্রিয় হয়ে ওঠে। হেগেলের মতো দার্শনিকেরা একে দার্শনিক চিন্তা দিয়ে মদদ যোগান এবং রাষ্ট্রের মর্যাদা বৃদ্ধিকল্পে জনগণের মনকে প্রস্তুত করেন।

প্রোটেষ্ট্যান্ট উদারতাবাদের আরেকটা দিক বিজ্ঞান এবং ধর্মের সম্পর্কের নতুন পর্যায়ের সূচনার মধ্যে পরিদৃষ্ট হয়। গ্যালিলিও এবং কেপলারের আবিষ্কারের সময় থেকে— যা ঐতিহ্যবাহী পৃথিবী কেন্দ্রিক বিশ্বের ধারণা বিনষ্ট করে— জগত সম্বন্ধে বাইবেলের উপস্থাপিত মত এবং বৈজ্ঞানিক ধারণার বৈপরীতা প্রকট হয়ে ওঠে। প্রাকৃতিক বিজ্ঞানগুলো বিশেষ নিয়ম তথা অভিজ্ঞতা ও পর্যবেক্ষণের ভিত্তিতে গড়ে ওঠে এবং স্বর্গীয় প্রেরণার মতবাদের সংগে সাংঘর্ষিক হয়ে পড়ে। এই মতবাদকে ধর্ম তত্ত্বও সন্তোষজনকভাবে সমাধিত করতে পারেনি। ধর্মতত্ত্ববিদদের অসহায়ত্ব করুণার উদ্বেক করে। তারা না কোপার্নিকান মতবাদকে ভ্রান্ত বলে দাবিয়ে দিতে পারছিলো, না পারছিলো ধর্ম গ্রন্থকে কোপার্নিকান মতবাদের অনুগামী করতে। “বুক অব যশোয়া”— তে সূর্যের স্থির হয়ে থাকার কথাই নয়, নূহের (আলাইহিস্ সালাম) কিশতি ও তাতে সব রকমের সৃষ্টির এক এক জোড়া ধারণার ক্ষমতা, মুসা আলাইহিস্ সালামের উপস্থাপিত বিশ্বের উৎপত্তি সম্বন্ধীয় মতবাদ, মিসরে লোহিত সাগরে প্রদর্শিত মোজেজা, কানানীদের নির্মূল করার নির্দেশ, মিসরীয়দের লুণ্ঠন করা, লূতের (আলাইহিস্ সালাম) স্ত্রী, গোমোরাহ শহরের ধ্বংস—প্রাপ্তি, হেজেকিয়ার সূর্য ঘড়ি, ইউনুস আলাইহিস্ সালামের তিমি মাছ ইত্যাদি অসংখ্য বিষয় স্বর্গীয় প্রত্যাদেশকে প্রাকৃতিক আইনের সাথে সংঘর্ষে নামিয়ে দেয়।*৩৭ এগুলো বহুলভাবে আলোচিত হয়। লোকেরা দেখতে পায় যে এসব সম্বন্ধে বিজ্ঞান এবং বাইবেলের অভিমতের মধ্যে পার্থক্য রয়েছে। পাদরীগণ দাবী করে যে পবিত্র গ্রন্থ স্বর্গীয় এবং জাগতিক সব বিষয়ের খুঁটি নাটি ব্যাপারেও পথ নির্দেশ করে। কেউ কেউ আরো এগিয়ে বলে যে বাইবেলে একটা পরিপূর্ণ খণি বিজ্ঞানও রয়েছে। সংস্কারকগণ জেনেসিস (Genesis)—এর সংগে সংগতিশীল নয় এমন কোন বিজ্ঞানকে বরদাশত করতে প্রস্তুত ছিলো না। নতুন দর্শন, নতুন বৈজ্ঞানিক চিন্তা গড়ে তোলার পরিবর্তে তাঁরা বলতে থাকেন যে জ্ঞান বিজ্ঞান থেকে আলাদা করে না নিলে ধর্ম এবং ধর্মপরায়ণতা বিকশিত হওয়ার সম্ভাবনা নেই। রিফর্মেশনের নেতা লুথার এবং মেলাংক্থন বিজ্ঞান ও দর্শনকে গীর্জার প্রভাবাধীন রাখতে দৃঢ় প্রতিজ্ঞ ছিলেন। মত পার্থক্যের জন্যে মৃত্যুদণ্ড দান তখনো ছিলো। স্জিনেভাতে ক্যালভিন যখন সার্ভিটাস—কে পুড়িয়ে মারেন তখন এটা বুঝা যায় যে নিপীড়নের মনোভাব তখনো বিলুপ্ত হয়নি।*৩৮ ওই বোচারার একমাত্র অপরাধ এই ছিলো যে তিনি মনে করতেন যে পরমাত্মাই (Holy Ghost)—ই গোটা প্রকৃতির ব্যবস্থাকে

প্রানবস্ত করে রেখেছে যা থেকে তা নিঃসৃতও হয়েছে। এই মতবাদ পোষণের অপরাধে তাকে আগুনের ওপর রেখে মৃত্যুর মুখে ঠেলে দেয়া হয়। ধর্মীয় অপরাধের কারণে ক্যাথলিক শাস্তি বিধান এবং প্রোটেষ্ট্যান্ট শাস্তি বিধানের মধ্যে পার্থক্য আছে কি? “ ১৬২৯ সালে তুলোনে ভ্যানিনি তাঁর প্রকৃতি সংক্রান্ত মতবাদের জন্যে প্রাণ হারান।” ৩৯ ক্যাথলিক এবং প্রোটেষ্ট্যান্ট গীর্জার মধ্যে যতোই পার্থক্য থাকুক না কেন একটা বিষয় এই দু’য়ের মধ্যে ছিলো সাধারণ এবং তা হচ্ছে বিজ্ঞানে ও সব বিষয়ের গবেষণার প্রতি অসহিষ্ণুতা যেগুলোকে ধর্ম গ্রন্থের সাথে মিলহীন মনে করা হয়েছে। “ক্যাথলিক গীর্জার হাতে ছিলো কেন্দ্রীয় শক্তি। ফলে তা স্বকীয় সিদ্ধান্তকে তার অধীন স্থান গুলোতে গ্রহণীয় করে তুলতে পারতো এবং ইনডেক্স এক্স পার্গেটোরিয়াস (Index Expurgatorius) এর উপদেশ বাণী গুলোকে কার্যকর করতে পারতো। প্রোটেষ্ট্যান্ট গীর্জার প্রভাব বিভিন্ন জাতিতে বিভিন্ন কেন্দ্রে বিক্ষিপ্ত হওয়ায় প্রত্যক্ষ এবং বলিষ্ঠভাবে কার্যকর করা সম্ভব হতো না। কোন অপরাধীর প্রতি ধর্মতাত্ত্বিক নিন্দা ও ঘৃণা সৃষ্টি করা এবং তাকে সামাজিক নিষেধাজ্ঞার অধীনে রাখা ছিলো এর কর্ম প্রণালী।” ৪০

বিজ্ঞানের বিরুদ্ধে পরিচালিত দমন নীতি ফলপ্রসূ প্রমাণিত হয়নি। এখানে ওখানে কোন দার্শনিক অথবা বিজ্ঞানীকে পুড়িয়ে মেরে ফেলা ধর্মের স্বার্থকে বিশেষভাবে ক্ষুন্ন করেছে।

নিউটনের সময় থেকে শুরু করে আমাদের সময় পর্যন্ত গীর্জার গোঁড়ামী থেকে বিজ্ঞানের অপসারণ ক্রমেই বেড়ে চলে এবং গীর্জার অনুসৃত দমন নীতির বিরুদ্ধে বিজ্ঞানীদের তিক্ত মনোভাব দুশমনীর রূপ নেয়। নিউটনীয় বিজ্ঞানে গড্ এর দূরত্বের অনুভূতি ধীরে ধীরে এবং নীরবে গড্-এর প্রতি অবিশ্বাসকে বাড়িয়ে তোলে। গোড়ার দিকে ধর্ম থেকে অপসারণ প্রক্রিয়া খুব আশ্তে শুরু হয়। কিন্তু গীর্জার কর্তাব্যক্তিদের নির্যাতন মূলক কাজ ও পদক্ষেপ এর গতি দ্রুততর করে তোলে। ফলে শিগগিরই ধর্মের প্রতি সক্রিয় বিরোধিতা শুরু হয়। ধর্ম অযৌক্তিক বিষয়ের নামান্তর হয়ে পড়ে। সর্ব শক্তিমান এবং সর্বব্যাপ্ত গড্-এর পরিবর্তে প্রাকৃতিক আইনই গভীর শ্রদ্ধা অর্জন করে। গড্ বিশৃঙ্খল সৃষ্টি করে তাকে ছেড়ে দিয়েছেন, এই মতবাদ জনপ্রিয় হয়ে ওঠে। সব ঘটনাকে স্বাভাবিক কারণের সাথে মুক্ত করার চেষ্টা চলতে থাকে এবং এগুলোর ওপর গড্-এর হাত দেবার কিছু নেই, এই চিন্তা প্রচলিত হতে থাকে। গড্ থেকেও যদি জগতের কিছুই না করেন এবং ঘটনাবলীকে কোনভাবেই প্রভাবিত না করেন তবে তাঁর থাকা না থাকাতে কিছু আসে যায় না।

এই ধরনের বিশ্বাস বুদ্ধিবৃত্তিক দুরূহতা ছাড়া আর কিছু নয়। মানুষের আচার আচরণে এর কোন ক্রিয়া নেই। এ এমন এক মামুলী এবং অনুর্বর ফর্মুলা যা অভ্যাস বশতঃ মানুষ পুনরাবৃত্তি করতে থাকে। কিন্তু গড্ সম্পর্কিত এই ধারণা ধর্ম যে ধরনের বিশ্বাস বা ঈমান চায় তার উটোটাই উপস্থাপন করে। তথাকথিত যুক্তিবাদ গড্ সম্পর্কে যে ধারণা উদ্ভাবন করেছে তা বার্ষিক্যজনিত অবসর বৃত্তি-প্রাপ্ত এক দেবতারই ধারণা। এক্ষেত্রে একটা

মেশিন চালু করা এবং নৈতিক আইন গুলোর ন্যায্যতার নিশ্চয়তা বিধান করা পর্যন্তই গড় বা আল্লাহর কাজ সীমাবদ্ধ।

বিশ্বের সব কিছু যদি মেশিনই হয় এবং প্রাকৃতিক কারণেই যদি তা কাজ করে যায় তাহলে এতে যা কিছু ঘটছে তাকে বৈজ্ঞানিকভাবে ব্যাখ্যা করা সম্ভব। ফলে ধর্মতাত্ত্বিক ব্যাখ্যার প্রয়োজনীয়তাই আর থাকে না। এটা আমাদেরকে প্রকৃতি সম্বন্ধে যান্ত্রিক ধারণার দিকে ঠেলে দেয় এবং প্রকৃতিকে তখন আমরা একটা উদ্দেশ্যবিহীন যন্ত্ররূপেই পাই। এটা অত্যন্ত সত্য যে আল্লাহ সম্পর্কিত ধারণার এই কমতি বিশ্বের উদ্দেশ্য সম্পর্কিত ধারণার কমতিও সৃষ্টি করে। এই দু'টো ধারণা আসলে ওতপ্রোতভাবে জড়িত। এক স্বর্গীয় সত্তা এবং এক স্বর্গীয় উদ্দেশ্য পরস্পর সম্পর্কযুক্ত। "Schliermacher এবং Hegel-এর মতো দার্শনিকরা এমন সব মত ব্যক্ত করেছেন যেগুলো আল্লাহ সম্পর্কে অকার্যকর ধারণার প্রতি সমর্থন যুগিয়েছে। Schliermacher প্রাকৃতিক আইনের সাথে আল্লাহর কাজের অনন্যতার ধারণা এবং Hegel বিশ্বজনীন চেতনার প্রকাশ রূপে ইতিহাস ও প্রকৃতি দর্শনঃ বিশ্বের বাইরে নয় বরং এর ভেতরেই আল্লাহর উপস্থিত এবং ত্রিমাসীল থাকার ধারণার দিকে মানুষের মনোযোগ আকর্ষণ করেছেন।" ৪১

মানবজগত এবং প্রকৃতি জগতকে একই অলংঘনীয় আইনের অধীন বলে ধরে নেয়া হয়। প্রকৃতি বেঁচে থাকার সংগ্রাম দ্বারা শাসিত। তাই এতে স্বাধীনতা বা নৈতিকতার সুযোগ নেই বললেই চলে। কালক্রমে "বিশেষ সৃষ্টি" মতবাদের স্থান দখল করে ডারউইনের বিবর্তনবাদ। ব্যাপক প্রচারনার প্রাবন সৃষ্টি করে এটাকে জনপ্রিয় করে তোলা হয়। প্রকৃতি এক পরিকল্পিত সৃষ্টি, এই ধারণাটাকে বিনষ্ট করার দৃঢ় ইচ্ছা নিয়েই এই প্রচারনা পরিচালিত হয়।

আল্লাহ সম্পর্কিত এই ধারণা প্রাকৃতিক এবং অতি-প্রাকৃতিক সম্বন্ধে এতোদিন যে দৃষ্টিভঙ্গি পোষিত হয়ে আসছিলো তা ভেঙে ফেলতে শুরু করে। "খৃষ্টবাদ কি ভাবে এর সাথে তাল মিলাতে চেষ্টািত হয় তা এই বিষয়টা থেকে স্পষ্ট হবে যে মোজেজা গুলো বিভিন্ন ঘটনার ধর্মীয় নাম বলে বিবেচিত হতে শুরু হয়।" ৪২ প্রকৃতি ছাড়া আর সব কিছুর প্রতিই সন্দেহ বা অবিশ্বাস ব্যক্ত করা হয়। এই যান্ত্রিক বস্ত্ববাদের সাথে সাংখ্যিক কিছু বাইবেলে পাওয়া গেলে তাকে বর্জন করা হতো অথবা এমন ভাবে তা ব্যাখ্যা করা হতো যেন তা প্রকৃতির কারণ-কার্য মতবাদের সাথে মিলে যায়। আগে বাইবেল ছিল অনুপ্রেরণার উৎস। এখন সব মানুষের চোখের সামনে বিস্তৃত প্রকৃতিই হয় প্রেরণার উৎস। নীচের অনুচ্ছেদটাতে বুঝা যাবে কিভাবে সর্ব শক্তিমান আল্লাহর প্রতি ঈমান বিশ্ব-সম্পর্কিত যান্ত্রিক ধারণায় পরিনত হয়ঃ

"আজকের দিনে গড়কে মাঝে মধ্যে আগমনকারী কোন আগন্তুকের মতো চিত্রিত করাটাই গড় সম্পর্কিত এক অবাস্তব ধারণার উপস্থাপনা। বিজ্ঞান গড়কে বহু দূরে ঠেলে দিয়েছে। যখন দেখা গেলো যে গড়কে ঠেলে ফেলেই দেয়া হবে তখন আসে ডারউইনবাদ।

এই মতবাদ দূশমনের পোশাক পরে বন্ধুর কাজ করে গেছে। এটা দর্শন এবং ধর্মের অপরিণীম উপকার করেছে। এটা আমাদেরকে দেখিয়েছে যে আমরা দু'টো বিকল্পের একটা বেছে নিতে বাধ্য। গড় প্রকৃতির সর্বত্র বর্তমান রয়েছেন অথবা তিনি কোথাও নেই। আসলে তিনি এখানে নেই, নেই ওখানেও।মনে হয় গড়-এর আয়োজনের মধ্যেই বিজ্ঞানের মিশন হচ্ছে আমাদের চিন্তা ধারায় সৃষ্টির মাঝে স্বর্গীয় অন্তর্নিহিত এই মহা সত্যের উপলব্ধি ঘটানো। এটা প্রকৃতির দার্শনিক মতবাদের পক্ষে যতোখানি তার চেয়ে গড় সম্পর্কিত খৃষ্টান ধারনার জন্যে কম প্রয়োজনীয় নয়।^{১৪৩}

এভাবেই প্রকৃতিকে আল্লাহর বিকল্প রূপে দাঁড় করানো হয় এবং আল্লাহর কাজকে প্রাকৃতিক আইন বলে ব্যাখ্যা করা হয়। এটা সত্য যে কোন কোন মহল আল্লাহ এবং বিশ্ব সর্ব্বব্যাপী বস্তুবাদী ধারণার ভ্রান্তি উন্মোচন করার চেষ্টা করেছে। কিন্তু এসব ফলপ্রসূ হয়নি। কারণ, নতুন আন্তিকেরা আল্লাহ সর্ব্বক্ষে বিরোধীদের অভিমতকেই মৌনভাবে মেনে নিয়েছে।

আমরা আমাদের আলোচনার সমাপ্তিতে একথা বলতে পারি যে ক্যাথলিক গীর্জার বিশ্বজনীন কর্তৃত্বের বিরুদ্ধে রিফর্মেশন ছিলো একটা বিদ্রোহ এবং এর লক্ষ্য ছিলো গীর্জাকে সব অনাচার থেকে মুক্ত ও পবিত্র করা। কিন্তু এক দীর্ঘ সংগ্রামের শেষ পাদে এসে এই বিদ্রোহ নতুন খাতে প্রবাহিত হয়। যা কিছু মানুষের স্বাধীন কাজ কর্মের ওপর কোন নিয়ন্ত্রন দাবী করে তার বিরুদ্ধেই এই বিদ্রোহ সোচ্চার হয়।

মানুষকে ধর্ম-তাত্ত্বিক পূর্বানুরাগ ছাড়া এবং তার চিন্তা, বিশ্বাস ও কর্মকাণ্ডে কোন নিয়ন্ত্রন না মেনে তার যুক্তি শক্তিকে প্রয়োগ করতে উৎসাহিত করা হয়েছে। তাকে আরো উৎসাহিত করা হয়েছে বিশ্ব এবং জীবন সম্পর্কিত তার বস্তুবাদী চিন্তার সাথে সাংঘর্ষিক সব কিছু বর্জন করতে।

-
১. Dr J. A. Dornier: History of Protestant Theology, I, 18
 ২. Edward Eyre: European Civilization, IV, 139
 ৩. John William Draper: History of the Conflict between Religion and Science, p 259
 ৪. Will Durant: The Story of Civilization, p 17
 ৫. James Hastings: Encyclopaedia of Religion and Ethics X, p 610
 ৬. Ibid: X, 610
 ৭. Encyclopaedia Britannica, XIX, 32
 ৮. Will Durant: op. cit, VI, 20
 ৯. Cambridge Modern History: I, 675
 ১০. Will Durant: op. cit. VI, p 20
 ১১. G. G. Coulton: Five Centuries of Religion, I, 411
 ১২. Hastings: op cit. X, 611
 ১৩. G. G. Coulton: op. cit. I, 405, 406

১৪. H. e. Lea: An Historical Sketch of Sacerdotal Celibacy, p 331
১৫. The Cambridge Modern History, I, 676
১৬. J. W. Draper: op. cit. p. 212
১৭. W. E. H. Lecky: History of the Rise and Influence of the Spirit of Renaissance in Europe, I, 265
১৮. Kenneth Scott Latourette: A History of Christianity, p. 517
১৯. Friedrich Heiler: Prayer, p. 141
২০. Charles Beard: The Reformation, p 133
২১. Ibid
২২. Ibid: p 134
২৩. Ibid: p.137
২৪. Quoted in Ibid. p. 144
২৫. Mobsworth Thomas Hobbes: Works IV, 32
২৬. Arnold Lunn: The Revolt against Reason, p. 56
২৭. Hastings: op. cit. VIII, 201
২৮. James Mackinnon: Luther and the Reformations IV, 248
২৯. Quoted by Arnold Lunn: op. cit. p 61
৩০. Ibid: 62
৩১. Ibid: 62
৩২. Ibid: 63
৩৩. Ibid: 64
৩৪. John Dillenberger: Protestant Christianity, p. 54
৩৫. Arnold Toynbee: An Historian's Approach to Religion p. 113
৩৬. The Cambridge Modern History, I, 217
৩৭. Dr J. H. Domer: op. cit. II, 257
৩৮. John William Draper: op . cit. p . 216
৩৯. Ibid: p. 216
৪০. Ibid: p. 217
৪১. John Dillenberger: op. cit. p 217
৪২. Schliermacher. p. 218 from On Religion.
৪৩. Quoted in Ibid; p. 206

